এই সকল স্মৃতির ও তাহাদের বাক্য সকলের চিত্তশোধকতা দেখা যায়। এই মন্বাদি স্মৃতি প্রতিপাদিত ধর্ম সকলের চিত্তশোধকতা শ্রুতি প্রমাণের দ্বারা প্রতিপাদন করিতেছেন—'তং ইত্যাদি। এই পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবকে বেদানুবচন দ্বারা ব্রাহ্মণগণ জানেন, যজ্ঞের দ্বারা দানের দ্বারা তপস্যার দ্বারা ও অনশনের দ্বারা তাঁহাকে জানেন। সুতরাং মন্বাদি স্মৃতি প্রতিপাদিত কর্ম্ম সকলের জ্ঞান কাণ্ড পরিবৃংহণের জন্য চিত্তশুদ্ধিই বিশেষ প্রয়োজন।

শঙ্কা—এইস্থলে আশঙ্কা এই যে সেই মন্বাদি স্মৃতি সকলে ঐহিক সুখ বৃষ্টি পুত্রাদি, ক্ষয়িষ্ণু সুখ স্বর্গাদির প্রতিপাদন দেখা যায়।

সমাধান—এই শঙ্কা সমাধানের আকাঙ্ক্ষায় বলিতেছেন—'যত্তু' ইত্যাদি। তবে যে মন্বাদি স্মৃতি প্রতিপাদিত কর্ম্ম সকলের বৃষ্টি, পুত্র—স্বর্গাদিফল প্রদত্ব কোন কোন স্থলে দেখা যায় এবং অনুভবও করা যায়, তাহাও বেদ ও মন্বাদিস্মৃতি শাস্ত্রের প্রতি বিশ্বাস উৎপাদনের নিমিত্ত জানিতে হইবে। ঐপ্রকার ফল প্রদানের দ্বারা শাস্ত্রে বিশ্বাস উৎপন্ন করিয়াই বিশ্রাম লাভ করে।

বৃষ্টিপুত্রস্বর্গাদিফলকত্বং ক্বাপি ক্বাপি বীক্ষ্যতেঽনুভাব্যতে চ তদপিশাস্ত্রবিশ্রম্ভোৎপাদনেন তত্রৈব চ বিশ্রান্তম্। সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি" (কঠ০ ১।২।১৫) ইত্যদেঃ। "নারায়ণ পরা বেদাঃ"

অতো ভগবান্ শ্রীবাদরায়ণঃ স্বয়ং ব্রহ্মভিন্ন কারণতাবাদিনীনাং স্মৃতিনাং ব্যর্থতা দোষোপন্যস্তঃ। নন্থ তথাত্বে শ্বেতাশ্বতরোপনিষৎ বাক্যস্য কা গতিরিতি? তৎ প্রমাণেনৈব কপিলস্যাপ্তত্বং প্রতিপাদিতমিতি যত্তু ইত্যাদি। এতৎ প্রমাণ প্রতিপাদিত বাক্যস্য কপিল পরত্বং নিরাকরোতি—'ন' ইতি। তস্যাঃ শ্রুতেরন্যার্থপরত্বাৎ; তথাচ—যঃ অগ্রে সৃষ্টেরাদৌ জায়মানং ঋষিং ব্রহ্মাণং কপিলং—কনক প্রভং প্রসূতং ত্রৈকালিক জ্ঞানৈঃ পুষ্ণাতি, তথাচ - সুবর্ণপ্রভব্রহ্মাণং সৃষ্ট্বা তস্মৈ ত্রৈকালিক জ্ঞানং দত্বা তং পালয়াতীত্যর্থঃ।

তস্মাৎ নেদং বাক্যং বেদবিরুদ্ধ স্মৃতিকৃৎ কপিল প্রতিপাদনপরম্। অতঃ তদভাবাদিতি; আপ্তত্ব বিরহাদিত্যর্থঃ। তস্মাৎ বেদার্থোপবৃংহণায় কপিলস্মৃতিঃ পরিত্যজ্যা এব ইতি ভাবঃ। এবমাহ শ্রীমনুঃ—১২।৯৫-৯৬ যা বেদবাহ্যাঃ স্মৃতয়ো যাশ্চ কাশ্চ কুদৃষ্টয়ঃ। সর্ব্বাস্তা নিষ্ফলাঃ প্রেত্য তমোনিষ্ঠা হি তাঃ স্মৃতাঃ॥ উৎপদ্যন্তে চ্যবন্তে চ যান্যতোঽন্যানি কানিচিৎ। তান্যর্ব্বাক্ কালিকতয়া নিষ্ফলান্যনৃতানি চ॥ অতোবেদানুগৈঃ সর্ব্বথা তা উপেক্ষিতব্যমিত্যর্থঃ।

বিশ্রান্তম্ শব্দের তাৎপর্য্য এই যে সেই মন্বাদিস্মৃতি নিরূপিত ধর্ম্ম সকলের যে বৃষ্টি পুত্রাদি ফল, এবং বেদশাস্ত্রের যে তাদৃশ ঐহিক ফল প্রদান করে, এই প্রকার অনুভব হয় তাহা বেদশাস্ত্রে বিশ্বাস উৎপাদনের জন্যই বুঝিতে হইবে। অথবা শ্রীহরি বেদশাস্ত্র প্রতিপাদিত কর্ম্মাচরণকারী মনুষ্যকে যে পুত্রাদি ফল প্রদান করেন, তাহা স্বাভিন্ন বেদশাস্ত্রে দৃঢ় বিশ্বাস উৎপাদনের নিমিত্তই বুঝিতে হইবে। অতঃপর বেদাদিশাস্ত্র সকলের পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবেই বিশ্রান্তি, তাহা কঠোপনিষৎ বাক্য প্রমাণের দ্বারা প্রতিপাদন করিতেছেন—সর্বে' ইত্যাদি।

বেদসকল যাঁহার স্বরূপ নিরূপণ করেন"। অর্থাৎ বেদ এই বাক্যটি উপলক্ষণমাত্র, বেদ, বেদান্ত, বেদাঙ্গ, স্মৃতি, পুরাণাদি সকল শাস্ত্র যে পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের পদ-স্বরূপ সাক্ষাৎ অথবা পরম্পরা ক্রমে প্রতিপাদন করেন, ইত্যাদি। পুনঃ শ্রীভাগবত মহাপুরাণ প্রমাণ দ্বারা তাহাই প্রতিপাদন করিতেছেন - নারায়ণ ইত্যাদি। বেদশাস্ত্র সকল নারায়ণ পর। এই শ্লোকের শ্রীমদাচার্য্য প্রভুপাদের টীকা শ্রীনারায়ণকেই উপাস্যত্বরূপে পর - তাৎপর্য্যবিষয় যাঁহাদের তাহারা বেদসকল ইহাই অর্থ। ইত্যাদি শত শত প্রমাণের দ্বারা বেদ সকল সেই পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবকেই প্রতিপাদন করেন; কিন্তু বৃষ্টি, পুত্র স্বর্গাদি প্রতিপাদন করেন নাই।

অনন্তর সাংখ্যস্মৃতির বেদানুসারিত্ব নিরাকরণ করিতেছেন—'ন চ' ইত্যাদি। সাংখ্যস্মৃতির দ্বারা বেদান্তের অর্থ বিস্তার করিতে সমর্থ হইবে না, কারণ তাহাতে বেদের বিরুদ্ধ অর্থ প্রতিপাদন করা

(ভা॰ ২।৫।১৫) ইত্যাদেশ্চ। ন চ সাংখ্যস্মৃত্যা বেদান্তার্থোপবৃংহণং শক্যংকর্ত্তুং শ্রুতিবিরুদ্ধার্থপ্রতি-

---

নন্থ মনোরপি তথাত্বং ভবতু" ইতি —অত উচ্যন্তে —মনোরিতি। শ্রীপরাশর ইতি; পরান্ বাহ্যকুতর্কান্ অশ্নোতি—প্রমাণ তর্কশতৈ র্নিরস্যতি য সঃ পরাশরঃ" ইতি। 'স্মর্য্যতে' ইতি—শ্রীবিষ্ণু পুরাণে—১।১।১ শ্রীমৈত্রেয় ঋষিঃ শ্রীপরাশরস্য সমীপং গত্বা প্রণিপত্যাভিবাদ্য চ জিজ্ঞাসিতবান্। যন্ময়ং চ জগৎ ব্রহ্মণ্ যতশ্চৈতচ্চরাচরম্। লীনমাসীৎ যথা যত্র লয়মেষ্যতি যত্র চ ॥ ৫ শ্রোতুমিচ্ছাম্যহং সর্ব্বং তত্তো বাশিষ্ঠনন্দন ॥ ইত্যেবং পৃষ্টে শ্রীপরাশর উবাচ—হে মৈত্রেয়! অস্মিন্ বিষয়ে পুরাতনং ইতিহাসং শৃন্থ; যদা বিশ্বামিত্র প্রযুক্ত রক্ষসা পিতরং ভক্ষিতে সতি মম মহান্ ক্রোধোঽভূৎ; অতোঽহং রক্ষসাং বিনাশায় যজ্ঞমারন্তয়ামাস। তত্র যাগে রক্ষসাং মহান্ ক্ষয়োঽভূৎ তদ্দৃষ্ট্বা মৎপিতামহ-মহাভাগ শ্রীবশিষ্ঠঃ সমাগত্য মামুবাচ তাত! অলমত্যন্তকোপেন। মূঢ়ানামেবং ক্রোধো ভবতি ন তু জ্ঞানবতাম্। হে তাত! কেন কো হন্যতে; যতঃ পুমান্ স্বকৃতভুক্; ক্রোধো যশসঃ তপসশ্চৈব নাশকরঃ। এবং সাধবঃ ক্ষমাসারা ভবন্তি; তস্মাৎ অভিচারযজ্ঞাৎ বিরম।

হইয়াছে তাহা বেদানুগত নহে। শ্রুতিবাক্য সকলের অর্থ কুতর্ক নিরসন পূর্ব্বক স্পষ্টীকরণের নাম উপবৃংহণ। এই প্রকার বিরুদ্ধমত নিরাশ পূর্ব্বক ব্রহ্মকারণতা রূপ শ্রুতিশাস্ত্রের উপবৃংহণ সাংখ্যস্মৃতিতে নাই। সুতরাং শ্রুতিশাস্ত্রবিরুদ্ধা সাংখ্যস্মৃতি জানিতে হইবে। তাহা স্বকপোল কল্পনা প্রসূত, সুতরাং অনাপ্ততা দোষ দুষ্ট, অতএব তাহার ব্যর্থতাদোষে আমরা ভয় করি না।

শঙ্কা - এই স্থলে আশঙ্কা এইযে —যদি বলেন সাংখ্যাস্মৃতির অনাপ্ততা স্বীকার করিলে তাহার ব্যর্থতা দোষ হইবে।

সমাধান—এই শঙ্কার সমাধান অপেক্ষায় বলিতেছেন—স্বকপোল' ইত্যাদি। যাহা স্বীয়বুদ্ধি সামর্থ্যের দ্বারা বিরচিত হয় তাহা স্বকপোল কল্পনা প্রসূত রচনা; তাহা শ্রীভগবদনুগ্রহ জাত বুদ্ধিবিশেষের দ্বারা রচিত নহে, সুতরাং তাহার ব্যর্থতা হউক, তাহাতে আমাদের ভয়লেশও হইবে না। পুনঃ—সাংখ্য স্মৃতির আপ্তত্ব ভঙ্গের আশঙ্কা করিয়া তাহার পক্ষপাত করা উচিত নহে। এই প্রকার সাংখ্যস্মৃতির অনাপ্ত কল্পনায় ভীত হইয়া তাহার পক্ষপাত করিলে, সেই প্রকার বিভিন্ন কারণতারূপে ব্যাখ্যাত বহু স্মৃতিশাস্ত্রের নানা প্রকার অর্থে পক্ষপাত করিলে, বাস্তব অর্থের অনবস্থা আসিয়া পড়ে।

শঙ্কা - এই স্থলে শঙ্কা এই যে—কোন স্মৃতি ব্রহ্মকে জগৎকারণরূপে প্রতিপাদন করিতেছেন, পুনঃ অন্য কোন স্মৃতি প্রধানাদির জগৎকারণতা নিরূপণ করিতেছেন, সুতরাং কোন স্মৃতি স্বীকার করিব?

সমাধান—এই শঙ্কা সমাধানের নিমিত্ত বলিতেছেন —স্মৃত্যোঃ" ইত্যাদি। ঐ প্রকার স্মৃতিদ্বয়ের বিপ্রতিপত্তি উপস্থিত হইলে, শ্রুতিসমাশ্রয় ভিন্ন অন্য কেহ সিদ্ধান্ত নির্ণয়ের কারণ হইতে পারে না; সুতরাং শ্রুতিশাস্ত্রের অনুসরণ কারিণী স্মৃতি শাস্ত্রই আদরণীয়, অন্য নহে। অতঃপর স্মৃতিবলে আক্ষেপ-

পাদনাৎ। শ্রুতিসম্বাদার্থস্পষ্টিকরণং হ্যুপবৃংহণম্। ন চ তস্যামিদমস্তি। তস্মাৎ শ্রুতিবিরুদ্ধা-

---

অহোঽহং তদ্‌বাক্যগৌরবাৎ সত্রম্ উপসংহৃতবান্। মদাচরণেন পিতামহো মে প্রসন্নো বভুব ইতি। তদনন্তরং ব্রহ্মপুত্রঃ শ্রীপুলস্ত্যঋষি মদাশ্রমং সমাজগাম। মামুবাচ চ—হে পুত্র! পিতামহাদেশাৎ ক্রোধং পরিত্যজ্য ক্ষমা আশ্রিতা; তস্মাৎ ত্বং সর্ব্বাণি শাস্ত্রাণি বেৎস্যতি; অপরঞ্চ মহাবরং তুভ্যং দদামি পুরাণ সংহিতাকর্ত্তা ভবান্ বৎস ভবিষ্যতি। দেবতা—পারমার্থ্যঞ্চ যথাবদ্ বেৎস্যতে ভবান্॥ "দেবতা" ইতি—শ্রীভগবদ্‌বিষয়ক বাস্তব জ্ঞানযাথাত্ম্যমিত্যর্থঃ। কিন্তু কপিলস্য শ্রীভগবদ্‌বিষয়ক বাস্তব জ্ঞান যাথাত্ম্যাভাবাৎ অনাপ্তত্বমেব। অথ সাংখ্যশাস্ত্রকর্ত্তা কঃ? ইতি শঙ্কা নিরাকরণায় কথয়ন্তি বেদবিরুদ্ধ ইতি; অত্রেদং বিচার্য্যতে—কোঽসৌ কপিলঃ? কপিল নামানো ব্রাহ্মণচতুর্ণাং সন্ধানমুপলভ্যতে; তত্রাদৌ একস্তু ব্রহ্মণঃ পুত্রঃ।

কারী বাদীগণকে স্মৃতি বলেই নিরাকরণ করিব; এই অভিপ্রায়েই ভগবান শ্রীবাদরায়ণ অন্য স্মৃতির অনবকাশতা দোষ উপন্যস্ত করিয়াছেন। অতএব ভগবান শ্রীবাদরায়ণ স্বয়ং ব্রহ্ম ভিন্ন জগৎকারণতা প্রতিপাদন কারিণী স্মৃতিগণের ব্যর্থতা দোষ উপন্যস্ত করিয়াছেন।

শঙ্কা—এই স্থলে আশঙ্কা এই যে যদি কপিল মহর্ষি প্রণীত সাংখ্যস্মৃতি অনাপ্ততা দোষদুষ্ট, তাহা হইল শ্বেতাশ্বতরোপনিষৎ বাক্যের কি গতি হইবে? কারণ তাহার প্রমাণ বলেই মহর্ষি কপিলের আপ্তত্ব প্রতিপাদন করা হইয়াছে। তাহা এই প্রকার স্রষ্টিকর্ত্তা মহর্ষি কপিলকে অগ্রে প্রসূত করিয়া, জ্ঞানের দ্বারা ধারণ করিলেন" ইত্যাদি শ্বেতাশ্বতর বাক্যে মহর্ষি কপিলের আপ্তত্ব প্রতিপাদন করা হইয়াছে।

সমাধান—এই শঙ্কা সমাধান করিতেছেন—'ন' ইত্যাদি। এই প্রমাণ বাক্য সাংখ্যস্মৃতিকার কপিলদেব-প্রতিপাদন করেন নাই; তাহার কপিলপরত্ব নিরাকরণ করিতেছেন—ঐ শ্রুতিবাক্য কপিল পর নহে, তাহা অন্য পর, অর্থাৎ ঐ শ্রুতিবাক্য অন্য অর্থ প্রতিপাদন করেন। তাহা এই প্রকার - যিনি অগ্রে সৃষ্টির আদিতে জাত ঋষি ব্রহ্মাকে কপিল—স্বর্ণ বর্ণ প্রসূত ত্রৈকালিক জ্ঞানের দ্বারা পোষণ করেন। অর্থাৎ শ্রীভগবান সুবর্ণবর্ণ ব্রহ্মাকে সৃষ্টি করিয়া তাহাকে ত্রৈকালিক জ্ঞান প্রদান করিয়া পালন করেন। অতএব এই বাক্য বেদবিরুদ্ধ স্মৃতিকার কপিলকে প্রতিপাদন করেন নাই।

সাংখ্যস্মৃতিকার কপিলদেব শ্রুতিবিরুদ্ধার্থ বক্তা সুতরাং তাহার আপ্ততার অভাব। অতএব বেদার্থের উপবৃংহণের নিমিত্ত কপিল স্মৃতি সর্ব্বথা পরিত্যাগ করিতে হইবে। ইহাই ভাবার্থ। এই বিষয়ে শ্রীমনুস্মৃতিতে বর্ণিত আছে—যে সকল বেদ বাহ্যস্মৃতি আছে, যাহা কুদৃষ্টিযুক্ত - বেদবিরুদ্ধ কুতর্কমূলক সেই স্মৃতিশাস্ত্র সকল তামসিক জনের বুদ্ধি কল্পিত মাত্র। যে সকল শাস্ত্র বেদমূলক নহে, কিন্তু তমোবুদ্ধি মানব কল্পিত সেই শাস্ত্র সকল উৎপন্ন হইতেছে, এবং বিনষ্ট হইতেছে, ঐ সকল শাস্ত্র আধুনিকতা দোষ দুষ্ট

সাংখ্যস্মৃতিঃ, স্বকপোলকল্পিতানাপ্ততা ইতি ন তদ্ ব্যর্থতাদোষাদ্ বিভীমঃ। নচাপ্তব্যপাশ্রয়-

স এব সাংখ্যশাস্ত্রকারঃ ইতি সাংখ্যকারিকাভাষ্যকার—শ্রীগৌড়পাদাঃ স্বীকুর্ব্বন্তি ইহ ভগবান্ ব্রহ্মসুতঃ কপিলো নাম ; তদ্ যথা-সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। আসুরিঃ কপিলশ্চৈব বোঢ় পঞ্চশিখস্তথা ॥ ইত্যেতে ব্রহ্মণঃ পুত্রাঃ সপ্তপ্রোক্তা মহর্ষয়ঃ ॥ ইতি শ্রীগৌড়পাদাঃ। সাংখ্যসূত্রে বৃত্তিকারাঃ শ্রীঅনিরুদ্ধপাদাঃ—অস্মিন্ বিষয়ে মৌনমবলম্বনঞ্চক্রুঃ। দ্বিতীয় কপিলস্তু—অগ্নিবংশজঃ মহাভারতে বনপর্ব্বণি অগ্নিবংশবর্ণনে মার্কণ্ডেয়েন-কপিলং পরমর্ষিঞ্চ যং প্রাহুর্যতয়ঃ সদা অগ্নি স কপিলো নাম সাংখ্য-যোগ প্রবর্ত্তকঃ। ম০ ভা০ ব০—২২১।২১ তৃতীয়স্তু কার্দ্দমিকপিলঃ—শ্রীভাগবতে—৩।২৪।৬ তস্যাং বহুতিথে কালে ভগবান্ মধুসূদনঃ। কার্দ্দমং বীর্য্যমাপন্নো যজ্ঞেঽগ্নিরিব দারুণি॥ শ্রীব্রহ্মা—৩।২৪।১৯ লোকে কপিল ইত্যাখ্যাং গন্তাতে কীর্ত্তিবর্দ্ধনঃ ॥

হেতু নিষ্ফল এবং মিথ্যা বলিয়া জানিবে। অতএব বেদানুগ মানবগণ কর্ত্তৃক ঐ সকল বেদবিরুদ্ধ শাস্ত্র সর্ব্বথা উপেক্ষা করা কর্ত্তব্য।

শঙ্কা—আমরা বলিব মনুরও অনাপ্ততা হউক ?

সমাধান—এইশঙ্কা সমাধানের জন্য বলিতেছেন—মনু" ইত্যাদি শ্রীমনুর আপ্ততা তৈত্তিরীয় শাখাধ্যায়ী ব্রাহ্মণগণ পাঠ করেন—স্মৃতিকার শ্রীমনু নিজ স্মৃতিশাস্ত্রে যাহা বর্ণনা করিয়াছেন তাহা মায়াবদ্ধ জীবগণের ঔষধ, অর্থাৎ মোক্ষের উপায় স্বরূপ। সুতরাং মনুর অনাপ্ততা সিদ্ধ হইতেছে না। ঐ প্রকার মহর্ষি শ্রীপরাশরেরও আপ্ততা জানিতে হইবে। শ্রীপরাশর শব্দের বুৎপত্তি এই প্রকার—পর-বেদবিরুদ্ধ কুতর্ককারীগণকে বেদ প্রমাণ মূলক শত শত তর্কের দ্বারা যিনি নিরসন করেন তিনি পরাশর। মহর্ষি শ্রীপরাশর ঋষি পুলস্ত্য ও মহর্ষি বশিষ্ঠের প্রসাদ হইতে দেবতা—শ্রীগোবিন্দদেব বিষয়ে পারমার্থিক বুদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন, তাহা স্মৃতিশাস্ত্রে বর্ণিত আছে।

শ্রীবিষ্ণু পুরাণে এই প্রকার বর্ণিত আছে—একদা শ্রীমৈত্রেয় ঋষি শ্রীপরাশরের নিকটে গমন করতঃ প্রমাণ ও অভিবাদন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন—হে ব্রাহ্মণ ! এই জগৎ যাহা কর্ত্তৃক পরিব্যাপ্ত, এই চরাচর জগৎ যাহা হইতে উৎপন্ন হয়, যাহাতে লীন ছিল, এবং প্রলয় কালে যাহাতে লয় প্রাপ্ত হয়, হে বাশিষ্ঠনন্দন ! আমি আপনা হইতে সকল বিষয় যথাযথ ভাবে শ্রবণ করিতে ইচ্ছা করি। এই প্রকার জিজ্ঞাসা করিলে শ্রীপরাশর বলিলেন—হে মৈত্রেয় ! আমি এই বিষয়ে পুরাতন ইতিহাস বর্ণন করিতেছি শ্রবণ করুন।

যে কালে শ্রীবিশ্বামিত্র কর্ত্তৃক প্রযুক্তরাক্ষস আমার পিতাকে ভক্ষণ করিলে, আমার মহান ক্রোধ উৎপন্ন হইল, আমি রাক্ষসগণের বিনাশের নিমিত্ত যজ্ঞ আরম্ভ করিলাম, সেই যজ্ঞে রাক্ষসগণ ক্ষয় হইতে লাগিল। তাহা দেখিয়া আমার পিতামহ মহাভাগ শ্রীবশিষ্ঠ আসিয়া বলিলেন—হে তাত ! অত্যন্ত

কল্পনয়া তৎস্মৃতিপক্ষপাতো যুক্তঃ। তত্ত্বেন ব্যাখ্যাতানাং বহূনাং স্মৃতিষু বিভিন্নার্থাসু পক্ষপাতে

অপরো গৌতমবংশীয়ঃ কশ্চিৎ কপিলঃ ; স চ উত্তরভারতবাসী মানববিশেষঃ, যদারভ্য তৎস্থানং "কপিলবস্তু" মিতি ব্যপদিশন্তি। অত্র সাংখ্যসূত্রস্য সাংখ্যপ্রবচনভাষ্যকারাঃ—শ্রীবিজ্ঞানভিক্ষুপাদাস্তু "কার্দ্দমি কপিল এব সাংখ্যদর্শনকারঃ" ইতি মন্যন্তে। তথাহি ভাষ্যোপসংহারে—তদিদং সাংখ্যশাস্ত্রং কপিলমূর্ত্তির্ভগবান্, বিষ্ণুরখিললোকহিতায় প্রকাশিতবান্। যৎ তত্র বেদান্তিব্রুবঃ কশ্চিদাহ—সাংখ্য প্রণেতা কপিলো ন বিষ্ণুঃ ; কিন্তু অগ্ন্যবতারঃ কপিলান্তরম্—"অগ্নিঃ স কপিলো নাম সাংখ্যশাস্ত্র প্রবর্ত্তকঃ" ইতি স্মৃতেরিতি। তৎ লোকব্যামোহমাত্রম্। (শ্রীভাগবতে—৩ ২৪ ৩৬) এতন্মে জন্মলোকেঽস্মিন্ মুমুক্ষুণাং দুরাশয়াৎ। প্রসংখ্যানায় তত্ত্বানাং সম্মতায়াত্মদর্শনে॥ ইত্যাদি স্মৃতিষু বিষ্ণ্ববতারস্য দেবহূতি পুত্রস্যৈব সাংখ্যোপদেষ্টৃত্বাৎ। কপিলদ্বয় কল্পনা গৌরবাচ্চ।

কোপ করিও না : যাহারা মূঢ় তাহাদেরই ক্রোধ হয়, জ্ঞানীগণের নহে · হে বৎস ! কে কাহাকে বধ করে ? মানব স্বকৃত কর্ম্মফল ভোগ করে, ক্রোধ যশ ও তপস্যার নাশ কারক, সাধুগণ ক্ষমাশীল হয়েন, সুতরাং এই অভিচার যজ্ঞ হইতে বিরত হও। তাঁহার বাক্য গৌরবে আমি ঐ অভিচার যাগ সমাপ্ত করিলাম। আমার আচরণে পিতামহ শ্রীবশিষ্ঠ আমার প্রতি প্রসন্ন হইলেন।

তাহার পর ব্রহ্মার পুত্র শ্রীপুলস্ত্য ঋষি আমার আশ্রমে সমাগমন করিলেন, এবং আমাকে কহিলেন—হে পুত্র ! তুমি পিতামহের আদেশে দুস্ত্যজ্য ক্রোধ পরিত্যাগ করিয়া ক্ষমার আশ্রয় করিলে, সুতরাং তুমি সকলশাস্ত্রের জ্ঞান লাভ করিবে।

অপর তোমাকে মহাবর প্রদান করিতেছি - হে বৎস ! পুরাণ সংহিতার প্রকট কর্ত্তা হইবে। দেবতা ও পরমার্থ বিষয় যথাযথ জানিবে" দেবতা অর্থাৎ—শ্রীভগবদ্‌বিষয় বাস্তব জ্ঞান লাভ করা ইহাই অর্থ। কিন্তু শ্রীকপিলের শ্রীভগবদ্ বিষয়ক বাস্তবজ্ঞান যথাত্ম্যের অভাব হেতু তাহার অনাপ্ততা সিদ্ধ হইল। এই সাংখ্যশাস্ত্র কর্ত্তা কে ? এই শঙ্কা নিবারণের নিমিত্ত কহিতেছেন - বেদ বিরুদ্ধ ইত্যাদি। এই স্থলে বিচার্য্য এই যে - এই কপিল কে ? কপিল নামে চারজন ব্রাহ্মণ উপলব্ধ হয়। তন্মধ্যে প্রথম এক কপিল ব্রহ্মার পুত্র ! তিনিই সাংখ্য শাস্ত্রকার" ইহা সাংখ্যকারিকা ভাষ্যকার শ্রীগৌড়পাদ স্বীকার করেন।

তিনি বলেন—এই কপিল ভগবান ব্রহ্মার পুত্র - তাহার প্রমাণ সনক, সনন্দন তৃতীয় সনাতন, আসুরি, কপিল বোঢ়ু ও পঞ্চশিখ এই মহর্ষি সাতজন ব্রহ্মার পুত্র বলিয়া কথিত হয়েন। সাংখ্যসূত্র বৃত্তিকার শ্রীঅনিরুদ্ধচরণ এই বিষয়ে মৌনাবলম্বন করিয়াছেন। দ্বিতীয় কপিল অগ্নিবংশজাত, এই বিষয়ে শ্রীমহাভারতে বনপর্বে অগ্নিবংশ বর্ণনে শ্রীমার্কণ্ডেয় ঋষি বলিয়াছেন - যতিগণ সর্ব্বদা যাঁহাকে পরমর্ষি কপিল বলিয়া বর্ণন করেন, সেই অগ্নির নাম কপিল, যিনি সাংখ্যযোগের প্রবর্ত্তন করেন।

সতি বাস্তবার্থানবস্থিতি প্রসঙ্গাৎ। স্মৃত্যোর্ব্বিপ্রতিপত্তৌ সত্যাং শ্রুতি ব্যপাশ্রয়াদন্যো নির্ণয়হেতু র্নভবেদতঃ শ্রুত্যনুসারিণোবাদরনীয়েতি। স্মৃতি বলেনাক্ষেপ্তুন্ স্মৃতি বলেনৈব নিরাকরিষ্যাম ইত্যন্যস্মৃত্যনবকাশতাদোষোপন্যাসঃ। যত্তু "ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্ব্বিভর্ত্তি" ইতি। ৫।২ শ্বেতাশ্বতরশ্রুতেরাপ্তত্বং তস্যেতি তন্ন, তস্যা অন্যপরত্বাৎ। শ্রুতার্থবৈপরীত্য বক্তৃ-

---

ইত্যেবং বাদীনাং বিবাদমবলোক্য শ্রীমদ্ ভাষ্যকারচরণাঃ সিদ্ধান্তমবতারয়ন্তি—বেদ বিরুদ্ধ ইতি। "ন তু কর্দ্দমোদ্ভূতো বাসুদেবঃ" ইত্যস্যায়মর্থঃ—কর্দ্দমপুত্রঃ শ্রীকপিলঃ খলু অষ্টাবিংশতিতত্ত্ববাদী। তথাচ শ্রীভাগবতে—৩।২৬।১০-১১ প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষ বিশেষবৎ॥ পঞ্চভিঃ পঞ্চভি ব্রহ্ম চতুভির্দশভিস্তথা। এতচ্চতুর্বিংশতিকং গণম্। যঃ কালঃ পঞ্চবিংশকঃ। ২৫, প্রভাবং পৌরুষং প্রাহুঃ। ২৬, "ইতি।

তৃতীয় কর্দমনন্দন কপিল—এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে—এই প্রকার বহুকাল পরে ভগবান শ্রীমধুসূদন কর্দমঋষির তপস্যার বল প্রাপ্ত হইয়া কাষ্ঠে অগ্নির ন্যায় দেবহুতিতে জাত হইলেন। শ্রীব্রহ্মা বলিলেন—হে পুত্র কর্দম! এই পুত্র তোমার কীর্ত্তিবর্দ্ধনকারী জগতে 'কপিল' বলিয়া বিখ্যাত হইবে। অপর গোতম বংশীয় কোন একজন কপিল। তিনি উত্তর ভারতবাসী মানব বিশেষ, যাহার নামানুসারে সেই স্থলের নাম "কপিল বস্তু" বলিয়া কথিত হয়।

এই স্থলে সাংখ্যসূত্রের সাংখ্যপ্রবচন ভাষ্যকার শ্রীবিজ্ঞানভিক্ষুপাদ—কর্দমনন্দন কপিলদেবই সাংখ্যদর্শন কর্ত্তা" ইহা মনে করেন। তাঁহার ভাষ্যের উপসংহারে তিনি বলিয়াছেন শ্রীকপিল মূর্ত্তি ভগবান বিষ্ণু অখিললোকের হিতের নিমিত্ত এই সাংখ্যশাস্ত্র প্রকাশ করেন। এই স্থলে কোন বৈদান্তিকাভিমানী বলেন সাংখ্যশাস্ত্র প্রণেতা কপিল বিষ্ণু নহেন; কিন্তু অগ্নির অবতার অন্য কপিল, কপিলনামে অগ্নির অবতার সাংখ্যশাস্ত্রের প্রবর্ত্তন করেন" ইহা স্মৃতিশাস্ত্রে কথিত আছে। এই কথা কেবল মানবের মোহ উৎপাদন করে মাত্র; কারণ ইহ জগতে আমার জন্ম দুরাশয়—লিঙ্গশরীর হইতে মুমুক্ষুগণের আত্মদর্শনের উপযোগী প্রকৃতি আদি তত্ত্বের সংখ্যা নিরূপণের জন্যই জানিবে। ইত্যাদি স্মৃতিশাস্ত্র কথিত বিষ্ণুর অবতার দেবহুতিনন্দন কপিলই সাংখ্যশাস্ত্রের উপদেশ কর্ত্তা।

দুইজন কপিলের কল্পনা করা গৌরবদোষ দুষ্ট হয়; অতএব কার্দমিকপিলই সাংখ্যদর্শন কর্ত্তা। এই প্রকার বাদীগণের বিবাদ অবলোকন করিয়া শ্রীমদ্ভাষ্যকার প্রভুপাদ সুসিদ্ধান্তের অবতারণা করিতেছেন—বেদ বিরুদ্ধ' ইত্যাদি। বেদ বিরুদ্ধ স্মৃতিশাস্ত্রের প্রবর্ত্তক কপিল অগ্নিবংশজাত জীব বিশেষ তিনি মায়াদ্বারা বিমোহিত হইয়া বেদ বিরুদ্ধ শাস্ত্রের কল্পনা করিয়াছেন; ইনি কর্দমনন্দন বাসুদেব কপিল নহেন।

কর্দমনন্দন বাসুদেব বলিবার তাৎপর্য্য এই যে—কর্দমপুত্র শ্রীকপিল অষ্টাবিংশতি তত্ত্ববাদী,

তয়া তদভাবাচ্চ। মনোরাপ্তোত্বন্তু তৈত্তিরীয়াঃ পাঠন্তি ॥ "যদ্বৈ কিঞ্চ মনুরবদত্তদ্ভেষজম্"। (তৈ০ সং ২।২।১০।২) ইতি। শ্রীপরাশরো হি পুলস্ত্য বশিষ্ঠ প্রসাদাদেব দেবতা পরমার্থধিয়ং প্রাপ্তেতি স্মর্য্যতে। বেদবিরুদ্ধঃ স্মৃতিপ্রবর্ত্তকঃ কপিলোহ্যগ্নিবংশজো জীব বিশেষ এব মায়য়া-

---

টীকা চ শ্রীমদাচার্য্যপাদানাং- ৩।২৬।১৮ এবং পৌরুষো গণোদ্বিসংখ্যাকঃ কালোজীবশ্চেতি প্রকৃতি পুরুষৌ দ্বৌ ; প্রাধানিক চতুর্ব্বিংশতিসংখ্যঃ। ততো বিবেকে সতি অষ্টাবিংশতিরেব তত্ত্বানি ইতি। সাংখ্যদর্শনকারস্তু—পঞ্চবিংশতি তত্ত্ববাদী ; তথাহি সাংখ্যকারিকায়ম্—৩. মূল প্রকৃতিরবিকৃতি—র্মহদাদ্যাঃ প্রকৃতি বিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতি র্ন বিকৃতিঃ পুরুষঃ॥ এবঞ্চ সাংখ্য-সূত্রে—১।৬১ সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ প্রকৃতের্মহান্, মহতোঽহঙ্কারোঽহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণি, উভয়মিন্দ্রিয়ং ; তন্মাত্রেভ্যঃ স্থূল ভূতানি পুরুষ ইতি পঞ্চবিংশতির্গণঃ।

শ্রীভাগবতে তাহা এই প্রকার বর্ণিত আছে—বেদবাদী-পণ্ডিতগণ প্রধান নামক তত্ত্বকে প্রকৃতি বলেন ; তাহার এই চতুর্বিংশতি প্রকার কার্য্য - পঞ্চমহাভূত, পঞ্চতন্মাত্রা মন-বুদ্ধি-চিত্ত অহঙ্কার, এবং দশ ইন্দ্রিয়। এবং কাল পঞ্চবিংশতি তত্ত্ব, পৌরুষ—জীবতত্ত্ব। এইস্থলে শ্রীমদাচার্য্যপাদ এই প্রকার টীকা করিয়াছেন —পৌরুষগণ দুই প্রকার কাল এবং জীব।

প্রকৃতি ও পুরুষ এই দুই তত্ত্ব ; প্রাধানিক পঞ্চমহাভূতাদি চতুর্বিংশতি তত্ত্ব ; এই সকলে মিলিত অষ্টাবিংশতি তত্ত্ব জানিতে হইবে। কিন্তু সাংখ্যদর্শনকার কপিল পঞ্চবিংশতি তত্ত্ববাদী সাংখ্য-কারিকায় বলিয়াছেন—মূল প্রকৃতি এক, তাহা বিকার রহিত ; মহদাদি—মহৎ অহঙ্কার পঞ্চমহাভূত এই সাতটি প্রকৃতি বিকৃতি ; পঞ্চতন্মাত্রা দশ ইন্দ্রিয় ও মন এই ষোলটি কেবল বিকার এবং পুরুষ এক পুরুষ কাহারও প্রকৃতিও নহে, তথা বিকৃতি ও নহে।

সাংখ্য সূত্রেও তাহাই বর্ণিত আছে ত্রিগুণের সাম্যাবস্থা প্রকৃতি, প্রকৃতি হইতে মহতত্ব, মহৎ হইতে অহঙ্কার, তাহা হইতে পঞ্চ তন্মাত্রা, দশবিধ ইন্দ্রিয়, তন্মাত্রা হইতে স্থূল পঞ্চভুত, এবং পুরুষ এই পঁচিশ তত্ত্ব যুক্ত সাংখ্যশাস্ত্র। কিন্তু শ্রীকার্দমি কপিল সর্ব্বসাধনোত্তমা শ্রীভগবদ্—ভক্তিকে স্বীকার করিয়াছেন শ্রীভগবানে অনিমিত্তা ভক্তি সিদ্ধি হইতেও শ্রেষ্ঠা যাহা জীবের আবরণ অতি সত্বর বিনাশ করে, যেমন অগ্নি ভক্ষণ করিলে।

পুনরায় তিনি সর্বারাধ্য শ্রীভগবানই সকলের ভজনীয় ইহা নিরূপণ করিয়াছেন—হে মাতঃ! অতএব আপনি সর্বতো ভাবে ভজনীয় পদাম্বুজ পরমেষ্ঠি শ্রীহরিকে তদ্গুণাশ্রয়া ভক্তির দ্বারা আরাধনা করুন। সাংখ্যদর্শনকার কপিল ঈশ্বরকেই স্বীকার করেন নাই,পুনঃ ভক্তির কা কথা। প্রত্যক্ষাদি প্রমাণদ্বারা ঈশ্বর সিদ্ধি হয় না। সুতরাং সাংখ্য দর্শনের প্রবক্তা কর্দমপুত্র শ্রীকপিলদেব নহেন! এই বিষয়ে শ্রী-মদ্ভাষ্যকার প্রভুপাদ শ্রীপদ্মপুরাণের বাক্য প্রমাণিত করিতেছেন—কপিল' ইত্যাদি।

বিমোহিতো ন তু কর্দ্দমোদ্ভূতো বাসুদেবঃ। "কপিলো বাসুদেবাখ্যঃ সাংখ্যং তত্ত্বং জগদাহ। ব্রহ্মাদিভ্যশ্চদেবেভ্যো ভৃগ্বাদিভ্যস্তথৈব চ॥ তথৈবাসুরয়ে সর্ব্বং বেদার্থৈরুপবৃংহিতম্॥ সর্ব্ববেদবিরুদ্ধঞ্চ কপিলোঽন্যো জগাদ হ। সাংখ্যমাসুরয়েঽন্যস্মৈ কুতর্কপরিবৃংহিতম্॥ ইতি

কিঞ্চ শ্রীকার্দ্দমিকপিলঃ - সর্ব্বসাধনোত্তমাং শ্রীভগবদ্ভক্তিং স্বীচকার —৩।২৫।৩৩ অনিমিত্তা ভগবতি ভক্তিঃ সিদ্ধের্গরয়সী। জরয়ত্যাশু যা কোশং নিগীর্ণমনলো যথা॥ অপিচ—সর্ব্বরাধ্য শ্রীভগবানেব ভজনীয় ইতি নিরূপিতঃ—৩ ২২।২২ তস্মাত্ত্বং সর্ব্বভাবেন ভজস্ব পরমেষ্ঠিনম্। তদ্‌গুণাশ্রয়য়া ভক্ত্যা ভজনীয় পদাম্বুজম্॥ সাংখ্যদর্শনকারস্তু—ঈশ্বরমপি ন স্বীকৃতঃ কিমুত ভক্তিঃ। "ঈশ্বরাসিদ্ধেঃ" (১।৯২) ইতি সূত্রাচ্চ। তস্মাৎ সাংখ্যদর্শনস্য প্রবক্তা কার্দ্দমিকপিলো ন ভবেদিত্যর্থঃ। অথাস্মিন্ বিষয়ে পদ্মপুরাণবাক্যং প্রমাণয়ন্তি—কপিল ইতি। স্পষ্টম্।

এতে শ্লোকাঃ খলু শ্রীমৎ পরমাচার্য্যচরণাঃ শ্রীলঘুভাগবতামৃতে—১।১৫। শ্রীমদাচার্য্যপাদাস্তু শ্রীশ্রীক্রমসন্দর্ভে—৩।২৪।১৯ ; শ্রীসর্ব্বসম্বাদিন্যাং শ্রীশ্রীকৃষ্ণসন্দর্ভস্যানুব্যাখ্যায়াম্—উদ্ধাতাঃ সন্তি। অতএব শ্রীমহাভারতটীকাকৃৎ শ্রীনীলকণ্ঠসুরিভিরপি—ম॰ ভা॰ ব॰ প॰—২২১।২১ কপিলং পরমর্ষিঞ্চ যমাহুর্যতয়ঃ সদা। অগ্নিঃ স কপিলো নাম সাংখ্যযোগ— প্রবর্ত্তকঃ॥ ইত্যস্যটীকায়াম্- ইত্যতএব কপিলঃ সাংখ্যং নিরীশ্বরশাস্ত্রম্ ; তদ্‌রূপো যোগস্য প্রবর্ত্তকঃ' ইতি শ্রুতিবিরুদ্ধ সাংখ্য প্রবর্ত্তকোঽগ্নিবংশজঃ

বাসুদেবাখ্য কপিল বেদার্থের দ্বারা পরিবর্দ্ধিত সাংখ্যতত্ত্ব ব্রহ্মাদি দেবতাগণকে, তথা ভৃগু প্রভৃতি মহর্ষিবৃন্দকে এবং আসুরি ঋষিকে উপদেশ করিয়াছেন। অন্য অগ্নি বংশজাত কপিল সকল বেদ শাস্ত্র বিরুদ্ধ কুতর্ক পরিবর্দ্ধিত সাংখ্যশাস্ত্র অন্য আসুরি ঋষিকে উপদেশ করিয়াছেন। শ্রীপদ্মপুরাণের এই শ্লোকগুলি শ্রীমৎ পরমাচার্যপ্রভুপাদ শ্রীলঘুভাগবতামৃতে ; শ্রীমদাচার্য্যদেব শ্রীশ্রীক্রসন্দর্ভে ; শ্রীকৃষ্ণসন্দর্ভীয় সর্ব্বসম্বাদিনী গ্রন্থে উদ্ধৃত করিয়াছেন।

অতএব শ্রীমহাভারতের টীকাকার শ্রীনীলকণ্ঠ সুরিপাদও—যতিগণ যাহাকে মহর্ষি কপিল বলিয়া অভিহিত করেন তিনি সাংখ্যযোগ কর্ত্তা অগ্নিবংশজাত কপিল। এই শ্লোকের টীকায়—অতএব কপিল, সাংখ্য-নিরীশ্বরশাস্ত্র সেই প্রকার যোগের প্রবর্ত্তক তস্মাৎ শ্রুতি বিরুদ্ধ সাংখ্যশাস্ত্রের প্রবর্ত্তক অগ্নি বংশজাত কপিল, ইনি জীব বিশেষ, কিন্তু শ্রীকর্দমাত্মজ বাসুদেব শুক্ল কপিলদেব নহেন "এই প্রকার নিরূপণ করিয়াছেন।

অতএব শ্রীনিম্বার্কদর্শনের বেদান্ত কৌস্তুভ ভাষ্যে -"কপিলঃ" ইত্যাদি পদ্মপুরাণের বাক্য উদ্ধৃত করিয়াছেন। অনন্তর এই প্রকরণের নিগম করিতেছেন তস্মাৎ—"ইত্যাদি সুতরাং সাংখ্যস্মৃতি বেদ বিরুদ্ধ হেতু অনাপ্তদোষ দুষ্ট, অতএব তাহার ব্যর্থতা দোষের নহে। অতএব শ্বেতাশ্বতরোপনিষদের কপিল শ্রুতি চতুর্মুখ ব্রহ্মা প্রতিপাদক, সাংখ্যশাস্ত্র প্রবক্তা কপিলদেব বিরুদ্ধ সিদ্ধান্তবাদী, ইহা স্মৃতিশাস্ত্রের

স্মরণাৎ। (পাদ্মে) তস্মাদ্বেদবিরুদ্ধতয়ানাপ্তায়াঃ সাংখ্যস্মৃতে র্ব্যর্থতা ন দোষঃ ॥১॥

ওঁ॥ ইতরেষাঞ্চানুপলব্ধেঃ ॥ওঁ॥ ২।১।১।২॥

ইতরেষাঞ্চ সাংখ্য স্মৃত্যুক্তানামর্থানাং বেদেঽনুপলম্ভাত্তস্যাঃ নাপ্তত্বম্। তে চ বিভ-

---

কপিলোঽয়ং জীব বিশেষ এব ন তু কর্দ্দমাত্মজো ভগবান্ বাসুদেবঃ শুক্ল ইতি" তথৈব নিরূপিতম্। শ্রী-নিম্বার্কদর্শনস্য—বেদান্ত কৌস্তুভে—"কপিলঃ" ইত্যাদি পাদ্মবাক্যমুদাহৃতম্। অথ এতৎ প্রকরণং নিগ-ময়ন্তি—তস্মাদিতি। শ্বেতাশ্বতরোপনিষদঃ কপিল শ্রুতিশ্চতুস্মুখপরত্বাৎ সাংখ্যপ্রবক্তুঃ কপিলস্য বেদ বিরুদ্ধত্বে স্মৃতিলাভাচ্চ কপিলস্মৃতেরনাপ্ততা এব ইত্যর্থঃ। অতঃ কপিলস্মৃতের্ব্যর্থতা ন দোষঃ॥ সাংখ্যশাস্ত্রপ্রবক্তা যঃ স বৈশ্বানর বংশজঃ। বাসুদেবো ন কার্দ্দমি ইতি শাস্ত্রর্থ নির্ণয়ঃ॥ ১॥

অথ প্রকারান্তরেণ সাংখ্যতন্ত্রস্যানাপ্ততা প্রতিপাদয়ন্তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—"ইতর" ইতি। সাংখ্যস্মৃতৌ ইতরেষাং পাদার্থানাং অনুপলব্ধেঃ; সর্ব্ববেদান্ত প্রতিপাদিতানাং ঈশ্বর-জীব প্রকৃতি-কাল-কর্ম্মনাং সাংখ্যশাস্ত্রে বর্ণনাভাবাৎ বেদ বিরুদ্ধত্বাচ্চ কপিলস্মৃতিরবৈদিকী এব। ইতরেষামিতি যেষাং পদার্থানাং কৃতে সাংখ্যস্মৃতেরনাপ্তা ভবতি তে পদার্থা নিরূপয়ন্তি—বিভব ইতি।

তথাচ—তত্ত্বসমাসাখ্য কপিলসূত্রম্—"পুরুষঃ" ৪; দীপিকা ব্যাখ্যা—কঃ পুরুষঃ? উচ্যতে; পুরুষোঽনাদিঃ সূক্ষ্মঃ সর্ব্বগতঃ চেতনঃ নির্গুণঃ নিত্যঃ, দ্রষ্টা, ভোক্তা অকর্ত্তা ক্ষেত্রবিদ্ অপ্রসবধর্ম্মশ্চেতি।

দ্বারা প্রমাণিত হওয়ায় কপিলস্মৃতি অনাপ্ত বলিয়া জানিতে হইবে ইহাই ভাষ্যের অর্থ। সুতরাং কপিল রচিত সাংখ্যস্মৃতির ব্যর্থতা কোন প্রকার দোষাবহ নহে॥

যিনি সাংখ্যশাস্ত্রের প্রবক্তা তিনি বৈশ্বানর বংশজাত কপিল; কিন্তু মহর্ষিকর্দমনন্দন বাসুদেব কপিল নহেন, ইহাই শাস্ত্র সকলের নির্ণয় বলিয়া জানিবে॥১॥

অতঃপর ভগবান শ্রীবাদরায়ণ প্রকারান্তরে সাংখ্যতন্ত্রের অনাপ্ততা প্রতিপাদন করিতেছেন—ইতর' ইত্যাদি। সাংখ্যস্মৃতিতে অন্যান্য পদার্থ সকলের অনুপলব্ধি দেখা যায়। সর্ব্ববেদান্ত প্রতিপা-দিত ঈশ্বর জীব প্রকৃতি কাল কর্ম্ম প্রভৃতির সাংখ্যশাস্ত্রে বর্ণনের অভাব হেতু, এবং বেদ বিরুদ্ধ হওয়ায় সাংখ্যস্মৃতি অবৈদিকী হয়। সাংখ্যস্মৃতি নিরূপিত অন্যান্য পদার্থ সকলের বেদে উপলব্ধ না হওয়ায় সাংখ্যস্মৃতির অনাপ্ততা স্বতঃসিদ্ধ।

ইতর' অর্থাৎ যে সকল পদার্থের জন্য সাংখ্যস্মৃতি অনাপ্ত ও বেদবিরুদ্ধ তাহা নিরূপণ করিতে-ছেন 'বিভব' ইত্যাদি। সাংখ্যশাস্ত্র নিরূপিত পুরুষ বহু, বিভু, চিন্মাত্র স্বরূপ, সেই পুরুষের যে বন্ধ ও মোক্ষ তাহা প্রকৃতির, পুরুষের নহে, অর্থাৎ প্রকৃতিই করিয়া থাকে। এই স্থলে তত্ত্বসমাস নামে কপিল সূত্রে বর্ণনা করিয়াছেন—"পুরুষ" ইহার দীপিকা ব্যাখ্যা—কে পুরুষ? বলিতেছি—পুরুষ অনাদি, সূক্ষ্ম,

বশ্চিন্মাত্রাঃ পুরুষাস্তেষাং বন্ধমোক্ষৌ প্রকৃতিরেব করোতি। তৌ পুনঃ প্রকৃতাবেব। সর্ব্বেশ্বর পুরুষবিশেষো নাস্তি। কালস্তত্ত্বং ন ভবতি। প্রাণাদয়ঃ পঞ্চকরণবৃত্তিরূপা ভবন্তি, ইত্যেবমাদয়াস্তস্যামেব দ্রষ্টব্যাঃ। ২।।

তেষামিতি বহূনাং পুরুষাণাং—বন্ধ ইতি। তথাহি কারিকায়াং—৫৬ প্রতি পুরুষবিমোক্ষার্থং স্বার্থ ইব পরমার্থ আরম্ভঃ।। সাংখ্যসূত্রে চ —২।১ বিমুক্তবিমোক্ষার্থং স্বার্থং বা প্রধানস্য। "তৌ" বন্ধমোক্ষৌ" ইতি।

তথা চ করিকায়াম্—৬২ তস্মান্ন বধ্যতেঽদ্ধা ন মুচ্যতে নাপি সংসরতি কশ্চিৎ। সংসরতি বধ্যতে মুচ্যতে চ নানাশ্রয়া প্রকৃতিঃ॥ সর্ব্বেশ্বর ইতি—তথাহি সাংখ্যসূত্রে —১।৯২-৯৩-৯৪, "ঈশ্বরাসিদ্ধেঃ" "মুক্ত বদ্ধয়োরন্যতরাভাবাৎ ন তৎ সিদ্ধিঃ" "উভয়থাপ্যসৎকরত্বম্" ইত্যাদয়ঃ। কাল ইতি—তথাহি সাংখ্যসূত্রে—২।.২ "দিক্কালাবাকাশাদিভ্যঃ" তৌ আকাশোঽন্তর্ভূতৌ। "প্রাণাদয়ঃ" ইতি; তথাচ—কারিকায়াম্—২৯, সামান্যকরণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চ" সূত্রে চ—২।৩১, কারিকাবৎ সূত্রমপি। তস্মাৎ সর্ব্বতোভাবেন বেদবিরুদ্ধত্বাৎ কপিল স্মৃতের্নাপ্ততা ইতি ভাবঃ॥

বেদশাস্ত্র বিরুদ্ধত্বাদযথাবৎ বিকত্থনাৎ।
অনাপ্তদোষদুষ্টত্বাৎ সাংখ্যস্য ন প্রমাণতা॥২॥
ইতি স্মৃত্যধিকরণং প্রথমং সমাপ্তম্॥১॥

সর্ব্বগত-বিভু, চেতন, নির্গুণ, নিত্য, দ্রষ্টা, ভোক্তা অকর্ত্তা, ক্ষেত্রজ্ঞ, অপ্রসব ধর্ম্মযুক্ত। সেই বহু পুরুষের বন্ধন ও মুক্তি প্রকৃতি করে, এই সাংখ্য কারিকায় বর্ণিত আছে - প্রতি পুরুষের বিমুক্তির নিমিত্ত স্বার্থের ন্যায় পরার্থের জন্য সৃষ্টি আরম্ভ করে।

সাংখ্যসূত্রে বর্ণিত আছে—বিমুক্ত পুরুষের আভিমানিক মুক্তির নিমিত্ত প্রধানের সৃষ্টিতে প্রবৃত্তি হয়। এবং সেই বন্ধন ও মুক্তি প্রকৃতিতেই হয়, এই বিষয়ে সাংখ্যকারিকায় বর্ণিত আছে—অতএব কোন পুরুষ বদ্ধ ও হয় না, মুক্ত ও হয়, না এবং সংসার প্রাপ্তি ও হয় না, নানাশ্রয়া প্রকৃতিই বদ্ধ হয়, মুক্ত হয় এবং সংসার প্রাপ্ত হয়। সর্ব্বেশ্বর পুরুষ বিশেষ বলিয়া কোন পদার্থ নাই। এই বিষয়ে সাংখ্যসূত্রে বর্ণিত আছে—প্রত্যক্ষাদি প্রমাণ দ্বারা ঈশ্বর সিদ্ধ হয় না। ঈশ্বর বদ্ধও নহেন, মুক্তও নহেন. সুতরাং উভয়ের অভাব হেতু ঈশ্বর সিদ্ধ হয় না।

উভয়থা—তিনি মুক্ত হইলে সৃষ্টি করিতে সমর্থ হইবেন না, বদ্ধ হইলেও আমাদের ন্যায় অসর্বজ্ঞ বিধায় স্রষ্টা হইতে পারেন না; সুতরাং ঈশ্বর অসিদ্ধ। কাল কোন প্রকার তত্ত্ব নহে। এই বিষয়ে সাংখ্যসূত্রে বর্ণিত আছে - দিক্ এবং কাল আকাশাদি হইতে সমুৎপন্ন হয়; অর্থাৎ দিক্ ও কাল আকাশের অন্তর্ভূত।

২। যোগপ্রত্যুক্তাধিকরণম্ ॥

ননু সাংখ্যস্মৃত্যা বেদান্তাব্যাখ্যাতুং ন যুক্তাস্তস্যা বেদান্তবিরুদ্ধত্বাৎ। যোগস্মৃত্যা তু

'যোগপ্রত্যুক্তাধিকরণম্'

অথ সাংখ্যস্মৃতিবৎ যোগস্মৃতিরপি অবৈদিকী ইতি প্রতিপাদয়িতুং যোগ প্রত্যুক্তাধিকরণ-মারভন্তে' ইতি অধিকরণ সঙ্গতিঃ।

বিষয়ঃ—অত্র যোগদর্শন বর্ণিত তত্ত্বান্যেব বিষয়ানি, অন্যত্র বিচার্য্যন্তে।

সংশয়ঃ—অথযোগস্মৃতিঃ কিং বেদান্তবাক্যগণস্য উপবৃংহণরূপা ? অথবা সাংখ্যস্মৃতিবৎ অবৈদিকী ইতি ? ভবতি সংশয়ঃ। ইতি সন্দেহ বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—ইত্যেবং সন্দেহে জাতে পূর্ব্বপক্ষমবতারয়ন্তি—"ননু" ইতি। অথ যোগস্য শ্রৌতত্বে প্রমাণমাহুঃ তামিতি। তাং ইন্দ্রিয়াণাং ঐকাগ্র্যলক্ষণাং বাহ্য-অন্তঃকরণানাম্ ইন্দ্রিয়াণাম্ আত্মনি ধারণাং যোগমিতি যোগজ্ঞা মন্যতে।

প্রাণাদি পাঁচটি অন্তঃকরণের বৃত্তি মাত্র। এই বিষয়ে সাংখ্যকারিকায় বর্ণিত আছে - দেহ সঞ্চারী প্রাণ অপান, সমান, উদান, ব্যান, এই পাঁচটি বায়ু ইন্দ্রিয়গণের সাধারণী বৃত্তি। সাংখ্যসূত্রেও এই প্রকার বর্ণিত আছে। এই প্রকার বেদ বিরুদ্ধ পদার্থ সন্নিবেশ বহু স্থানে সাংখ্যশাস্ত্রে বর্ণিত আছে, তাহা সেই শাস্ত্রেই দ্রষ্টব্য। সুতরাং সর্ব্বতোভাবে বেদশাস্ত্র বিরুদ্ধহেতু কপিল স্মৃতি আপ্তশাস্ত্র নহে, ইহাই ভাবার্থ।

বেদশাস্ত্র বিরুদ্ধ অযথার্থ প্রলাপহেতু অনাপ্ত দোষ দুষ্টতা বশতঃ

সাংখ্যশাস্ত্রের প্রামাণিকতা নাই ॥২॥

স্মৃত্যধিকরণ প্রথম সমাপ্ত ॥১॥

"যোগপ্রত্যুক্তাধিকরণের ব্যাখ্যা"

অনন্তর সাংখ্যস্মৃতিবৎ যোগস্মৃতিও অবৈদিকী, ইহা প্রতিপাদন করিবার নিমিত্ত যোগ-প্রত্যুক্তাধিকরণের আরম্ভ করিতেছেন' এই প্রকার অধিকরণ সঙ্গতি।

বিষয় এই স্থলে যোগদর্শন বর্ণিত তত্ত্বসকলই বিষয়, সেই বিষয় সকলের এই অধিকরণে বিচার করিতেছেন। ইহাই বিষয় বাক্য।

সংশয়ঃ—এই স্থলে সংশয় এই যে - যোগস্মৃতি কি বেদান্ত বাক্যগণের উপবৃংহিত স্বরূপা ? অথবা সাংখ্যস্মৃতির সমান অবৈদিকী ? বেদান্তসিদ্ধান্ত বহির্ভূতা ? এই প্রকার সন্দেহ হইতেছে। ইহাই সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষঃ— এই প্রকার সন্দেহজাত হইলে পূর্ব্বপক্ষের অবতারণা করিতেছেন—"ননু" ইত্যাদি

ব্যাখ্যায়ান্তে, বেদান্তার্থানাশ্রিত্য তস্যা বর্ণিতত্বাৎ। যোগঃ খলু শ্রৌতঃ "তাং যোগমিতি মন্যন্তে স্থিরামিন্দ্রিয়ধারণাম্" (কঠ০ ২৩।১১) "বিদ্যামেতাং যোগবিধিঞ্চকৃৎস্নম্" (কঠ০ ২।৩।১৮) ইত্যাদিষু কঠকাদিশ্রুতিষু যোগবিষয়ক বহুলিঙ্গলাভাৎ "ত্রিরুন্নতং স্থাপ্যসমং শরীরম্" (শ্বে০ ২।৮) ইত্যাদিষ্বাসনাদিযোগাঙ্গাভিধানাচ্চ। তেন যোগেন জগদ্ দুঃখং পরিজিহীর্ষুরাপ্ততমো

'ইতি' শব্দেন যথোক্তমৈকাগ্র্যমেব পরং তপ ইতি গম্যতে। এতামিতি—এতাং ব্রহ্মবিদ্যাং যোগ প্রকারঞ্চ মত্তো যমাৎ নচিকেতা লব্ধঃ; তথা ব্রহ্মপ্রাপ্তোঽভূদিতি শেষঃ। ত্রিরিতি—উরো-গ্রীবা শিরঃসু উন্নতং, অন্যত্র সমং শরীরম্ আসনে সংস্থাপ্য ব্রহ্ম ধ্যায়ত ইত্যর্থঃ। 'অথ' ইতি, অথ শব্দোঽধিকারার্থো-মঙ্গলার্থশ্চ। যোগো যুক্তিঃ সমাধিরিত্যর্থঃ।

অনুশিষ্যতে ব্যাখ্যায়তে লক্ষণ ভেদোপায়ৈরিতি অনুশাসনম্ আশাস্ত্রপুত্তেরধিকৃতং—বোধ্যমিত্যর্থঃ। কো যোগঃ? ইত্যপেক্ষায়ামাহ—যোগ ইতি। চিত্তস্য নির্ম্মলসত্ত্ব পরিণতিরূপস্য যা বৃত্তয়ঃ অঙ্গানি ভাব পরিণতিরূপাঃ তাসাং নিরোধোবহির্মুখ পরিণতি বিচ্ছেদাৎ অন্তর্মুখতয়া প্রতিলোম পরিগত্যা স্বকারণে লয়ো যোগ ইতি আখ্যায়তে ইতি।

যদি বলেন—সাংখ্যস্মৃতির অনুগত বেদান্ত বাক্যগণ ব্যাখ্যা করা উচিত নহে; কারণ তাহা বেদান্তবিরুদ্ধ। কিন্তু যোগস্মৃতির অনুগত ব্যাখ্যা বেদান্ত বাক্যগণের কর্ত্তব্য।

যোগস্মৃতি বেদান্তের অর্থ আশ্রিত ব্যাখ্যা করা হইয়াছে। যোগ শ্রৌত মার্গ। অতঃপর যোগের শ্রৌতত্বে প্রমাণ বর্ণনা করিতেছেন—তাং' ইত্যাদি। স্থিরভাবে মনধারণই যোগ বলিয়া কথিত হয়। অর্থাৎ ইন্দ্রিয়গণের একাগ্রলক্ষণ, বাহ্য আন্তরিক ইন্দ্রিয়গণের আত্মায় স্থির ভাবে ধারণের নাম যোগ ইহা যোগজ্ঞ পণ্ডিতগণ মনে করেন। বিদ্যাম্' ইতি এই ব্রহ্মবিদ্যা যোগ প্রকার আমা হইতে (যম হইতে) নচিকেতা লাভ করিলেন; তথা যোগ বিদ্যা লাভ করতঃ ব্রহ্মলাভ করিয়াছিলেন। ইত্যাদি কঠোপনিষৎ শ্রুতি বাক্য সকলে যোগ বিষয়ক বহু প্রমাণ লাভ করা যায়।

ত্রি'ইত্যাদি—উর - বক্ষঃস্থল গ্রীবা, মস্তক এই তিনটি উন্নত, অন্যত্র সমস্ত শরীর সমান ভাবে আসনে স্থাপন করিয়া ব্রহ্মকে ধ্যান করিবে' ইহাই অর্থ। ইত্যাদি শ্রুতি বাক্যে আসনাদি যোগের অঙ্গরূপে অভিহিত করা হইয়াছে। সেই যোগের দ্বারা জন্ম মরণাদি সংসার দুঃখ পরিহরণ করিবার ইচ্ছায় আপ্ততম ভগবান পতঞ্জলি স্মৃতিশাস্ত্র রচনা করিয়াছেন; তাহা এই প্রকার—অথ' ইত্যাদি অথ শব্দের অর্থ অধিকার ও মঙ্গল। যোগ অর্থাৎ সমাধি। অনুশাসন - লক্ষণ; ভেদ, উপায়াদির দ্বারা ব্যাখ্যা করেন তাহাকে অনুশাসন বলে। সেই যোগানুশাসন সমস্ত শাস্ত্র পূর্ত্তি পর্য্যন্ত অধিকৃত করিয়া আছে—তাহা বুঝিতে হইবে। যোগ কাহাকে বলে?

ভগবান্ পতঞ্জলিঃ স্মৃতিং নিবন্ধ, "অথ যোগানুশাসনম্" (যো॰ সূ॰ ১।১।১) "যোগশ্চিত্তবৃত্তি-নিরোধঃ" (১।১।২) ইত্যাদিভিঃ। সমন্বয়াবিরোধেন বেদান্তেষু ব্যাখ্যাতেষু এষা স্মৃতিরনবকাশা-স্যাৎ, যোগ প্রতিপত্তিমাত্রবিষয়ত্বাৎ। মন্বাদি স্মৃতীনাং তু ধর্ম্মাবেদনয়া সাবকাশতা ভবেত্তস্মাৎ যোগস্মৃত্যৈব ন তূক্তসমন্বয়ানুগত্যা, তে ব্যাখ্যয়া, ইত্যেবং প্রাপ্তে –

সমন্বয় ইতি—সর্ব্বেষু বেদান্তবাক্যেষু পরব্রহ্ম এব জগতো নিমিত্তোপাদন কারণং প্রতিপাদিত-মিতি সমন্বয়াধ্যায়স্য অবিরোধেন ব্যাখ্যাতে সতি এষা যোগস্মৃতিরনবকাশাব্যর্থা স্যাৎ। ন তু ইতি ; পূর্ব্বোক্ত-সমন্বয়ানুগত্যা ব্যাখ্যয়া যোগস্মৃতে রনাপ্ততা শঙ্কা ভবেদিতি ; অত যোগস্মৃতি সিদ্ধান্তানুসারেণ এব বেদান্তবাক্যগণা ব্যাখ্যা কার্য্যা ইত্যেবমস্মাকমভিতম্।

ইতি পূর্ব্বপক্ষ বাক্যম্।

সিদ্ধান্তঃ—ইত্যেবং পূর্ব্বপক্ষে সমুপস্থিতে ভগবান্ শ্রীবাদরায়ণঃ সিদ্ধান্তসূত্রমবতারয়তি—এতেন ইতি। এতেন প্রধানসর্ব্বস্ব সাংখ্যস্মৃতি প্রত্যাখ্যানেন ন তৎ পরিপুষ্ট যোগস্মৃতিরপি প্রত্যুক্তঃ ইতি। সূত্র ব্যাখ্যাতু ভাষ্যে স্পষ্টম্।

সেই অপেক্ষায় বলিতেছে—যোগ ইত্যাদি। চিত্তের নির্ম্মল তত্ত্ব পরিণতিরূপের যে বৃত্তি সকল, অঙ্গ বা ভাব পরিণতিরূপা তাহাদের নিরোধ, বহির্ম্মুখ পরিণতি বিচ্ছেদ পূর্ব্বক অন্তর্ম্মুখরূপে গমন-করতঃ স্ব স্ব কারণে লয় করার নামকে যোগ বলে। অতএব সমন্বয় অধ্যায়ের অনুরোধে বেদান্ত বাক্য-গণের ব্যাখ্যা হইলে পরে এই যোগস্মৃতি অনবকাশ ব্যর্থ হইবে ; কারণ, ইহাতে মাত্র যোগ প্রতিপত্তির বিষয়ই বর্ণিত হইয়াছে। মন্বাদি স্মৃতি সকলের ধর্ম জ্ঞাপনের দ্বারা সাবকাশতা হইবে। অতএব যোগ-স্মৃতির দ্বারাই বেদান্ত বাক্যগণ ব্যাখ্যা করা উচিত।

সমন্বয়ের তাৎপর্য এই যে—বেদান্ত বাক্য সকলে পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবই জগতের নিমিত্ত এবং উপাদান কারণ প্রতিপাদন করা হইয়াছে. সেই সমন্বয়াধ্যায়ের অবিরোধে বেদান্ত বাক্যের ব্যাখ্যা করিলে পরে এই যোগস্মৃতি অনবকাশ অর্থাৎ ব্যর্থ হইয়া পড়ে। সুতরাং যোগ স্মৃতির সমন্বয়াধ্যায়ের অনুগত ব্যাখ্যা করা উচিত নহে। অর্থাৎ পূর্ব্বোক্ত সমন্বয়াধ্যায়ের অনুগতে ব্যাখ্যা করিলে যোগস্মৃতির অনাপ্ততা দোষের আশঙ্কা হইবে ; অতএব যোগস্মৃতির সিদ্ধান্তানুসারেই বেদান্ত বাক্যগণের ব্যাখ্যা করা কর্ত্তব্য' ইহাই আমাদের অভিমত।

এইপ্রকার পূর্ব্বপক্ষ বাক্য।

সিদ্ধান্তঃ—এই পূর্ব্বপক্ষের সমুপস্থিতিতে ভগবান বাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করি-তেছেন—"এতেন" ইত্যাদি। ইহার দ্বারা অর্থাৎ –প্রধান সর্ব্বস্ব সাংখ্যস্মৃতির সিদ্ধান্ত প্রত্যাখ্যান দ্বারা সাংখ্য পরিপুষ্ট যোগস্থিতিও প্রত্যুক্ত অর্থাৎ নিরাকৃত হইল।

ওঁ॥ এতেন যোগঃ প্রত্যুক্তঃ ॥ওঁ॥ ২।১।২।৩॥

এতেন সাংখ্যস্মৃতি প্রত্যাখ্যানেন যোগস্মৃতিরপিপ্রত্যাখ্যাতা বোধ্যা। তস্যাশ্চ তদ্বদ্-বেদান্তবিরুদ্ধত্বাৎ। তাদৃশ্যাযোগস্মৃত্যা তেষু ব্যাখ্যাতেষু বেদানুসারিমন্বাদিস্মৃতে নির্ব্বিষয়তা স্যাদতস্তয়া তে ন ব্যাখ্যেয়া ইত্যর্থঃ। ন চ বেদান্তাবিরুদ্ধা সা বক্তুং শক্যা। তত্রাপি প্রধানমেব

অথ যোগস্মৃতৌ যে সিদ্ধান্তা বেদান্তবিরুদ্ধত্বেন প্রতীয়ন্তে তান্ প্রতিপাদয়ন্তি তত্রাপীত্যাদি। তত্র যোগদর্শনে। যদ্যপি শাস্ত্রেঽস্মিন্ ঈশ্বরমঙ্গীকৃতং তথাপি কুটিল-কাপিল যুক্তিজাল-জম্বাল-বিলিপ্তত্বেন প্রধান স্বাতন্ত্র্যাদি উক্তেঃ বৈদান্তিকসিদ্ধান্তানুগত্যা শ্রীপরমেশ্বর-নিরূপণাভাবাচ্চ; তস্মাদতিদেশসূত্রোঽয়ং ইতি। তল্লক্ষণং যথা শ্রীহরিনামামৃত ব্যাকরণে ১।৫৪ "অন্যতুল্যত্ববিধানমতিদেশঃ" অতঃ পূর্ব্বসূত্র—স্মৃত্যনবকাশদোষ প্রসঙ্গ ইতি চেৎ নান্য স্মৃত্যনবকাশদোষ প্রসঙ্গাৎ" ইত্যস্য তুল্যত্বাৎ অতিদেশোঽয়মিতি। অথ প্রধানমেব স্বতন্ত্র জগৎকারণম্; তথাহি -২।১৮ "প্রকাশ ক্রিয়া স্থিতি শীলং ভূতেন্দ্রিয়াত্মকং ভোগাপবর্গার্থং দৃশ্যম্" ইতি শ্রীপতঞ্জলিনা শ্রীকপিল মতানুসারেণৈব জগৎ কার্য্যং প্রতি প্রধানস্য উপাদান কারণত্বং প্রতিপাদিতম্।

ইহার দ্বারা অর্থাৎ সাংখ্যস্মৃতি প্রত্যাখ্যান দ্বারা যোগস্মৃতিও প্রত্যাখ্যাত হইল বুঝিতে হইবে। কারণ, যোগস্মৃতির ও সাংখ্যস্মৃতির সমান বেদান্তবিরুদ্ধ হওয়া হেতু। বেদান্তবিরুদ্ধ-যোগস্মৃতির দ্বারা বেদান্ত বাক্যগণের ব্যাখ্যা করিলে বেদানুসারিনী—মন্বাদিস্মৃতির নির্বিষয়তা হইবে। অতএব যোগস্মৃতির দ্বারা বেদান্ত বাক্যগণের ব্যাখ্যা করা উচিত নহে। যোগস্মৃতি বেদান্তবাক্যগণের অবিরোধ সিদ্ধান্ত কারিণী, ইহা বলিতে সমর্থ হইবেন না।

যেহেতু তাহাতেও বেদবিরুদ্ধ সিদ্ধান্ত দেখা যায়। যোগস্মৃতিতে যে সকল সিদ্ধান্ত বেদ-বিরুদ্ধরূপে প্রতীতি হয়। তাহা প্রতিপাদন করিতেছেন—তত্রাপি" ইত্যাদি। যদ্যপি এই যোগশাস্ত্রে ঈশ্বরকে অঙ্গীকার করিয়াছেন, তথাপি অত্যন্তকুটিল কপিলের যুক্তি জালজম্বাল—শৈবাল বিলিপ্ত হৃদয় দ্বারা প্রধানের স্বতন্ত্রতাদি কথিত হওয়ায়, বৈদান্তিক সিদ্ধান্তানুগত ভাবে শ্রীপরমেশ্বরের নিরূপণের অভাব হেতু যোগস্মৃতি অবৈদিক। এইটি অতিদেশ সূত্র। শ্রীহরিনামামৃতব্যাকরণে তাহার এই প্রকার লক্ষণ-যাহাকে অন্য সূত্রের তুল্য বা সমান বিধান করা হয় তাহাকে অতিদেশ সূত্র বলে"। পূর্বসূত্র যে—সাংখ্যাদি স্মৃতির অনবকাশ দোষ প্রসঙ্গ হইবে' যদি এই বলেন, কিন্তু তাহা হইবে না" এই সূত্রের সমান হওয়ায় ইহা অতিদেশ সূত্র।

যোগস্মৃতিতে প্রধানই স্বতন্ত্র জগৎ কারণ; তাহা এই প্রকার—প্রকাশ, ক্রিয়া, স্থিতি যাহার স্বভাব, পঞ্চমহাভূত, ও ইন্দ্রিয়গণ যাহার স্বরূপ পুরুষের ভোগ এবং অপবর্গ সম্পাদন করাই যাহার প্রয়োজন, তাহাকে দৃশ্য অর্থাৎ প্রধান বলে। এই প্রকার শ্রীপতঞ্জলি শ্রীকপিলমুনির মতানুসারেই জগৎ

স্বতন্ত্রংকারণমীশো জীবাশ্চ চিতিমাত্রাঃ, সর্ব্বে বিভবঃ, যোগাদেব দুঃখনিবৃত্তিস্তদেব মুক্তিরিত্যাদি তদ্বিরুদ্ধার্থ প্রতিপাদনাৎ। প্রত্যক্ষাদি প্রমাণং চিত্তবৃত্তিরিত্যাদীনাং তদুক্তার্থানাং তেষ্বনুপলম্ভাচ্চ। তত্র তে হ্যর্থাস্তস্যামেবান্বেষ্টব্যাঃ তস্মাদ্বেদান্তবিরুদ্ধায়া যোগস্মৃতেবৈয়র্থ্যাদ্দোষান্ন

ঈশ্বর-জীবশ্চ চেতন মাত্রমেব। তথাচ—২।২০, "দ্রষ্টা দৃশিমাত্রঃ শুদ্ধোঽপি প্রত্যয়ানুপশ্যঃ" দৃশিমাত্রঃ চিন্মাত্রঃ দ্রষ্টা পুরুষঃ, মাত্র শব্দেন ধর্ম্ম-ধর্ম্মিভাব নিরাসঃ। স শুদ্ধোঽপি পরিণামাভাবেন স্বপ্রতিষ্ঠোঽপি প্রত্যয়ানুপশ্যঃ বিষয়োপরক্তে বুদ্ধিতত্ত্বে সন্নিধিমাত্রেণ দ্রষ্টৃত্বং ভজতীত্যর্থঃ। তচ্চ এতদবৈদিকং, বেদে ধর্ম্মিত্বেন তস্য নিরূপণাদিতি।

ছান্দোগ্যে চ "এষ আত্মা অপহতপাপ্মা" ইত্যাদি। ৮।১।৫ কিঞ্চ সর্ব্বে জীবা বিভবঃ। যোগাদিতি—"১।২" "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ" "তদা দ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানম্" ১।৩; অপিচ কপিলমতানুসারেণ শ্রীপতঞ্জলিনা চিত্তস্য পঞ্চবৃত্তয়ঃ কথিতাঃ; তথাচ—১।৫—"বৃত্তয়ঃ পঞ্চতয্যঃ ক্লিষ্টাক্লিষ্টাঃ" ১।৬ "তে" "প্রমাণ-বিপর্য্যয়-বিকল্প-নিদ্রা স্মৃতয়"ঃ।

কার্য্যের প্রতি প্রধানের উপাদান কারণতা প্রতিপাদন করিয়াছেন। ঈশ্বর ও জীব চেতন পদার্থ মাত্র। এই বিষয়ে যোগসূত্র দ্রষ্টা পুরুষ দৃশিমাত্র চেতনমাত্র, শুদ্ধ স্বরূপ হইলেও ও আত্মা বুদ্ধিতত্ত্বের অনুরূপ আচরণ করে; অর্থাৎ—দ্রষ্টা পুরুষ চিন্মাত্র স্বরূপ, মাত্র শব্দের দ্বারা ধর্ম ধর্মিভাব নিরাশ করা হইল; আত্মা শব্দ তথা পরিণামের অভাবে স্বপ্রতিষ্ঠ হইলেও প্রত্যয়ানুপশ্য; অর্থাৎ বিষয়োপরক্ত বুদ্ধিতত্ত্বে সন্নিধি মাত্রেই দ্রষ্টৃত্বাদি গুণ যুক্ত হয়।

শ্রীপতঞ্জলির এই সিদ্ধান্ত অবৈদিক, কারণ, বেদশাস্ত্রে শ্রীভগবানকে ধর্মিরূপে নিরূপণ করিয়াছেন—ছান্দোগ্যোপনিষদে এই আত্মা শ্রীগোবিন্দদেব অপহত পাপ্মত্বাদি গুণগণালঙ্কৃত" ইত্যাদি। আরও জীব সকল বিভু—সর্ব ব্যাপক। যোগ হইতেই দুঃখনিবৃত্তি, এবং দুঃখনিবৃত্তিই মুক্তি। অর্থাৎ চিত্তবৃত্তি নিরোধের নাম যোগ। সেই কালে সর্ববৃত্তিনিরোধরূপ অসংপ্রজ্ঞাত সমাধিকালে দ্রষ্টা পুরুষের চিন্মাত্রস্বরূপে অবস্থান, তাহাই মুক্তি। ইত্যাদি বেদবিরুদ্ধার্থ প্রতিপাদন করিয়াছেন। প্রত্যক্ষাদি প্রমাণ সকল চিত্তবৃত্তি বিশেষ" ইত্যাদি যোগস্মৃতি কথিত সিদ্ধান্ত সকলের বেদান্ত বাক্যগণে উপলব্ধ না হওয়ায় তাহা বেদশাস্ত্র বিরুদ্ধ।

অর্থাৎ কপিল মতানুসারেই শ্রীপতঞ্জলি চিত্তের পাঁচটি বৃত্তি নিরূপণ করিয়াছেন। তাহা এই প্রকার—বৃত্তি ক্লিষ্ট ও অক্লিষ্ট ভেদে পাঁচ প্রকার; তাহারা—প্রমাণ, বিপর্য্যয়, বিকল্প, নিদ্রা, ও স্মৃতি এই পাঁচটি। তন্মধ্যে প্রমাণরূপ চিত্তবৃত্তির লক্ষণ বলিতেছেন—প্রত্যক্ষ, অনুমান, আগম, এই ত্রিবিধ প্রমাণ।

বিত্রাসঃ। অন্যচ্চ প্রাগ্বৎ। যত্তু বেদান্তবেদ্যামীশ্বর জীবোপায়োপেয় যাথাত্ম্যং তদুপর্য্যুপরি-ব্যক্তী ভবিষ্যদ্বীক্ষ্যমেবং সতি "ত্রিরুন্নতম্" (শ্বে০ ২।৮) ইত্যাদাবাসনাদি যোগাঙ্গবিধানম্

তাসু প্রমাণরূপায়াঃ চিত্তবৃত্তের্লক্ষণমিদমুক্তং, ১।৩ "প্রত্যক্ষানুমানাগমাঃ প্রমাণানি" নহি এতে চিত্তবৃত্তিরূপেণ বেদেষূপলভ্যতে। চক্ষুরাদীন্দ্রিয়পঞ্চকং সাংখ্যবৎ করণমেব স্বীকরোতি; কিঞ্চ অনুমানমপি জ্ঞানমেব ন তু প্রমাণম্; আগমশ্চ আকাশস্য গুণঃ; ইত্যেবমাদয়ো বেদবিরুদ্ধাঃ সিদ্ধান্তাস্তত্র যোগস্মৃতৌ অন্বেষ্টব্যাঃ।

কিন্তু বেদলক্ষণঃ শব্দস্তু শ্রীভগবন্নিঃশ্বাসস্বরূপমেব। তথাচ মৈত্রেয়ী ব্রাহ্মণে—বৃ০ ৪।৫।১১ "অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্ যদ্ ঋগ্ বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্বাঙ্গিরসঃ" ইত্যাদি শ্রুতেঃ। বিপর্য্যয়-স্মৃতি চ জ্ঞান বিশেষৌ এব, ন তু চিত্তবৃত্তী। চিত্তং খলু জ্ঞানং ব্যনক্তি ইতি শ্রৌত পন্থা। প্রাগ্বদিতি কাপিলস্মৃতি প্রত্যাখ্যানবদ্বোদ্ধব্যমিতি ভাবঃ।

নন্বু ভবতামভিমতং জীবেশ্বরাদিকিং স্বরূপকম্? তত্রাহুঃ—'যত্তু' ইতি। ঈশ্বরযাথাত্ম্যং খলু বেদান্তৈর্ এবং বিলোক্যতে অবিচিন্ত্য অনন্ত আত্মশক্তিযুক্ত নিত্যানন্দ চিদ্বিগ্রহঃ মধ্যম পরিমাণ এব বিভুঃ, নিত্যাধিষ্ঠান পার্ষদবৃন্দ পরিসেবিতঃ, নিত্যাসংখ্যেয়কল্যাণ গুণঃ, স্বানুরূপয়া শ্রিয়া বিশিষ্টঃ, স্বায়ত্ত প্রধান ক্ষেত্রজ্ঞানুপ্রবেশনিয়মনকৃৎ, স্বসঙ্কল্পেনৈব স্ববিলক্ষণ জগদ্রূপঃ, স্বয়মবিকারী, ভজনকারি ভক্তানন্দহেতুঃ, শ্রীগোবিন্দঃ। জীবযাথাত্ম্যঞ্চ জ্ঞানরূপঃ, জ্ঞানাদিগুণকঃ অণুর্জীবঃ শ্রীগোবিন্দবৈমুখ্যাৎ বদ্ধঃ, তৎ সাম্মুখ্যাত্তু তৎসেবানন্দরূপ মোক্ষঞ্চ প্রাপ্নোতীতি।

এই প্রমাণ সকল চিত্তবৃত্তিরূপে বেদে উপলব্ধ হয় নাই। শ্রীপতঞ্জলি চক্ষুরাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়কে সাংখ্যের সমান কারণরূপেই স্বীকার করেন। আরও অনুমান প্রমাণ জ্ঞান বিশেষ, তাহা প্রমাণ নহে। আগমাদি শাস্ত্র আকাশের গুণমাত্র। ইত্যাদি বেদবিরুদ্ধ সিদ্ধান্ত সকল যোগস্মৃতিতেই অনুসন্ধান করা কর্ত্তব্য। কিন্তু বেদ লক্ষণ অপ্রাকৃত শব্দমাত্র শ্রীভগবানের নিশ্বাস স্বরূপ, আকাশের গুণ নহে। বৃহদারণ্যকোপনিষদের মৈত্রেয়ী ব্রাহ্মণে কথিত আছে—এই মহাবিভূতি যুক্ত শ্রীভগবানের নিশ্বাস স্বরূপ এই ঋক্ বেদ যজুর্বেদ, সামবেদ অথর্ববেদ, আঙ্গিরসাদি। বিপর্য্যয়ও স্মৃতি জ্ঞান বিশেষ হয়; তাহারা চিত্তবৃত্তি নহে। চিত্ত জ্ঞানের অভিব্যক্তি করে' ইহাই বৈদিক পন্থা।

সুতরাং বেদান্ত বিরুদ্ধহেতু যোগস্মৃতির ব্যর্থতা দোষ হইতে আমাদের কোন প্রকার ত্রাস নাই। অন্য সকল পূর্বের সমান, অর্থাৎ—কপিল রচিত স্মৃতি প্রত্যাখ্যানের ন্যায় বুঝিতে হইবে।

শঙ্কা এই স্থলে আপনাদিগকে (বৈদান্তিকদিগকে) জিজ্ঞাসা করি—আপনাদের জীব ও ঈশ্বরের স্বরূপ কি?

সমাধান—এই শঙ্কার সমাধান করিতেছেন যত্তু' ইত্যাদি। তবে বেদান্তবেদ্য ঈশ্বর জীব

"তৎ কারণং সাংখ্যযোগাধিগম্যম্" (শ্বে০ ৬।১৩) ইত্যাদৌ চ সাংখ্যাদিশব্দাভ্যাং জ্ঞানং ধ্যানঞ্চ যদ্ দৃষ্টং তৎ কিল বৈদিকাদন্যদেবগ্রাহ্যম্। ন হি প্রকৃতি পুরুষতান্যতাপ্রত্যয়েন জ্ঞানেন তদুক্তেন যোগবর্ত্মনা বা মোক্ষোভবেৎ। "তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি' (শ্বে০ ৩।৮) বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত" (বৃ০ ৪।৪।২১) "এতদ্ যো ধ্যায়তি রসতি ভজতি সোঽমৃতো ভবতি' (গো০ তা০ পূ০ ৬)

উপায়যাথাত্ম্যং খলু শ্রীগোবিন্দজ্ঞান পূর্ব্বকং তদ্‌ভজনমেব বন্ধমোচকমিতি। উপেয়যাথাত্ম্যঞ্চ—দুঃখস্যাত্যন্তনিবৃত্তি পূর্ব্বকং আনন্দময় পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব সেবানন্দ লাভমিতি। এতচ্চ ক্রমেণৈব অত্র ব্যক্তির্ভবিষ্যতি। ননু যোগস্মৃতের্ব্বেদবিরুদ্ধত্বে কথং শ্বেতাশ্বতরা এবং পঠন্তি? তথাহি" ত্রিরুন্নতম্" ইতি ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরং হৃদীন্দ্রিয়াণি মনসা সংনিরুধ্য। ব্রহ্মোড়ুপেন প্রতরেত বিদ্বান্ স্রোতাংসি সর্ব্বাণি ভয়াবহানি॥

উপায়, উপেয় যাথাত্ম্য উপরি উপরি ব্যক্ত হইবে। বেদান্ত বাক্য প্রতিপাদিত ঈশ্বর যাথাত্ম্য বেদান্ত বাক্যগণে এই প্রকার দেখা যায়। অবিচিন্ত্য-অনন্ত স্বরূপশক্তিযুক্ত নিত্যানন্দ চিদ্‌বিগ্রহ, মধ্যম পরিমাণেও বিভুস্বরূপ, নিত্যাধিষ্ঠান গোলোকাদি ধামে নিত্যপার্ষদবৃন্দ পরিসেবিত, অসংখ্য নিত্য কল্যাণগুণ রত্নাকর, স্বানুরূপ লক্ষ্মীবৃন্দ পরিশোভিত, স্বায়ত্ত প্রধান ক্ষেত্রজ্ঞাদিতে অনুপ্রবেশ করিয়া তাহাদের নিয়মন কর্ত্তা, নিজ সঙ্কল্পদ্বারাই স্ববিলক্ষণ জগদ্‌রূপে পরিণমনশীল, কিন্তু স্বয়ং সর্ব্বপ্রকার বিকার রহিত ; তাঁহার ভজনকারি ভক্তগণের আনন্দপ্রদ শ্রীগোবিন্দদেব।

জীবের যথার্থস্বরূপ এই প্রকার জ্ঞানস্বরূপ, জ্ঞানাদিগুণক, অনুস্বরূপ শ্রীগোবিন্দদেব বিমুখতা হেতু তাহার বন্ধন হয় ; এবং তাঁহার সান্মুখ্যবশতঃ শ্রীগোবিন্দদেব সেবানন্দরূপ মোক্ষ প্রাপ্ত হয়। উপায় যাথাত্ম্য এই প্রকার শ্রীগোবিন্দদেবের জ্ঞানপূর্ব্বক তাঁহার ভজনই জীবের বন্ধন মোচনকারী। উপেয় স্বরূপ এই প্রকার আত্যন্তিক দুঃখনিবৃত্তি পূর্ব্বক আনন্দময় পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব সেবানন্দলাভ করা। এই সকল ক্রম পূর্ব্বক অগ্রে ব্যক্ত হইবে।

শঙ্কা—এইস্থলে আশঙ্কা এই যে—যোগস্মৃতি যদি বিরুদ্ধই হইল তবে শ্বেতাশ্বতরাধ্যায়ী ব্রাহ্মণগণ এই প্রকার পাঠ করেন কেন? তাহা এইপ্রকার—মস্তক, গ্রীবা ও বক্ষঃস্থল এই অঙ্গ ত্রয় উন্নত, অন্য শরীরের অঙ্গ সকল সমানরূপে স্থাপন করতঃ, হৃদয়ের মধ্যে ইন্দ্রিয় সকল মনের দ্বারা সম্যক্‌রূপে নিয়মিত করিয়া পরব্রহ্মরূপ নৌকার দ্বারা অর্থাৎ শ্রীভগবানের সহায়তায় ভয় সকল পার হইয়া যায়। অগ্রে লিখিত আছে যিনি নিত্য সকলের নিত্য, চেতন সকলের চেতন, যিনি এক হইয়াও অনেকের কামনা পূর্ণ করেন, সেই কারণ স্বরূপ সাংখ্য ও যোগশাস্ত্রের দ্বারা অধিগম্য দেবকে জানিয়া সর্ব্বপাশ হইতে মানব মুক্ত হয়। এইস্থলে পরমকারণ পরব্রহ্ম বস্তু সাংখ্যশাস্ত্র ও যোগশাস্ত্রগম্য বলিয়া কীর্ত্তন করেন। সুতরাং ঐ স্মৃতিদ্বয় কি প্রকারে নিবারণ করিতেছেন?

ইত্যাদি শ্রুতিভ্যঃ। কিঞ্চ যোঽংশোঽনয়োরবিরুদ্ধ স্তত্র নো ন বিদ্বেষঃ, কিন্তু বিরুদ্ধোঽংশঃ

শিরো গ্রীবা উরোঽঙ্গত্রয়মুন্নতং অন্যং সমং সমানং শরীরং স্থাপ্য হৃদয়ে সর্ব্বাণি ইন্দ্রিয়াণি মনসা সন্নিবেশ্য সম্যকরূপেণ নিবেশয়িত্বা নিয়ম্য ব্রহ্মোড়ুপেণ ব্রহ্মরূপেণ প্লবেন শ্রীভগবৎ সহায়েন সর্ব্বাণি ভয়াণি প্রতরেদিত্যর্থঃ; তথাগ্রে -৬।১৩ নিত্যো নিত্যানং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধতি কামান্। তৎ কারণং সাংখ্য যোগাধিগম্যং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ॥ ইত্যত্র তৎ পরমকারণং বস্তু সাংখ্যশাস্ত্রগম্যং যোগশাস্ত্রগম্যঞ্চ। তৎ কথং তৌ নিবার্য্যেতে? ইত্যস্য উত্তরমাহুঃ—এবমিতি। অত্র সাংখ্যশব্দেন জ্ঞানং যোগশব্দেন চ ধ্যানমিতি

অথ যোগস্মৃতিবর্ণিত মোক্ষমপি নিরাকুর্ব্বন্তি—ন হীতি। তদুক্তেন যোগস্মৃতি কথিতেন। যোগস্মৃতি প্রতিপাদিতজ্ঞানেন মোক্ষাভাবং নিরূপয়ন্তি তমেব ইতি। তং বৃহন্তং সর্ব্বভূতেষুগূঢ়ং আদিত্যবর্ণং পরমপুরুষং শ্রীগোবিন্দদেবং জ্ঞাত্বা গুরুমুখাদ্‌বিদিত্বা অতিমৃত্যুং জন্মমৃত্যুপ্রবাহং পরিত্যজ্য ভগবদ্ধামমেতি। তথাচ বৃহদারণ্যকে—বিজ্ঞায় ইতি। যো ধ্রুবঃ, আকাশবৎ সর্ব্বব্যাপকঃ, অজঃ

সমাধান—এই আশঙ্কার উত্তর প্রদান করিতেছেন 'এবম্' ইত্যাদি। এই প্রকার হইলে যে ত্রিরুন্নত ইত্যাদিতে আসনাদির যোগাঙ্গ বিধান। "পরম কারন বস্তু সাংখ্য-যোগশাস্ত্রগম্য" ইত্যাদি, এইস্থলে সাংখ্য শব্দে জ্ঞান, ও যোগ শব্দে ধ্যান বুঝিতে হইবে সুতরাং সাংখ্য যোগ শব্দের অর্থ জ্ঞান ও ধ্যান যে দেখা যায় তাহা বৈদিক অর্থ বলিয়াই গ্রহণ করিতে হইবে। সেই সেই শাস্ত্র নহে। যোগস্মৃতি প্রতিপাদিত মোক্ষও সিদ্ধি হয় না, যেমন প্রকৃতি ও পুরুষে ভিন্নতা প্রত্যয় রূপ জ্ঞানের দ্বারা, পতঞ্জলি কল্পিত যোগমার্গেগমন করিয়া মোক্ষলাভ হয়; ইহা বেদান্ত বিরুদ্ধ।

যোগস্মৃতি প্রতিপাদিত জ্ঞানের দ্বারা মোক্ষাভাব নিরূপণ করিতেছেন তমেব' ইত্যাদি সেই বৃহদ্বস্তু, সকল প্রাণীর হৃদয়ে গূঢ়রূপে অবস্থান কারী; আদিত্যবর্ণ পরমপুরুষ শ্রীগোবিন্দদেবকে শ্রীগুরুমুখ হইতে পূর্ণরূপে জানিয়া অতিমৃত্যু-জন্মমৃত্যু প্রবাহ পরিত্যগ করিয়া শ্রীভগবদ্ধামে গমন করেন। বৃহদারণ্যকেও দেখা যায় বিজ্ঞায়' ইত্যাদি। যিনি মহান, পরমসত্য, আকাশ সদৃশসর্ব্বব্যাপক, অজ, এবং সকলের আত্মা স্বরূপ, তাঁহাকেই ধীর শ্রীভগবদ ভাক্তমান সাধক বিজ্ঞায় শ্রীগুরুমুখে শ্রবণ করতঃ, সেই প্রকার স্মরণ করিয়া প্রজ্ঞা আরাধনা করিবে।

আব ও শ্রীগোপাল তাপনি উপনিষদে বর্ণিত আছে এই প্রকার যিনি ধ্যান করেন, আস্বাদন কনেন ভজন করেন তিনি অমৃত হয়েন। অর্থাৎ যিনি নিজপরিকরগণ পরিবেষ্টিত কল্পদ্রুমমণ্ডপাশ্রয়কারী শ্রীগোবিন্দদেবকে ধ্যান করেন, অখিলরসামৃতমূর্ত্তি শ্রীশ্যামসুন্দরকে আস্বাদন করেন, এবং ব্রজজনের আনুগত্যে তাঁহার আরাধনা করেন সেই সাধক অমৃত-শ্রীগোবিন্দদেবের পার্ষদ হয়েন অতএব শ্রীভগবদারাধনারদ্বারাই জীব মুক্ত হয়, কিন্তু যোগাভ্যস বা চিত্তবৃত্তিনিরোধের দ্বারা মুক্তহয় না।

পরিহ্রীয়তে। যদ্যপ্যেষ পরেশনিষ্ঠঃ "ঈশ্বরপ্রণিধানাদ্বা" (পা॰ সূ॰ ১।২৩) "ক্লেশ কর্ম্মবিপাকা-

আত্মা চ তমেব ধীরঃ ভগবদ্‌ভক্তিমান্ বিজ্ঞায়—শ্রীগুরুমুখাৎ শ্রবণং কৃত্বা তথৈব স্মৃত্বা চ প্রজ্ঞাং আরাধনাং কুর্ব্বীত ইতি।

অপিচ শ্রীগোপালোপনিষদি—যঃ স্বপরিকরগণ পরিবেষ্টিত কল্পদ্রুমমণ্ডপাশ্রয়ং শ্রীগোবিন্দদেবং ধ্যায়তি; অখিলরসামৃত মূর্ত্তিস্বরূপং রসতি—আস্বাদয়তি; এবং ব্রজজনানুগত্যেন তং ভজতি-আরাধয়তি সঃ সাধকঃ অমৃতঃ শ্রীগোবিন্দপার্ষদঃ ভবতি। তস্মাৎ শ্রীভগবদারাধনেনৈব জীবো মুক্তো ভবতি ন তু যোগাভ্যাসেন, চিত্তবৃত্তিনিরোধেন ইতি।

নন্থ—কপিলস্য তিবৎ সর্ব্বমেব যোগশাস্ত্রংমত্র ব্যর্থং উতঃ ক্বচিদংশবিশেষম্? ইত্যপেক্ষায়ামাহুঃ—কিঞ্চেতি। যোগশাস্ত্রেঽবিরুদ্ধাংশস্তু—তত্ত্বানাং ক্রমেণ সৃষ্টিঃ, ব্যুৎক্রমেণ প্রলয়ঃ; তথাচ—২।১৮ "প্রকাশ ক্রিয়াস্থিতিশীলং ভূতেন্দ্রিয়াত্মকং—ভোগাপবর্গার্থং দৃশ্যম্" "বিশেষাবিশেষমাত্রালিঙ্গানি গুণ পর্ব্বাণি। ২।১৯" প্রাকৃতাংশস্য অস্পর্শঃ পুরুষাণাং বিশুদ্ধিঃ; তথাচ - ৪।৩৪, "পুরুষার্থশূন্যানাং গুণানাং প্রতিপ্রসবঃ কৈবল্যং রূপপ্রতিষ্ঠা বা চিতিশক্তেরিতি" যম নিয়মাদিযোগাঙ্গক্রম ঈশোপাস্তি ফলহেতুরিতি; তথাচ—২।৪৫, 'সমাধিসিদ্ধিরীশ্বর প্রণিধানাৎ" ইত্যেবং। বিরুদ্ধোঽংশ এব অস্মাভি পরিহ্রিয়তে; নতু বিরোধাভাবঃ।

শঙ্কা—এই স্থলে আশাঙ্কা এই যে-কপিল রচিত স্মৃতির সদৃশ সকল যোগশাস্ত্রই ব্যর্থ; অথবা যোগশাস্ত্রের কোন অংশবিশেষই ব্যর্থ ?

সমাধান—এইশঙ্কার সমাধান করিতেছেন 'কিন্তু' ইত্যাদি বেদান্তবাক্যের সহিত সংখ্যস্মৃতি ও যোগ স্মৃতির যে অংশে বিরোধ নাই,সেই অংশে আমাদের কোন বিদ্বেষ নাই। কিন্তু বিরুদ্ধাংশ পরিত্যাগ করিব। যোগশাস্ত্রে বেদান্তের অবিরুদ্ধ অংশ এই প্রকার মহাদাদি তত্ত্বসকলের ক্রম পূর্ব্বক সৃষ্টি; ব্যুৎক্রমে প্রলয় যেমন-প্রকাশ, ক্রিয়া স্থিতি যাহার স্বভাব; ভূতাদি ও ইন্দ্রিয়গ যাহার স্বরূপ, অর্থাৎ মহদাদি ক্রম পূর্বক যাহা হইতে উৎপন্ন হয়।

বিশেষ—পঞ্চমহাভূত; পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চকার্মেন্দ্রিয়, ও মন। অবিশেষ পঞ্চতন্মাত্রা অহঙ্কার লিঙ্গমাত্র মহাত্তত্ত্ব। অলিঙ্গ প্রকৃতি এইসকল গুণের ভেদ বলিয়া জানিবে প্রাকৃতাংশ স্পর্শরহিত পুরুষ গণের শুদ্ধিতা লাভ হয়। যেমন পুরুষের জন্য কোন কর্ত্তব্য অবশেষ থাকেনা সেই গুণ সকলের স্ব স্ব কারণে বিলীন হওয়ার নাম কৈবল্য; অথবা দ্রষ্টার স্ব স্বরূপে প্রতিষ্ঠিত হওয়া।

যম-নিয়মাদিযোগাঙ্গের ক্রম সকল শ্রীভগবদারাধনা রূপ ফল লাভের কারণ; যেমন শ্রীভগবানের শরণাগতিতে সমাধিতে সত্বর সিদ্ধিলাভ করা হায় ইত্যাদি অবিরুদ্ধাং গ্রহণ যোগ্য বিরুদ্ধাংশই আমরা পরিত্যাগ করি; বিরোধাভাব অংশ পরিত্যাগ করি না।

শয়ৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বরঃ" (প০ সূ০ ১।২৪) ইত্যাদি সূত্রপ্রণয়নাৎ, তথাপি মোহাদেবং

ননু কথমেতস্য মতং পরিতজ্যতে যতোঽসৌ ঈশ্বরনিষ্ঠ এব ; তদেবং প্রতিপাদয়ন্তি - যদ্যপি ইত্যাদি। ঈশ্বর ইতি ; ঈশ্বরস্য প্রাণিধানাৎ তস্মিন্ ভক্তিবিশেষাৎ সমাধিঃ তৎ ফলঞ্চ সিদ্ধ্যতি ইতি সুগমোপায়োঽমিত্যর্থঃ। কিং স্বরূপোঽয়মীশ্বরঃ ? ইত্যত আহ ক্লেশোতি। ক্লিশ্যন্তি আভিরিতি অবিদ্যাদয়ঃ ক্লেশাঃ, তথাচ ২।৩, "অবিদ্যাস্মিতা রাগদ্বেশাভিনিবেশাঃ ক্লেশাঃ" অবিদ্যা চ—২ ৫ "অনিত্যা শুচি দুঃখানাত্মসু নিত্য শুচি সুখাত্ম খ্যাতিরবিদ্যা। কর্ম্ম—৪।৭ "কর্ম্মাশুক্লাকৃষ্ণং যোগিনঃ ত্রিবিধমিতরেষাম্"। বিপাকঃ—২।১৩, "সতি মূলে তদ্ বিপাকো জাত্যায়ুর্ভোগঃ"আশয়ঃ—২।১২ "ক্লেশমূলঃ কর্ম্মাশয়ঃ দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ" তথাচ ক্লিশ্যন্তে আভিরিত্যবিদ্যাদয়ঃ ক্লেশাঃ, বিহিত প্রতিসিদ্ধ ব্যামিশ্রাণি কর্ম্মানি, বিপচ্যন্তইতি বিপাকা জাত্যায়ুর্ভোগাকর্ম্মফলানি আকলবিপাকাৎ চিত্তভূমৌ শেরতে, ইত্যাশয়াঃ। বাসনাখ্যাঃ সংস্কারাস্তৈস্ত্রিষু কালেষপরামৃষ্টোঽসংস্পৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বরঃ, নিরতিশয়সর্ব্বজ্ঞেতি। অন্যেভ্যঃ পুরুষেভ্যো বিশিষ্যত ইতি বিশেষঃ। ঈশ্বর ইতি ঈশান শীলঃ সঙ্কল্পমাত্রেনৈব নিখিলোদ্ধরণ সমর্থ ইত্যর্থঃ। ইত্যাদিসূত্রপ্রণয়নাৎ পতঞ্জলেঃ পরেশনিষ্ঠত্বং সুনিশ্চিতমেব।

শঙ্কা—আমাদের আশঙ্কা এই যে মহর্ষি পতঞ্জলির মত পরিত্যাগ করিতেছেন কেন ? যে হেতু তিনি ঈশ্বরনিষ্ঠ

সমাধান -এই শঙ্কার সমাধানে বলিতেছেন—যদ্যপি ইত্যাদি যদ্যপি এই মহার্ষি পতঞ্জলি পরেশনিষ্ঠ যে হেতু তিনি ঈশ্বর প্রতিপাদক সূত্র প্রণয়ন করিয়াছেন; যেমন—অথবা ঈশ্বর প্রনিধানের দ্বারা অর্থাৎ--ঈশ্বরের প্রণিধান—তাহ'তে ভক্তিবিশেষের দ্বারা সমাধি ও তাহার ফল সিদ্ধ হয়। ইহাই অত্যন্ত সুগম উপায়। এই ঈশ্বরের সরূপ কি প্রকার ?

তদুত্তরে বলিতেছেন ক্লেশ ইত্যাদি। ক্লেশ কর্ম বিপাক, ও আশয় এই সকলে সম্বন্ধরহিত পুরুষবিশেষকে ঈশ্বর বলে। যাহার দ্বারা ক্লেশ প্রাপ্ত হয় সেই অবিদ্যা প্রভৃতি ক্লেশ। তাহা এই প্রকার অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ অভিনিবেশ, ইহারা ক্লেশশব্দবাচ্য। অবিদ্যা অর্থাৎ অনিত্য, অশুচি, দুঃখ ও অনাত্মাতে নিত্য, শুচি, সুখ ও আত্মা বলিয়া প্রতীতিকে অবিদ্যাবলে। কর্ম অর্থাৎ যোগিগণের কর্ম অশুক্ল ও অকৃষ্ণ দুইপ্রকার মাত্র হয়, অন্য সকলের সাত্ত্বিকাদি তিন প্রকার কর্ম জানিতে হইবে। বিপাক অর্থাৎ—ক্লেশরূপ মূল বিদ্যমান থাকা পর্য্যন্ত কর্মের যে ভোগ তাহাকে বিপাক বলে, তাহার দ্বারা জাতি আয়ু প্রভৃতি ভোগ হয়।

আশয়, অর্থাৎ কর্মাশয় ক্লেশ সকলের মূল, তাহার দ্বারা বর্ত্তমান ও ভবিষ্যৎ জন্মের ভোগ জানা যায়। অর্থাৎ - যে সকলের দ্বারা ক্লেশপ্রাপ্ত হয় সেই অবিদ্যা প্রভৃতিকে ক্লেশ বলে। বিহিত প্রতিসিদ্ধ ও উভয় প্রকার মিশ্রিত ত্রিবিধ কর্ম। যাহার দ্বারা বিপাচিত হয় তাহাকে বিপাক বলে, যেমন জাতি পরমায়ুর ভোগাদি। কর্মফল সকল ফলবিপাক পর্য্যন্ত চিত্ত ভূমিতে শয়ন করে তাহাদিগকে আশয় বলে

জজল্পেতি বদন্তি। গৌতমাদয়োঽপি বিমোহিতা বিরুদ্ধানি মতানি দধুঃ। তানি চ প্রত্যাখ্যাস্যতি। (২।২।২।১১) বিজ্ঞানাং বিমোহঃ ক্বচিৎ সার্ব্বজ্ঞাভিমান কুপিতয়া হরের্মায়য়া, ক্বচিত্তু

নন্বু তথাপি কথং তস্য সিদ্ধান্তং পরিত্যক্তমীশ্বর নিষ্ঠত্বাদিত্যপেক্ষায়ামাহুঃ—তথাপীতি। নন্বেতাদৃশানাং পরমবিজ্ঞানাং কথং বিমোহঃ? ইতি শঙ্কা নিরাশার্থমাহুঃ—বিজ্ঞানামিতি। শ্রীহরের্ম্মায়য়েতি—যেহি বিজ্ঞম্মন্যাঃ, বেদান্তে প্রতীতানর্থানন্যথাকল্পয়ন্তঃ স্বকপোলকল্পিতানপসিদ্ধান্তান্ প্রকাশয়ন্তি তে হি কিল শ্রীভগবন্মায়য়া বিমূঢ়াঃ সন্তস্তথা তথা প্রজল্পন্তীতি ভাবঃ। তস্মাদেতাদৃশান্ বিজ্ঞজনান্ নিন্দতি শ্রুতিজননী, তথাহি কঠোপনিষদি। (১২।৫) অবিদ্যায়ামন্তরে বর্ত্তমানাঃ স্বয়ং ধীরাঃ পণ্ডিতম্মন্যমানাঃ। দন্দ্রম্যমানাঃ পরিয়ন্তি মূঢ়া অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ॥ ব্যাখ্যাচ-অবিদ্যায়ামন্তরেঽজ্ঞানগর্ভে বর্ত্তমানাঃ স্থিতাঃ স্বয়ং ধীরাঃ প্রজ্ঞাবন্তঃ পণ্ডিতম্মন্যমানাঃ 'সর্ব্বশাস্ত্রনিপুনা বয়' মিত্যাভিমানযুক্তাঃ দন্দ্রম্যমানাঃ-অতিকুটিলামনেকবিধাং মতিং গচ্ছন্তইত্যর্থঃ।

মাধ্যন্দিনাশ্চ পঠন্তি—"ন তং বিদাথ য ইমা জজান অন্যদ্ যুষ্মাকমন্তরং বভূব। নীহারেণ

এবং শ্রুত্বা পিতা পুত্রং কথয়তি হে সোম্য ! বটধানায়াং ভিন্নায়াং যং বটবীজমণিমানং ন নিভালয়সে ন পশ্যসি, হে সোম্য ! এষোঽণিম্নঃ, এষ বটবীজস্য অদৃশ্যমানস্য সূক্ষ্মস্য কার্য্যভূতঃ মহান্ ন্যগ্রোধঃ, অতিস্থূল শাখাস্কন্ধ প্রশাখা পল্লব ফলং বা তিষ্ঠতি ; অদৃশ্যমানে পরমাণৌ মহান্ ন্যগ্রোধস্তিষ্ঠতি ; তস্মাদেব উত্তিষ্ঠতি ইতি। অত্র ছান্দোগ্য প্রমাণেন জগতঃ প্রাগবস্থায়াং কিমপি নাসীদিতি

অংশের বিস্তার ব্যাখ্যা—মহর্ষি উদ্দালক নিজপুত্র শ্বেতকেতুকে বলিলেন – হে সোম্য ! যদি এই বিষয়টি স্পষ্ট ভাবে জানিতে ইচ্ছা কর, তবে আমার বাক্যে এই বৃক্ষ হইতে একটি ফল আহরণ কর ; অর্থাৎ আমার নিকটে আনয়ন কর।

শ্বেতকেতু সেই প্রকার করিয়া বলিলেন হে ভগবন্ ! এই ন্যাগ্রোধফল আহরণ করিয়াছি ; এই বলিয়া তাহা দেখাইলেন। ফল দেখিয়া পিতা পুত্রকে বলিলেন – এই ফল বিদীর্ণ কর; শ্বেতকেতু ন্যগ্রোধ ফল বিদারণ করিয়া বলিলেন—হে ভগবন্ ! এই ন্যগ্রোধফল আমি বিদারণ করিয়াছি। পিতা পুত্রকে কহিলেন—এই বিদারিত ফলে কি দেখিতেছ ? পুত্র উত্তর করিলেন - এই বিদারিত ফলের মধ্যে অণু ধান অর্থাৎ অতি ক্ষুদ্রতর বীজসকল দেখিতেছি। পিতা কহিলেন—এই বীজ সকলের মধ্যে একটি বীজকে বিদারণ কর ; পুত্র বলিলেন – হে পিতঃ ! একটি বীজ বিদারণ করিয়াছি। পিতা বলিলেন – যদি একটি বীজ বিদীর্ণ করিয়াছ, তবে তাহার ভিতরে কি দেখিতেছ ? পুত্র বলিলেন – হে ভগবান ! কিছুই দেখিতেছি না। এই প্রকার শুনিয়া পিতা পুত্রকে কহিলেন—হে সোম্য ! বিদারিত বট বীজেব মধ্যে যে অতিসূক্ষ্মতম বটের অঙ্কুর যাহা দেখিতেছ না, হে পুত্র ! অতিসূক্ষ্ম অদৃশ্য বট বীজের কার্য্যভূত মহান বটবৃক্ষ ; অর্থাৎ - অতিস্থূল স্কন্ধ শাখা প্রশাখা পল্লব ফল যুক্ত মহান বটবৃক্ষ অবস্থান করে।

অর্থাৎ অদৃশ্যমান পরমাণুতে বটবৃক্ষ অবস্থান করে, এবং তাহা হইতেই উৎপন্ন হয়। এই ছান্দোগ্য বাক্য প্রমাণের দ্বারা পূর্বাবস্থায়-সৃষ্টির পূর্বে জগতের কিছুই ছিল না' ইহাই বুঝা যায়।

গম্যতে : তত্র দৃষ্টান্তে "ন কিঞ্চন" ইত্যাদি শব্দশ্রবণাৎ শূন্যবাদ-পরমাণুকারণবাদা দার্ষ্টান্তিকত্বেনাবগম্যন্তে। এবং "অসদেবেদমগ্র আসীৎ" "তস্মাদসতঃ সজ্জায়ত" (ছা০ ৬।২।১) ইত্যাদৌ অসদ্‌বাদেষু শ্রুতেস্তাৎ পূর্য্যং প্রতীয়তে।

অপিচ—"তৎ নামরূপাভ্যাং ব্যাক্রিয়ত" (বৃ০ ১।৪।৭) ইতি বৃহদারণ্যকবচনাৎ ; "অনিমিত্ততো ভাবোৎপত্তিঃ কণ্টকতৈক্ষ্ণ্যাদি দর্শনাৎ" (ন্যা০সূ০ ৪।১।২২) ইতি ন্যায়সূত্রাচ্চ স্বভাবাদেব জগদুৎপত্তির্গম্যতে ; তথাচ - জগৎ ন সকারণকং ভাবত্বাৎ কণ্টকতৈক্ষ্ণ বৎ" ইত্যনুমানাৎ। এবং "ব্রহ্ম ন বিশ্বোপাদানং বিশুদ্ধত্বাৎ আকাশ বৎ ইতি। তস্মাৎ শূন্যকারণবাদ—পরমাণুকারণবাদ-অসৎ কারণবাদ-স্বভাবকারণ বাদাদয়ঃ শ্রুতিসম্মতত্বাৎ বেদান্তিভির্গ্রাহ্যইতি ভাব। ইতি বিষয়বাক্যসংগ্রহঃ।

সংশয় ঃ— অত্র শিষ্টাপরিগ্রহাধিকরণস্য বিষয়বাক্যে সংশয়ো ভবতি—তত্রেতি। কণাদাদি পরমাণুকারণবাদিনাং মতৈঃ সর্ব্ববেদান্ত প্রতিপাদিতা ব্রহ্মকারণতা ব্রহ্মোপাদানতা বা বাধ্যতে কিম্ ? অথবা ন বাধ্যতে ? ইতি। ইতি সন্দেহ বাক্যম্।

পূর্ব্বপক্ষ ঃ অথ অত্রাধিকরণে বাদী পূর্ব্বপক্ষমবতারয়তি ইতীতি। ইতি স্বীকারে ব্রহ্ম কারণতা স্বীকারে জগদ্‌রচনং ন সম্ভবেৎ। তস্যামিতি ব্রহ্মোপাদানতায়াম্ ; তৎ স্মৃতীনাং কণাদ গৌতমাদি প্রণীত গ্রন্থানাং অনবকাশতা ব্যর্থতাপত্তেঃ ; অথ ব্রহ্মকারণতা স্বীকারে সামঞ্জস্যাভাবং প্রতিপাদয়ন্তি—সর্ব্বত্র ইতি।

এই বাক্যের দৃষ্টান্তে "কিছুই দেখিতেছিনা" এই বাক্য শ্রবণ হেতু শূন্যবাদ পরমাণুকারণ বাদ প্রভৃতি দৃষ্টান্তিক রূপে অবগত হওয়া যায়। এই প্রকার ছান্দোগ্যোপনিষদে বর্ণিত আছে— সৃষ্টির পূর্বে অসতই একমাত্র ছিল, সেই অসৎ হইতে সৎ জাত হয়' ইত্যাদি হইতে অসৎবাদে শ্রুতির তাৎপর্য্য প্রতীতি হইতেছে। আরও—তাহা নাম ও রূপের দ্বারা বিস্তার করিলেন" ইত্যাদি বৃহদারণ্যক বচন হইতে ; ভাবের উৎপত্তি কোন প্রকার নিমিত্ত হইতে হয় না, কারণ কণ্টকাদির তীক্ষ্ণতা স্বাভাবিক দেখ যায়" ইত্যাদি ন্যায় সূত্র হইতে প্রতীতি হয়-স্বভাব হইতেই জগতের উৎপত্তি হয় ইহাই বুঝা যাইতেছে। এইস্থালে এই প্রকার অনুমান হয়—জগৎ কোন কারণ হইতে উৎপন্ন নহে, ভাববস্তু হওয়া হেতু ; যেমন কণ্টকের তীক্ষ্ণতা। এবং-ব্রহ্ম বিশ্বের উপাদান কারণ নহে, বিশুদ্ধ হওয়া হেতু ; যেমন আকাশ।

অতএব শূন্যকারণ বাদ, পরমাণু কারণবাদ অসৎকারণবাদ, স্বভাব কারণ বাদ প্রভৃতি শ্রুতি সম্মত হওয়া হেতু বেদান্তবাদিগণের অবশ্য গ্রহণ করা কর্ত্তব্য ইহাই ভাবার্থ। এই প্রকার বিষয়বাক্য সংগ্রহ সমাপ্ত।

ওঁ॥ এতেন শিষ্টাপরিগ্রহা অপি ব্যাখ্যাতা ॥ওঁ॥ ২।১।৪।১২॥

যথা ছান্দোগ্যদৃষ্টান্ততঃ অতিসূক্ষ্মাৎ বটবীজাৎ মহান্ বটবৃক্ষো জায়তে ; তথা পরমাণুতঃ দ্ব্যণুক ত্র্যণুকাদিক্রমেণ মহৎ কার্য্যদর্শনাৎ ন ব্রহ্মকারণতা যুক্তিসঙ্গতা। এবমেবাহ শ্রীউদয়ণাচার্য্যচরণাঃ—১৭ ন্যায়কুসুমাঞ্জলৌ—"ত্রকস্য ন ক্রমঃ ক্বাপি" ইতি টীকা চ শ্রীহরিদাসী-একস্য কারণস্য নিয়মো ন কার্য্যাণাং ক্রমঃ। ব্রহ্মণো বিভূত্বেন তদযোগাৎ মহাকার্য্যারম্ভকত্বাযোগাৎ তস্য কারণতা বাধ্যতে এব ইতি। তস্মাৎ পরমাণুকারণবাদমবশ্যামেব স্বীকার্য্যং বেদান্তিনামিতি ভাবঃ। ইতি পূর্ব্বপক্ষ বাক্যম্।

সিদ্ধান্ত ঃ—ইত্যেবং পরমাণুকারণবাদিনাং পূর্ব্বপক্ষে সমুদ্ভাবিতে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—'এতেন' ইতি। এতেন সাংখ্য-যোগপক্ষ নিরসনেন "শিষ্টাপরিগ্রহা অপি" অবশিষ্টাঃ কণাদ—গৌতম-বৌদ্ধাদয়োঽপি 'অপরিগ্রহাঃ' বেদান্তবিরোধিত্বাৎ নিরাকৃতা বেদিতাব্যাঃ।

সংশয় - এইস্থলে শিষ্টাপরিগ্রহাধিকরণের বিষয়বাক্যে সংশয় উৎপন্ন হইতেছে—'তত্র' ইত্যাদি তন্মধ্যে কণাদাদি মতের দ্বারা ব্রহ্মের উপাদান কারণতা বাদ বাধা প্রাপ্ত হয়? অথবা বাধা প্রাপ্ত হয় না। অর্থাৎ—কণাদাদি পরমাণু কারণবাদিগণের মতের দ্বারা সর্ববেদান্তবাক্যগণ কর্ত্তৃক প্রতিপাদিত ব্রহ্মকারণতা বাদ বা জগতের প্রতি ব্রহ্মের উপাদান কারণতা বাদ বাধিত হয়? অথবা বাধিত হয় না? এইপ্রকার সন্দেহ বাক্য।

পূর্ব্বপক্ষ—এই অধিকরণে বাদিগণ পূর্বপক্ষের অবতারণা করিতেছেন—ইতি' ইত্যাদি। এই প্রকার ব্রহ্মকারণতাবাদ স্বীকার করিলে জগতের রচনা সম্ভব হইবে না তাহা হইলে কণাদাদিস্মৃতি সকলের অনবকাশতা আপত্তি হইবে জগতের ব্রহ্মোপাদানতা স্বীকার করিলে কণাদ গৌতমাদি প্রণীত গ্রন্থ সকলের ব্যর্থতা দোষ উপস্থিত হইবে। অনন্তর ব্রহ্মকারণ বাদ স্বীকারে জগৎ রচনার সামঞ্জস্যের অভাব প্রতিপাদন করিতেছেন—সর্বত্র' ইত্যাদি। জগৎ সৃষ্টিকার্য্য বিষয়ে সর্বত্রই ন্যূন পরিমাণ দ্রব্য সকল দ্ব্যণুকাদি হইতেই ত্র্যণুকাদিক্রমে মহান্ কার্য্য আরম্ভ হইতে দেখা যায়। কিন্তু ব্রহ্মের বিভুত্ব গুণ বিধায় মহৎকার্য্যারম্ভ সম্ভব নহে। যে প্রকার ছান্দোগ্যোপনিষৎ দৃষ্টান্ত হইতে বুঝা যায়—যেমন অতিসূক্ষ্ম বট বীজ হইতে মহান্ বটবৃক্ষজাত হয় ; সেই প্রকার পরমাণু হইতে দ্ব্যাণুক ত্র্যণুকাদি ক্রমে মহৎ কার্য্যের উৎপত্তি দেখা যায়।

সুতরাং ব্রহ্মকারণতা বাদ যুক্তি সঙ্গত নহে। এই বিষয়ে শ্রীউদয়নাচার্য্যপাদ ন্যায় কুসুমাঞ্জলিতে বর্ণনা করিয়াছেন- এক বস্তুর কোন প্রকার ক্রম হয় না' এই শ্লোকের শ্রীহরিদাসী টীকা—একমাত্র কারণের (ব্রহ্মের) কার্য্যসকলের ক্রম পূর্বক নিয়মন হওয়া সম্ভব নহে। সুতরাং ব্রহ্মের বিভুতা হেতু মহাকার্য্যারম্ভ করা সম্ভব না হওয়ায় ব্রহ্মের কারণতা বাধিত হইতেছে। সুতরাং বেদান্তবাদিগণের পরমাণু কারণ বাদ অবশ্যই স্বীকার করিতে হইবে। এই প্রকার পূর্বপক্ষবাক্য।

শিষ্টাঃ পরিশিষ্টাঃ। নাস্তি পরিগ্রহো বেদকর্ম্মকো যেষাং তেঽপরিগ্রহাঃ। বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। এতেন বেদবিরোধি সাংখ্যাদি নিরাসেন পরিশিষ্টাস্তদ্বিরোধিনঃ কণভক্ষাক্ষ-

অথাস্য অর্থং স্বয়ং বিস্তারয়ন্তি শ্রীমদ্ ভাষ্যকার প্রভুচরণাঃ—শিষ্টাঃ" ইতি। কর্ম্মধারয়ঃ সমাস ইত্যর্থঃ। তথাহি—শ্রীহরিনামামৃত ব্যাকরণে ৬।১৫, "ক্বচিদ্ বিশেষণেন চ বিশেষণং সমস্যতে" শিষ্টাশ্চাসৌ অপরিগ্রহাশ্চেতি—শিষ্টাপরিগ্রহাঃ।

শ্রীমদ্ রামানুজাচার্য্যচরণাস্তু—শিষ্টাশ্চ অপরিগ্রহাশ্চ-শিষ্টাপরিগ্রহাঃ" ইতি ব্যাখ্যায়ন্তে। অথ কপিল পতঞ্জলিবৎ যে বেদান্তবিরোধিনঃ, তে শিষ্টাপরিগ্রহাঃ, বেদান্তসিদ্ধান্ত বিমুখাঃ; কে তে? ইত্যপেক্ষায়ামাহুঃ—এতেন' কণভক্ষঃ—কণাদঃ,স খলু তণ্ডুলকণান্ ভক্ষয়িত্বা প্রাণান্ ধারয়তীতি প্রসিদ্ধেঃ। অক্ষপাদোঽত্র গৌতমঃ। তথাহি এবং বর্ণয়ন্তি পুরাবিদঃ - লোকং পশ্যতি যস্যাঙ্ঘ্রিঃ তৌ যস্যাঙ্ঘ্রিং ন পশ্যতঃ। তাভ্যামপ্যপরিচ্ছেদ্যাঽবিদ্যা বিশ্বগুরোস্তব॥ তাভ্যাং গৌতমকণাদাভ্যাম্ ইত্যর্থঃ।

নন্বু এতয়োর্ম্মতং কয়া যুক্ত্যা নিরাক্রিয়তে? তত্রাহুঃ—নিরাকরণহেতোঃ সাম্যম্। যথৈবং পূর্ব্বং সাংখ্যযোগং নিরাকৃতং; ঈশ্বরকারণবাদানভ্যুপগমাৎ, এবমেতেষাং সিদ্ধান্তোঽপি ঈশ্বরানঙ্গীকারাৎ পরিহারস্তু তৎ সমমেব; তস্মান্নাতি বিতায়তেঽত্র। অথ আরম্ভবাদে ব্যভিচারং দর্শয়ন্তি-ন হি ইত্যাদি।

সিদ্ধান্ত—এই প্রকার পরমাণুকারণবাদিগণ পূর্ব্বপক্ষের সমুদ্ভাবনা করিলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন 'এতেন' ইত্যাদি। এতৎদ্বারা-অর্থাৎ সাংখ্য ও যোগপক্ষ নিরসনের দ্বারা শিষ্টাপরিগ্রহ সকলও অবশিষ্ট কণাদ, গৌতম, বৌদ্ধাদিবাদ সকলও অপরিগ্রহ, অর্থাৎ বেদান্ত বিরোধি হেতু নিরাকৃত হইয়াছে বুঝতে হইবে। অনন্তর এই সূত্রের অর্থ শ্রীমদ্ ভাষ্যকার প্রভুপাদ স্বয়ং বিস্তার করিতেছেন—শিষ্টাঃ' ইত্যাদি। শিষ্ট-পরিশিষ্ট সকল; বেদের সিদ্ধান্তকে যাহাদের পরিগ্রহণ নাই তাহারা অপরিগ্রহ; এইস্থলে বিশেষণের সহিত বিশেষণের সমাস হইয়াছে, এই সমাসের নাম কর্মধারয় সমাস। এই বিষয়ে শ্রীহরিনামামৃত ব্যাকরণে বর্ণিত আছে—কোন স্থলে বিশেষণের সহিত বিশেষণের সমাস হয়। শিষ্ট ও অপরিগ্রহ-শিষ্টাপরিগ্রহ। শ্রীমদ্রামানুজাচার্য্যপাদ শিষ্ট এবং অপরিগ্রহ এই প্রকার ব্যাখ্যা করেন। কপিল ও পতঞ্জলির সমান যে সকল বেদান্তবিরোধী আছে, তাহারা সকলে শিষ্টাপরিগ্রহ; অর্থাৎ বেদান্ত সিদ্ধান্ত বিমুখগণ। তাহারা কে? এই অপেক্ষায় বলিতেছেন-এতেন' ইত্যাদি। এতৎ দ্বারা অর্থাৎ বেদবিরোধি সাংখ্য ও যোগ সিদ্ধান্ত নিরাসের দ্বারা পরিশিষ্ট বেদবিরোধি-কণাদ গৌতম প্রভৃতি নিরস্ত হইলেন বুঝিতে হইবে।

যেহেতু কণাদাদির নিরাকরণও সাংখ্যদির সমান। কণভক্ষ কণাদ,,তিনি তণ্ডুলকণা ভক্ষণ করিয়া প্রাণ ধারণ করিয়াছিলেন ইহা প্রসিদ্ধ আছে। এইস্থলে অক্ষপাদ অর্থাৎ গৌতম। এই বিষয়ে প্রাচীনগণ এই প্রকার বর্ণনা করেন - যাঁহার চরণ সকল লোককে দর্শন করে, তাহারা দুইজন

পাদপ্রভৃতয়োঽপি নিরস্তা বেদিতব্যাঃ। নিরাকরণহেতোঃ সাম্যাৎ। নহ্যারম্ভবাদেঽপি ন্যূন পরিমাণারম্ভকত্বনিয়মোঽস্তি, দীর্ঘতন্ত্বারব্ধ দ্বিতন্তুক পটে, বিয়দুৎপন্নে শব্দে চ ব্যভিচারাৎ।

তথাচ শ্রীবিশ্বনাথন্যায়পঞ্চাননপাদানাং মুক্তাবল্যাং—১৫ ; "পরিমাণস্য স্বসমান জাতীয়োৎকৃষ্ট পরিমাণ-জনকত্বনিয়মাৎ" ইতি আরম্ভবাদিনাং স্থিতিঃ ; তথাত্বে উভয়বিধং ব্যভিচারং ভবতি ; তথাহি—দীর্ঘ-তন্ত্বারব্ধ দ্বিতন্তুক-পটে, অর্থাৎ-দীর্ঘতন্তুনা আরব্ধঃ ক্ষুদ্রতমে পটে স্ব সমান জাতীয় উৎকৃষ্টত্বাভাবাৎ নিয়মস্য ব্যভিচারঃ।

বিয়দুৎপন্নে শব্দে চ ব্যভিচারঃ ; তথাচ-ভাষাপরিচ্ছেদে—২৬ "কাল খাত্মদিশাং সর্ব্বগতত্বং পরমং মহৎ" সমবায়েন পরম মহৎপরিমাণবত্ত্বমিত্যর্থঃ ; বৈশেষিকদর্শনে চ—২।১।২৭ "পরিশেষাল্লিঙ্গমাকাশস্য" শাঙ্করী বৃত্তিঃ—পরিশেষসিদ্ধস্য দ্রব্যস্য অবয়বকল্পনায়াং প্রমাণাভাবাৎ নিত্যত্বং সর্ব্বত্র শব্দোপলব্ধে র্বিভুত্বম্" ইতি। অত্র মহৎ পরিমাণাৎ বিভোরাকাশাৎ শব্দগুণস্যোৎপন্ন স্বীকারে তথৈব ব্যভিচার ইতি।

যাঁহার চরণ দেখিতে পায় না ; হে বিশ্বগুরো ! আপনার অবিদ্যা তাহাদের গৌতম ও কণাদের দ্বারা ও অপরিচ্ছেদ্যা, অর্থাৎ-তাহারা আপনার অবিদ্যা পরাজিত করিতে পারে না।

শঙ্কা—আমরা (অসৎবাদী) বলিতেছি-কণাদ ও গৌতমের মত কি যুক্তির দ্বারা নিরাকরণ করিতেছেন ?

সমাধান—এই আশঙ্কার উত্তরে আমরা (বৈদান্তিকরা) বলিব নিরাকরণের কারণ সমান হেতু। যে প্রকার পূর্বে সাংখ্য ও যোগস্মৃতি নিরাকরণ করা হইয়াছে, যে হেতু তাহারা ঈশ্বর কারণ-বাদ স্বীকার করে না। সেই প্রকার এই সকলের সিদ্ধান্তেও ঈশ্বর অঙ্গীকার না করার জন্য ইহাদের নিরাকরণ প্রকারও পূর্বের সমানই হইবে। সুতরাং অধিক বিস্তার করিবার প্রয়োজন নাই। অনন্তর আরম্ভবাদে যে সকল ব্যভিচার আছে তাহা প্রদর্শিত করিতেছেন- ন হি, ইত্যাদি। আরম্ভবাদেও ন্যূন পরিমাণারম্ভকত্ব নিয়ম নাই ; যেমন দীর্ঘতন্তু দ্বারা আরব্ধ দ্বিতন্তুক পটে তাহার ব্যভিচার দেখা যায় এবং আকাশ হইতে উৎপন্ন শব্দেও ব্যভিচার দেখা যায়। অর্থাৎ শ্রীবিশ্বনাথ ন্যায়পঞ্চানন পাদ মুক্তাবলিতে বর্ণনা করিয়াছেন—পরিমাণের স্ব সমান জাতীয় উৎকৃষ্ট পরিমাণ উৎপন্ন করে ইহাই নিয়ম" ইহাই আরম্ভবাদিগণের সিদ্ধান্ত। এই সিদ্ধান্ত স্বীকারে উভয়বিধ ব্যভিচার উপস্থিত হয়। প্রথম ব্যভিচার এই প্রকার

দীর্ঘতন্তু দ্বারা আরব্ধ দ্বিতন্তুক পটে;অর্থাৎ—অতিদীর্ঘ তন্তুদ্বারা আরব্ধে ক্ষুদ্রতমেপটে স্ব সমানজাতীয় উৎকৃষ্টত্বের অভাবহেতু উক্ত নিয়মের ব্যভিচার সিদ্ধ হয়। দ্বিতীয় ব্যভিচার বিয়দুৎপন্নে শব্দে দেখাযায়। এই বিষয়ে ভাষাপরিচ্ছেদে বর্ণিত আছে—কাল, আকাশ, আত্ম, ও দিকের সর্বগতত্ব এবং পরম-মহত্ব, অর্থাৎ ইহারা সমবায়সম্বন্ধে পরম-মহৎ পরিমানবান। বৈশেষিকদর্শনে বর্ণিত আছে-পরিশেষ অনুমান দ্বারা শব্দরূপ

কারণবস্তু বিষয়স্য তর্কস্যাপ্রতিষ্ঠানমশক্যং বক্তুমিতি শঙ্কাধিক্যাদধিকরণাতিদেশঃ। তৎ পরিহারস্তু শুষ্ক তর্কস্যাপ্রতিষ্ঠাননিয়মাৎ। অতএবাপরে বৌদ্ধাদয়ঃ পরমাণূনন্যথা বর্ণয়ন্তি। ক্ষণিকানর্থাত্মকান্ কেচিৎ। জ্ঞানরূপান্ পরে। শূন্যাত্মকানপরে। সদসদ্রূপাংস্ত্বন্যে।

নন্থ উদ্দেশ্য লক্ষণ পরীক্ষাং বিনা ন বস্তুসিদ্ধিঃ; তস্মাৎ জগৎকারণস্য নির্ণয়েঽপি এতত্রয়জন্য তর্কস্য পরমপ্রয়োজনমস্ত্যেব; অতঃ—আহুঃ—কারণ ইতি। ইতি চেৎ? ন; এতদধিকরণস্য অতিদেশ-রূপত্বাৎ।

নন্থ কথমস্যাঃ শঙ্কায়াঃ পরিহারঃ? তত্রাহুঃ—তৎপরিহারস্তু ইত্যাদি। "শুষ্ক তর্কন্তু বর্জ্জয়েৎ" ইতুক্তেঃ। অথ অন্যেষাং পরমাণুবাদিনাং মতমাহুঃ—অতএব ইতি। কেচিৎ—বৈভাসিকো বৌদ্ধঃ পরমাণূন্ ক্ষণিকান্ অর্থভূতান্ মন্যতে। পরে-যোগাচারঃ—পরমাণূন্ জ্ঞানরূপান্ স্বীকরোতি। অপরে —মাধ্যমিকস্তু পরমাণূন্ শূন্যাত্মকান্ অঙ্গীকরোতি। অন্যে জৈনঃ—সদসদ্রূপেন্ পরমাণূন্ মন্যতে।

বিশেষ গুণের আশ্রয় রূপে আকাশের সিদ্ধি হয়। ইহার শাঙ্করী বৃত্তি- পরিশেষসিদ্ধ দ্রব্যের অবয়ব কল্পনার, প্রমাণের অভাব হেতু আকাশ নিত্যদ্রব্য, এবং সর্বত্র শব্দের উপলব্ধি হেতু আকাশ বিভুদ্রব্য। এইস্থলে মহৎপরিমাণ বিভু আকাশ হইতে শব্দগুণের উৎপন্ন স্বীকার করিলে পূর্বের সমান ব্যভিচার উৎপন্ন হয়।

শঙ্কা--এইস্থলে আমাদের (অসৎকারণবাদির) আশঙ্কা এই যে - উদ্দেশ্য, লক্ষণ, এবং পরীক্ষা বিনা কোন বস্তু সিদ্ধি হয় না। অতএব জগৎকারণের নির্ণয়েও এই তিনটি জাত তর্কের পরম প্রয়োজন বিদ্যমান আছে; সুতরাং তর্ক প্রতিষ্ঠিত।

সমাধান—এই শঙ্কার সমাধানে আমাদের (বৈদান্তিকদের) বক্তব্য এই যে—কারণ বস্তু নির্ণয় বিষয়ক তর্কের অপ্রতিষ্ঠা হয় এই প্রকার বলিতে সমর্থ হইবেন না,। কারণ, এই প্রকার অধিক শঙ্কার আশঙ্কায় এই অধিকরণটিকে অতিদেশ রূপে নিরূপণ করিয়াছেন। অর্থাৎ এই সূত্রটি পূর্বসূত্রের সমান পরমত খণ্ডনকারী সুতরাং অতিদেশ সূত্র।

শঙ্কা—আমরা (অসদ্বাদিরা) বলিব-এই শঙ্কার পরিহার (বৈদান্তিকরা) কি প্রকারে করিবেন?

সমাধান—এই প্রশ্নের উত্তরে বলিতেছেন—তৎ' ইত্যাদি। এই আশঙ্কার পরিহার শুষ্ক তর্কের অপ্রতিষ্ঠা হেতু জানিতে হইবে। অর্থাৎ বেদবিরোধি শুষ্কতর্ক পরিত্যাগ করিবে। অতঃপর অন্যান্য পরমাণুকারণবাদিদের মত বর্ণন করিতেছেন—অতএব' ইত্যাদি। অতএব অন্যান্য বৌদ্ধ সকলে পরমাণু সকলকে অন্যথা রূপে বর্ণন করেন। তন্মধ্যে কেহ পরমাণু সকলকে ক্ষণিক ও অর্থ স্বরূপ বলেন। অর্থাৎ বৈভাষিক বৌদ্ধ পরমাণু সকলকে ক্ষণিক ও অর্থভূত মনে করেন। অপরে

সর্ব্বে হ্যেতে তন্নিত্যতা বিরোধিন ইতি ॥১২॥

পুনরাশঙ্ক্য সমাধত্তে—

ওঁ॥ ভোক্ত্রাপত্তেরবিভাগশ্চেৎ স্যাল্লোকবৎ ॥ওঁ॥২।১।৪।১৩॥

"সূক্ষ্মশক্তিকং ব্রহ্মৈবোপাদানং তদেব স্থূলশক্তিকমুপাদেয়মিতি" মতম্। তদিদং

বিরোধিন ইতি - সর্ব্বে এতে বৈভাষিকাদয়ঃ পরমাণু কারণবাদিনঃ কণাদাদি স্বীকৃতায়াঃ পরমাণু-নিত্যতায়াঃ বিরোধিনঃ, ক্ষণিকত্বাদি স্বীকারাৎ ইতি ভাবঃ। তস্মাৎ জগৎকারণস্য পরব্রহ্ম বিষয়স্যাপি তর্কস্য অপ্রতিষ্ঠানমিতি নাস্তি কিমপি সন্দেহাভাবঃ। অতো যে খলু জগন্নিমিত্তোপাদান কারণ স্বরূপং শ্রীগোবিন্দদেবমনাদৃত্য জগতঃ কারণান্তরং ব্যাচক্ষতে তে বেদান্তবিরোধিন এবং তস্মাত্তেষাং শাস্ত্রাদি ব্যর্থমেব ॥১২॥

অথ প্রত্যক্ষ প্রমাণেন সর্ব্বেষাং বেদান্ত বাক্যানাং ব্রহ্মণি সমন্বয়ে বিরোধং সমুদ্ভাব্য পুনঃ তৎ নিরাকর্ত্তুং আরভন্তে পুনরাশঙ্ক্য" ইত্যাদি। নন্থ তর্কেণ সমন্বয়স্য বিরোধো মাস্তু প্রত্যক্ষেণ অবশ্যমেব বিরোধো ভবেৎ। বিরোধ প্রকারস্তু এবং—জগদুপাদানে ব্রহ্মণি সমন্বয়ো দর্শিতঃ; তথা জগদুপাদান কারণাৎ ব্রহ্মণো জগদভিন্নমিতি মন্তব্যম্; তত্তু প্রত্যক্ষ প্রমাণেন ঈশ্বরো ভবিতুং নার্হতি।

জ্ঞানরূপ মনে করেন। অর্থাৎ—যোগাচারবৌদ্ধ-পরমাণু সকলকে জ্ঞান স্বরূপ বলিয়া স্বীকার করেন। অপরে শূন্যাত্মক মনে করেন। অর্থাৎ—মাধ্যমিক বৌদ্ধ পরমাণু সকলকে শূন্যাত্মক স্বীকার করেন। অপর জৈনগণ পরমাণু সকলকে সদসদ্রূপে অনুমান করেন। এই সকল বৌদ্ধ ও জৈনগণ পরমাণুর নিত্যতা বিরোধী। অর্থাৎ এই সকল বৈভাষিকাদি সকল পরমাণুকারণ বাদিগণ কণাদাদির স্বীকৃত পরমাণুর নিত্যতা বিরোধী যে হেতু তাঁহারা পরমাণুর ক্ষণিকত্বাদি স্বীকার করেন ইহাই ভাবার্থ। অতএব জগৎকারণের ও ব্রহ্মবিষয়ের তর্কের কোন প্রকারে প্রতিষ্ঠা নাই এই বিষয়ে কোন প্রকার সন্দেহ নাই। সুতরাং যাঁহারা জগতের নিমিত্তোপাদান স্বরূপ শ্রীগোবিন্দদেবকে অনাদর করিয়া জগতের কারণ অন্যকে কল্পনা করেন, তাঁহারা বেদান্ত বিরোধী, অতএব তাঁহাদের রচিত শাস্ত্রাদিও ব্যর্থই জানিতে হইবে ॥১২॥

অনন্তর প্রত্যক্ষ প্রমাণের দ্বারা বেদান্তবাক্য সকলের পরব্রহ্মে সমন্বয় বিষয়ে বিরোধ উদ্ভাবন করতঃ পুনরায় তাহা নিরাকরণ করিতে আরম্ভ করিতেছেন—পুনরাশঙ্ক্য" ইত্যাদি। পুনরায় আশঙ্কা করিয়া সমাধান করিতেছেন;

শঙ্কা—এইস্থলে আমরা (অসদ্বাদিরা) আশঙ্কা করিতেছি—তর্কের দ্বারা সমন্বয়ের বিরোধ না হউক, কিন্তু প্রত্যক্ষের দ্বারা সমন্বয়ের অবশ্যই বিরোধ হইবে। বিরোধ প্রকার এই রূপ-জগতের উপাদান স্বরূপ ব্রহ্মে সমন্বয় প্রদর্শিত হইল; এবং ব্রহ্ম জগতের উপাদান কারণ হওয়া হেতু

যুক্তং ন বেতি ? সংশয়ে, ইহভোক্ত্রা জীবেন সহ ব্রহ্মণ ঐক্যাপত্তেরবিভাগঃ শক্তেঃ শক্তি—মদ্‌ব্রহ্মাভেদাপত্তেঃ দ্বা সুপর্ণা" (শ্বে॰ ৪।৬) "জুষ্টং যদা পশ্যত্যন্যমীশম্" (শ্বে॰ ৪।৭) ইত্যাদি শ্রুতিসিদ্ধভেদলোপঃ, ততো ন যুক্তমিতি চেৎ—তৎ পরিহারঃ স্যাল্লোকবৎ। লোকে যথা

তস্মাৎ জগদুপাদানে বিরুদ্ধে সমন্বয়োঽপি প্রত্যক্ষ প্রমাণ বিরুদ্ধমিতি। ইতি শঙ্কাবীজম্। এবমাশঙ্ক্য সমাদধাতি ভগবান্ শ্রীবাদরায়ণ —ভোক্ত্রা পত্তেরিতি।

ভোক্ত্রা জীবেন সহ ব্রহ্মণ ঐক্যাপত্তেঃ শক্তি-শক্তি মতোরভেদপ্রসঙ্গঃ, তথাত্বে শ্রুতিসিদ্ধ জীব-ব্রহ্মণোঃ ভেদস্য বিলোপাপত্তেঃ তস্মাৎ ব্রহ্ম ন জগদুপাদানকমিতি।

ইতিচেন্ন লোকবৎ স্যাৎ লৌকিক-দৃষ্টান্তেন তৎ পরিহারো ভবেদিত্যর্থঃ। অথ সাংখ্যানামিয়মাশঙ্কা-সূক্ষ্ম শক্তিকমিতি ; তদিদং মতং "আত্মকৃতেঃ পরিণামাৎ" (১।৪।৭।২৬) ইতি সূত্রব্যাখ্যায়াং ভবদ্ভিরঙ্গীকৃতম্। তদিদং ব্রহ্মৈব উভয়রূপ মিতি সিদ্ধান্তং যুক্তং ন বা ইতি ভবতি সংশয়ঃ। অথ সন্দেহেঽস্মিন্ পূর্ব্বপক্ষমুদ্‌ভাবয়ন্তি সাংখ্যাঃ- ভোক্ত্রা ইত্যাদি। অত্র শ্রুতিবাক্যমপি বিদ্যতে-'দ্বা'

ব্রহ্ম হইতে জগৎ অভিন্ন ইহাই মনে করিতে হইবে। কিন্তু জগতের উপদান প্রত্যক্ষ প্রমাণের দ্বারা ঈশ্বর হইতে পারিবে না। সুতরাং জগদুপাদানের বিরুদ্ধ হইলে সমন্বয়ও প্রত্যক্ষ প্রমাণের দ্বারা বিরুদ্ধই হইবে। ইহাই আমাদের আশঙ্কার বীজ।

এই প্রকার আশঙ্কা করিয়া ভগবান শ্রীবাদরায়ণ সমাধান করিতেছেন ভোক্ত্রা পত্তেঃ' ইত্যাদি। ভোক্তা জীবের সহিত ব্রহ্মের একত্ব শক্তি ও শাক্তিমানের অভেদপ্রসঙ্গ স্বীকার করিলে শ্রুতিসিদ্ধ জীব ব্রহ্মের যে ভেদ তাহা বিলোপ প্রাপ্ত হইবে। সুতরাং ব্রহ্ম জগতের উপাদান নহে। এই প্রকার শঙ্কা উদ্‌ভাবন করিলে ; উত্তর প্রদান করিতেছেন—লোকবৎ হইবে। অর্থাৎ—লৌকিক দৃষ্টান্তের দ্বারা তাহার পরিহার হইবে ইহাই অর্থ। এইস্থলে সাংখ্যবাদিগণের এই আশঙ্কা-সূক্ষ্ম শক্তিযুক্ত ব্রহ্মই জগতের উপাদান কারণ, এবং সেই ব্রহ্মই স্থূলযুক্ত উপাদেয়' এই যে আপনাদের মত ; তাহা যুক্তিসঙ্গত হয় ? অথবা নহে ? এই সন্দেহে সাংখ্যবাদিগণ পূর্বপক্ষ উদ্‌ভাবন করিতেছেন—ভোক্ত্রা' ইত্যাদ। ভোক্তা জীবের সহিত ব্রহ্মের একত্বাপত্তি হেতু বিভাগের অভাব, সুতরাং শক্তি ও শক্তিমান রূপে ব্রহ্মে অভেদাপত্তি উপস্থিত হয়।

এই বিষয়ে শ্রুতিবাক্যও বিদ্যমান আছে—দুইজন সুপর্ণ অর্থাৎ-দুইটি জীবাত্মাও পরমাত্মা। "যে কালে সর্বসেবিত ঈশ্বরকে অন্য অর্থাৎ পৃথকভাবে জীব দর্শন করে" ইত্যাদি শ্রুতিসিদ্ধ ভেদ লোপ ; প্রাপ্ত হয় সুতরাং ব্রহ্মকারণবাদ যুক্তিসঙ্গত নহে। এইস্থলে আমাদের অভিপ্রায় এইযে—সূক্ষ্ম শক্তিমান ব্রহ্ম জগতের উপাদান ; স্থূলশক্তিমান ব্রহ্ম উপাদেয়, এই প্রকার উপাদেয় হইতে উপাদান অভিন্ন ; এই সিদ্ধান্ত স্বীকার করিলে ভেদ পরক শ্রুতিবাক্যগণের বিরোধের আপত্তি উপস্থিত হয়। কেবল ব্রহ্মকারণবাদ

"দণ্ডিনঃ" পুরুষাভেদেঽপ্যস্তি দণ্ড পুরুষয়োঃ স্বরূপতো ভেদস্তথা শক্তিমতো ব্রহ্মণঃ শক্ত্যভেদেঽপি শক্তি ব্রহ্মণোঃ সোঽপ্যস্তীতি ন ক্ষতিঃ ॥১৩॥

৫॥ আরম্ভণাধিকরণম্

জগতো ব্রহ্মাভেদমঙ্গীকৃত্য ব্রহ্মণস্তদুপাদনত্বং নিরূপিতং "অসদিতিচেন্ন" (ব্র সূ॰ ২।১।৩।৭) ইত্যাদিনা, তমেবাক্ষিপ্য সমাধাতুমিদানীং প্রবর্ত্ততে। তত্রোপাদেয়ং জগদুপাদানাৎ

ইতি। অয়মাশয়ঃ—সূক্ষ্মশক্তিমান্ ব্রহ্ম জগদুপাদানং স্থূলশক্তিমান্ ব্রহ্ম উপাদেয়ং ইতেবং রূপেণ উপাদেয়াভিন্নমুপাদানম্। তথাত্বে ভেদপরক শ্রুতিবাক্যানাং বিরোধাপত্তিঃ, কেবল ব্রহ্ম কারণ বাদে স্বীকৃতে কার্য্য গতদোষাঃ কারণাশ্রয়ত্ব প্রসঙ্গাৎ প্রধান কারণ বাদ এব শ্রেয়ঃ ইতি। এতৎ পক্ষং পরিহরতি—স্যাল্লোকবদিতি। "তস্মাদ্ ব্রহ্মৈবোভয়রূপিমিতি সিদ্ধম্ ত উপাদান নিমিত্তঞ্চ ব্রহ্মৈবোভয়রূপকম্। ন প্রধানেশ্বরো নাপি স্বভাবঃ পরমাণবঃ ॥১৩॥

ইতি চতুর্থং শিষ্টাপরিগ্রহাধিকরণং সমাপ্তম্ ॥৪॥

৫॥ আরম্ভণাধিকরণম্।

অনন্যত্বং প্রপঞ্চাস্মাৎ শ্রুতিবাক্যৈর্বিঘোষিতম্। তং বিশ্বপালকং দেবং বিশ্বম্ভরং নমাম্যহম্॥ 'তস্মাৎ ব্রহ্মোপাদানকং জগৎ" ইতি (১১) যৎ পূর্ব্বোক্তং কার্য্যকারণয়োরভেদং তৎ যুক্তিসঙ্গতম সঙ্গতং বা ইতি নিশ্চয়ার্থং আরম্ভণাধিকরণস্য আরম্ভঃ" ইতি অধিকরণ সঙ্গতিঃ।

স্বীকার করিলে কার্য্যগত দোষ সকল কারণে আশ্রয় করে' এই দোষ প্রসঙ্গ হেতু, প্রধান কারণ বাদই শ্রেয়।

সমাধান—বৈদান্তিকগণ এই পক্ষ নিরাকরণ করিতেছেন—লোকবৎ' ইত্যাদি। এই পূর্বপক্ষের পরিহারও প্রত্যক্ষ প্রমাণ দ্বারাই করিতেছেন। লোকবৎ, অর্থাৎ লোকে যেমন 'দণ্ডী' বলিলেই দণ্ড ও পুরুষের অভেদ প্রতীতি হইলেও, দণ্ড ও পুরুষের স্বরূপগত ভেদ বর্ত্তমান আছে, সেইপ্রকার শক্তিমান ব্রহ্মের সহিত শক্তির অভেদসম্বন্ধ হইলেও শক্তিও ব্রহ্মের ভেদও বিদ্যমান আছে। সুতরাং ব্রহ্মই উভয় প্রকার। উপাদান ও নিমিত্ত এই উভয়বিধ কারণই ব্রহ্ম হয়; কিন্তু প্রধান কিম্বা পুরুষ, অথবা স্বভাব, বা পরমাণু সকল নহে ॥১৩॥

এই প্রকার চতুর্থ শিষ্টাপরিগ্রহাধিকরণের ব্যাখ্যা সমাপ্ত ॥৪॥

৫॥ আরম্ভণাধিকরণের ব্যাখ্যা।

পরমকারণ শ্রীবিশ্বম্ভরদেব হইতে এই বিশ্ব প্রপঞ্চ অনন্য অর্থাৎ পৃথক নহে ইহা শ্রুতিবাক্য সকল কর্ত্তৃক উদ্‌ঘোষিত হইয়াছে, সেই বিশ্ব পালনকর্ত্তা লীলাময় শ্রীবিশ্বম্ভর দেবকে নমস্কার করি। অতএব এই জগৎ ব্রহ্মোপাদানক ইহা যে পূর্বে বলা হইয়াছে, অর্থাৎ কার্য্য ও কারণের কোন প্রকার

ব্রহ্মণো ভিন্নম্ ? অভিন্নং বেতি বীক্ষায়াম্—মৃৎপিণ্ডোপাদানং ঘটোপাদেয়মিতি ধী ভেদাৎ, উপাদানমুপাদেয়মিতি শব্দভেদাৎ, মৃৎপিণ্ডেন ঘটায় প্রবর্ত্ততে, ঘটেন তু জলমানয়েতি প্রবৃত্তি-

---

বিষয়ঃ—অথ আরম্ভণাধিকরণস্য বিষয় বাক্যমবতারয়ন্তি—'জগতঃ' ইত্যাদি। ততশ্চায়মর্থঃ—"যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ" "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তম্" "একমেবাদ্বিতীয়ম্" ইত্যাদি শ্বেতর সর্ব্ববিলক্ষণ গুণকং ব্রহ্ম এব জড় দুঃখি নশ্বরাদিগুণযুক্তস্য প্রপঞ্চস্য উপাদানমিতি ব্রহ্মকারণবাদিনাং সর্ব্বেষাং সিদ্ধান্তঃ। ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ—এবম্ আরম্ভণাধিকরণে বিষয়বাক্যমবলম্ব্য অসৎকার্য্যবাদী সংশয়মুত্থাপয়তি তত্রেতি। সর্বেন্দ্রিয়াগ্রাহ্যং সর্ব্ববিলক্ষণং চেতনং সার্ব্বজ্ঞাদিগুণকং ব্রহ্ম জগদুপাদানম্। প্রত্যক্ষাদি প্রমাণগ্রাহ্যং চেতনরহিতং জ্ঞানরহিতং নশ্বরাদিগুণকং জগৎ উপাদেয়ম্। এতয়োর্ভিন্নধর্ম্মিণোরুপাদানোপাদেয়ভাবং যুক্তিসঙ্গতং ন বা ; ইতি সংশয়বীজম্। ভবতু নাম জগদুপাদানকং ব্রহ্ম, কিন্তু উপাদেয় জগদনন্যত্বং তস্য ন সিদ্ধতীতি। ইতি সংশয়বাক্যম্।

ভেদ নাই ; এই বাক্য যুক্তি সঙ্গত ? অথবা সঙ্গত নহে ? এই বাক্য নিশ্চয় করিবার নিমিত্ত আরম্ভণাধিকরণের আরম্ভ হইয়াছে, এইপ্রকার অধিকরণ সঙ্গতি প্রদর্শিত হইল।

বিষয়বাক্যের ব্যাখ্যা—

অনন্তর আরম্ভণাধিকরণের বিষয়বাক্য অবতারণা করিতেছেন- জগত' ইত্যাদি। জগতের ব্রহ্ম হইতে অভেদ অঙ্গীকার করিয়া ব্রহ্মের জগতের উপাদানত্ব "অসৎ ইতি চেন্ন" ইত্যাদি সূত্রের দ্বারা নিরূপণ করা হইয়াছে, তাহা আক্ষেপ অর্থাৎ সংশয়াদি করিয়া ইদানীং সমাধান করিতে প্রবর্ত্তিত হইতেছেন। এই বিষয় বাক্যের অর্থ এই প্রকার--যিনি সর্ব্বজ্ঞ ও সর্ববিৎ "যিনি" নিষ্কল, নিষ্ক্রিয়, ও "শান্ত" যিনি একমাত্র দ্বিতীয় রহিত" ইত্যাদি প্রমাণের দ্বারা শ্বেতর সর্ব বিলক্ষণ গুণযুক্ত ব্রহ্মই জড়, দুঃখী নশ্বরাদিগুণযুক্ত এই প্রপঞ্চের উপাদান কারণ ইহা সকল ব্রহ্মকারণবাদিগণের সিদ্ধান্ত। এই প্রকার বিষয়বাক্য।

সংশয় বাক্য—এইরূপে আরম্ভণাধিকরণের বিষয় বাক্য অবলম্বন করিয়া অসৎকার্য্যবাদী সংশয় উত্থাপন করিতেছেন তত্র ইত্যাদি তন্মধ্যে উপাদান ব্রহ্ম হইতে উপাদেয়জগৎ ভিন্ন ? অথবা অভিন্ন ? অর্থাৎ-ইন্দ্রিয় সকলের অগ্রাহ্য, সর্ববিলক্ষণ, চেতন, সার্বজ্ঞ্যাদিগুণ যুক্ত ব্রহ্ম জগতের উপাদান। প্রত্যক্ষাদি প্রমাণ গ্রাহ্য, চেতনরহিত, জ্ঞান রহিত, নশ্বরাদিগুণ যুক্ত জগৎ উপাদেয়। এই বিরুদ্ধ ধর্মযুক্ত উভয়ের উপাদান উপাদেয় ভাব শ্রুতি যুক্তি সঙ্গত হয় ? অথবা সঙ্গত নহে।

তাৎপর্য্য এই যে—ব্রহ্ম জগতের উপাদান হউক তাহাতে আমাদের কোন আপত্তি নাই, কিন্তু উপাদেয় জগৎ হইতে ব্রহ্মের অভিন্নতা সিদ্ধ হয় না। ইহাই সংশয় বাক্য।

ভেদাৎ। পিণ্ডাকারমুপাদানং কম্বুগ্রীবাদ্যাকারমুপাদেয়মিত্যাকার ভেদাৎ। পূর্ব্বকালমুপাদানমুত্তরকালমুপাদেয়মিতি কালভেদাচ্চ ভিন্নমেবোপাদানাদুপাদেয়ম্। ইতরথা কারক-

---

পূর্ব্বপক্ষ ঃ—ইত্যেবং সংশয়ে নিরূপিতে পূর্ব্বপক্ষমবতারয়ন্তি—মৃদিতি। অথ উপাদানাৎ উপাদেয়ভেদ প্রতিপাদকান্ সিদ্ধান্তান্ নিরূপয়ন্তি-তত্রাদৌ উপাদানোপাদেয়য়ো র্বুদ্ধিভেদ প্রকারমাহুঃ—মৃৎপিণ্ড ইতি। তথাচ—উপাদানৎ মৃৎপিণ্ডাৎ উপাদেয়ো ঘটো ভিন্নঃ ; পঙ্কজবাদিত্যনুমানাৎ। অথ শব্দভেদপ্রকারং দর্শয়ন্তি—উপাদানমিতি।

অথ প্রবৃত্তিভেদ প্রকারং নিরূপয়ন্তি—মৃৎপিণ্ডেন ইতি। অথ আকারভেদেনাপি উপাদানোপাদেয়য়োর্ভেদং প্রতিপাদয়ন্তি—এবং কালভেদেনাপি তয়োর্ভেদমাহুঃ—পূর্ব্বকালমিতি। অথ উপাদানাদুপাদেয়স্য অভিন্নত্বে দোষং প্রতিপাদয়ন্তি 'ইতরথা' ইতি। কারক ব্যাপারস্তু "ঘটো জায়তে" "ঘটেন জলমানয়" ইত্যাদিরূপঃ।

পূর্ব্বপক্ষ-এই প্রকার সংশয় নিরূপিত হইলে পূর্বপক্ষের অবতারণা করিতেছেন-মৃৎ' ইত্যাদি। অনন্তর উপদান হইতে উপাদেয়ের ভেদ প্রতি পাদক সিদ্ধান্ত সকল নিরূপণ করিতেছেন—মৃৎ পিণ্ড' ইত্যাদি। মৃৎঘট কর্য্যের প্রতি মৃৎপিণ্ড উপাদান, এবং ঘট উপাদেয়' এই প্রকার বুদ্ধিভেদ হেতু। এই বিষয়ে অনুমান প্রকার এইরূপ মৃৎপিণ্ড উপাদান হইতে উপাদেয় ঘট ভিন্ন ; যেমন পঙ্কজ : অর্থাৎ পঙ্ক উপাদান হইতে পদ্ম পৃথক।

অতঃপর-শব্দভেদ প্রকার প্রদর্শন করিতেছেন উপ্যাদান তথা উপাদেয় এইরূপ শব্দভেদ হেতু অনন্তর প্রবৃত্তিভেদ নিরূপণ করিতেছেন-মৃৎপিণ্ডের দ্বারা ঘটের নিমিত্ত প্রবৃত্তি হয়, তথা ঘটের দ্বারা জলানয়ন কার্য্যে প্রবৃত্তি হয়, এবং আকার ভেদেও উপাদান ও উপাদেয়ের ভেদ প্রতি প্রতিপাদন করিতেছেন—ঘটকার্য্যের উপাদান মৃৎপিণ্ড, এবং কম্বু-গ্রীবাদ্যাকার উপাদেয় এই প্রকার আকার ভেদ। এবং কালভেদের দ্বারাও উভয়ের ভেদ প্রতিপাদন করিতেছেন—ঘটকার্য্যের পূর্বকালের নাম উপাদান ও উত্তরকালের নাম উপাদেয় এই ভাবে কালভেদ হওয়া হেতু উপাদান হইতে উপাদেয় সর্বথা ভিন্ন বলিয়াই জানিতে হইবে।

অনন্তর উপাদান হইতে উপাদেয়ের অভিন্নতা স্বীকার করিলে যে দোষ হয় তাহা প্রতিপাদন করিতেছেন - ইতরথা" ইত্যাদি। উপাদান ও উপাদেয় ভিন্ন স্বীকার না করিলে কারকব্যাপার ব্যর্থতা পত্তি দোষ প্রসঙ্গ হয় ; কারক ব্যাপার এই প্রকার ঘটউৎপন্ন হইতেছে ; ঘটের দ্বারা জল আনয়ন কর ইত্যাদিরূপ কারক ব্যাপার বৃথা হয়। পুনশ্চ—উপাদানকেই যদি উপাদেয় বলিয়া স্বীকার করা হয়, তাহা হইলে কারকব্যাপারের কোন প্রয়োজনই থাকে না।

ব্যাপারবৈয়র্থ্য প্রসঙ্গাৎ। উপাদানমেব চেদুপাদেয়ং কৃতং তর্হি তদ্ব্যাপারেণ। ন চ সতোঽপ্যুপাদেয়স্যাভিব্যক্তয়ে তেন ভাব্যং, ক্ষোদাক্ষমত্বাৎ।

ননু সত এব কারণাৎ কার্য্যস্যাভিব্যক্তির্ভবতীতি তেন রূপেণ কার্য্যকারণয়োরভিন্নমিতি চেৎ? তত্রাহুঃ—নচেতি। ক্ষোদাক্ষমত্বাদিতি বিচারযোগ্যাসহত্বাদিত্যর্থঃ। অথ অভিব্যক্তি বিষয়ে শঙ্কামবতারয়ন্তি—তথাহীতি। কারক ব্যাপারাৎ—ঘটনির্ম্মাণরূপ ব্যাপারাৎ প্রাক্ সা আভিব্যক্তিঃ সতী আসীৎ? ন বা ইতি পক্ষদ্বয়ম্। অথ প্রথমপক্ষং নিরাকুর্ব্বন্তি—নাদ্য ইতি। ঘটাভিব্যক্তিঃ সর্ব্বদৈব অস্তীতি স্বীকারে—তদ্ব্যাপারঃ—কারকব্যাপার বৈয়র্থ্যাৎ। কিঞ্চ ব্যাপারাভাবেন কার্য্যস্য উপলব্ধেঃ; তস্য উপাদেয়স্য নিত্যোপলব্ধি দোষ প্রসঙ্গঃ স্যাদিত্যর্থঃ। তথাত্বে কা হানিঃ স্যাদিত্যপেক্ষায়ামাহুঃ—ততশ্চেতি—নিত্যানিত্য ইতি—তথাচ—ভাষা পরিচ্ছেদে-৩৬, নিত্যানিত্যা চ সা দ্বেধা নিত্যা স্যাদণুলক্ষণা। অনিত্যা তু তদন্যা স্যাৎ সৈবাবয়বযোগিনী॥

শঙ্কা—আপনারা (বৈদান্তিকরা) যদি বলেন পূর্বে বিদ্যমান ছিল এমন সৎ কারণ হইতেই কার্য্যের অভিব্যক্তি হয়, সেই রূপেই কার্য্য কারণের অভিন্নতা স্বীকার করিব;

সমাধান—তদুত্তরে আমরা (অসৎকার্য্যবাদিরা) বলিব আপনারা তাহা বলিতে পারেন না; অর্থাৎ সৎ উপাদেয়ের কার্য্যাভিব্যক্তির নিমিত্ত সেই রূপে অর্থাৎ উপাদান উপাদেয় রূপে হইয়া থাকে, এই বাক্য আপনাদের ক্ষোদাক্ষম; অর্থাৎ বিচার করিবার যোগ্য বাক্য নহে। অনন্তর অভিব্যক্তি বিষয়ে আশঙ্কার অবতারণা করিতেছেন—তথাহি' ইত্যাদি। কারক ব্যাপারের, অর্থাৎ ঘটনির্মাণ রূপ ব্যাপারের পূর্বে সেই অভিব্যক্তি বিদ্যমান ছিল? অথবা ছিল না? তন্মধ্যে প্রথম পক্ষ নিরাকরণ করিতেছেন—নাদ্য ইত্যাদি। অর্থাৎ ঘটাভিব্যক্তি সর্বদাই আছে" এই প্রকার স্বীকার করিলে তদ্ ব্যাপার—কারক ব্যাপার ব্যর্থতাপত্তি দোষ উপস্থিত হয়।

বিশেষ এই যে—যদি ব্যাপারের অভাবেই কার্য্যের উপলব্ধি অঙ্গীকার করিলে, সেই উপাদেয়ের নিত্যই উপলব্ধি প্রসঙ্গ হইবে ইহাই অর্থ। যদি বলেন তাহাতে কি ক্ষতি হইবে? তদুত্তরে বলিতেছেন—তাহা হইলে নিত্য ও অনিত্য বিভাগ বিলোপ প্রাপ্ত হইবে! নিত্যানিত্য বিভাগ ভাষা পরিচ্ছেদে এই প্রকার বর্ণিত আছে সেই পৃথিবী নিত্যা ও অনিত্যা ভেদে দুই প্রকার, অণুলক্ষণা পৃথিবী নিত্যা; তাহা হইতে পৃথক যে পৃথিবী তাহা অনিত্যা, এই অনিত্যা পৃথিবীই অবয়বযুক্তা। এই অংশের সিদ্ধান্ত মুক্তাবলী সেই পৃথিবী দ্বিবিধা নিত্যা ও অনিত্যরূপা: অণুলক্ষণা পরমাণুরূপা পৃথিবী নিত্যা।

তদন্যা—পরমাণুভিন্না পৃথিবী দ্ব্যণুকাদি তাহাই অনিত্যা পৃথিবী; সেই অনিত্যা পৃথিবীই অবয়ববতী ইহাই অর্থ। সুতরাং অভিব্যক্তির নিত্যতা স্বীকার করিলে এই প্রকার বিভাগের লোপ

তথাহি কারকব্যাপারাৎ প্রাক্ সা সতী ? অসতী বা ? নাদ্যঃ তদ্ব্যাপারবৈয়র্থ্যাৎ, নিত্যোপলব্ধি প্রসঙ্গাচ্চোপাদেয়স্য। ততশ্চ নিত্যানিত্যবিভাগো বিলুপ্যেত। তথাভিব্যক্তেরভিব্যক্ত্যন্তরেঽঙ্গীকৃতেঽনবস্থা। ন চান্ত্যঃ - অসৎ কার্য্যতাপত্তেঃ। তস্মাদসত উপদেয়স্যোৎপত্তিহেতুত্বেনার্থবত্ত্বং ব্যাপারস্য ইত্যসত্ত্বাদেবোপাদানাৎ ভিন্নমুপাদেয়মিতি বৈশেষিকাদিনয়াৎ পূর্ব্বপক্ষে প্রাপ্তে পরিহরতি—

ওঁ॥ তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্যঃ ॥ওঁ॥২।১।৫।১৪॥

নিত্যেতি—সা পৃথিবী দ্বিবিধা নিত্যা অনিত্যা চ ইত্যর্থঃ। অণুলক্ষণা পরমাণুরূপা পৃথিবী নিত্যা। তদন্যা পরমাণুভিন্না পৃথিবী দ্ব্যণুকাদিঃ সৈবাপ্যনিত্যা ইত্যর্থঃ। সৈবানিত্যা পৃথিব্যেব অবয়বতীত্যর্থঃ। ইতি সিদ্ধান্তমুক্তাবলী। অভিব্যক্তে র্নিত্যত্বে এবং প্রকারো বিভাগো লোপো ভবেদিত্যর্থঃ। কিঞ্চানবস্থাদোষোঽপ্যাপতেদিত্যাহুঃ—"তথা" ইতি।

অথ অভিব্যক্তিরসতী বা ? ইতি পক্ষো নিরাকুর্ব্বন্তি—নচেতি : এবং পূর্ব্বপক্ষস্য নিগমন প্রকারমাহুঃ - তস্মাদিতি। তস্মাৎ অসদিতি - অসদুপাদানাৎ সৎ উপাদেয়ং ভিন্নমিতি, ক্রিয়াকারিত্বাৎ ইতি পূর্ব্বপক্ষ বাক্যম্।

সিদ্ধান্ত ঃ—ইত্যেবং নৈয়ায়িকানাং পূর্ব্বপক্ষে সমুপস্থিতে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ - তদনন্যমিতি। তৎ—তস্মাৎ জীব-প্রকৃতিশক্তিযুক্তাৎ, জগদুপাদানাৎ পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবাৎ অনন্যং অভিন্নমেবোপাদেয়ং জগদিতি। কুতঃ ? আরম্ভণ শব্দাদিভ্যঃ ; স্পষ্টম্। তস্মাদিতি স্পষ্টম্। যেভ্যো বাক্যেভ্যঃ পরব্রহ্মণো জগদনন্যত্বং তানি দর্শয়ন্তি—বাচারম্ভণমিতি। বাচা ইতি ইদং

হইবে। অপর অভিব্যক্তির নিত্যতা স্বীকার করিলে অনবস্থা দোষও আপতিত হয় ; তাহা বলিতেছেন তথা 'ইতি। এই রূপে অভিব্যক্তির অভিব্যক্তি, তাহার অভিব্যক্তি, এবং তাহারও অভিব্যক্তি এই প্রকার অনবস্থা দোষ ঘটে। অনন্তর অভিব্যক্তি ছিল না, অথবা অনিত্যা, এই পক্ষ নিরাকরণ করিতেছেন ন চ' ইত্যাদি। যদি বলেন কারক ব্যাপারের পূর্বে অভিব্যক্তি ছিল না এইমত স্বীকার করিলে অসৎ কার্য্যাপত্তি হয়। এই প্রকার পূর্বপক্ষের নিগমন প্রকার বলিতেছেন অতএব অসৎ উপাদেয়ের উৎপত্তি ব্যাপারের কোন প্রকার অর্থকারিত্ব নাই। সুতরাং অসদুপাদান হইতে উপাদেয় ভিন্ন। এই বিষয়ে অনুমান এইরূপ—অসৎ উপাদান হইতে সৎ উপাদেয় ভিন্ন, ক্রিয় কারিত্ব হেতু বৈশেষিকাদি সিদ্ধান্ত হইতে এই প্রকার পূর্বপক্ষ উদ্‌ভাবন করা হইয়াছে। এই প্রকারপূর্বপক্ষ বাক্য ব্যাখ্যা।

সিদ্ধান্ত—এই প্রকার নৈয়ায়িকগণের পূর্বপক্ষ সমুপস্থিত হইলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন তদনন্য' ইত্যাদি। তৎ অর্থাৎ জীব, প্রকৃতি শক্তিযুক্ত, জগতের উপাদান স্বরূপ পরব্রহ্ম শ্রীগবিন্দদেব হইতে এই উপাদেয় জগৎ অভিন্ন বলিয়াই জানিতে হইবে ?

তস্মাৎ জীবপ্রকৃতি শক্তিযুক্তাৎ জগদুপাদানাৎ ব্রহ্মণোঽনন্যদেবোপাদেয়ং জগৎ। কুতঃ? আরম্ভণেতি, আরম্ভণশব্দাদির্যেষাং তেভ্যো বাক্যেভ্যঃ। "বাচারম্ভণং বিকারনামধেয়ং

পরিদৃশ্যমানং জগৎ বাচারম্ভণং বাক্ পূর্ব্বকব্যবহারসিদ্ধম্ তদ্ বাগ্ ব্যবহারং দ্বিবিধং – বিকারং নামধেয়ঞ্চ : মৃত্তিকায়াঃ কম্বুগ্রীবাদি সংস্থান বিশেষং বিকারম্। ঘটাদিকং নামধেয়মিতি।

কিন্তু ঘটাদে র্মৃত্তিকা ইতি সত্যং ; এবং ইদং আকাশ-বায়ু-তেজ-জল পৃথিব্যাদি দ্রব্যং, স্বর্গ-নরকাদিকঞ্চ বিকারম্। ইন্দ্র-চন্দ্র-দেব-মানবাদিনামধেয়ং ব্রহ্মকার্য্যমেব, তস্য সর্ব্বকারণ-কারণরূপত্বাৎ, তস্মাৎ স এব সত্যমিতি শ্রুতেরর্থঃ। তথাহি শ্রীব্রহ্মসংহিতায়ম্—৫।১, ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দ বিগ্রহঃ। অনাদিরাদি র্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্॥

শ্রীগীতাসুচ—৭।৭, মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়॥ সদেবেতি যথা কারণৈক বিজ্ঞানেন কার্য্যজাতং সর্ব্ববিজ্ঞানং ভবতি তথা প্রতিপাদয়তি সদিতি ; হে সৌম্য! শান্তবুদ্ধে! শ্রীগুরু পদেশ গ্রহণ পাটো! অগ্রে সৃষ্টেরগ্রে নামরূপাভ্যাং ব্যাকরণাৎ পূর্ব্বং ইদং পরিদৃশ্যমানং জগৎ সৎ এব নামরূপ বিভাগরহিতং অতি সূক্ষ্মমেব আসীৎ ; তথাচ অতি সূক্ষ্মকার্য্যজাতং পরমকারণে পরমব্রহ্মণি

যে হেতু শ্রুতিতে আরম্ভণ শব্দসকলের দ্বারা তাহা স্পষ্টরূপে কথিত হইয়াছে। যে হেতু জীব প্রকৃতি শক্তিযুক্ত জগতের উপাদান ব্রহ্ম হইতে এই উপাদেয় জগৎ অনন্যই জানিতে হইবে। কারণ আরম্ভণ শব্দ আদি যে সকল বাক্যে বিদ্যমান আছে সেই বাক্য সকল হইতে জানা যায়। যে সকল বাক্য হইতে পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে জগতের অভিন্নতা প্রতিপাদন করা হইয়াছে, সেই বাক্য সকল প্রদর্শিত করিতেছেন—বাচারম্ভণ' ইত্যাদি বাচা – অর্থৎ এই পরিদৃশ্যমান জগৎ বাচারম্ভণ বাক্য পূর্ব্বক ব্যবহার সিদ্ধ।

এই বাক্য ব্যবহার দুই প্রকার বিকার ও নামধেয় ; মৃত্তিকারকম্বুগ্রীবাদি সংস্থান বিশেষের নাম বিকার। এবং তাহার যে ঘটাদি সংজ্ঞা তাহাকে নামধেয় বলে। কিন্তু ঘটাদি বিকারের 'মৃত্তিকা' ইহাই সত্য।

এই প্রকার আকাশ বায়ু তেজ জল পৃথিব্যাদি দ্রব্য, এবং স্বর্গ ও নরকাদি এই সকল বিকার। তথা ইন্দ্র চন্দ্র দেব মানবাদি নামধেয় সকল ব্রহ্মেরই কার্য্য, যে হেতু পরব্রহ্ম সকলকারণের কারণস্বরূপ ; অতএব তিনিই সত্য ইহাই শ্রুতির অর্থ। এই বিষয়ে শ্রীব্রহ্মসংহিতায় বর্ণিত আছে—শ্রীকৃষ্ণ পরম ঈশ্বর, সচ্চিদানন্দবিগ্রহ, অনাদি, সকলেরআদি, গোবিন্দ, সকলপ্রকার কারণের কারণ। শ্রীগীতায় বর্ণিত আছে—হে ধনঞ্জয়! আমা হইতে পরতর বা শ্রেষ্ঠবস্তু আর অন্য কিছুই নাই। সদেব শ্রুতির ব্যাখ্যা – যে প্রকারে একমাত্র কারণ বিজ্ঞানের দ্বারা কার্য্য সকলের বিজ্ঞান হয় তাহা প্রতিপাদন করিতেছেন—সৎ' ইত্যাদি।

মৃত্তিকেত্যেব সত্যম্" (ছা॰ ৬।১।৪) "সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" (ছা॰ ৬।২।১) "তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয়" (ছা॰ ৬।২।৩) "সন্মূলাঃ সোম্যেমাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎ প্রতিষ্ঠাঃ" (৬।৮।৪) ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" (ছা॰ ৬।৮।৭) ইত্যেবংবিধানি ছান্দোগ্যে বাক্যানি সান্তরাণ্যত্রবিবক্ষিতানি। তানি হি চিজ্জড়াত্মকস্য জগতস্তদ্‌যুক্তাৎ পরস্মাৎ

শ্রীগোবিন্দদেবে লীনমাসীৎ, স চ পরমকারণঃ একমেবাদ্বিতীয়ম্ ; স্বেতর সর্ব্ববিলক্ষণঃ, স্বশক্ত্যেকসহায়বান্ শ্রীগোবিন্দদেব এব।

তথাহি শ্রীভাগবতে ৩।৫।২৩ ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ॥ টীকা চ শ্রীস্বামি চরনামাম্—ইদং বিশ্বং অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং পরমাত্মা ভগবান্ এক এব আস আসীৎ ; আত্মনাং জীবানাং আত্মাস্বরূপম্ ; বিভু স্বামী চ ইতি। তদৈক্ষত ইতি—অথ অস্য মহাপ্রলয়ান্তবর্ত্তিনঃ স্বতন্ত্রস্য পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য সৃষ্টিকালে সমাগতে কর্ত্তব্যব্যাপারমাহ—তদিতি। তৎ পরম স্বতন্ত্রসত্ত্বাশ্রয়ং পরব্রহ্ম ; ঐক্ষত পর্য্যালোচয়ামাস ; কিমিত্যপেক্ষায়ামাহ - অহং বহুস্যাং জগদ্‌রূপেণ অহমেব বহুরূপং স্যাম্ ; তদর্থং প্রজায়েয় তেজোঽবন্নাদিরূপেণ প্রকর্ষেণ জায়েয় ইত্যর্থঃ।

হে সৌম্য! সৃষ্টির অগ্রে এক অদ্বিতীয় সৎ স্বরূপে ব্রহ্মই বিদ্যমান ছিল। অর্থাৎ—হে সৌম্য! শান্তবুদ্ধে! শ্রীগুরূপদেশগ্রহণ পটো! অগ্রে সৃষ্টির অগ্রে নাম ও রূপের দ্বারা বিভক্ত করার পূর্বে এই পরিদৃশ্যমান জগৎ সৎ অর্থাৎ নাম ও রূপের বিভাগ রহিত অতিশয় সূক্ষ্মাবস্থায় ছিল ; অর্থাৎ সাতিশয় সূক্ষ্মকার্য্য সকল পরম কারণ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবে লীন অবস্থায় ছিল। সেই পরম কারণ শ্রীগোবিন্দদেব এক ও অদ্বিতীয় ; অর্থাৎ—স্বেতর সর্ববিলক্ষণ, একমাত্র নিজশক্তি সহায় সম্পন্ন শ্রীগোবিন্দদেবই এই প্রকার এই বিষয়ে শ্রীভাগবতে বর্ণিত আছে জীবগণের আত্মস্বরূপে বিভু-সর্বেশ্বর শ্রীভগবানই এই বিশ্ব সৃষ্টির অগ্রে বিদ্যমান ছিলেন।

এই শ্লোকের শ্রীস্বামিপাদের টীকা এই প্রকার—এই বিশ্ব সৃষ্টির পূর্বে পরমাত্মা ভগবান একাকী ছিলেন ; তিনি জীবগণের আত্মস্বরূপ; বিভু অর্থাৎ স্বামী। 'তদৈক্ষত' শ্রুতির ব্যাখ্যা—তিনি পর্য্যালোচনা করিলেন, আমি বহু হইয়া প্রকৃষ্টরূপে জাত হইব। অর্থাৎ—এই মহাপ্রলয়ান্তবর্ত্তি স্বতন্ত্র পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের সৃষ্টিকাল সমাগত হইলে কর্ত্তব্য ব্যাপার বলিতেছেন - তৎ' ইত্যাদি। তৎ—পরম স্বতন্ত্র সত্ত্বাশ্রয় পরমব্রহ্ম শ্রীগোবিন্দদেব ঐক্ষত—পর্য্যালোচনা করিয়াছিলেন। কি পর্য্যালোচনা করিয়াছিলেন? তদপেক্ষায় বলিতেছেন - আমি বহু হইব, জগৎরূপে আমিই অনেক হইব ; তাহার নিমিত্ত জাত হইব, অর্থাৎ—তেজ জল অন্নাদি ভাবে প্রকৃষ্টরূপে জাত হইব ইহাই অর্থ।

এইশ্রুতির ব্যাখ্যায় শ্রীমদ্ রামানুজাচার্য্যপাদ বলেন—"তিনি পর্য্যালোচনা করিলেন—আমি বহুরূপে জাত হইব" এইস্থলে সৃজ্যমান তেজ জল অন্ন প্রভৃতি বিবিধ বিচিত্র স্থিরত্র স্বরূপ জগৎরূপে

অত্র শ্রীমদ্ রামানুজাচার্য্যচরণাঃ—তথা "তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয়" ইতি স্রক্ষ্যমানতেজঃ প্রভৃতি বিবিধ বিচিত্র স্থিরত্র সরূপ জগত্রেনাত্মনো বহুভবনং সংকল্প্য জগৎসর্গাভিধানাৎ কার্য্যভূতস্য জগতঃ পরমকারণাৎ পরস্মাদ্ ব্রহ্মণোঽনন্যত্বমবসীয়তে" ইতি।

সন্মূলাঃ" ইতি—'নেদমমূলমিতি' যদুক্তং তস্য ক মূলম্' ইতি জিজ্ঞাসায়াং শ্রীগুরুরাহ—হে সৌম্য! অন্নেন শুঙ্গেন আপো মূলমন্বিচ্ছ; অদ্ভিঃ শুঙ্গেন তেজো মূলমন্বিচ্ছ; তেজসা শুঙ্গেন সন্-মূলমন্বিচ্ছ; তস্মাৎ হে সৌম্য! ইমাঃ স্থাবরজঙ্গমাত্মকাঃ সর্ব্বাঃ প্রজাঃ সন্মূলাঃ, সৎ কারণমেব; ন কেবলং সৎ কারণাঃ কিন্তু ইদানীং বর্ত্তমানস্থিতিকালেঽপি সদায়তনাঃ; সৎ পরব্রহ্ম এব আয়তনং আশ্রয়ং যাষাং তাঃ সদায়তনাঃ তথা সৎপ্রতিষ্ঠা, অন্তে চ সদেব প্রতিষ্ঠাঃ সমাপ্তিরবসানং বা, তথাচ অস্মাল্লোকাৎ গমনং কৃত্বা স্বসাধনানুরূপং পার্ষদদেহং প্রাপ্য তত্র সতি পরব্রহ্মণি স্থীয়তে ইতি প্রতিষ্ঠাঃ, যদ্বা মহাপ্রলয়াবসরে ইমাঃ সর্ব্বা প্রজাঃ সর্ব্বাশ্রয়-সর্ব্বনিয়ামক পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব এব তিষ্ঠন্তি ইতি সৎপ্রতিষ্ঠাঃ। তস্মাৎ সর্ব্বেষাং পদার্থানাং সৎশব্দবাচ্যঃ শ্রীগোবিন্দদেব এব পরমাশ্রয় ইতি ভাবঃ।

পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের সৃষ্টিকাল সমাগত হইলে কর্ত্তব্য ব্যাপার বলিতেছেন—'তৎ' ইত্যাদি। তৎ—পরম স্বতন্ত্র সত্তাশ্রয় পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব ঐক্ষত পর্য্যালোচনা করিয়াছিলেন। কি পর্য্যালোচনা করিয়াছিলেন? তদপেক্ষায় বলিতেছেন—আমি বহু হইব, জগৎরূপে আমিই অনেক হইব; তাহার নিমিত্ত জাত হইব, অর্থাৎ—তেজ জল অন্নাদি ভাবে প্রকৃষ্টরূপে জাত হইব ইহাই অর্থ। এই শ্রুতির ব্যাখ্যায় শ্রীমদ্ রামানুজাচার্য্যপাদ বলেন—"তিনি পর্য্যালোচনা করিলেন—আমি বহুরূপে জাত হইব" এইস্থলে সৃজ্যমান তেজ জল অন্ন প্রভৃতি বিবিধ বিচিত্র স্থিরত্র সরূপ জগৎ রূপে নিজের অনেক হইবার সঙ্কল্প করিয়া জগৎসৃষ্টিকথন হেতু কার্য্যভূত জগতের পরম কারণ ব্রহ্ম হইতে অনন্য-ত্বই স্থিরীকৃত হইতেছে। সন্মূলা' শ্রুতির ব্যাখ্যা—হে সৌম্য! এই প্রজাগণের মূল সৎ, আশ্রয় সৎ, এবং প্রতিষ্ঠাও সৎ বলিয়া জানিবে।

আপনি যে বলিলেন তেজ অপ্, অন্নাদি অমূলক নহে, আমি জিজ্ঞাসা করি তাহার মূল কোথায়? শিষ্য এই প্রকার জিজ্ঞাসা করিলে শ্রীগুরুদেব বলিলেন—হে সৌম্য! অন্নময় শুঙ্গের দ্বারা আপের মূল অন্বেষণ কর, অপময় শুঙ্গের দ্বারা তেজের মূল অন্বেষণ কর, এবং তেজোময় শুঙ্গের দ্বারা সৎমূল অন্বেষণ কর, অতএব হে সৌম্য! এইস্থাবর জঙ্গমাত্মক সকল প্রজা সন্মূল, প্রজাসকলের কারণও সৎ; কেবল সৎ কারণ মাত্রই নহে, ইদানীং প্রজাসকলের বর্ত্তমান স্থিতি কালেও সদায়তন, অর্থাৎ সৎ পর-ব্রহ্মই আশ্রয় যাহাদের তাহারা সদায়তন; এবং এই প্রজাসকলের সতই প্রতিষ্ঠা, অন্ত কালে সতই প্রতিষ্ঠা সমাপ্তি অথবা-অবসান। অর্থাৎ সাধকজীব ইহলোক হইতে গমন করিয়া নিজ সাধনানুরূপ পার্ষদদেহ লাভ করিয়া শ্রীগোলোকস্থ পরব্রহ্মে অবস্থান করে, ইহাই সৎপ্রতিষ্ঠা। অতএব সকল পদার্থের সৎশব্দবাচ্য শ্রীগোবিন্দদেবই একমাত্র পরম আশ্রয় ইহাই ভাবার্থ।

ব্রহ্মণোঽনন্যত্বং বদন্তি। তথাহি কৃৎস্নং জগৎ তাদৃক্ ব্রহ্মোপাদানকমতো ব্রহ্মাভিন্নমিতি হৃদি বিনিশ্চিত্যোপাদানভূত ব্রহ্মবিজ্ঞানেনোপাদেয়স্য জগতঃ কৃৎস্নস্য বিজ্ঞানং ভবতীতি আচার্য্যঃ প্রতিজজ্ঞে। "স্তব্ধোঽস্যুত তমাদেশমপ্রাক্ষঃ,যেনাশ্রুতং শ্রুতংভবতি" (ছা০ ৬।১।২-৩) ইত্যাদিনা।

ঐতদিতি। হে সোম্য! পূর্ব্বোক্তঃ সদাখ্য এব পরব্রহ্ম অস্য জগতোঽস্বিভাবস্য অতিশয় সুক্ষরূপস্য মূলং, ঐতদাত্ম্যং এতৎ সদাত্মা শ্রীভগবান্ অস্য সর্ব্বস্য আত্মা তৎ এতদাত্মং তস্য ভাব ঐতদাত্ম্যম্। তস্মাৎ সর্ব্বব্যাপক-সর্ব্বারাধ্য শ্রীভগবানেব ইদং সর্ব্বং জগৎ ইতি স এব কার্য্যকারণরূপ উভয়াত্মক ইত্যর্থঃ।

অথ প্রমাণবাক্যং প্রদর্শ্য সারার্থমাহুঃ—ইত্যেবংবিধানীতি। অথ ছান্দোগ্যাপনিষদুক্ত পিতা পুত্র সংবাদরূপমাখ্যায়িকায়াং ব্রহ্মণো জগদনন্যত্বং প্রতিপাদয়ন্তি—তথাহি' ইত্যাদি। প্রতিজজ্ঞে ইতি। তথাচ মুণ্ডকে ১।১।৩ "কস্মিন্ নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতীতি" ইতি একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞান বিষয়কং শৌনকস্য প্রশ্নঃ। স্তব্ধোঽসি ইতি; আসীৎ কিল মহর্ষিউদ্দালকস্য পুত্রঃ শ্বেতকেতু নামা; পিতা তমুবাচ হে সৌম্য! অস্মৎকুলে কোঽপি ব্রহ্মবন্ধুরিব বেদজ্ঞানিরহিতো নাভবাৎ তস্মাৎ ত্বং ব্রহ্মচর্য্যপালনার্থং বেদজ্ঞানলাভার্থঞ্চ গুরুগৃহং গচ্ছ; ততঃ শ্বেতকেতু গুরুগৃহে দ্বাদশবর্ষমারভ্য চতুর্বিংশতি বর্ষমাভিব্যাপ্য সর্ব্বান্ বেদানধীত্য মহামনা অনূচানমানী ভূত্বা স্বগৃহমাগতবান্; আগত্য চ পিতুর্বন্দনা

ঐতদ্ শ্রুতির ব্যাখ্যা—হে সৌম্য! পূর্ব্বোক্ত সৎ শব্দবাচ্য পরব্রহ্মই এই অণুরূপ জগতের অর্থাৎ অতিশয় সূক্ষ্মরূপ জগতের মূল। ঐতদাত্ম্য—এই সদাত্মা শ্রীভগবান্ এই সকলের আত্মা, তাহা এতদাত্মা, তাহার ভাব ঐতদাত্ম্য। অতএব সর্ব্বব্যাপক সর্বারাধ্য শ্রীভগবানই এই সমস্ত জগৎ, সুতরাং তিনিই কার্যকারণরূপ উভয়াত্মক ইহাই অর্থ।

এইপ্রকার প্রমাণবাক্য প্রদর্শন করিয়া তাহাদের সারাংশ বলিতেছেন—এবং বিধানি ইত্যাদি। ছান্দোগ্যোপনিষদে এই প্রকার বাক্যসকল মধ্যে মধ্যে বিদ্যমান আছে, তাহা এইস্থলে বর্ণিত হইল। এই বাক্যগুলি চিৎ জড়াত্মক জগতের চিদচিৎ শক্তিযুক্ত পরব্রহ্ম হইতে অনন্য প্রতিপাদন করিতেছেন। অনন্তর ছান্দোগ্যোপনিষৎ কথিত পিতাপুত্র সংবাদ রূপ আখ্যায়িকাতে ব্রহ্ম হইতে জগতের অভিন্নতা প্রতিপাদন করিতেছেন - তথাহি' ইত্যাদি।

এই সমগ্র জগৎ চিদচিদ্ শক্তিমান্ সর্বনিয়ামক ব্রহ্মোপাদানক অতএব এই জগৎ ব্রহ্ম হইতে অভিন্ন এই প্রকার হৃদয়ে নিশ্চয় করিয়া উপাদানভূত ব্রহ্ম বিজ্ঞানের দ্বারা উপাদেয় ভূত সমগ্র জগতের বিজ্ঞান হয়, আচার্য্য ইহাই প্রতিজ্ঞা করেন। এই বিষয়ে মুণ্ডকোপনিষদে বর্ণিত আছে—হে ভগবন্ - কাহাকে নিশ্চিতরূপে জানিলে এই সকলের বিশেষ জ্ঞান হয়? এই স্থলে একবস্তু বিজ্ঞানের দ্বারা সর্ব বিজ্ঞান বিষয়ক শ্রীশৌনকের প্রশ্ন দেখা যায়।

তদাশয়মবিদুষা শিষ্যেণান্য জ্ঞানাদনা জ্ঞানং ন সম্ভবতীতি বিমৃশ্য" "কথং নু ভগবঃ স আদেশঃ' (ছা॰ ৬।১।৩) ইতি পরিপৃষ্টঃ,স জগতো ব্রহ্মোপাদানকতাং বদিষ্যন্ লোক প্রতীতিসিদ্ধমুপাদেয়-স্যোপাদানাভেদং দর্শয়তি "যথা সৌম্য একেন মৃৎপিণ্ডেন' (ছা॰ ৬।১।৪) ইত্যাদিনা।

দিকমকৃত্বা স্তব্ধ এব অতিষ্ঠৎ ; তং দৃষ্ট্বা পিতোবাচ—হে সৌম্য ! তং মহামনা অনূচানমানী স্তব্ধোঽসি, তদস্য কিং কারণম্ ? কিং ত্বং তমাদেশম প্রাক্ষ্যঃ ; কেবল শাস্ত্রাচার্য্য-উপদেশগম্য পরব্রহ্ম, সর্ব্বকারণঞ্চ যৎ তস্যোপদেশং শ্রীগুরোঃ সকাশাৎ প্রাপ্তোঽসি ? কিম্বা তৎ পরমকারণং ব্রহ্ম আচার্য্যং পৃষ্টবান্ ?

ননু কিং তদ্বস্তু যৎ পরমকারণং ভবতি ? ইত্যাপেক্ষায়ামাহ যেন ইতি। যেন-পরব্রহ্মবিষয় গুরূপদেশ শ্রবণেন অন্যৎ অশ্রুতমপি জীব প্রকৃতি কাল কর্ম্ম পরমাত্মাদি বিষয়মশ্রুতমপি শ্রুতং ভবতি ; "অমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি" বাক্যশেষম্। অন্যজ্ঞানাদিতি—কুসুমসৌরভ জ্ঞানেন কথং পৃথিব্যা জ্ঞানং ভবেৎ ? তজ্ জ্ঞানং যথা ন সম্ভবেৎ, তথা ইদং জড়ং প্রপঞ্চজ্ঞানেনাপি পরব্রহ্মজ্ঞানং ন সম্ভবেদিতি শিষ্যাশয়ঃ।

ইতি বিমৃশ্য শিষ্যঃ পৃচ্ছতি—কথমিতি। হে পিতঃ ! স আদেশঃ কথং নু কেন প্রকারেণ

স্তব্ধোঽসীতি—এই শ্রুতির ব্যাখ্যা—পুরাকালে মহর্ষি উদ্দালকের পুত্রের নাম ছিল শ্বেতকেতু পিতা উদ্দালক শ্বেতকেতুকে বলিলেন হে সৌম্য ! আমাদের কুলে কেহই ব্রহ্মবন্ধুর সমান বেদজ্ঞান রহিত হয় নাই। অতএব তুমি ব্রহ্মচর্য্য পালন ও বেদার্থ জ্ঞানলাভের নিমিত্ত গুরুগৃহে গমন কর। অনন্তর শ্বেতকেতু গুরুগৃহে দ্বাদশ বৎসর হইতে আরম্ভ করিয়া চতুর্বিংশতি বৎসর পর্য্যন্ত বাস করিয়া বেদ সকল অধ্যয়ন করিয়া মহামনা ও পণ্ডিতাভিমানী হইয়া নিজগৃহে প্রত্যাবর্ত্তন করিলেন, তিনি গৃহে আসিয়া পিতাকে বন্দনা না করিয়া স্তব্ধের ন্যায় অবস্থান করিলেন। তাঁহার এই ব্যবহার দেখিয়া পিতা উদ্দালক জিজ্ঞাসা করিলেন—হে সৌম্য ! তুমি মহামনা পণ্ডিতাভিমানী ও স্তব্ধ হইয়াছ, এইরূপ হওয়ার কারণ কি ? তুমি কি সেই উপদেশ জিজ্ঞাসা করিয়াছ ? যাহা কেবলমাত্র শাস্ত্র ও আচার্য্য দ্বারা উপদেশগম্য পরব্রহ্ম সর্বকারণ, তাহার উপদেশ শ্রীগুরুদেবের নিকট হইতে প্রাপ্ত হইয়াছ ? অথবা—পরমকারণ যে ব্রহ্ম তাহা আচার্য্যকে জিজ্ঞাসা করিয়াছ ?

যদি বল—সেই বস্তু কি যাহা পরমকারণ হয় ? পিতা তদুত্তরে বলিতেছেন যেন ইত্যাদি। যে পরব্রহ্ম বিষয়ক শ্রীগুরুদেবের উপদেশ শ্রবণের দ্বারা অন্য অশ্রবণ কৃত বস্তু, অর্থাৎ—জীব প্রকৃতি কাল কর্ম পরমাত্মাদি অশ্রুত বিষয়েরও শ্রবণ বা জ্ঞান হয়। 'অমনন করা বস্তুরও মনন হয়, অজ্ঞাত বস্তুরও জ্ঞান হয়" এই বাক্যটি শ্রুতির শেষাংশ।

মহর্ষি উদ্দালকের বাক্যের অভিপ্রায় বুঝিতে না পারিয়া অর্থাৎ একবস্তু জ্ঞানের দ্বারা অন্য বস্তুর জ্ঞান কি প্রকারে সম্ভব হয় ; অর্থাৎ—কুসুম সৌরভের জ্ঞানের দ্বারা পৃথিবীর জ্ঞান কি প্রকারে

একস্মাদেব মৃৎপিণ্ডোপাদানাৎ জাতং ঘটাদিসর্ব্বং তেনৈব বিজ্ঞানেন বিজ্ঞাতং স্যাৎ, ততোঽনতিরেকাৎ, এবমাদেশে ব্রহ্মণি সর্ব্বোপাদানে বিজ্ঞাতে তদুপাদেয়ং কৃৎস্নং জগৎ বিজ্ঞাতং ভবতীতি তত্রার্থঃ।

উপপন্নো ভবতি ? সর্ব্বপ্রকার নিষেধ স্বরূপ ব্রহ্মজ্ঞানেন কথং জড়ঃ, মিথ্যারূপঃ প্রপঞ্চ জ্ঞানং ভবেৎ ; কিং বা জড়মিথ্যাপ্রপঞ্চ জ্ঞানেন কিং ব্রহ্ম জ্ঞানং ভবেৎ।

যথা' ইতি ; যেন আদেশশ্রবণেন অশ্রুতমপি শ্রুতং ভবতি ; এক বিজ্ঞানেন সর্ব্ব বিজ্ঞানং ভবতি একোপাদানকারণ জ্ঞানেন সর্ব্বকার্য্যং বিজ্ঞানং ভবতি, ইত্যাদি যথা ভবতি তথা সাবধানতয়া শৃণু হে সৌম্য ; একেন মৃৎপিণ্ডেন ঘটশরাবাদিকারণ ভূতেন বিজ্ঞানেন সর্ব্বং মৃদ্‌বিকার জাতং মৃন্ময়ং ঘট শরাবোদঞ্চনাদিকং মৃদাত্মকতয়া বিজ্ঞাতং ভবতি ; এবমেকমেব পরব্রহ্ম সর্ব্বকারণ বিজ্ঞানেন তৎ পরিণামং মৃদ্ জলাদি, দেবমানবাদি সর্ব্বং জানাতীতি শ্রীগুরোরাশয়ঃ।

ননু ইতি ; পূর্ব্বং যৎ ধীভেদং, শব্দভেদং প্রবৃত্তিভেদং আকারভেদং' কালভেদাদিকমুক্তং তন্নিরাকুর্ব্বন্তি ননু ইত্যাদি। অথ আরম্ভণ শব্দস্য সাধন প্রকার মাহুঃ আরভ্যতে" ইতি ; আরভ্যতে ইতি "টনঃ কর্ম্মাদৌ চ" (শ্রীহরি না০ ব্যা০ ৫।৪৬৪) ইতি সূত্রেণ আঙ্ পূর্ব্বকঃ রভ রাভস্যে কৌতুকে ইত্যর্থঃ' ইতাস্মাদ্ধাতোরুত্তরে কর্ম্মাণিবাচ্যে টন্ প্রত্যয়েন (ট্ ইৎ) আরম্ভণ পদং সিদ্ধ্যতি।

সম্ভব হইবে ? এই প্রকার জ্ঞান যেমন সম্ভব নহে, তথা এই জড় প্রপঞ্চ জ্ঞানের দ্বারাও পরব্রহ্মের জ্ঞান সম্ভব নহে ; ইহাই শিষ্যের অভিপ্রায়।

এই প্রকার বিচার করিয়াই শিষ্য শ্বেতকেতু পিতাকে জিজ্ঞাসা করিলেন - হে ভগবন্। সেই আদেশ কি প্রকার ? অর্থাৎ—হে পিতঃ ! সেই আদেশ কি প্রকারে উপপন্ন হয় ? সর্বপ্রকার নিষেধ স্বরূপ ব্রহ্ম জ্ঞানের দ্বারা কি প্রকারে জড় মিথ্যা স্বরূপ প্রপঞ্চের জ্ঞান হইবে ? কিম্বা মিথ্যা প্রপঞ্চ জ্ঞানের দ্বারা কি প্রকারে ব্রহ্মবিষয়ক জ্ঞান হইবে ? এই প্রকার সন্দেহ করিয়া শ্বেতকেতু পিতাকে জিজ্ঞাসা করিলেন।

পিতা উদ্দালক জগতের ব্রহ্মোপাদানকতা বলিবার অভিপ্রায়ে লোক প্রতীতি সিদ্ধ উপাদেয়ের উপাদান হইতে অভেদ প্রদর্শিত করিতেছেন যথা' ইত্যাদি। 'যথা' শ্রুতির ব্যাখ্যা - যে আদেশ শ্রবণের দ্বারা অশ্রুত বস্তুরও শ্রবণ হয় এক বিজ্ঞানের দ্বারা সকল বস্তুর বিজ্ঞান হয়, একটি উপাদান কারণ জ্ঞানের দ্বারা সমস্ত কার্য্যের বিজ্ঞান হয়, ইত্যাদি যে প্রকারে সিদ্ধ হয়, তাহা বলিতেছি সাবধান হইয়া শ্রবণ কর।

হে সৌম্য ! একমাত্র মৃৎপিণ্ডের দ্বারা, অর্থাৎ—ঘট শরাবাদির কারণভূত মৎপিণ্ডের জ্ঞানের দ্বারা মৃৎবিকার জাত সকল মৃন্ময় ঘট শরাব উদঞ্চনাদি মৃত্তিকার বিকার হেতু সকলের জ্ঞান হয়।

ননু ধীশব্দাদি ভেদাদুপাদেয়মুপাদানাদন্যৎ স্যাদিতি চেত্তত্রাহ—"বাচারম্ভণম্" (ছা॰ ৬।১।৪) ইতি, আরভ্যত ইতি আরম্ভণং কর্ম্মাণিল্যুট্, "কৃত্য ল্যুটো বহুলম্" (পা॰ ৩।৩।১১৩) ইতি স্মরণাৎ। মৃৎপিণ্ডস্য কম্বুগ্রীবাদিরূপসংস্থান সম্বন্ধে সতি বিকার ইতি নামধেয়মারব্ধং

অথ স্বয়মেব সাধন প্রকার মাহুঃ শ্রীমদ্ ভাষ্যকার প্রভুপাদাঃ - কর্ম্মণীতি। কৃত্য ইতি অষ্টাধ্যায়িসূত্রমিদং, ব্যাখ্যা চ—কৃত্যসজ্ঞক প্রত্যায়াঃ; তথাচ—শ্রীহরিনামামৃত ব্যাকরণে—৫।১৪৯ "বিধ্যাদ্যর্থে তব্যানীয় যৎ—ক্যপ্ ণ্যৎ - কেলিমা বিষ্ণুকৃত্য সংজ্ঞা ভাব কর্ম্মণোঃ" ইতি। ল্যুট্ চ যত্র বিহিতাঃ ততোঽন্যত্রাপি বহুলং যথা স্যাৎ তথা ভবন্তি।

অত্র "নপুংসকে ভাবেক্তঃ" (অষ্টা ৩।৩।১১৪) "ল্যুট্ চ" (৩।৩।১১৫) ইতি ভাববাচ্যে ল্যুট্ বিধানে, কৃদ্বাহুল্যাৎ কর্ম্মণিবাচ্যাদাবপি লুট্ ভবতীতি ভগবৎ শ্রীপাণিনিমতম্। অত্র শ্রীমদ্ রামানুজাচার্য্যচরণাঃ-আরভ্যতে আলভ্যতে স্পৃশ্যতে ইত্যারম্ভণম্ : কৃত্যল্যুটো বহুলম্" (অষ্টা॰ ৩।৩।১১৩) ইতি কর্ম্মাণি ল্যুট্। বাচা ইতি তৃতীয়ার্থং নিরূপয়ন্তি—ফল ইতি। যথা "কৃষ্ণেন সুখম্" অত্র সুখসিদ্ধৌ কৃষ্ণো যোগ্য ইত্যর্থঃ। তদেতদুদাহরণেন স্পষ্টয়ন্তি ঘটেন ইতি! অতস্তস্যৈব ইতি—মৃদ্দ্রব্যস্য এব উপাদান উপাদেয়ভাবং, পূর্ব্বকালে পিণ্ডম্; উত্তরকালে দণ্ড চক্র সূত্র সলিল কুলালাদিকারণ কূটৈ র্ঘটমুৎপদ্যতে তত্তু মৃদাত্মকমেব নতু তস্মাদন্যদিতি ন ধী—শব্দাদি ভেদম্।

এই প্রকার সর্বকারণভূত পরব্রহ্ম বিজ্ঞানের দ্বারা তাঁহার পরিণাম মৃত্তিকা জলাদি ও দেব মানবাদি সকল বস্তু জানিতে পারে, ইহাই শ্রীগুরুদেবের অভিপ্রায়। একমাত্র মৃৎপিণ্ড উপাদান হইতে জাত ঘটাদি সকল মৃৎপিণ্ডমাত্র বিজ্ঞানের দ্বারা জানা যায়; কারণ মৃৎপিণ্ড হইতে ঘটাদি কার্য্য ভিন্ন নহে এই প্রকার সমাদিষ্ট সর্বোপাদান ব্রহ্মকে জানিলে ব্রহ্মের উপাদেয় বা কার্য্য সমগ্র জগৎ জানা হয় ইহাই ঐ শ্রুতির অর্থ।

শঙ্কা—পূর্বে যে বুদ্ধিভেদ, শব্দভেদ, প্রবৃত্তিভেদ, আকারভেদ কালভেদাদি বর্ণিত হইয়াছে তাহা নিরাকরণ করিতেছেন ননু ইত্যাদি। পূর্বে বুদ্ধি ও শব্দাদি ভেদ হেতু উপাদেয় উপাদান হইতে অন্য বস্তু।

সমাধান—এই শঙ্কার সমাধন কল্পে বলিতেছেন,—বাচারম্ভণম্' ইত্যাদি। এই পরিদৃশ্যমান জগৎ বাক্য প্রয়োগ পূর্ব্বক ব্যবহার সিদ্ধ। অনন্তর আরম্ভণ শব্দের সাধন প্রকার বলিতেছেন—আরভ্যতে ইত্যাদি। আরম্ভ করিতেছে' এই প্রকার আরম্ভণ" কর্মাদির উত্তরেও টন্ প্রত্যয় হয়" এই সূত্রের দ্বারা আঙ্ পূর্বক রভ—রাভস্যে ও কৌতুকে; এই রভ ধাতুর উত্তরে কর্ম্মাণি বাচ্যে টন্ প্রত্যয়ের দ্বারা আরম্ভণ পদ সিদ্ধ হয়।

ব্যবহর্ত্তৃভিঃ। কিমর্থং? তত্রাহ—"বাচা" (ছা॰ ৬।১।৪) ইতি, বাচা বাক্ পূর্ব্বকেণ ব্যবহারেণ হেতুনা। "ফলহেতুত্ব বিবক্ষয়া তৃতীয়া" ঘটেন জলমানয়' ইত্যাদি বাক্ পূর্ব্বক ব্যবহারসিদ্ধ্যর্থং মৃদ্দ্রব্যমেব জ্ঞান সংস্থান বিশেষং সং ঘটাদি নামভাগ্ ভবতি। তস্য ঘটাদ্যবস্থাপি "মৃত্তিকা"

তথাচ শ্রীবিষ্ণুপুরাণে—২।৭।৪১-৪২ তদ্ ব্রহ্ম তৎ পরং ধাম সদসৎ পরমং পদম্। যস্য সর্ব্বমভেদেন যতশ্চৈতচ্চরাচরম্॥ স এব মূল প্রকৃতি ব্যক্তরূপী জগচ্চ সঃ। তস্মিন্নেব লয়ং সর্ব্বং যাতি তত্র চ তিষ্ঠতি॥ তস্মাদ্ যন্নানাত্বধী বাক্ পূর্ব্বকব্যবহার সিদ্ধর্থমেব ইতি। এবং শ্রুতি প্রমাণং নিরূপ্য লৌকিক প্রমাণমাহুঃ—যথেতি।

অতঃপর শ্রীমদ্ ভাষ্যকার প্রভুপাদ স্বয়ং আরম্ভণ পদের সাধন প্রকার বলিতেছেন— কর্মণি ইত্যাদি। কর্মবাচ্যে ল্যুট্ প্রত্যয় হয়; কৃত্য প্রত্যয়ের উত্তরে ল্যুট্ বহুল হয়। কৃত্য সংজ্ঞক প্রত্যয় শ্রীহরিনামামৃত ব্যাকরণে এই প্রকার বর্ণিত আছে – বিধি আদির অর্থে তব্য, অনীয়, যৎ, ক্যপ্ ণ্যৎ, কেলিমা এই সকল বিষ্ণুকৃত্য সংজ্ঞা' এই সকল ভাববাচ্যে ও কর্মবাচ্যে প্রয়োগ হয়। ল্যুট্ প্রত্যয় যে স্থানে বিধান করা হইয়াছে তাহা হইতে অন্যত্রও বহুল অর্থাৎ যেমন হইবে তেমনই হয়। এই স্থলে – নপুংসক লিঙ্গে ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয়; ল্যুট্ প্রত্যয়ও এই প্রকার হয়।

এই প্রকার ভাববাচ্যে ল্যুট্ প্রত্যয়ের বিধান করিলে কৃৎ প্রত্যয়ের প্রয়োগ বাহুল্য হেতু কর্ম বাচ্যাদিতেও ল্যুট্ প্রত্যয় হয়, ইহা ভগবান্ শ্রীপাণিনি মুনির মত। এই স্থলে শ্রীমদ্ রামানুজাচার্য্যপাদ বলেন - আরম্ভ করে, লাভ করে, স্পর্শ করে এই প্রকার আরম্ভণ, কৃত্যের পর বহুলভাবে ল্যুট্ প্রত্যয় হয়, অতএব কর্মবাচ্যে ল্যুট্ জানিতে হইবে।

মৃৎপিণ্ডের কম্বু গ্রীবাদিরূপ সংস্থান বিশেষের সম্বন্ধ হইলে ব্যবহারিকগণ কর্ত্তৃক ও নামধেয় রূপে ব্যবহার করিতে আরম্ভ করেন। কি নিমিত্ত এই প্রকার ব্যবহার করেন? তদুত্তরে বলিতেছেন— বাচা' ইত্যাদি। বাচা—বাক্য প্রয়োগ পূর্বক ব্যবহারের দ্বারা এই হেতু। এইস্থলে—ফল হেতুত্ব বিবক্ষায় তৃতীয়া বিভক্তি হইয়াছে। বিষয়টি উদাহরণের দ্বারা স্পষ্ট করিতেছেন—'ঘটেন' ইত্যাদি। ঘটের দ্বারা জল আনয়ন কর" ইত্যাদি শব্দ বাক্য পূর্বক ব্যবহার সিদ্ধির নিমিত্ত মৃত্তিকা দ্রব্যই জ্ঞান ও সংস্থান বিশেষ প্রাপ্ত হইয়া ঘটাদি নামভাগী হয়। সুতরাং সেই মৃৎদ্রব্যের ঘটাদি অবস্থাও মৃত্তিকা এই নামই সত্য অর্থাৎ প্রামাণিক।

অতএব ঘটাদি ও মৃদ্দ্রব্যই এই প্রকার সত্য' কিন্তু ঘটাদি মৃত্তিকা হইতে দ্রব্যান্তর নহে। সুতরাং সেই মৃত্তিকারূপ দ্রব্যেরই কম্বুগ্রীবাদি সংস্থানের যোগমাত্রের দ্বারা :বুদ্ধিভেদ শব্দভেদাদির সম্ভব হয়। অর্থাৎ মৃৎদ্রব্যেরই উপাদান ও উপাদেয় ভাব সিদ্ধ হয়, পূর্বকালে পিণ্ডভাব; উত্তরকালে দণ্ড চক্র

ইত্যের নামধেয়ং সত্যং প্রমাণিকম্। ততশ্চ ঘটাদ্যপি মৃদ্দ্রব্যমিত্যেবং নতু দ্রব্যান্তরমিতি। অতস্তস্যৈব মৃদ্দ্রব্যস্য সংস্থানান্তরযোগমাত্রেণ ধীশব্দান্তরাদি সম্ভবতি।

যথা একস্যৈব চৈত্রস্যাবস্থাবিশেষ সম্বন্ধাৎ বালযুবাদি ধীশব্দান্তরাদি সম্ভবতি, মৃদাদ্যুপাদানে তাদাত্ম্যেন সদের ঘটাদি দণ্ডাদিনা নিমিত্তেনাভিব্যজ্যতে, নত্বসদুৎপদ্যতে, ইত্যভিন্নমেবোপাদেয়মুপাদানাৎ। ভেদেকিলোন্মানদ্বৈগুণ্যাপত্তিঃ। মৃৎপিণ্ডস্য গুরুত্বমেকং ঘটাদেশ্চৈকমিতি তুলারোহণে দ্বিগুণং তৎ স্যাদেবমন্যচ্চ। নতু শুক্তিরূপ্যাদিবদ্বিবর্ত্তঃ

অথ বিবর্ত্তবাদং নিরাকুর্ব্বন্তি—'ন তু' ইতি। বিবর্ত্তমিতি-সিদ্ধান্তলেশসংগ্রহে ১·২৮, ব্রহ্মণশ্চ উপাদানত্বং অদ্বিতীয় কূটস্থচৈতন্যরূপস্য ন পরমাণূনামিব আরম্ভকত্বরূপম্; ন বা প্রকৃতেরিব পরিণামিত্বরূপম্; কিন্তু অবিদ্যয়া বিয়দাদি প্রপঞ্চরূপেণ বিবর্ত্তমাণত্বলক্ষণম্" ইতি। তদসমসত্তাকো বিবর্ত্ত ইতি।

সূত্র সলিল কুলালাদি কারণ সমূহের দ্বারা ঘটের উৎপত্তি হয়; ঐ ঘট কিন্তু মৃত্তিকা স্বরূপই; মৃত্তিকা হইতে অন্য নহে, অতএব বুদ্ধিভেদ শব্দভেদাদির দ্বারা ভেদ হয় না; অর্থাৎ উপাদান ও উপাদেয়ের ভেদ সিদ্ধ হয় না।

এই বিষয়ে শ্রীবিষ্ণুপুরাণে বর্ণিত আছে - তিনি ব্রহ্ম, তিনি পরমধাম, সদসৎ ও পরমপদ বা স্থান, যাহার সকল বস্তুতে অভেদরূপে অবস্থান যাহা হইতে এই চরাচর জাত হয়, সেই পরব্রহ্মই মূল প্রকৃতি, এবং তিনিই এই ব্যক্তরূপী জগৎ; মহা প্রলয়কালে সকল বস্তু তাহাতেই লয় প্রাপ্ত হয়, এবং তাহাতেই অবস্থান করে। অতএব যে নানাপ্রকার ভেদবুদ্ধি দেখা যায় তাহা বাক্য প্রয়োগ পূর্ব্বক ব্যবহার সিদ্ধির নিমিত্তই জানিতে হইবে।

এই প্রকার শ্রুতি প্রমাণ নিরূপণ করিয়া লৌকিক প্রমাণ বলিতেছেন—'যথা' ইত্যাদি। যেমন একজন চৈত্রেরই অবস্থাবিশেষ সম্বন্ধহেতু বাল্যাবস্থা যৌবনাবস্থাদি বুদ্ধিভেদ ও শব্দভেদাদির সম্ভব হয়; সেই প্রকার মৃত্তিকাদি উপাদানে তাদাত্ম্য সম্বন্ধে সৎ বা সূক্ষ্মরূপে বিদ্যমান ঘটাদি দণ্ড চক্রাদি নিমিত্তের দ্বারা অভিব্যক্তি হয়; কিন্তু মৃত্তিকাদি উপাদানে তাদাত্ম্য সম্বন্ধে অবিদ্যমান ঘটের উৎপত্তি হয় না; অতএব উপাদান হইতে উপাদেয় অভিন্নই জানিতে হইবে। যদি উপাদান ও উপাদেয়ের ভেদ স্বীকার করা হয় তাহা হইলে উন্মানের (গুরুত্ব) দ্বিগুণতাপত্তি দোষ উপস্থিত হয়।

যেমন—মৃৎপিণ্ডের গুরুত্ব এক; এবং ঘটাদির গুরুত্ব অপর এক, এই ভাবে তুলাদণ্ডে আরোহণ করাইলে একটি বস্তুরই দ্বিগুণ গুরুত্ব হইবে। এই প্রকার আরও অন্যান্য বহুদোষ কার্য্যকারণের অভেদ স্বীকার করিলে আপতিত হয়; সুতরাং উপাদান হইতে উপাদেয় অভিন্ন। অনন্তর বিবর্ত্তবাদ নিরাকরণ

তৎ সদৃশঃ, তদসমসত্তাক ইতি তদ র্থঃ ; দৃষ্টান্তো যথা 'শুক্তৌ ইদং রজতম্" ইতি, অত্র শুক্তিঃ সদৃশঃ চাক্‌চিক্যাদিধর্ম্মযুক্তং শুক্তি অতিরিক্তং সত্তাযুক্তং পদার্থং রজতং, ইতি তস্মাৎ সাধর্ম্ম্যাৎ শুক্তৌ রজত ভ্রমমুৎপদ্যতে স এব বিবর্ত্তবাদঃ। দার্ষ্টান্তিকে—ব্রহ্মণি ইদং প্রপঞ্চম্" ইতি। অত্র ব্রহ্ম সদৃশং কেনাপি অংশেন প্রপঞ্চস্য সাধর্ম্ম্যাভাবাৎ ব্রহ্মণি জগদ্ ভ্রমমনুপপত্তিরেব। কিঞ্চ শুক্ত্যতিরিক্তং সত্তাযুক্তপদার্থং রজতম্ ; প্রপঞ্চস্তু ন ব্রহ্মাতিরিক্তং "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি" ইতি ব্রহ্মায়ত্ত-স্থিতি প্রবৃত্তিমাত্রত্বাৎ প্রপঞ্চস্য।

অপিচ ন শুক্তেরুৎপদ্যতে রজতম্' প্রপঞ্চস্তু ব্রহ্মণ এব উৎপদ্যতে" "জন্মাদ্যস্য যতঃ" '১।১।২।২' "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইতি তত্র জন্মাদ্যধিকরণে ভবদ্ভিরপি স্বীকৃতম্, তস্মাৎ বিবর্ত্তবাদো বালুকাবদ্ধ বিবর্দ্ধনমিব বালানাং দন্তোদ্‌ঘাটনোপকরণ মাত্রমেব কিঞ্চ বিবর্ত্তবাদে দৃষ্টান্তবৈকল্যং দোষ-মপি প্রসজ্জ্যতে, তথাচ—দৃষ্টান্তে দ্বৌ জড়ৌ, দার্ষ্টান্তিকে জড়চেতনৌ, ।

অথ বিবর্ত্তবাদে দোষান্তরমাহুঃ—ন চেতি। ভিন্নমিতি বিবর্ত্তবাদে শুক্তি রজতাত্মকত্বেন ভ্রমমুৎপাদয়তি, তচ্চ রজতং ভিন্নপদার্থং ; অন্যত্র হট্টাদৌ বর্ত্ততে ; অতো বস্তুদ্বয়স্য অত্যন্ততাদাত্ম্যেন ভ্রমো ভবতি ; ন তু একস্যাদ্বিতীয়স্য পরব্রহ্মণঃ।

এবমিতি—অত্র "মৃত্তিকৈব সত্যম্" ইতি বক্তুমুচিতমিতি, ন তু "মৃত্তিকেত্যেব" ইতি। তথাত্বে "ইতি" শব্দস্য নিরর্থকতাপত্তেঃ। কিঞ্চ "নামধেয়মাত্রং হি এতদনৃতং মৃত্তিকেত্যেব সত্যমিত্যেষ ব্রহ্মণো দৃষ্টান্ত আম্নাতঃ" (শা০ ভা০ ২।১।৬।১৪) অত্র অনৃতং মিথ্যাদি পদাধ্যাহারাৎ শ্রুতিব্যাখ্যায়াং কষ্ট-কল্পনঞ্চ।

করিতেছেন—ন তু' ইত্যাদি। বিবর্ত্তবাদ সম্বন্ধে সিদ্ধান্তলেশ সংগ্রহে বর্ণিত আছে—অদ্বিতীয় কূটস্থ চৈতন্যস্বরূপ ব্রহ্মের জগৎ কার্য্যের প্রতি উপাদানতা পরমাণু সকলের মত আরম্ভকরূপত্ব নহে এবং প্রকৃতির ন্যায় পরিণামিত্বরূপও নহে ; কিন্তু অবিদ্যার দ্বারা বিয়দাদি প্রপঞ্চরূপের দ্বারা বিবর্ত্তমান লক্ষণ হয়। অতএব ব্রহ্মের অসমসত্তাকের নাম বিবর্ত্ত।

তাহার সমান, ও তাহার অসমান সত্তাযুক্ত, ইহাই তাহার অর্থ, অর্থাৎ ব্রহ্মের সমান এবং ব্রহ্মের অসমান সত্তাযুক্তকে বিবর্ত্ত বলা হয়। এই স্থলে যেমন—শুক্তিতে ইহা রজত' এই প্রকার জ্ঞান ; এই স্থলে শুক্তিসদৃশ চাক্‌চিক্যাদি ধর্মযুক্ত শুক্তি হইতে অতিরিক্ত সত্তাযুক্ত পদার্থ রজত' এই প্রকার জ্ঞান হয়। অতএব সাধর্ম্য হেতু শুক্তিতে রজতের ভ্রম উৎপন্ন হয়, ইহাই বিবর্ত্তবাদ। এই প্রকার দার্ষ্টান্তিক স্থলে ব্রহ্মে এই মিথ্যা প্রপঞ্চের ভ্রম।

এই বিবর্ত্তবাদে এই প্রকার দোষ – ব্রহ্মের সমান কোন অংশের দ্বারা প্রপঞ্চের সাধর্ম্য-অভাব হেতু, ব্রহ্মে জগদ্ ভ্রমের উপপত্তি হয় না। কিন্তু শুক্তি হইতে অতিরিক্ত সত্তাযুক্ত পদার্থ রজত ; পক্ষা-ন্তরে প্রপঞ্চ ব্রহ্মাতিরিক্ত পদার্থ নহে।

ন চ শুক্তেঃ সকাশাৎ স্বতোঽন্যত্র সিদ্ধং রূপ্যমিব ভিন্নমিতি "এব" কারাৎ। এবং "ইতি" শব্দানর্থক্যং কষ্টকল্পনঞ্চ নিরস্তম্। ন চাভিব্যক্তি পক্ষস্য নির্ম্মূলত্বং

অতঃ 'যথা উপাদান স্বরূপা মৃত্তিকা সত্যং তথা তদুপাদেয়ভূতং ঘটাদিকার্য্যমপি সত্যমিতি শ্রুতেরর্থঃ। "এবং সৌম্য স আদেশো ভবতীতি" ছা০ ৬।১।৬। হে সৌম্য! যথা মৃদ্‌ঘটদৃষ্টান্তং তথা প্রকৃতে ব্রহ্মণি বোধ্যম্। তস্মাৎ নাস্তি বিবর্ত্তবাদস্য অবসরঃ।

ননু যথাস্মাকং শ্রুতিশাস্ত্রসিদ্ধং বিবর্ত্তবাদং কষ্টকল্পনমিতি বর্ণিতং; তথা ভবতামপি অভিব্যক্তি নির্ম্মূলা ইতি চেৎ তত্রাহুঃ ন চেতি। অথাভিব্যক্তেঃ সমূলত্বে শ্রীভাগবতবাক্যং প্রমাণয়ন্তি—কল্পান্তে ইতি। কল্পান্তে সৃষ্টেরন্তে কালসৃষ্টেন অন্ধেন নিবিড়েন তমসা আবৃতং সৃষ্টেরারম্ভে যঃ পুনঃ স্বয়ং রোচিঃ স্বপ্রকাশ স্বরূপ শ্রীভগবান্ স্বরোচিষা স্বশক্ত্যা ইদং জগৎ অভিব্যনক্—অভিব্যক্তমকরোৎ। টীকা চ শ্রী-স্বামিপাদানাম—তমসাবৃতং ইদং জগৎ যোঽভিব্যনক্ অভিব্যক্তমকরোৎ" ইত্যেষা। অপিচ শ্রীভাগবতে —৩।৫।২৭ ততোঽভবন্মহত্তত্ত্বমব্যক্তাৎ কালচোদিতাৎ।

কারণ ছান্দোগ্যশ্রুতিতে বর্ণিত আছে - পরিদৃশ্যমান সকলবস্তু ব্রহ্ম, ব্রহ্ম হইতে জাত হয়, তাহাতে অবস্থান করে, এবং ব্রহ্মেই লীন হয়। সুতরাং প্রপঞ্চের ব্রহ্মায়ত্ত স্থিতি প্রবৃত্তি মাত্রতা সিদ্ধ হয়। আরও শুক্তি হইতে রজতের উৎপত্তি হয় না; কিন্তু প্রপঞ্চ ব্রহ্ম হইতেই উৎপন্ন হয়। এই বিষয়ে প্রমাণ—'এই প্রপঞ্চের যাহা হইতে জন্মাদি হয়। "যাহা হইতে এই ভূতসকল জাত হয়"। এই প্রকার জন্মাদ্যধিকরণে আপনারাও (বিবর্ত্তবাদিরাও) স্বীকার করিয়াছেন।

অতএব বিবর্ত্তবাদ বালুকার বন্ধন বিবর্ত্তনের সমান বালকগণের দন্তোদ্‌ঘাটনের উপকরণ মাত্র। পুনঃ বিবর্ত্তবাদে দৃষ্টান্ত বৈকল্যদোষও সংঘটিত হয়; যেমন—দৃষ্টান্তে শুক্তি ও রজত দুইটিই জড় পদার্থ। কিন্তু দার্ষ্টান্তিকে ব্রহ্ম এবং প্রপঞ্চ, প্রথমটি চেতন; দ্বিতীয়টি জড় পদার্থ। সুতরাং বিবর্ত্তবাদ শ্রুতি সম্মত নহে।

অনন্তর বিবর্ত্তবাদে দোষান্তর উদ্‌ঘাটন করিতেছেন—ন চ' ইত্যাদি। প্রপঞ্চ শুক্তির-সকাশ হইতে স্বতন্ত্রভাবে অন্যত্র সিদ্ধ রজতের সমান ব্রহ্ম হইতে ভিন্ন নহে। যে হেতু ছান্দোগ্য বাক্যে 'এব' কার বিদ্যমান আছে। এই প্রকার বিবর্ত্তবাদ স্বীকার করিলে 'ইতি' শব্দের আনর্থক্য ও কষ্ট কল্পনা দোষ হয়; কিন্তু ব্রহ্ম কারণ বাদ স্বীকার করিলে 'ইতি' শব্দের আনর্থক্য এবং কষ্টকল্পনা দোষ নিরস্ত হয়। তাৎপর্য্য এই যে—বিবর্ত্তবাদে শুক্তি রজতাত্মক রূপের দ্বারা ভ্রম উৎপাদন করে; সেই রজত শুক্তি হইতে ভিন্ন পদার্থ, শুক্তি হইতে অন্যত্র হট্টাদিতে বর্ত্তমান থাকে; অতএব পরস্পর পৃথক দুইটি বস্তুর অত্যন্ত তাদাত্ম্য হেতু ভ্রম হয়; কিন্তু একমাত্র অদ্বিতীয় পরব্রহ্মের ভ্রম হইবার কোন কারণ নাই।

শক্যং বক্তুম্ "কল্পান্তে কালসৃষ্টেন যোঽন্ধেন তমসাবৃতম্। অভিব্যনক্ জগদিদং স্বয়ং রোচিঃ স্বরোচিসা" (ভা॰ ৭।৩।২৬) ইত্যাদি প্রমাণসিদ্ধেঃ। ন চ সিদ্ধসাধনতানবস্থা বা দোষঃ।

বিজ্ঞানাত্মাত্মদেহস্থং বিশ্বং ব্যঞ্জংস্তমোনুদঃ ॥ টীকা চ শ্রীস্বামিপাদানাম্—স্বদেহস্থং বিশ্বং বীজ-গতমঙ্কুরাদিরূপং বৃক্ষমিব ব্যঞ্জয়ন্ প্রকাশয়ন্, ইতি ইত্যাদি প্রমাণ সিদ্ধেঃ অভিব্যক্তিরেব শাস্ত্রীয় সিদ্ধান্তঃ।

অথ অভিব্যক্তিবাদে দোষদ্বয়মুদ্‌ভাবয়ন্তি ন চেতি।

যদি কার্য্যং পূর্ব্বসিদ্ধমেব তদা অভিব্যক্ত্যা পুনঃ সাধনং সিদ্ধসাধনমেব; কিঞ্চ ব্রহ্মণঃ সকাশাৎ মৃদভিব্যক্তিঃ, মৃদঃ পিণ্ডাভিব্যক্তিঃ, পিণ্ডাৎ কপালাভিব্যক্তিঃ, কপালাৎ ঘটাভিব্যক্তিঃ এবং অভিব্যক্তিঃ স্বীকারে অভিব্যক্ত্যন্তরঃ স্বীকারঃ, তৎ স্বীকারে পুনঃ তৎ স্বীকারঃ এবমনবস্থা দোষশ্চ স্যাৎ। উক্ত দোষদ্বয়ং নিরাকুর্ব্বন্তি—কারকেতি। কারকব্যাপারাৎ—ঘটনির্ম্মাণ কালে যৎ দণ্ড চক্র সূত্র সলিল বুলালা দীনাং কারক ব্যাপারং চেষ্টা ভবতি তৎ পূর্ব্বং অভিব্যক্তেঃ অস্বীকারাৎ।

"এবং" শব্দের অভিপ্রায় এই যে—বিবর্ত্তবাদ স্বীকার করিলে "মৃত্তিকা এব সত্যম্" এই প্রকার বলা উচিত ছিল, কিন্তু "মৃত্তিকা ইতি এব" এই প্রকার নহে। তাহা হইলে 'ইতি' শব্দের নিরর্থকাতাপত্তি দোষ হয়। আরও—"নামধেয় মাত্রই এই সকল অনৃত, মৃত্তিকা এই প্রকারই সত্য' এইটি ব্রহ্মের দৃষ্টান্ত কথিত হইল। এই স্থলে শ্রুতিব্যাখ্যায় অনৃত, মিথ্যা' ইত্যাদি পদের অধ্যাহার হেতু কষ্টকল্পনা করা হইয়াছে। অতএব উপাদান স্বরূপা মৃত্তিকা যে প্রকার সত্য সেই প্রকার মৃত্তিকার উপাদেয় ভূত ঘটাদি কার্য্যও সত্য ইহাই শ্রুতির অর্থ। "হে সৌম্য! সেই আদেশ এই প্রকার হয়" অর্থাৎ—হে বৎস! যে প্রকার মৃত্তিকা ও ঘটের দৃষ্টান্ত, সেই প্রকার প্রকৃতে ব্রহ্মেও দৃষ্টান্ত বুঝিতে হইবে। অতএব শ্রুতি এবং সূত্রে বিবর্ত্তবাদের অবসর নাই।

শঙ্কা—এই স্থলে আমাদের (বিবর্ত্তবাদিদের) বক্তব্য এই যে—যে প্রকার আমাদের শ্রুতি শাস্ত্র প্রসিদ্ধ বিবর্ত্তবাদকে কষ্ট কল্পনা বলিয়া বর্ণনা করিয়াছেন; সেই প্রকার আপনাদেরও অভি-ব্যক্তিবাদের কোন প্রকার মূল নাই।

সমাধান—এই আশঙ্কার সমাধান কল্পে বলিতেছেন—ন চ' ইত্যাদি। আপনাদের (বিবর্ত্তবাদি-দের) সমান আমাদের অভিব্যক্তিপক্ষ নির্মূল বলিতে পারেন না। কারণ অভিব্যক্তি পক্ষের সমূলত্বে শ্রীভাগবত বাক্য প্রমাণিত করিতেছেন—কল্পান্তে' ইত্যাদি। কল্পান্তে সৃষ্টির অন্ত সময় কাল সৃষ্টিরদ্বারা অর্থাৎ কাল শ্রীভগবান কর্ত্তৃক সৃষ্ট নিবিড় অন্ধকার দ্বারা এই জগৎ আবৃত ছিল; সৃষ্টির প্রারম্ভে যিনি পুনরায় স্বয়ং রোচিঃ—স্বপ্রকাশ স্বরূপ শ্রীভগবান নিজশক্তির দ্বারা এই জগৎ অভিব্যক্ত করিয়াছিলেন। এই শ্লোকের শ্রীস্বামিপাদ কৃত টীকা—"তমসা আবৃত এই জগৎ যিনি অভিব্যক্ত করিয়াছিলেন" শ্রী-ভাগবতে আরও বর্ণিত আছে—

কারকব্যাপারাৎ পূর্ব্বমভিব্যক্তেঃ সত্ত্বানঙ্গীকারাদভিব্যক্ত্যন্তরাঙ্গীকারচ্চ। ননু এবমসৎকার্য্যতাপত্তিঃ, পূর্ব্বমসত্যাস্তস্যাস্তদ্ব্যাপারেণোৎপাদ্যমানত্বাদিতি চেৎ, নৈবং, তস্যা কার্য্যত্বাভাবাৎ।

ইত্যনেন সিদ্ধ সাধনতা দোষো নিরস্তঃ। এবং ঘটাভিব্যক্ত্যনন্তরং অভিব্যক্তি স্বীকারাভাবাৎ নানবস্থা দোষাপত্তিঃ। অথ পুনঃ প্রকারান্তরেণ দোষমুদ্‌ভাবয়ন্তি—'ননু' ইতি। যথা—মৃদি ঘটাভিব্যক্তি স্বীকারে অসৎকার্য্যবাদপ্রসঙ্গঃ স্যাৎ, মৃদি ঘটস্যাসত্ত্বাৎ। ইত্যেবমাশঙ্ক্য পরিহরন্তি নৈবমিতি। তস্যা অভিব্যক্তেঃ কার্য্যত্বাভাবাৎ।

অথ কার্য্যস্য লক্ষণমাহুঃ—স্বতন্ত্র ইতি তচ্চ—স্বতন্ত্রাভিব্যক্তিমত্বং তস্যাং অভিব্যক্তৌ নাস্তি; আশ্রয়াভিব ক্যৈব অভিব্যাক্তেরভিব্যক্তিঃ সিদ্ধেঃ। যথা ঘট প্রকাশেনৈব ঘটাভিব্যক্তিঃ সিদ্ধিঃ, অভিব্যক্তি ঘটয়োঃ সমবায়াৎ।

ননু—ঘটমভিব্যঞ্জয়িতুং দীপে প্রজ্জ্বলিতে পটাদিরপি অভিব্যজ্যতে ইতি; তস্মাৎ অভিব্যক্তে

অনন্তর কাল কর্ত্তৃক প্রেরিত হইয়া অব্যক্ত হইতে মহত্তত্ত্ব হয়, বিজ্ঞানাত্মা অন্ধকার নাশক আত্মদেহস্থ বিশ্বকে অভিব্যক্ত করিয়া" ইত্যাদি। এইস্থলে শ্রীস্বামিপাদের টীকা—স্বদেহস্থ বিশ্বকে, অর্থাৎ বীজাভ্যন্তর স্থিত অঙ্কুরাদিরূপে বৃক্ষ অভিব্যক্ত হয়, সেই প্রকার প্রকাশ করিয়া। তদনন্তর স্বয়ম্ভূ শ্রীভগবান অব্যক্ত অভিব্যক্তি করিলেন; ইত্যাদি প্রমাণ সিদ্ধ হইতে জানা যায় অভিব্যক্তি পক্ষই শাস্ত্রীয় সিদ্ধান্ত।

অনন্তর বিবর্ত্তবাদিগণ অভিব্যক্তিবাদে দুইটি দোষ উদ্‌ভাবন করিতেছেন—ন চ' ইত্যাদি। আপনারা (বিবর্ত্তবাদিরা) অভিব্যক্তিবাদে সিদ্ধসাধনতা অথবা অনবস্থা দোষ বিদ্যমান আছে তাহা বলিতে পারেন না; অর্থাৎ যদি ঘটাদিকার্য্য পূর্ব হইতেই সিদ্ধ আছে, তবে অভিব্যক্তির দ্বারা পুনরায় তাহার সাধন করা তাহা সিদ্ধ সাধনতা দোষ হয়।

অপর ব্রহ্মের সকাশ হইতে মৃত্তিকার অভিব্যক্তি, মৃত্তিকা হইতে পিণ্ডের অভিব্যক্তি, পিণ্ড হইতে কপালের অভিব্যক্তি; কপাল হইতে ঘটের অভিব্যক্তি; এই প্রকার অভিব্যক্তি স্বীকারের নিমিত্ত অন্য অভিব্যক্তির স্বীকার করা; পুনঃ অভিব্যক্তি স্বীকারের জন্য অন্য অভিব্যক্তি স্বীকার করা; এই প্রকারে অনবস্থা দোষ হইবে। উক্ত দোষদ্বয়ের নিরাকরণ করিতেছেন—কারক' ইত্যাদি। কারক ব্যাপারের পূর্বে অভিব্যক্তির সত্ত্বা অঙ্গীকার করা হয় নাই।

অর্থাৎ ঘট নির্মাণ কালে যে দণ্ড চক্র সূত্র সলিল কুম্ভাকারাদির কারক ব্যাপার - চেষ্টা হয় তাহার পূর্বে অভিব্যক্তি স্বীকার করা হয় নাই। ইহার দ্বারা সিদ্ধ সাধনতা দোষ নিরস্ত হইল। এই প্রকার অভিব্যক্ত্যন্তর অঙ্গীকার না করা হেতু অনবস্থা দোষও হয় না। অর্থাৎ ঘটাভিব্যক্তির পর অভিব্যক্তি স্বীকারের অভাব হেতু অনবস্থা দোষাপত্তিও হয় না।

স্বতন্ত্রাভিব্যক্তিমত্ত্বং কিল কার্য্যত্বং, তচ্চ তস্যাং নাস্তি। আশ্রয়াভিব্যক্ত্যৈব তৎ সিদ্ধেঃ। তদ্ব্যাপারেণ সংস্থান যোগরূপাভিব্যক্তি নিয়তাভিব্যঙ্গ্যেতি প্রকৃতে ন কিঞ্চিদবদ্যম্। যত্তু

র্নিয়তোঽভিব্যঙ্গবিশেষো ন দৃষ্টঃ ; এবং ঘটার্থেন কারকব্যাপারেণ পটাদিরপি অভিব্যজ্যেত ইতি ; যথা মৃৎপিণ্ড দণ্ড চক্রকুলালাদি কারণ কূটৈ র্ঘটনির্ম্মাণে আরভ্যমানে যথা ঘটাভিব্যক্তির্ভবতি, তথা পটাভিব্যক্তিরপি ভবতু ; অভিব্যক্তেরেকরূপত্বাৎ ; অনিয়তাভিব্যঙ্গত্বাৎ ; ইতি চেৎ—তত্রাহুঃ—তদিতি। তদ্ ব্যাপারেণ কারকব্যাপারেণ নিষ্পন্নঘটাদি সংস্থানরূপ - কম্বুগ্রীবাদিরূপ্যভিব্যক্তিঃ নিয়তাভিব্যঙ্গ্যা ; তস্মাৎ ন দীপে প্রজ্বলিতে ঘটেন সহ পটোঽভিব্যজ্যতে ; ঘটপটয়োঃ পৃথগ্ দ্রব্যত্বাৎ ঘটদ্রব্যেণ ঘটোঽভি-ব্যজ্যতে, ন তু পট ইতি ; এবং ঘটার্থেন কারকব্যাপারেণ ন পটোঽভিব্যজ্যতে ; তয়োরুপাদানভেদাৎ। কিঞ্চ অভিব্যক্তি দ্বিধা আবৃত্তিভঙ্গঃ সংস্থান যোগশ্চ ; তত্রাদ্যঃ – যথা তিলেভ্যোঃ তৈলম্, তত্তু অভিব্যক্তৌ পুনরাবৃত্তির্ন ভবেৎ। তত্র তু তিলাৎ ন পুনরভিব্যজ্যতে তৈলম, অতঃ দোষএব বিদ্যতে।

অতপর পুনরায় অভিব্যক্তিবাদে প্রকারান্তরে দোষ উদ্ভাবন করিতেছেন নন্থ ইত্যাদি। এই প্রকারে অসৎকার্য্যাপত্তি দোষ উপস্থিত হয় ; অর্থাৎ—কারক ব্যাপারের পূর্বে মৃৎপিণ্ডে ঘটাভিব্যক্তির অভাব স্বীকার করিলে অসৎকার্যবাদ স্বীকার করা হইল। পূর্বে মৃৎপিণ্ডাদিতে ঘটাদির অভিব্যক্তির অভাব ছিল, তাহার কারক ব্যাপারের দ্বারা অভিব্যক্তির উৎপাদন স্বীকার করা হেতু অসৎকার্য্যবাদ হয়। তাৎপর্য্য এই যে-মৃত্তিকাতে ঘটের অভাব হেতু কারক ব্যাপারের দ্বারা ঘটাভিব্যক্তি স্বীকার করিলে অসৎ কার্য্যবাদ প্রসঙ্গ হইবে ; যে হেতু মৃত্তিকাতে ঘটের সত্বা নাই।

এই প্রকার আশঙ্কা করিয়া পরিহার করিতেছেন—নৈবম্' এই কথা বলিতে পারেন না। যে হেতু সেই অভিব্যক্তি কার্য্যত্বের হয়। অনন্তর কার্য্যের লক্ষণ বলিতেছেন স্বতন্ত্র' ইত্যাদি। যাহা স্বতন্ত্র অভিব্যক্তিমান তাহা কার্য্য . তাহা অভিব্যক্তিতে নাই। আশ্রয়াভিব্যক্তির দ্বারাই তাহা সিদ্ধ হয়। অর্থাৎ—স্বতন্ত্রাভিব্যক্তিমত্বা অভিব্যক্তিতে নাই , আশ্রয়াভিব্যক্তির দ্বারাই অভিব্যক্তির অভিব্যক্তি সিদ্ধ হয় . যেমন—ঘট প্রকাশের দ্বারাই ঘটাভিব্যক্তি সিদ্ধ হয় . যে হেতু অভিব্যক্তি ও ঘট সমবায় সম্বন্ধে বিদ্যমান থাকে।

শঙ্কা—এইস্থলে আমাদের (অসৎকার্যবাদিদের) আশঙ্কা এই যে—ঘটকে অভিব্যক্তি করিতে প্রদীপ প্রজ্বলিত করিলে পটাদিও আভিব্যক্ত হয় ; অতএব অভিব্যক্তির নিয়ত অভিব্যঙ্গ বিশেষ দেখা যায় না. এই প্রকার ঘটনির্মাণের নিমিত্ত কারক ব্যাপারের দ্বারা পটাদি ও অভিব্যক্ত হয়। যেমন—মৃৎপিণ্ড দণ্ড চক্র কুম্ভকারাদি কারণ সমূহের দ্বারা ঘটনির্মাণ কার্য্য আরম্ভ করিলে যে প্রকার ঘটাভিব্যক্তি হয় : সেই প্রকার পটেরও অভিব্যক্তি হউক। যে হেতু অভিব্যক্তির কোন প্রকারান্তর নাই, তাহা এক প্রকারই। যে হেতু অভিব্যক্তি অনিয়ত স্বভাব।

অসতঃ কার্য্যোৎপত্তিরিতি বদন্তি তন্মন্দম্ ক্ষোদাক্ষমত্বাৎ। তথাহি ব্যাপারাৎ প্রাগসচ্চেৎ

দ্বিতীয়ে তু নিয়তোঽভিব্যঙ্গ ইতি-তথাচ পরব্রহ্মণঃ সৃষ্টিবিষয়ে দোষাভাবাৎ অবয়ব সংস্থান সম্বন্ধরূপাভিব্যক্তেঃ সংযতনিয়মত্বাৎ প্রকৃতে দোষাভাব ইত্যর্থঃ। অথ অসদ্‌বাদং নিরাকুর্ব্বন্তি—যত্তু ইতি। তথাচ গৌতমসূত্রম্—৪।১।৪৯ "প্রাগুৎপত্তেরুৎপত্তিধর্ম্মকমসদিত্যদ্ধা উৎপাদব্যয় দর্শনাৎ" বিশ্বনাথবৃত্তিঃ—উৎপত্তিধর্ম্মকং উৎপত্তিধর্ম্মকত্বেনোপলভ্যমানং পটাদিকং উৎপত্তেঃ প্রাগসদিতি অদ্ধা তত্ত্বম্ ; উৎপাদনাশয়োঃ প্রমিতত্বাৎ, ইদানীং ঘটো বিনষ্ট ইতি প্রত্যয়াৎ ; সতস্তু নোৎপত্তিসম্ভবঃ ; উৎপন্নপুনরুৎপাদ প্রসঙ্গাৎ। ইতি।

সমাধান—এই আশঙ্কার সমাধান কল্পে বলিতেছেন—তৎ' ইত্যাদি। তাহার ব্যাপারের দ্বারা, অর্থাৎ কারক ব্যাপারের দ্বারা নিষ্পন্ন ঘটাদিসংস্থান যোগ রূপ কম্বুগ্রীবাদি রূপাভিব্যক্তি নিয়তা ভিব্যঙ্গ স্বরূপ ; সুতরাং প্রকৃতে ব্রহ্মকারণ বাদে অথবা অভিব্যক্তিবাদে কোন প্রকার দোষ নাই। অতএব প্রদীপ প্রজ্বলিত করিলে ঘটের সহিত পটের অভিব্যক্তি হয় নাই। যে হেতু পট ও ঘট পৃথক দ্রব্য। ঘট দ্রব্যের সহিত ঘট অভিব্যক্ত হয় কিন্তু পট হয় না। এই প্রকার ঘট নির্মাণের নিমিত্ত কারক ব্যাপারের দ্বারা পট অভিব্যক্ত হয় না। যে হেতু ঘট ও পটের উপাদানের ভেদ বিদ্যমান আছে। বিশেষ কথা এই যে—অভিব্যক্তি দুই প্রকার আবৃত্তিভঙ্গ ও সংস্থানযোগ রূপ। তন্মধ্যে প্রথম আবৃত্তিভঙ্গ এই প্রকার--যেমন তিল হইতে তৈল ; তাহা অভিব্যক্তি হইলে তাহা আর পুনরায় আবৃত্তি হইবে না। এই স্থলে তিল হইতে পুনঃ তৈল অভিব্যক্ত হয় ন, অতএব এই আবৃত্তিভঙ্গ বাদে কিঞ্চিৎ দোষ বিদ্যমান আছে। দ্বিতীয়ে সংস্থানযোগ রূপ অভিব্যক্তি বাদে নিয়ত অভিব্যঙ্গ হয়। সুতরাং পরব্রহ্মের সৃষ্টি বিষয়ে দোষাভাব হেতু অবয়ব সংস্থান সম্বন্ধ রূপ অভিব্যক্তির সংযত নিয়ম হেতু প্রকৃতে অভিব্যক্তি বাদে কোন প্রকার দোষ নাই ইহাই অর্থ। অতঃপর অসৎকার্য্যবাদ নিরাকরণ করিতেছেন যত্তু' ইত্যাদির দ্বারা। এই বিষয়ে গৌতমসূত্র এই প্রকার-উৎপত্তিধর্মক উৎপত্তির পূর্বে অসৎছিল ইহাই তত্ত্ব ; যে হেতু উৎপাদনশীল বস্তুর নাশ দেখা যায়। এই সূত্রের বিশ্বনাথবৃত্তি এইরূপ-উৎপত্তি ধর্মকত্বরূপে উপলভ্যমান পটাদি উৎপত্তির পূর্বে অসৎছিল ইহাই সিদ্ধান্ত বলিয়া জানিবে ; যে হেতু উৎপত্তি এবং নাশ এই উভয় বস্তু অসৎ বলিয়া প্রমাণিত হইয়াছে। যেমন ইদানীং ঘট উৎপন্ন হইল, ইদানীং ঘট বিনষ্ট হইল' এই প্রকার প্রত্যয় হেতু উৎপত্তি বিনাশ অসৎ। সৎ বস্তুর কখনও উৎপত্তি সম্ভব নহে। সৎ বস্তুর উৎপত্তি স্বীকার করিলে পুনরুৎপাদ প্রসঙ্গ উপস্থিত হয়। এবং কণাদকৃত সূত্রও এই প্রকার আছে—ঘটাদির ক্রিয়া ও গুণের ব্যপদেশের অভাব হেতু উৎপত্তির পূর্বে অসৎ ছিল। এই সূত্রের উপস্কার ব্যাখ্যা—প্রাক অর্থাৎ—কার্য্যোৎপত্তির পূর্বে কার্য্য ঘটাদি অসৎ তৎকালিন-ঘটোৎপত্তিকালিন ঘট জনকাভাব প্রতিযোগী ইহাই অর্থ।

কার্য্যং তর্হি সর্ব্বস্মাৎ সর্ব্বমুৎপদ্যেত, সর্ব্বত্র সর্ব্বাভাব সৌলভ্যাৎ। তিলেভ্যস্তৈলমিব

এবং কণাদসূত্রঞ্চ—৯।১।১ "ক্রিয়া গুণ ব্যপদেশাভাবাৎ প্রাগসৎ" উপস্কারঃ—প্রাগিতি কার্য্যোৎপত্তেঃ প্রাক্ কার্য্যং ঘটপটাদি অসৎ, তৎ কালিন স্বজনকাভাব প্রতিযোগীত্যর্থঃ। অত্র হেতুঃ ক্রিয়াগুণ ব্যপদেশাভাবাৎ। যদি তদানীমপি কার্য্যং ঘটাদি সদেব স্যাৎ তদা ক্রিয়াবত্ত্বেন গুণবত্ত্বেন চ ব্যপদিশ্যেত, যথা উৎপন্নে ঘটে 'ঘটস্তিষ্ঠতি' ঘটশ্চলতি' 'রূপবানয়ং দৃশ্যতে ঘটঃ' ইত্যাদি প্রকারেণ ব্যপদিশ্যতে, ন তথা উৎপত্তেঃ প্রাগপি ব্যপদেশোঽস্তি; তেন গম্যতে তদানীমসদিতি। ইতি চ। ইতি অসতঃ কার্য্যোৎপত্তিরিতি অসদুপাদানাৎ ঘট পটাদি সৎ কার্যোৎপত্তিঃ ভবতীতি বদন্তি তন্নোপপদ্যতে, বিচারাযোগ্যত্বাৎ।

এই বিষয়ে হেতু—ক্রিয়া গুণ ব্যপদেশের অভাব হেতু। যদি ঘটোৎপত্তির পূর্বকালে কার্য্য-ঘটাদি সৎ-বর্ত্তমান থকে, তবে সেই কালে ঘটকে ক্রিয়াবত্ত্বরূপে গুণবত্ত্বরূপে ব্যপদেশ করা হইত, যেমন উৎপন্ন কালীন ঘটে- "ঘট অবস্থান করিতেছে" "ঘট রূপবান্ দেখা যাইতেছে" "ঘট চলিতেছে" এইপ্রকার ব্যপদেশকরা হইত, কিন্তু সেই প্রকার উৎপত্তির পূর্বে ব্যপদেশ করা হয় না। ইহার দ্বারা এই বুঝা যায় তদানীং উৎপত্তির পূর্বে ঘটাদি ছিল না।

অতএব অসৎ হইতেই কার্য্যের উৎপত্তি হয় : অর্থাৎ অসদুপাদান হইতেই ঘটাদি সৎকার্য্যের উৎপত্তি হয়। অসৎকার্য্যবাদিরা যে এই প্রকার সিদ্ধান্ত করেন তাহা উপপন্ন হয় না; যে হেতু তাহা বিচারের অযোগ্য। অনন্তর ক্ষোদাক্ষম প্রকার প্রতিপাদন করিতেছেন—তথাহি' ইত্যাদি। ব্যাপারের পূর্বে কার্য্য যদি অসৎ হয়; তবে সকল পদার্থ হইতে সকলের উৎপত্তি হইবে। অর্থাৎ—কুম্ভকারাদির কারক ব্যাপারের পূর্বে ঘটাদি কার্য্য যদি অসৎ হয়, তবে সকল বস্তু হইতে সকলের উৎপত্তি হইবে; যেমন সূত্ররূপ উপাদান হইতে ঘট উৎপন্ন হইবে; মৃত্তিকা উপাদান হইতে পট উৎপন্ন হইবে ইত্যাদি। অপর সর্বত্র সর্বোপাদানের অভাব সুলভ হওয়া হেতু, অর্থাৎ—ঘটকারণ মৃত্তিকাতে ঘট কার্য্যের অভাব, পটের কারণ যে তন্তু তাহাতে পটকার্য্যের অভাব হেতু অসৎকার্য্য বাদ বিচারের অযোগ্য। ব্যাপারের পূর্বে কারণে কার্য্যের অসত্তা স্বীকার করিলে দোষান্তরের সম্ভাবনা হয় তাহা বলিতেছেন—তিলেভ্যঃ' ইত্যাদি। যে প্রকার তিল হইতে তৈল উৎপন্ন হয় সেই প্রকার দুগ্ধ প্রভৃতি ও উৎপন্ন হইবে; কিন্তু তাহা হয় না। অসৎকার্য্যবাদে দোষান্তর বলিতেছেন- অকর্ত্তৃকা" ইত্যাদি। উৎপত্তির কেহ কর্ত্তা হইবে না, যে হেতু কার্য্যের কোন পূর্ব সত্ত্বা নাই। অর্থাৎ—"ঘটজাত হইতেছে" এই স্থলে ঘটের উৎপত্তি কর্তৃত্ব প্রতীতি হইতেছে; উৎপত্তির পূর্বে ঘটের অত্যন্তাভাব স্বীকার করিলে তাহার ঘট কর্তৃত্ব বলিতে সমর্থ হইবেন না। সুতরাং ঘটোৎপত্তি অকর্তৃকা হইয়া যায়। এই প্রকার কি ভাবে হয়? তদুত্তরে বলিতেছেন—কার্য্যের" ইতি। কারণে কার্য্যের অত্যন্তাভাব হেতু। অনন্তর

ক্ষীরাদিকমপ্যুৎপন্নং স্যাৎ। অকর্ত্তৃকা চোৎপত্তিঃ কার্য্যস্যাসত্ত্বাৎ। ন চ কারণনিষ্ঠা শক্তিরেব কার্য্যং নিযচ্ছেদিতি বাচ্যম্ অসতা সহাসম্বন্ধাৎ। কিঞ্চোৎপত্তিরুৎপদ্যতে? ন বা? আদ্যে অনবস্থা। অন্ত্যেঽপি অসত্ত্বাৎ নিত্যত্বাদ্বা অনুৎপত্তিরিতি পক্ষদ্বয়মসাধু। সর্ব্বদাকার্য্যানু

অথ ক্ষোদাক্ষমত্বং প্রতিপাদয়ন্তি—তথাহীতি। কুলালাদি কারক ব্যাপারাৎ প্রাক্ ঘটাদিকার্য্যং চেদ সদ্ ভবতি তর্হি সর্ব্বস্মাৎ সর্ব্বমুৎপদ্যতে; সূত্রোপাদানাৎ ঘটমুৎপদ্যতে; মৃত্পাদানাৎ পটমুৎপদ্যতে ইতি। কিঞ্চ সর্ব্বত্রেতি—ঘটকারণে তন্তৌ পট কার্য্যাভাবাৎ; তথাত্বে দোষমাহুঃ—তিলেভ্য ইতি। দোষান্তরঞ্চ অকর্ত্তৃকা চোৎপত্তিরিতি। "ঘটো জায়তে" ইত্যত্র ঘটস্যোৎপত্তি কর্ত্তৃত্বং প্রতীতং প্রাগুৎপত্তে র্ঘটস্য অত্যন্তমসত্বে তস্য ঘটকর্ত্তৃত্বং ন শক্যং বক্তুম্' ইতি অকর্ত্তৃকা ঘটোৎপত্তিরিত্যর্থঃ। কুত এবং স্যাৎ? তত্রাহুঃ—কার্য্যস্যেতি। কারণে কার্য্যস্য অসত্ত্বাৎ। অথ প্রকারান্তরেণ অসৎকার্য্যবাদং নিরাকুর্ব্বন্তি ন চেতি।

ননু কুলালাদি নিমিত্ত কারণনিষ্ঠা শক্তিরেব ঘটাদিকার্য্যং নিযচ্ছেৎ—নিয়ম্যনিয়ামকো ভবেদিতি চেৎ তত্রাহুঃ—অসতা ইতি কার্য্যস্য অসত্বাৎ তেনাসতা কার্য্যেণ সহ কুলালাদিকারণনিষ্ঠা শক্তেঃ তত্র নিয়ম্য-নিয়ামক ভাবলক্ষণঃ সম্বন্ধো ন সম্ভবেৎ; সত এব পদার্থস্য সম্বন্ধো দৃশ্যতে, ন তু আকাশকুসুমস্য বন্ধ্যানন্দনস্য বা কেনাপি সহ সম্বন্ধো দৃশ্যতে শ্রূয়তে বা। তস্মাৎ অসৎকার্য্যবাদং স্বগোষ্ঠিষু মনোবিনোদমাত্রম্, ন তু সিদ্ধান্তকক্ষামারোঢ়ুমর্হতীতি।

প্রকারান্তরে অসৎকার্য্যবাদ নিরাকরণ করিতেছেন - ন চ' ইত্যাদি। আপনারা (অসদ্‌বাদিরা) যদি বলেন—"কারণ নিষ্ঠাশক্তিই কার্য্য উৎপাদন করে" এই প্রকার কল্পনা করা উচিৎ নহে; যে হেতু অসতের সহিত সম্বন্ধ হয় না। অর্থাৎ যদি বলেন কুম্ভকারাদি নিমিত্তকারণ নিষ্ঠা যে শক্তি, সেই শক্তিই ঘটাদিকার্য্যকে নিয়মিত করে' অর্থাৎ নিয়ম্য নিয়ামক হয়।

তদুত্তরে বলিতেছেন—কার্য্যের অসত্ব হেতু, সেই অসৎ কার্যের সহিত কুলালাদি নিমিত্ত কারণ নিষ্ঠা শক্তির নিয়ম্য নিয়ামক ভাব সম্বন্ধ সম্ভব হয় না। সৎ পদার্থেরই সম্বন্ধ দেখা যায়; কিন্তু আকাশকুসুমের; অথবা বন্ধ্যা নন্দনের কাহারও সহিত সম্বন্ধ দেখা যায় বা শ্রবণ করা যায় কি? অতএব অসৎকার্য্যবাদ নিজগোষ্টির মধ্যে মনোবিনোদন করা মাত্র, তাহা সিদ্ধান্তকক্ষা আরোহণ করে না। অনন্তর স্থুণানিখনন ন্যায়ের দ্বারা পুনরায় অসৎকার্য্যবাদ নিরাকরণের ইচ্ছায় শঙ্কা উৎপাদন করিতেছেন—কিঞ্চ" ইত্যাদি। আরও—উৎপত্তি উৎপন্ন হয়? অথবা উৎপত্তি হয় না? অর্থাৎ—অসৎকার্য্যবাদে ঘটাদির যে উৎপত্তি তাহা উৎপন্ন হয়? অথবা হয় না? আদ্য পক্ষে অনবস্থা; অর্থাৎ - যদি উৎপত্তির উৎপত্তি হয়, তাহা স্বীকার করিলে; উৎপত্তির উৎপত্তি, পুনঃ তাহার উৎপত্তি, আবার উৎপত্তির উৎপত্তি,

পলম্ভোপলম্ভ প্রসঙ্গাৎ ননূৎপত্তেঃ স্বয়মুৎপত্তিরূপত্বাৎ কিমুৎপত্ত্যন্তরকল্পনয়া' ইতিচেৎ ? সমমেতদভিব্যক্তাবিতি হি বক্তব্যম্ ॥১৪॥

অথ স্থূণাখনন ন্যায়েন পুনরসৎকার্য্যবাদং নিরাকর্ত্তুমিচ্ছন্ শঙ্কামুৎপাদয়ন্তি—কিঞ্চেতি। অথ অসৎকার্য্যবাদে ঘটাদের্যদুৎপত্তিঃ সা উৎপদ্যতে, ন বা ? আদ্যে উৎপদ্যতে চেৎ—উৎপত্তেরুৎপত্তিরস্তি, ইতি পক্ষে তস্যা অপি উৎপত্তিঃ পুন স্তস্যা উৎপত্তিঃ এবমুৎপত্তেরুৎপত্তিঃ' ইতি, উপপাদ্য উপপাদকয়োরবিশ্রান্তিরূপানবস্থা দোষঃ স্যাৎ। অন্ত্যে উৎপত্তেরুৎপত্তি র্নাস্তীতি পক্ষে, অসত্বাৎ, উৎপত্তির্নোৎপদ্যতে তস্যা অসত্বাদিতি চেৎ তর্হি সর্ব্বদা ঘটাদিকার্য্যস্য উপলম্ভো ন ভবেৎ। যদি নিত্যত্বাৎ - অথ উৎপত্তির্নোৎপদ্যতে তস্যা নিত্যত্বাৎ নিত্যং সত্বাদিতি চেৎ তর্হি সর্ব্বদা ঘটকার্য্যমুপলভ্যেত। ন চ এবমস্তি। পক্ষদ্বয়মিতি—উৎপত্তেরুৎপত্তিরস্তীতি প্রথম পক্ষম্ ; উৎপত্তেরুৎপত্তির্নাস্তীতি দ্বিতীয়পক্ষম্। এবং পক্ষদ্বয়মসাধুরসঙ্গতমিত্যর্থঃ। এতৎ পক্ষদ্বয়স্বীকারে কিং ভবেদিত্যপেক্ষায়ামাহুঃ—'সর্ব্বদা' ইত্যাদি।

এই প্রকার উপপাদ্য উপপাদকের অবিশ্রাম রূপ অনবস্থা দোষ হইবে। অন্ত্যে ও অসত্ব হেতু, এবং নিত্যত্ব হেতু উৎপত্তি হইবে না ; এই প্রকার এই দুইটি পক্ষই অসাধু।

অর্থাৎ—উৎপত্তির উৎপত্তি নাই' এই পক্ষেও অসত্বহেতু, উৎপত্তির উৎপত্তি হয় না, যে হেতু তাহার কোন সত্বা নাই, এই প্রকার স্বীকার করিলে ; তবে সর্বদা ঘটাদিকার্য্যের উপলম্ভ হইবে না। যদি নিত্যত্বাৎ, অর্থাৎ উৎপত্তির উৎপত্তি হয় না, তাহার সত্বা নিত্যই বর্ত্তমান আছে, তাহা হইলে সর্বদাই ঘটকার্য্যের উপলব্ধি হইবে, কিন্তু এই প্রকার দেখা যায় না। অতএব দুইটি পক্ষ, অর্থাৎ—উৎপত্তির উৎপত্তি আছে, এই প্রথম পক্ষ ; তথা উৎপত্তির উৎপত্তি নাই, এই দ্বিতীয় পক্ষ, এই দুইটি পক্ষই অসঙ্গত।

যদি বলেন—এই পক্ষদ্বয় স্বীকার করিলে কি দোষ হইবে ? তদুত্তরে বলিতেছেন—সর্বদা ইত্যাদি। তাহা হইলে সর্বদা কার্য্যের উপলব্ধি ও অনুপলব্ধি প্রসঙ্গাপত্তি হয় ; সুতরাং অসৎকার্য্যবাদ অস্বীকার্য্য।

শঙ্কা এই স্থলে আমাদের বক্তব্য (অসৎকার্য্যবাদিদের) এই যে - উৎপত্তিবাদে দুইটি পক্ষই অসাধু, অর্থাৎ অপসিদ্ধান্ত যুক্ত হউক ; তাহাতে কোন আপত্তি নাই ; আমরা কিন্তু উৎপত্তির স্বয়ংরূপত্ব স্বীকার করি, উৎপত্ত্যন্তর কল্পনা করি না।

সমাধান—এই আশঙ্কার সমাধান কল্পে বলিতেছেন—ননু" ইত্যাদি। যদি বলেন—উৎপত্তির স্বয়ং উৎপত্তিরূপত্ব হেতু উৎপত্ত্যন্তর কল্পনার প্রয়োজন কি ? তদুত্তরে বলিব-উৎপত্তির স্বয়ংরূপত্ব এবং অভিব্যক্তি এই উভয়েই সমান তাহাই বলিতে হইবে। এই বিষয়ে অভিযুক্ত বাক্য এই প্রকার—

ননু ভবতু উৎপত্তিবাদে পক্ষদ্বয়মসাধু ; বয়ন্তু উৎপত্তেঃ স্বয়ংরূপত্বাৎ ন উৎপত্যন্তরং কল্পনাং কুর্ম্ম, ইতি চেৎ তত্রাহুঃ ননু ইতি। সমমেতদিতি—যদুক্তমভিযুক্তৈঃ—যত্রোভয়োঃ সম দোষঃ পরিহারোঽপি বা সমঃ। নৈকঃ পর্য্যানুযোক্তব্যঃ তাদৃগর্থবিচারণে॥ ইতি খণ্ডনখণ্ডখাদ্যে শ্লোকবার্ত্তিক বাক্যম্ (২য় পরি—৫৬৮ পৃ॰) উভয়োঃ—বাদি প্রতিবাদিনোঃ ; পর্য্যনুযোক্তব্যঃ প্রতিষিধেয়ঃ। তথাচ শ্রুতি স্মৃতিসূত্রসম্মতত্বাৎ অভিব্যক্তি পক্ষ এব শ্রেয়ানিতি ভাষ্যার্থঃ।

অত্র শ্রীপরমাত্মসন্দর্ভে—শ্রীমদাচার্যচরণাঃ—(২৪৩ পৃ॰, ১৩৬ অনু॰) অত্র সৎকার্য্যবাদিনাময়মভিপ্রায়ঃ—মৃৎপিণ্ডাদি কারণৈর্যো ঘট উৎপদ্যতে স সৎ অসৎ বা ? আদ্যে পিষ্টপেষণম্। দ্বিতীয়ে ক্রিয়য়া—কারকৈশ্চ তৎ সম্বন্ধস্য খপুষ্পধারণবদ্‌সদ্ ভাবাৎ তেন চ তেষামন্যথাত্বাৎ কথং তৎ সিদ্ধিরিতি দিক্। তস্মান্ন প্রকটমেব সন্ ন চাত্যন্তমসদ্ কিন্তু অনাদিতয়া মৃৎপিণ্ড এব স্থিতোঽসৌ, যথা কারক তন্নিষ্পন্নক্রিয়াযোগেন ব্যজ্যতে : তথা ত্বয়ি স্থিতং বিশ্বং ত্বৎস্বাভাবিকশক্তি তন্নিষ্পন্নক্রিয়াযোগেনেতি। অত্র সবেদান্তিত্ব প্রখ্যাপকানামপি অন্যথা মননং বেদান্তবিরুদ্ধমেব ; মন এব ভূতকার্য্যমিতি হি অত্র প্রসিদ্ধম্। যুক্তিবিরুদ্ধঞ্চ।

যে স্থলে বাদী ও প্রতিবাদী এই উভয়ের সমান দোষ, এবং তাহাব পরিহারও সমান, এতাদৃশ অর্থ বিচার বিষয়ে কোন একটির প্রতিবিধান করা উচিত নহে। ইহা খণ্ডন খণ্ডখাদ্যে শ্লোক বার্ত্তিকবাক্য। অতএব শ্রুতি স্মৃতি সূত্র সম্মত হেতু অভিব্যক্তি পক্ষই শ্রেয়ঃপন্থা' ইহাই এই ভাষ্যের অর্থ। এই অসৎকার্য্যবাদসম্বন্ধে শ্রীপরমাত্মসন্দর্ভে শ্রীমদাচার্য্যদেব এই প্রকার বলিয়াছেন—এই স্থলে সৎকার্য্যবাদিগণের অভিপ্রায় এই যে মৃৎপিণ্ডাদি ও কারকাদির দ্বারা যে ঘট উৎপন্ন হয়, তাহা সৎ ? অথবা অসৎ ? আদ্যে অর্থাৎ ঘট যদি সৎ হয়,তবে তাহার উৎপত্তির নিমিত্ত কারকাদিব্যাপার পিষ্ট পেষণ মাত্র।

দ্বিতীয়ে-অর্থাৎ ঘট যদি অসৎ হয়, তাহা হইলে ক্রিয়ার দ্বারা ও কর্ত্তৃত্বাদি কারক সকলের দ্বারা ঘটসম্বন্ধের অকাশ কুসুম ধারণ সদৃশ অসদ্‌ভাব হেতু তাহার দ্বারা তাহাদের অর্থাৎ মৃৎপিণ্ডাদির দ্বারা কারকাদির অন্যথাত্ব হেতু কি প্রকারে অসৎসিদ্ধি হইবে। অতএব ঘট প্রকট মাত্রেই সৎ নহে, এবং অত্যন্ত অসৎও নহে ; কিন্তু অনাদিসিদ্ধ রূপে মৃৎপিণ্ডের মধ্যেই সেই ঘট অবস্থান করিতেছে ! যে প্রকার ঘট মৃৎপিণ্ড হইতে কারক এবং কারক নিষ্পন্ন ক্রিয়াযোগের দ্বারা অভিব্যক্ত হয়। সেই প্রকার আপনাতে অবস্থিত এই বিশ্ব আপনার স্বাভাবিক শক্তি, এবং শক্তিনিষ্পন্ন ক্রিয়াযোগের দ্বারা অভিব্যক্ত হয়। এই স্থলে নিজেকে বেদান্তিত্ব রূপে প্রখাপনকারিগণেরও অন্যথা মনন করা বেদান্ত শাস্ত্র বিরুদ্ধ বলিয়াই জানিতে হইবে।

কারণ সেই মতে মনকে পঞ্চভূতের কার্য্য বলিয়াছেন, তাহা সেই মতে প্রসিদ্ধি আছে। এবং ঐ মতে যুক্তি বিরুদ্ধও দেখা যায়—যে হেতু মন অহঙ্কার প্রভৃতির মনের কল্পনামাত্র হওয়া সম্ভব নহে। তাহা হইলে বেদবিরুদ্ধ-অনীশ্বর বাদ প্রসঙ্গ উপস্থিত হয়। কিন্তু অনীশ্বর বাদ অতিশয়

মনোঽহঙ্কারাদীনাং মনঃকল্পিতত্বাসম্ভবাৎ ; তথা সতি বেদবিরুদ্ধোঽনীশ্বর বাদঃ প্রসজ্জেত। স চ নিন্দিতঃ। (১৩৭) পাদ্মে শ্রুতয়ঃ স্মৃতয়শ্চৈব যুক্তয়শ্চেশ্বরং পরম্। বদন্তি তদ্ বিরুদ্ধং যো বদেত্ত স্মান্নচাধমঃ॥ শ্রীগীতোপনিষদাদি দৃষ্ট্যা কেচিচ্চ এবং ব্যাচক্ষতে—অসত্যমপ্রতিষ্ঠং তে জগদাহুরনীশ্বরম্। অপরস্পর সম্ভূতং কিমন্যৎ কামহৈতুকম্॥ ১৬।৮ অসত্যং মিথ্যাভূতং ; সত্ত্বাসত্ত্বাভ্যামনির্ব্বচনীয়ত্বেনা প্রতিষ্ঠং ; নির্দ্দেশশূন্যং স্থাণৌ পুরুষবং ব্রহ্মণি ঈশ্বরত্বস্যাপি অজ্ঞানকল্পিতত্বাৎ।

ঈশ্বরাভিমানী তত্র কশ্চিন্নাস্তি, ইত্যনীশ্বরমেব জগৎ। অপরস্পরসম্ভূতং অনাদ্যজ্ঞান পরম্পরা সম্ভূতম্ : অপরস্পরাঃ ক্রিয়া সাতত্যে ; অতঃ কামহৈতুকম্, মনঃ সঙ্কল্পমাত্রজাতং স্বপ্নবদি ত্যর্থঃ। অত্র—"প্রবৃত্তিঞ্চ" (গী ১৬।৭) ইত্যাদিনা তেষাং সংস্কারদোষ উক্তঃ। "এতাং দৃষ্টিং" (গী০ ১।৫।৯) ইত্যাদিনা তু গতিশ্চ নিন্দিষ্যতে ইতি জ্ঞেয়ম্। (১৩৯) এভিরদ্বৈতবাদিভিরেব ব্রহ্মণ ঐশ্বর্য্যোপাধি র্মায়াপি জীবাজ্ঞান কল্পিতা তয়া এব জগৎ সৃষ্টেরিতিমতম্। যদুক্তং তদীয়ভাষ্যে—"তদনন্যত্বম্" ইত্যাদি সূত্রে "সর্ব্বজ্ঞেশ্বরস্য" আত্মভূতে ইবাবিদ্যাকল্পিতে নামরূপে তত্ত্বাতত্ত্বাভ্যামনির্ব্বচনীয়ে সংসার প্রপঞ্চবীজ ভূতে সর্ব্বজ্ঞেশ্বরস্য মায়াশক্তি প্রকৃতিরিতি। শ্রুতিস্মৃত্যোরভিলপ্যেতে ইতি। কিন্তু "বিদ্যাবিদ্যে মম তনূ" ইত্যাদি শ্রীভগবদ্‌বাক্যে ন তু বিরুদ্ধং ইতি অতো মায়াবাদতয়া অয়ং বাদঃ খ্যায়তে। ১৪০ তদেবং পাদ্মোত্তরখণ্ডে দেবীং প্রতি পাষণ্ডশাস্ত্রগণনে শ্রীমহাদেবেনোক্তম্—মায়াবাদমসচ্ছাস্ত্রং প্রচ্ছন্নং

নিন্দিত। এই বিষয়ে শ্রীপদ্মপুরাণে বর্ণিত আছে - শ্রুতি সকল, স্মৃতি সকল এবং যুক্তি সকল এক ঈশ্বরকেই জগতের পরম কারণ বর্ণনা করেন ; কিন্তু যে ব্যক্তি এই সকলের বিরুদ্ধ বলে অর্থাৎ নিরীশ্বরবাদ স্থাপন করে তাহা হইতে আর অধম মনুষ্য নাই।

শ্রীগীতোপনিষদাদির বাক্য দেখিয়া কেহ কেহ এই বলেন—তাহারা এই জগৎকে অসত্য, অপ্রতিষ্ঠা, অনীশ্বর, অপরস্পরসম্ভূত, অধিক কি বলিব জগৎ কাম ভোগের হেতু হয় " এই প্রকার বলিয়া থাকেন। এই শ্লোকের ব্যাখ্যা অসত্য-মিথ্যাভূত, সত্ত্ব এবং অসত্ত্বের দ্বারা অনির্বচনীয় হেতু অপ্রতিষ্ঠ ; অর্থাৎ নির্দেশ শূন্য, স্থাণুতে পুরুষবুদ্ধিবৎ ব্রহ্মে ঈশ্বরত্বেরও অজ্ঞান কল্পনা হেতু ; অর্থাৎ অজ্ঞানের দ্বারা ঈশ্বরের কল্পনা করা হইয়াছে। জগৎকার্য্যের প্রতি ঈশ্বরাভিমানী কোন কর্ত্তা পুরুষ নাই, সুতরাং জগৎ অনীশ্বর।

অপরস্পরসম্ভূত-অনাদি অজ্ঞান পরম্পরা সম্ভূত। অপরস্পর ক্রিয়াসাতত্যে ; অর্থাৎ অজ্ঞান সততই বিদ্যমান আছে। এই স্থলে এই প্রকার কল্পনা করার কারণ বলিতেছেন—অতএব কাম হেতু অর্থাৎ মনের সঙ্কল্পমাত্র জাত এই জগৎ স্বপ্নবৎ ইহাই অর্থ। এই প্রকার জগৎকে অনীশ্বরাদি বলার হেতু বলিতেছেন—প্রবৃত্তি' ইত্যদি। অর্থাৎ—সৎকার্য্যে প্রবৃত্তি, এবং অসৎকার্য্য হইতে নিবৃত্তি অসুরস্বভাব যুক্ত মানব জানে না।

বৌদ্ধমুচ্যতে। ময়ৈব কল্পিতং দেবি ! কলৌ ব্রাহ্মণরূপিনা ॥ ব্রহ্মণশ্চাপরং রূপং নির্গুণং বক্ষ্যতে ময়া। সর্ব্বস্য জগতোঽপ্যস্য মোহনার্থং কলৌ যুগে ॥ বেদান্তে তু মহাশাস্ত্রে মায়াবাদমবৈদিকম্। ময়ৈব বক্ষ্যতে দেবি ! জগতাং নাশকারণাৎ ॥ ইতি ; তচ্চ অসুরাণাং মোহনার্থং ভগবত এব আজ্ঞয়া ইতি। তত্রৈবোক্তমস্তি।

১৪৪ তথাচ পাদ্মে ; এবমন্যত্র শৈবে চ দ্বাপরাদৌ যুগে ভূত্বা কলয়া মানুষাদিষু। স্বাগমৈঃ কল্পিতৈস্ত্বঞ্চজনান্ মদ্ বিমুখান্কুরু ॥ ইতি শ্রীভগবদ্বাক্যমিতি দিক্। ১৪২ অতএবোক্তং শ্রীনৃসিংহ পুরাণে যমবাক্যে –

বিষধর কণভক্ষ শঙ্করোক্তীর্দশবল পঞ্চশিখাক্ষ পাদপাদবাদান্। মহদপি সুবিচার্য্য লোকতন্ত্রং ভগবদুপাস্তিমৃতে ন সিদ্ধিরস্তি ॥ ইতি। সর্ব্বেঽত্র বাদগ্রন্থা এব নির্দিষ্টা ন তু মন্ত্রগ্রন্থা ইতি, নামক্ষরমেব সাক্ষাৎ নির্দ্দিষ্টমিতি চ নান্যথা মননীয়ং "আনন্দময়োঽভ্যাস্যাৎ" (১।১।৬।১২) ইত্যাদিষু বেদান্তসূত্রকারমতম্। তত্র দুষ্যতে ইতি ; যৎ ক্বচিৎ তৎ প্রশংসা বা স্যাৎ তদপি নিতান্ত নাস্তিকবাদং নির্জ্জিত্য অংশে নাপি আস্তিকবাদঃ স্থাপিত ইত্যপেক্ষয়া জ্ঞেয়ম্। তস্মাৎ স্বতন্ত্র ঈশ্বর এব সর্ব্বস্রষ্টা নতু জীবঃ। ইতি।

ইত্যাদির দ্বারা তাহাদের সংস্কার দোষ কথিত হইয়াছে। 'অল্পবুদ্ধি যুক্ত নষ্টাত্মা মানবগণ ক্ষয়ের নিমিত্তই হইয়া থাকে' ইত্যাদির দ্বারা তাহাদের গতিও নিন্দা করিবেন' ইহা জানিতে হইবে।

এই প্রকার আসুরিক বুদ্ধির দ্বারা বিমোহিত হইয়া অদ্বৈত বাদিগণ ও ব্রহ্মের ঐশ্বর্যোপাধি মায়াও জীবের অজ্ঞান দ্বারা কল্পিত' এবং ঐমায়ার দ্বারাই জগৎ সৃষ্টি হয়' এই রূপ তাহাদের মত। কারণ অদ্বৈতবাদির ভাষ্যেই ব্যক্ত আছে—"তাহা হইতে অন্য নহে" ইত্যাদিসূত্রে—সর্বেশ্বরের আত্মভূতা শক্তির সমান অবিদ্যাকল্পিত নাম রূপ তত্ত্ব অতত্ত্বাদির দ্বারা অনির্বচনীয় সংসার প্রপঞ্চের বীজভূতা সর্বজ্ঞ সর্বেশ্বরের মায়াশক্তি আছে, তাহাকে প্রকৃতি বলিয়া শ্রুতি স্মৃতি প্রভৃতি শাস্ত্রে বর্ণন করে। কিন্তু "বিদ্যা ও অবিদ্যা আমার শরীর" ইত্যাদি শ্রীভগবানের বাক্যে বিরুদ্ধ নহে।

অতএব মায়াবাদরূপে এইবাদ খ্যাতিলাভ করিয়াছে। এই প্রকার শ্রীপদ্মপুরাণের উত্তরখণ্ডে শ্রীদেবীর প্রতি প্যষণ্ড শাস্ত্রগণনা কালে শ্রীমহাদেব বলিয়াছেন—মায়াবাদ নামক অসৎ শাস্ত্র প্রচ্ছন্নরূপে বৌদ্ধশাস্ত্রই কথিত হইয়ছে, হে দেবি ! কলিকালে ব্রাহ্মণরূপের দ্বারা আমা কর্ত্তৃক কল্পিত হইয়াছে ! অপর কলিযুগে ব্রহ্মের চিন্ময় স্বরূপকে নির্গুণ বলিয়া আমা কর্ত্তৃক ব্যাখ্যা করা হইবে ; এবং তাহা সমস্ত জগতের মোহনের নিমিত্ত বলিয়াই জানিবে। বিশেষতঃ জগতের নাশের কারণ হেতু বেদান্ত নামক মহাশাস্ত্রে মায়াবাদরূপ অবৈদিকমত, হে দেবি ! আমিই বর্ণনা করিব। এই প্রকার বর্ণনা বা শ্রীমহাদেধের প্রতিজ্ঞা অসুরগণের মোহনের নিমিত্ত শ্রীভগবানের আদেশের দ্বারাই জানিতে হইবে' ইহা ঐ শ্রীপদ্মপুরাণেই কথিত আছে। পুনঃ শ্রীপদ্মপুরাণে, ও অন্যত্র শ্রীশিব পুরাণেও বর্ণিত

অথ তেষামেব শ্রীপরমাত্মাসন্দর্ভস্থানু ব্যাখ্যায়াং সর্ব্বসম্বাদিন্যাম্ -(৭৮ পৃ০) অত্র পরিণাম বাদে সোপোপত্তিকা চ শ্রুতিরবলোক্যতে- -(ছা০ ৬।১।৪) "বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্" ইতি। অয়মর্থঃ বাচয়া বাচারম্ভণমারম্ভো যস্য তৎ, বাচারভ্যতে যৎ তদিতি বা। যৎ কিঞ্চিৎ 'বাচারম্ভণং' বাচ্যং তৎ সর্ব্বমেব দণ্ডাদীনামপ্যন্যত্র সিদ্ধত্বাৎ। 'বিকারো নামধেয়ং' বিকার এব নামধেয়ং নামৈব স্বার্থে ধেয়ট্ ।

স চ ঘটাদির্বিকারো 'মৃত্তিকৈব' ; মৃত্তিকাদিকমেব দণ্ডাদিনা নিমিত্তেন আবির্ভূতাকারবিশেষং ঘটাদি ব্যবহারমাপদ্যতে ইতি ; ততো ন পৃথগিত্যর্থঃ। "ইত্যেব সত্যম্" ইতি, ন তু শুক্তিরজতাদিবদ্ বিবর্ত্তঃ, ন তু বা শুক্তেঃ সকাশাৎ স্বতোঽন্যত্র সিদ্ধং রজতমিব ভিন্নমিত্যর্থঃ, বাক্যান্তোপপদিষ্টস্য 'ইতি' শব্দস্য সমুদায়াম্বয়িত্বাৎ ; (ছা০ ৬।২।২) কথমসতঃ সজ্জায়তে" ইত্যাদিবৎ।

তত্রাপি শ্রুতৈবেতর মতাক্ষেপঃ। তদেবমেব 'ইতি' শব্দস্যাপি সার্থকতা ; ন তু 'মৃত্তিকৈব তু সত্যং' ইতি ব্যাখ্যানম্। ন হি অত্র বিকারত্বে কারণাভিন্নত্বে চ বিধেয়ে বাক্যভেদঃ ; প্রথমস্যানুবাদেন দ্বিতীয়স্য বিধানাৎ ; ততঃ চানুবাদেনাপি সিদ্ধবিধেয়ত্বভাব ধারণাদুভয়ত্র মুখ্যৈব প্রতিপত্তিরিতি। অত্র

আছে—হে শঙ্কর ! দ্বাপরের আদি কলিযুগে মানুষাদিরমধ্যে কলাভাগে ব্রাহ্মণ হইয়া তুমি নিজমনঃ কল্পিত আগমের দ্বারা মানব সকলকে আমার বিমুখ কর" ইহা শ্রীভগবানের বাক্য, এই প্রকার আরও জানিবে।

অতএব শ্রীনৃসিংহ পুরাণে শ্রীযমবাক্যে কথিত আছে—পতঞ্জলি, কণাদ, ও শঙ্করের উক্তি, এবং বুদ্ধ পঞ্চশিখ (সাংখ্য) অক্ষপাদ-গৌতমাদির মতবাদ সকল, এবং লোকতন্ত্র সকল সুষ্ঠুভাবে বারম্বার বিচার করিয়া ইহাই স্থির হইয়াছে যে শ্রীভগবানের উপাসনা বিনা কোন প্রকারে সিদ্ধিলাভ হইবে না এই স্থলে সর্বএই বাদগ্রন্থ বলিয়াই উল্লেখ আছে, কিন্তু মন্ত্রগ্রন্থের নির্দেশ নাই, এবং সকলের নামাক্ষর সকল সাক্ষাৎ ভাবে নির্দিষ্ট থাকায় কোন প্রকার আশঙ্কা করিবার প্রয়োজন নাই। সুতরাং "আনন্দময়োঽভ্যাসাৎ" ইত্যাদিস্থলে বেদান্ত সূত্রকার শ্রীব্যাসদেবের মত নিন্দাকরিয়াছেন, অতএব যে-কোন স্থলে তাহার সামান্য প্রশংসা দেখা যায় তাহাও নিতান্ত নাস্তিকবাদ বিজয় করিয়া, অংশের দ্বারা আস্তিক বাদ স্থাপন করিয়াছেন, এই অপেক্ষায় জানিতে হইবে। অতএব স্বতন্ত্র ঈশ্বরই সর্বস্রষ্টা, কিন্তু জীবনহে। অনন্তর শ্রীমদাচার্য্যপাদের শ্রীপরমাত্ম সন্দর্ভের অনুব্যাখ্যা - শ্রীসর্বসম্বাদিনীতে—এই স্থলে পরিণামবাদে উপপত্তিযুক্তি শ্রুতিবাক্যও অবলোকন করা যায় – মৃত্তিকা হইতে যে ঘটাদি হয় তাহা বিকার ও নামধেয় মাত্রতন্মধ্যে মৃত্তিকাই সত্য। এই শ্রুতিবাক্যের অর্থ এইপ্রকার—বাক্যের দ্বারা আরম্ভ যাহার তাহা, অথবা বাক্যের দ্বারা আরম্ভ করা হয় যাহা তাহা, যাহা কিছু বাচারম্ভণ বাচ্য তাহা সকলই, দণ্ডাদির অন্যত্রসিদ্ধ হেতু, বিকার ও নামধেয় বিকার এবং নামধেয়, নামই, এই স্থলে স্বার্থে ধেয়ট প্রত্যয় হইয়াছে। সেই ঘটাদির বিকার মৃত্তিকাই ; মৃত্তিকাদিকই দণ্ডাদি নিমিত্তকারণের দ্বারা আবির্ভূত

'মৃত্তিকা' শব্দেন ইদং লভ্যতে ; যথা সর্ব্বতোঽপি কার্য্য কারণ পরম্পরাতোঽর্ব্বাক্‌চেতনত্বেন সর্ব্বোপলভ্যমানস্য মৃন্ময়স্য তদ্ 'বিকার ত্বমেব প্রত্যক্ষী ক্রিয়তে, ন তু তদ্ বিবর্ত্তত্বম্ ; যথা তৎ প্রাক্‌সৃষ্টীনাং মৃদাদি বস্তূনামপি অনুমেয়ম্। ইত্থমেবোক্তম্—'এতৎ' প্রকারকমেব সত্যম্ ইতি।

অত্র বিকার শব্দস্য সাক্ষাদেবাবস্থিতত্বাদ্ বিবর্ত্তে তাৎপর্য্য ব্যাখ্যানং কষ্টমেব ইত্যপ্যনুসন্ধেয়ম্। তদেব সূক্ষ্ম চিদচিদ্ বস্তুরূপ শুদ্ধজীব অব্যক্ত শক্তেরেব তস্য কারণত্বাদিত্যেতদযুক্তম্, যতঃ (ছা০ ৬।২।১) 'সদেব সৌম্যেদমগ্র আসীৎ" ইত্যত্রাপি 'ইদমাৎ' (ইদং ইতি পদাৎ) তত্তৎ শক্তিমত্ত্বং প্রাগপ্যস্তিত্বেন নির্দ্দিষ্টং কারণত্বং সাধয়িতুম্।

অতো ভগবদুপাদানত্বেঽপি সঙ্ঘাতস্যোপাদানত্বেন চিদচিতো ভগবতশ্চ স্বভাবাসঙ্করঃ। যথা

আকার বিশেষ ঘটাদিরূপে ব্যবহার যোগ্যতা লাভ করে, সুতরাং ঘট মৃত্তিকা হইতে পৃথক নহে। "এই প্রকারই সত্য" কিন্তু শুক্তি রজতের ন্যায় বিবর্ত্ত নহে : অথবা—শুক্তির সকাশ হইতে নিজে অন্যত্র সিদ্ধ রজতের সমান ভিন্ন ইহাই অর্থ। বাক্যের অন্তে উপদিষ্ট যে 'ইতি" শব্দ তাহার সমুদায় বাক্যে অন্বয় হেতু ; "কি প্রকারে অসৎ হইতে সৎ জাত হয় ?" ইত্যাদির সমান জানিতে হইবে। এইস্থলে সাক্ষাৎ শ্রুতিই ইতর মতের আক্ষেপ করিয়াছেন। এই প্রকার স্বীকার করিলেই "ইতি" শব্দের ও সার্থকতা হয় ; সুতরাং "মৃত্তিকাই সত্য' এই প্রকার ব্যাখ্যা হইবে না। এই স্থলে বিকারত্ব এবং কারণত্ব এই উভয়স্থানে বিধেয় হইয়াছে, সুতরাং বাক্যভেদ করা কর্ত্তব্য নহে। কারণ—প্রথমটির অনুবাদের দ্বারা দ্বিতীয়টির বিধেয় হয়। তাহা হইলে অনুবাদের দ্বারা ও বিধেয়ত্বের অবধারণ হেতু উভয়েরই কার্য্য কারণেরই মুখ্য প্রতিপত্তি হয়। শ্রুতিবাক্যে 'মৃত্তিকা' শব্দের দ্বারা এই অর্থলাভ হয়—যেমন সকল কার্য কারণ পরম্পরা হইতে ইদানীন্তন চেতনরূপে উপলভ্যমান মৃন্ময় সকলের তাহার বিকারত্বই প্রত্যক্ষ করা হয় ; কিন্তু মৃত্তিকার বিবর্ত্ত প্রত্যক্ষ করা হয় না। যে প্রকার ঘটাদি সৃষ্টির পূর্বস্থিত মৃত্তিকাদি বস্তু সকলেরও অনুমান করা হয় ; অতএব এই প্রকার বলিতেছেন—এই প্রকার অর্থাৎ ঘটাদিসৃষ্টির পূর্বে যে প্রকার মৃত্তিকা সত্য, সেই রূপ বিশ্ব প্রপঞ্চ সৃষ্টির পূর্বে ব্রহ্মই সত্য বস্তু। শ্রুতিবাক্যে বিকার শব্দের সাক্ষাদ্‌ভাবে অবস্থান হেতু বিবর্ত্তবাদে তাৎপর্য্য ব্যাখ্যান করা কষ্টকল্পনা মাত্র ইহাও অনুসন্ধান করা কর্ত্তব্য।

সুতরাং সূক্ষ্ম চিদচিৎ বস্তুরূপ শুদ্ধজীব অব্যক্ত শক্তির জগৎকারণত্ব হেতু, অর্থাৎ এই প্রকার জীবই জগতের কারণ" ইহা নিতান্তই অযুক্ত। যে হেতু "হে সৌম্য এই বিশ্বসৃষ্টির পূর্বে সৎ বস্তুই বিদ্যমান ছিল" এই স্থলেও 'ইদং' এই পদের দ্বারা তত্তৎ অর্থাৎ—জীব প্রকৃতি কালাদি শক্তিমান সৃষ্টির পূর্বেও ছিলেন, সুতরাং তাহার দ্বারা নির্দিষ্ট কারণত্বও সাধন করিতে পারা যায়। অতএব শ্রীভগবান জগতের উপাদান হইলেও পৃথিব্যাদির উপাদানের দ্বারা চিৎ অচিৎ এবং শ্রীভগবানের স্বভাব সঙ্কর হয় না।

লোকে শুক্লত্বাদি তন্তু সঙ্ঘাতোপাদানত্বেঽপি চিত্রপটস্য তত্তন্তু প্রদেশ এব শৌক্লাদি সম্বন্ধ ইতি কার্য্যাবস্থায়ামপি ন বর্ণ সঙ্করঃ তথা চিদচিদ্ ভগবৎ সঙ্ঘাতোপাদানত্বেন কার্য্যাবস্থায়ামপি ভোক্তৃত্ব-ভোগ্যত্ব নিয়ন্তৃত্ব নিয়ম্যত্বাদ্যসঙ্করঃ। অতঃ (ছা০ ৩।১৪।১) সর্ব্বং খল্বিদং ব্রহ্মতজ্জলান্' ইত্যাদিকমবিরুদ্ধম্। এতদেবোক্তং সূত্রকারেণ—(২।১।৪।১৩) ভোক্ত্রাপত্তেরবিভাগশ্চেৎ স্যাল্লোকবৎ" ইতি। অতঃ কার্য্যাবস্থঃ কারণাবস্থশ্চ স্থূল সূক্ষ্মচিদচিদ্ বস্তুশক্তিঃ পরমপুরুষ এব কারণাৎ কার্য্যস্যানন্যত্বাৎ। অনন্যত্বঞ্চ (ছা০ ৬।১।৪) 'বাচারম্ভণম্' ইত্যাদিভিঃ সিদ্ধম্।

তথাহি—একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞায় দৃষ্টান্তাপেক্ষায়ামুচ্যতে (ছা০ ৬।১।৪) 'যথা সৌম্য একেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণম্" ইত্যাদি। একস্যৈব সঙ্কোচাবস্থায়াং কারণত্বম ; বিকাশাবস্থায়াং কার্য্যত্বমিতি, বিকারেঽপি মৃত্তিকৈব ; ততঃ কারণবিজ্ঞানেন কার্য্যবিজ্ঞানমন্তর্ভাব্যতে, ইত্যেবং পরম কারণে পরমাত্মন্যপি জ্ঞেয়ম্।

যে প্রকার লোকে পটের শুক্লাদিরূপ বিশিষ্ট তন্তুসকল উপাদান হইলেও বিচিত্র পটের সেই সেই তন্তু প্রদেশেই শুক্লাদি রূপের সম্বন্ধ দেখা যায় কিন্তু এই প্রকার কার্য্যাবস্থাতেও চিত্র পটে বর্ণ সঙ্কর দেখা যায় না। সেই প্রকার চিৎ অচিৎ ও শ্রীভগবান পৃথিব্যাদি সংঘাতের উপাদান হইলেও কার্য্যাবস্থাতেও ভোক্তৃত্ব, ভোগ্যত্ব, নিয়ন্তৃত্ব, নিয়ম্যত্বাদি ধর্ম্মের সঙ্কর হয় না। অতএব এই সকল বস্তুই ব্রহ্ম, ব্রহ্ম হইতে জন্মাদি হয়" ইত্যাদি বাক্যে কোন বিরোধ নাই। ব্রহ্ম সূত্রকার ভগবান শ্রীবাদরায়ণও এই কথা বলিয়াছেন - জীবের সহিত ব্রহ্মের অভেদ হইলে শ্রুতি সিদ্ধ ভেদ বিলোপ হইবে ? উত্তর—তাহা হইবে না, লৌকিক দৃষ্টান্তের দ্বারা তাহা নিষেধ করিতে হইবে। সুতরাং কার্য্যাবস্থ ও কারণাবস্থ স্থূল সূক্ষ্ম চিদচিৎ বস্তু শক্তি পরম পুরুষ শ্রীগোবিন্দদেবই জগৎ কারণ ; যে হেতু কারণ হইতে কার্য্য অন্য নহে।

কার্য্য কারণের অনন্যত্ব "বাচারম্ভণম্" ইত্যাদির দ্বারা সিদ্ধ হইয়াছে। ছান্দোগ্যোপনিষদে —এক বিজ্ঞানের দ্বারা সকলের বিজ্ঞান হয় এই প্রকার প্রতিজ্ঞা করিয়া দৃষ্টান্তের অপেক্ষায় বলিতেছেন —হে সৌম্য ! যে প্রকার একমাত্র মৃৎপিণ্ডের জ্ঞানের দ্বারা সকল মৃন্ময় বা মৃত্তিকার বিকার ঘট শরাবাদির বিজ্ঞান হয় ; বাক্যের দ্বারা আরম্ভ মাত্র" তাৎপর্য্য এই যে একটিমাত্র বস্তুর সঙ্কোচাবস্থায় কারণত্ব, এবং বিকাশাবস্থায় কার্য্যত্ব ; এই প্রকার বিকারও মৃত্তিকাই অন্য কিছু নহে। সুতরাং কারণ বিজ্ঞানের দ্বারা কার্য্য বিজ্ঞান হয়, যে হেতু কার্য্য বিজ্ঞান কারণ বিজ্ঞানের অন্তর্ভুক্ত। এই প্রকার পরম কারণ পরমাত্মা শ্রীগোবিন্দদেবের বিষয়েও জানিতে হইবে।

অতএব আরম্ভণ শব্দ দ্বারা লব্ধ অর্থ অনন্যত্বই হয়। এবং এই সকল পদার্থই আত্মা স্বরূপ, ইত্যাদি শব্দ সকলেও এই প্রকার বলেন। সুতরাং 'মৃত্যু হইতে সে মৃত্যু প্রাপ্ত হয় যে ব্যক্তি কার্য্য কারণাদি নানা রূপে দর্শন করে "ইত্যাদি সঙ্গতই হইয়াছে।

ইতশ্চোপাদেয়মুপাদানাদনন্যদিত্যাহ —

॥ওঁ॥ ভাবে চোপলব্ধেঃ ॥ওঁ॥ ২।১।৫।১৫॥

ঘটমুকুটাদ্যুপায়ভাবে চ মৃৎসুবর্ণাদ্যুপাদানোপলব্ধেঃ, ঘটাদের্মৃদাদিত্বেন প্রত্যভিজ্ঞা-

---

তদেতদারম্ভণা শব্দলব্ধমনন্যত্বমেব (ছা০ ৬।৮।৭) "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং" ইত্যাদিশব্দা অপি বদন্তি; (বৃ০ ৪।৪।১৯) "মৃত্যোঃ স মৃত্যুম্" ইত্যাদিকঞ্চ সঙ্গতমেব। তস্মাদ্ বস্তুনঃ কারণত্বাবস্থা কার্য্যত্বাবস্থা চ সত্যৈব; তত্র চ অবস্থাযুগলাত্মকমপি বস্তুত্বেব ইতি কারণানন্যত্বং কার্য্যস্য। তদেতদপ্যুক্তং সূত্রকারেণ "তদনন্যত্বমারম্ভণ শব্দাদিভ্যঃ" ইতি, অত্র চ তদনন্যত্ব মিত্যেবোক্তম্ ন তু তন্মাত্রসত্যত্বমিতি কার্য্যস্যা-সত্যত্বং ন তন্মতম্ ॥ ইতি ॥

তস্মাৎ চিদচিদ্ শক্তিবিশিষ্ট পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবাৎ জগদনন্যত্বমিতি সর্ব্বতন্ত্র স্বতন্ত্রসিদ্ধান্ত ইতি ॥১৪॥

ইত্যেবং শ্রুতিপ্রমাণেন পরব্রহ্মণো জগদনন্যত্বম্ প্রতিপাদিতম্; অথ যুক্ত্যা চ তৎ প্রতি-পাদয়ন্তি—ইতশ্চ' ইত্যাদি। অথ উপাদেয়মুপাদানাদনন্যত্বং প্রতিপাদয়িতুং সূত্রান্তরমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—'ভাবে চ' ইতি। উপাদানস্য উপাদেয়ভাবেঽপি উপলব্ধেঃ প্রত্যভিজ্ঞানাৎ উপাদানাদুপা-দেয়মনন্যমিত্যর্থঃ।

অথ স্বয়মেব সূত্রার্থং বিস্তারয়ন্তি শ্রীমদ্ভাষ্যকার প্রভুচরণাঃ-'ঘট' ইত্যাদি। নন্বু উপাদানো-পাদেয়য়োরনন্যত্বে কল্পবৃক্ষাদাবব্যাপ্তিরিতি চেৎ তত্রাহুঃ—নন্বু' ইতি। তত্রাপি হস্ত্যাদৌ উপাদানস্য—ইতি প্রত্যভিজ্ঞানং - জ্ঞানস্য পুনর্জ্ঞানম্; যথা মৃত্তিকায়ং ঘটঃ' ইতি। অথ প্রকারান্তরেণ আশঙ্কয়ন্তি —বহ্নেরিতি উপাদানাং বহ্নেঃ উপাদেয়ং ধূমো ভবতি; কিন্তু ধূমে উপাদানভূতং বহ্নির্নাস্তি, তস্মাৎ উপা-

---

অতএব বস্তুর কারণাবস্থাও কার্য্যাবস্থা সত্যই; তন্মধ্যে বস্তু অবস্থা যুগলাত্মক হইলেও তাহা বস্তুই, এই প্রকার কারণ হইতে কার্য্য অনন্য। তাহা সূত্রকার শ্রীবাদরায়ণ বলিয়াছেন—কার্য কারণ ভিন্ন নহে, আরম্ভণাদি শব্দ হইতে বুঝা যায়। এইস্থলে তাহা হইতে অনন্য' এই প্রকার বলিয়াছেন, কিন্তু তন্মাত্র সত্য এই প্রকার বলেন নাই। সুতরাং কার্য্য অসত্য' ইহা শ্রীবাদরায়ণের মত নহে। অতএব চিদচিৎ শক্তি বিশিষ্ট পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে জগৎ অন্য নহে, ইহা সর্বতন্ত্র স্বতন্ত্র সিদ্ধান্ত বলিয়া জানিতে হইবে ॥১৪॥

এই প্রকার শ্রুতি প্রমাণের দ্বারা পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে অনন্য জগৎ' ইহা প্রতি পাদন করিলেন। অনন্তর যুক্তির দ্বারা তাহা প্রতিপাদন করিতেছেন—'ইতশ্চ' ইত্যাদি। এই প্রকার যুক্তির দ্বারাও উপাদান হইতে উপাদেয় অভিন্ন তাহা বলিতেছেন। অতঃপর উপাদেয় উপাদান হইতে অনন্য এই সিদ্ধান্ত প্রতিপাদন করিবার নিমিত্ত ভগবান শ্রীবাদরায়ণ সূত্রান্তরের অবতারণা করিতেছেন—

নাদিত্যর্থঃ। ননু হস্ত্যশ্বাদৌ কল্পবৃক্ষাদেঃ প্রত্যভিজ্ঞানং নাস্তীতি চেন্ন, তত্রাপ্যুপাদানস্য পৃথিব্যাঃ প্রত্যভিজ্ঞানাৎ। বহ্নের্নিমিত্তত্বাদ্ধূমে তন্নাস্তি, ধূমোপাদানং খলু বহ্নি সংযুক্তমার্দ্রেন্ধনং গন্ধৈক্যাৎ বিদিতম্ ॥১৫॥

দানোপাদেয়ভাবং ন সঙ্গতম্; ইতি চেৎ—তত্রাহুঃ—ধূমোপাদানমিতি। তথাহি—ননু বহ্নিকার্য্যে ধূমে বহ্নি প্রত্যভিজ্ঞানং ন দৃশ্যতে ইতি চেৎ, ভবতু নাম তত্র প্রত্যভিজ্ঞানাভাবং তথাপি দোষাভাবঃ, কুতঃ ? অগ্নি ধূমকার্য্যং প্রতি নিমিত্ত কারণ মাত্রত্বাৎ; কিন্তু বহ্নিসংযুক্তার্দ্রেন্ধনাদেব ধূমো জায়তে: ননু কেন তজ্জ্ঞায়তে ? গন্ধৈক্যাদিতি বক্তব্যম্। আর্দ্রেন্ধনস্য যদ্‌গন্ধং তদেব ধূমস্যাপীতি গন্ধৈক্যাচ্চ ধূম অর্দ্রেন্ধন কার্য্যমেব ইতি।

তস্মাদপি কারণাদন্যত্বং কার্য্যমিত্যর্থঃ॥ তথাহি শ্রীভাগবতে শ্রীভগবান্—১১।২২।৮ একস্মিন্নপি দৃশ্যতে প্রবিষ্টানীতরাণি চ। পূর্ব্বস্মিন্ বা পরস্মিন্ বা তত্ত্বে তত্ত্বানি সর্ব্বশঃ॥ টীকা চ শ্রীস্বামিপাদানাম্—অনুপ্রবেশং দর্শয়তি একস্মিন্নপীতি; পূর্ব্বস্মিন্ কারণভূতে তত্ত্বে কার্য্যতত্ত্বানি সূক্ষ্মরূপেণ প্রবিষ্টানি মৃদি ঘটবৎ। অপরস্মিন্ কার্য্যতত্ত্বে কারণ তত্ত্বানি অনুগতত্বেন প্রবিষ্টানি, ঘটে মৃদ্‌বৎ। ইতি। অতস্তস্মাদপি অনন্যত্বং কার্য্য কারণয়োরিতি সিদ্ধান্তঃ ॥১৫॥

'ভাবে' ইত্যাদ। অর্থাৎ উপাদানের উপাদেয় ভাবেও উভয়ের অনন্যতা উপলব্ধি হয়। উপাদেয়ে উপাদানের প্রত্যভিজ্ঞা হেতু উপাদান হইতে উপাদেয় অনন্য ইহাই অর্থ। শ্রীমদ্‌ভাষ্যকার প্রভুপাদ নিজেই এই সূত্রের অর্থ বিস্তার করিতেছেন—ঘট' ইত্যাদি। ঘট এবং মুকুটাদি উপাদেয় ভাবে মৃত্তিকা ও সুবর্ণাদি উপলব্ধ হেতু; অর্থাৎ ঘটাদিতে মৃত্তিকাদি রূপে প্রত্যভিজ্ঞা হওয়া হেতু উপাদান হইতে উপাদেয় অনন্য; অর্থাৎ ভিন্ন নহে।

শঙ্কা—এইস্থলে শঙ্কা এই যে আমরা (অসৎকার্য্য বাদিরা) বলিব উপাদান ও উপাদেয় এই উভয়ের অনন্যতা স্বীকার করিলে কল্পবৃক্ষাদিতে অব্যাপ্তি দোষ হয়, অর্থাৎ উপাদেয় লক্ষণ যথার্থ সিদ্ধ হয় না।

সমাধান—এই আশঙ্কার সমাধান কল্পে বলিতেছেন—ননু'ইত্যাদি। যদি বলেন হস্তী অশ্ব ইত্যাদিতে কল্পবৃক্ষাদির প্রত্যভিজ্ঞা নাই; এই কথা বলিতে পারেন না। যে হেতু সেই হস্তী অশ্বাদিতে ও উপাদান ভূত পৃথিবীর প্রত্যভিজ্ঞা দেখা যায়। প্রত্যভিজ্ঞা অর্থাৎ—জ্ঞানের পুনরায় জ্ঞান। এই ঘট মৃত্তিকা এই প্রকার। অনন্তর প্রকারান্তরে আশঙ্কা উত্থাপন করিতেছেন-বহ্নির ইত্যাদি।

ধূমের উপাদান কারণ বহ্নি, কিন্তু ঐ ধূমে বহ্নির কোন প্রত্যভিজ্ঞা দেখা যায় না, এই আশঙ্কার উত্তরে বলিতেছেন—ধূমের উপাদান বহ্নি নহে; কিন্তু বহ্নিসংযুক্ত আর্দ্রেন্ধনই ধূমের উপাদান

॥ওঁ॥ সত্ত্বাচ্চাবরস্য ॥ওঁ॥ ২।১।৫।১৬॥

অবরকালিকস্যোপাদেয়স্য প্রাগপি তাদাত্ম্যেনোপাদানে সত্ত্বাত্তস্মাদনন্যত্বং । শ্রুতিশ্চ

অথ হেত্বন্তরেণ কার্য্যকারণয়োরনন্যত্বং সাধয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—সত্ত্বাচ্চেতি। অথ হেতুং দর্শয়তি অবরস্য সত্ত্বাৎ চ ; অবরস্য পরবর্ত্তিকালিনোৎপন্নস্য উপাদেয়স্য পূর্ব্বস্থিতোপাদানে তাদাত্ম্যরূপেণ সত্ত্বাৎ বিদ্যমানত্বাৎ উপাদানোপাদেয়য়োরনন্যত্বমিতি সূত্রার্থঃ।

অথ শ্রীমদ্ ভাষ্যকারচরণাঃ স্বয়ং ব্যাখ্যামাহুঃ—অবর ইতি। [illegible] নোৎপন্নস্য কার্য্যপদার্থস্য ঘটাদি উপাদেয়স্য প্রাগপি কম্বুগ্রীবাদিমদ [illegible] সম্বন্ধেন উপাদানে মৃদাদিকারণদ্রব্যে সত্ত্বাৎ অতিসূক্ষ্মরূপেণ বিদ্য [illegible]

অত্র ছান্দোগ্য শ্রুতিবাক্যং প্রমাণয়ন্তি—শ্রুতিশ্চেতি [illegible]

কারণ আর্দ্রেন্ধন ও ধূমের গন্ধের একতা হেতু তাহ বুঝা যায় [illegible] সেইধূমে বহ্নির প্রত্যাভিজ্ঞান দেখা যায় না, সুতরাং উপাদেয় ভাবে [illegible] হইবে ? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন-ধূমে বহ্নি প্রত্যভিজ্ঞা[illegible] কোন দোষ হইবে না।

কারণ অগ্নি ধূমকার্য্যের প্রতি নিমিত্ত কারণ হওয়া হেতু ; [illegible] ধূম উৎপন্ন হয়। যদি বলেন —কি প্রকারে তাহা জানা যায় ? গন্ধের [illegible] অর্থাৎ আদ্র কাষ্ঠের যে প্রকার গন্ধ, সেই প্রকার ধূমেরও গন্ধ, [illegible] ন্ধনেরই কার্য্য, বহ্নির নহে। সুতরাং এই দৃষ্টান্তের দ্বারাও কারণ [illegible] হইবে। এই বিষয়ে শ্রীভাগবতে শ্রীভগবান বলিয়াছেন—একটি ত[illegible] এই প্রকার দেখা যায় ; তাহা পূর্বতত্ত্বে হউক অথবা পরতত্ত্বে হউক [illegible] শ্রীস্বামিপাদ কৃত টীকা—এইস্থলে তত্ত্ব সকলের অনুপ্রবেশ দেখাইতে[illegible] তত্ত্বে কারণ ভূত তত্ত্বে কার্য্য তত্ত্ব সকল সূক্ষ্মরূপে প্রবিষ্ট আছে ! যেমন [illegible] র্থাৎ-কার্য্যতত্ত্বে কারণতত্ত্বসকল অনুগতরূপে প্রবিষ্ট আছে ; যেমন-ঘটে মৃ[illegible] তাহা হইতেও কার্য্য কারণের অনন্যতা সিদ্ধ হয় ইহাই সিদ্ধান্ত ॥১৫॥

অনন্তর অন্য হেতুর দ্বারা কার্য্য কারণের অনন্যতা সাধন করিতেছেন [illegible]রায়ণ—সত্ত্বাৎ "ইত্যাদি। কার্য্য কারণের অনন্যত্বে হেতু প্রদর্শন করিতেছেন —অবরের সত্ত্[illegible] ; অবর অর্থাৎ পরবর্ত্তিকালীনোৎপন্ন উপাদেয়ের পূর্ব কালীনাবস্থিত উপাদানে তাদাত্ম্যরূপে বিদ্যমান হেতু উপাদান ও উপাদেয়ের অনন্যতা সিদ্ধ হয় ; ইহাই সূত্রার্থ। অনন্তর শ্রীমদ্ভাষ্যকার প্রভুপাদ স্বয়ং এইসূত্রের ব্যাখ্যা করিতেছেন—অবর "ইত্যাদি।

(ছা॰ ৬।২।১) "সদেব সোম্যেদমগ্র আসীৎ। স্মৃতিশ্চ (বি॰ পু॰ ২।৭।৩৭-৪॰) "ব্রীহি বীজে যথামূলং নালং পত্রাঙ্কুরৌ তথা। কাণ্ডং কোষস্তথা পুষ্পং ক্ষীরং তদ্বচ্চ তণ্ডুলঃ॥ তুষঃ কণাশ্চ

সদেব' ইতি, হে সোম্য! ইদং পর্ব্বত-পর্ব্বতোদ্‌ভবাদি বিশিষ্টং পরিণামি জগৎ অগ্রে মানব ব্যবহার যোগ্যাৎ পূর্ব্বে, অথবা মহদহঙ্কার তন্মাত্রা মহাভূতাদি সৃষ্টেরগ্রে সদেব উপাদেয়ং অতি সূক্ষ্মং সৎ তাদাত্ম্য সম্বন্ধেন উপাদানে আসীৎ, ন তু উৎপদ্যতে, কিন্তু যথাকালমাসাদ্য নিমিত্তকারণৈরভিব্যজ্যতে। তস্মাৎ সত্ত্বাদেবোৎপদ্যতে নাসৎ।

এবং শ্রুতিপ্রমাণং প্রদর্শ্য স্মৃতিপ্রমাণং প্রদর্শয়ন্তি—স্মৃতিশ্চেতি। অথ শ্রীবিষ্ণুপুরাণীয় শ্রীপরাশর বাক্যং প্রমাণয়ন্তি—ব্রীহীতি। ব্রহীতি দ্বাভ্যামন্বয়ঃ। হে মুনিসত্তম! মৈত্রেয়! ব্রীহিবীজে অতি সূক্ষ্মকারণ স্বরূপে যথা যেন প্রকারেণ মূলং অঙ্কুরং, নালং শিফা, পত্রাঙ্কুরৌ--প্রথম—প্রকাশিতপত্রে

অবর কালিক উপাদেয়ের পূর্বে ও উপাদানে তাদাত্ম্যরূপে সত্ত্ব হেতু উপাদান হইতে উপাদেয় অনন্য। অর্থাৎ-অবরকালিক-পরবর্ত্তিকালীনোৎপন্ন কার্য্যপদার্থ ঘটাদি উপাদেয় বস্তুর পূর্বকালেও, অর্থাৎ কম্বুগ্রীবাদিমান ঘটরূপে অভিব্যক্তির পূর্বেও তাদাত্ম্যসম্বন্ধে উপাদান-মৃত্তিকাদি কারণ দ্রব্যে অতিশয় সূক্ষ্মরূপে বিদ্যমান আছে' এইহেতু কার্য্য ও কারণে অনন্যতা সিদ্ধ হয়। এইবিষয়ে ছান্দোগ্য শ্রুতিবাক্য প্রমাণিত করিতেছেন—শ্রুতি' ইত্যাদি। হে সোম্য! সৃষ্টির পূর্বে এই জগৎ সৎ ছিল। অর্থাৎ-হে সোম্য! এই পর্বত, পর্বতাদি হইতে উদ্‌ভব নদী বৃক্ষাদিবিশিষ্ট পরিণামী জগৎ অগ্রে, মানব ব্যবহার যোগ্যের পূর্বে; অথবা মহৎ অহঙ্কার তন্মাত্রা মহাভূতাদি সৃষ্টির অগ্রে সৎ ছিল; অর্থাৎ পৃথিব্যাদি উপাদেয় অতিসূক্ষ্মরূপে তাদাত্ম্য সম্বন্ধে উপাদানে বিদ্যমান ছিল, তাহা উৎপন্ন হয় না; কিন্তু যথাবসরে নিমিত্তকারণ সকলের দ্বারা অভিব্যক্ত হয়: অতএব সৎবস্তু হইতেই ঘটাদির অভিব্যক্তি হয়,কিন্তু অসৎ হইতে হয় না।

এই প্রকার শ্রুতি প্রমাণ প্রদর্শন করিয়া স্মৃতি প্রমাণ প্রদর্শিত করিতেছেন-স্মৃতি' ইত্যাদি। অনন্তর শ্রীবিষ্ণুপুরাণীয় শ্রীপরাশরঋষির বাক্য প্রমাণিত করিতেছেন—ব্রীহি" ইত্যদি। ব্রীহি ইত্যাদি দুইটি শ্লোকের দ্বারা অন্বয় করা হইয়াছে—হে মুনি সত্তম! মৈত্রেয়- ব্রীহি বীজে-অতিসূক্ষ্ম কারণ স্বরূপে যথা, যে প্রকার মূল-অঙ্কুর নাল-শিফা পত্রাঙ্কুর-প্রথমপ্রকাশিত পত্র দ্বয় এবং পত্রদ্বয়ের মধ্যবর্ত্তী অঙ্কুর, এবং তদনন্তর কাণ্ড এই প্রকার শাখা প্রশাখাদি ক্রমেণ উপশাখা পল্লবাদি, তদনন্তর পুষ্প, অতঃপর ফল,ফলাভ্যন্তরে ক্ষীর, তাহা হইতে তণ্ডুলাবরক তুষ, কণা সকল তাহাতে নিশ্চিতরূপে বিদ্যমান ছিল। অর্থাৎ সেই বীজে অতিসূক্ষ্মরূপে মূলাদি অবস্থান করিয়াই নিজের প্ররোহ হেতুভূত সামগ্রী-মৃত্তিকা জলাদি প্রাপ্ত হইয়াই আবির্ভাব হয়। অর্থৎ অঙ্কুরাদি ক্রমে পুনরায় বীজান্ত পর্য্যন্ত অভিব্যক্তি হয়।

সন্তো বৈ যান্ত্যাবির্ভাবমাত্মনঃ। প্ররোহহেতুসামগ্রীমাসাদ্য মুনিসত্তম॥ তথা কর্ম্মস্বনেকেষু দেবাদ্যাস্তনবঃ স্থিতাঃ। বিষ্ণুশক্তিং সমাসাদ্য প্ররোহমুপযান্তি বৈ॥ স চ বিষ্ণুঃ পরং ব্রহ্ম যতঃ সর্ব্বমিদং জগৎ। জগচ্চ যো যতশ্চেদং যস্মিংশ্চ লয়মেষ্যতীতি॥ তিলেভ্যস্তৈলং সত্ত্বাদে-

---

—তয়োর্ম্মধ্যস্থমঙ্কুরম্, তথা তদনন্তরম কাণ্ডং এবং শাখা প্রশাখাদিক্রমেণোপশাখা পল্লবাদি ; এবং তদনন্তরং পুষ্পং, ততঃ ফলং, ফলাভ্যন্তরে ক্ষীরং, তস্মাৎ তণ্ডুলং ; এবং তণ্ডুলাবরকঃ তুষঃ-কণাশ্চ তত্র সন্তঃ, বৈ নিশ্চয়ে।

তত্র বীজে অতিসূক্ষ্মরূপেণ তিষ্ঠন্ত এব আত্মনঃ স্বস্য প্ররোহহেতুভূতসামগ্রী-মৃদ্ জলাদি আসাদ্য প্রাপ্য আবির্ভাবং যান্তি অঙ্কুরাদি ক্রমেণ পুনর্বীজান্তং অভিব্যক্তিং ভবন্তি ; তথা সূক্ষ্মবীজাদ্ বৃহদ্বৃক্ষবৎ অনেকেষু-কর্ম্মসু, পূর্ব্বপূর্ব্বজন্মার্জ্জিতেষু শুভাশুভ কর্ম্মষু দেবাদ্যাঃ তনবঃ আদিপদাৎ মানব পশ্বাদেগ্রহণম্ ; স্থিতাঃ, অবস্থানং কুর্ব্বন্তি ; তে তু প্রলয়ান্তে সৃষ্টেরারম্ভে বিষ্ণুশক্তিং সমাসাদ্য আশ্রয়ং কৃত্বা বৈ নিশ্চয়ে প্ররোহমুপযান্তি, স্ব স্ব কর্ম্মফল ভোগার্থং দেব মানবাদি শরীরং প্রাপ্নুবন্তি। অথ যস্য শক্তিমাশ্রয়ং কৃত্বা সর্ব্বং আবির্ভবতি তং শ্রীবিষ্ণুং নিরূপয়ন্তি—স চ ইত্যাদি।

শাস্ত্রসকলে—অর্থাৎ শাস্ত্র শ্রীভগবানের অনুশাসন বাক্য; যেমন শ্রীভগবদাবির্ভাবিত নিত্য বেদাদি, এবং বেদানুগত পুরাণ ও স্মৃতিসকলে। শ্রীস্কন্দপুরাণে বর্ণিত আছে ঋগ্‌বেদ, যজুর্বেদ, সাম-বেদ, অথর্ববেদ, মহাভারত নারদ পঞ্চরাত্র, মূলরামায়ণ, এই সকলই শাস্ত্র বলিয়া অভিহিত হয়, অন্যান্য যে সকল শাস্ত্র এই সকলের অনুগত তাহাও শাস্ত্র বলিয়া কীর্ত্তিত হয়, ইহা ভিন্ন অন্য সকল কেবল গ্রন্থ বিস্তার মাত্র, শাস্ত্র নহে তাহা কুমার্গ প্রকাশক। অতএব বেদ সকলে এবং বেদানুগত শাস্ত্রসকলেও জীব হইতে অধিক শক্তিমান শ্রীগোবিন্দদেব ইহা উপদেশ করিতেছেন।

অনন্তর ভেদনির্দেশ বিষয়ে শাস্ত্রপ্রমাণ নির্দেশ করিতেছেন—মুণ্ডক' ইত্যাদি। মুণ্ডকোপনিষদ্ বাক্যের দ্বারা জীব এবং ঈশ্বরের ভেদ প্রতিপাদন করিতেছেন—সমান' ইত্যাদি। সমান—একরূপ দেহ স্বরূপ পিপ্পলবৃক্ষে পুরুষ অর্থাৎ জীব সংসক্ত হইয়া অনীশা মায়া কর্ত্তৃক মোহিত হইয়া শোক করে, যেকালে শ্রীভগবানের ভক্তকৃপায়, ও শ্রীগুরুদেবের কৃপায় জুষ্ট অর্থাৎ অনন্ত কল্যাণগুণবৃন্দ দ্বারা সেবিত; অথবা শিব ব্রহ্মা ইন্দ্রাদি সেবিত অন্য ঈশ অর্থাৎ নিজ হইতে ভিন্ন সর্বনিয়ামক সর্ব্বেশ্বর পরব্রহ্ম শ্রীগোবিন্দ-দেবকে ধ্যান করে, যে কালে ধ্যান করে সেই কালেই বীতশোক হয়, অর্থাৎ অবিদ্যা বন্ধন হইতে নিবৃত্ত হইয়া এই পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের মহিমা—শ্রীবৈকুণ্ঠাদি দিব্য ধাম প্রাপ্ত হয়।

এই প্রকার একটি শ্লোক শ্বেতাশ্বতরোপনিষদে বিদ্যমান আছে। পুনঃ শ্বেতাশ্বতরে বর্ণিত আছে দুইটি সখ্যভাবাপন্ন সুপর্ণ পক্ষী একটি বৃক্ষে বাস করে, তন্মধ্যে একটি জীব কর্মফল ভোগ করে অন্য পরমাত্মা ভোজনাদি না করিয়াও সুশোভিত হয়। বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে- আত্মাই দর্শন ও শ্রবণ করার যোগ্য; এই স্থলে ধ্যেয় ও ধ্যাতার ভেদ প্রদর্শিত হইতেছে। পুনঃ বৃহদারণ্যকে - শ্রীগোবিন্দদেব সকলের বশী সকলের ঈশ্বর, সকলের অধিপতি।

পুণবৃহদারণ্যকে—আমি তোমাকে উপনিষদ প্রতিপাদিত পুরুষকে জিজ্ঞাসা করি। ছান্দোগ্যে বর্ণিত আছে - যিনি সর্ববিধ পাপরহিত জরারহিত, মৃত্যু শোক ক্ষুধা ও তৃষ্ণা রহিত, সত্যকাম সত্যসঙ্কল্প তাঁহাকে অন্বেষণ করিবে ও জিজ্ঞাসা করিবে।

তৈত্তিরীয়কে বর্ণনা করিয়াছেন—তিনি তপস্যা করিয়া আনন্দস্বরূপ ব্রহ্মকে বিশেষ ভাবে জানিলেন। প্রশ্নোপনিষদে বর্ণিত আছে—ঋষি তাহাদিগকে বলিলেন আমি এই পরং ব্রহ্মকে

স্মৃতিষু চ দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ। ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর

সংসক্তঃ অনীশয়া মায়য়া মুহ্যমানঃ সন্ শোচতি ; যদা শ্রীভগবদ্ভক্ত কৃপয়া শ্রীগুরুকৃপয়া চ জুষ্টং অনন্ত কল্যাণগুণৈঃ সেবিতং ; যদ্বা শিববিরিঞ্চেন্দ্রাদিজুষ্টং সেবিতম্ ; অন্যমীশং স্বস্মাদ্ভিন্নং সর্ব্বনিয়ামকং সর্ব্বেশ্বরং পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবং পশ্যতি-ধ্যায়তি, যদা ধ্যায়তি তদা বিতশোকঃ—অবিদ্যাসম্বন্ধনিবৃত্তঃ সন্ অস্য পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য মহিমানং শ্রীবৈকুণ্ঠাদি দিব্যধামং এতি প্রাপ্নোতীতি। এবমেবং শ্লোকমেকং শ্বেতাশ্বতরোপনিষদি বর্ত্ততে। (৪।৭ অপিচ তত্রৈব—৪।৬, দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্য নশ্নন্নন্যোঽভি চাকশীতি ॥

বৃহদারণ্যকে চ- ৪।৫।৬ আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো"

অপিচ তত্রৈব—৪।৪।২২ "সর্ব্বস্য বশী সর্ব্বস্যেশানং সর্ব্বস্যাধিপতিঃ" পুনশ্চ—৩।৯।২৬ "ত্বং তু ঔপানিষদং পুরুষং পৃচ্ছমি" ছান্দোগ্যোপনিষদি - ৮।৭।১ য আত্মাপহত পাপ্মা বিজরো বিমৃত্যু র্বিশোকোঽ বিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ সত সঙ্কল্পঃ সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ" ইতি। তৈত্তিরীয়কে চ—৩।৫।১ "স তপস্তপ্ত্বা আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ" প্রশ্নোপনিষদি ৬।৭ "তান্ হোবাচ—এতদেবাহমেতৎ পরং ব্রহ্ম বেদ" ইতি।

জানিয়াছি। কঠোপনিষদে বর্ণিত আছে—

যিনি নিত্যগণের নিত্য, চেতনগণেরও চেতন, যিনি একাকী অনেক চেতনগণের কামনা পূর্ণ করেন, যে ধীরব্যক্তিগণ তাঁহাকে হৃদয়মধ্যে ধ্যান করেন তাঁহাদেরই শাশ্বত সুখলাভ হয়, অন্যের হয় না। ইত্যাদি শ্রুতি বাক্য প্রমাণের দ্বারা শোকমোহ গ্রস্ত জীব হইতে পরমাত্মা শ্রীগোবিন্দদেবের অখণ্ড ঐশ্বর্য্যাদির দ্বারা ভেদ নির্দেশ করিতেছেন। এই প্রকার শ্রুতিপ্রমাণের দ্বারা ভেদ নিরূপণ করিয়া স্মৃতি প্রমাণের দ্বারা ভেদ প্রতিপাদন করিতেছেন—স্মৃতিষু চ "ইত্যাদি। জীবেশ্বরের ভেদ বিষয়ে শ্রীমহাভারতে ভীষ্ম পর্বান্তর্গত শ্রীগীতা বাক্য প্রমাণিত করিতেছেন-দ্বৌ ইত্যাদি। লোকে ইহ জগতে, অথবা বেদাদিশাস্ত্রে দুইটি পুরুষ আছে ; তন্মধ্যে প্রথমটি ক্ষর পুরুষ ; অর্থাৎ স্ব স্বরূপ হইতে ক্ষরিত চ্যুত হয়, অর্থাৎ জীব। দ্বিতীয়টি অক্ষর পুরুষ, অর্থাৎ নিজ স্বরূপে অবস্থান করেন, অর্থাৎ মুক্তাত্মা।

অনন্তর ক্ষর ও অক্ষর পুরুষকে বিশেষ রূপে বিভাগ করিতেছেন—ক্ষর ইত্যাদি। ক্ষর শব্দের দ্বারা ভূত সকলকে জানিতে হইবে ; কূটস্থকে অক্ষর বলা হয়। শ্রীমদ্ভাষ্যকার প্রভুপাদ বিরচিত এই শ্লোকে এই প্রকার ভাষ্য করিয়াছেন—যাহার দ্বারা তত্ত্বজ্ঞান হয়" এই ব্যুৎপত্তি হেতু লোকে অর্থাৎ বেদে দুইটি পুরুষ প্রসিদ্ধ আছে, এই দুই, এই বাক্যের দ্বারা তাহাদের প্রমাণ সিদ্ধ সূচনা করিতেছে। তাহারা কে ? তাহাই বলিতেছেন-ক্ষর' ইত্যাদি। শরীর ক্ষরণ হেতু ক্ষর অনেকাবস্থাযুক্ত, বদ্ধ ও অচিৎ সংসর্গরূপ একমাত্র ধর্মের সম্বন্ধ হেতু বদ্ধজীব সকলের একত্ব নির্দেশ করা হইয়াছে।

উচ্যতে ॥ উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ। যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ ॥ (গী॰ ১৫।১৬-১৭) ইতি। "প্রধানপুরুষাব্যক্তকালানাং পরমং হি যৎ। পশ্যন্তি সূরয়ঃ

কঠোপনিষদি চ—২।২।৩ নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্। তমাত্মস্থং যোঽনুপশ্যন্তি ধীরাস্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্ ॥ ইত্যাদি শ্রুতিপ্রমাণবচনানি। এবং শ্রুতিপ্রমাণমুক্ত্বা স্মৃতিপ্রমাণমাহুঃ স্মৃতিষু চ' ইতি। অথ শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বান্তর্গত শ্রীগীতাবাক্যং প্রমাণয়ন্তি—দ্বাবিমৌ' ইতি। লোকে ইহ জগতি বেদে বা ইমৌ দ্বৌ পুরুষৌ স্তঃ, তত্রাদ্যঃ —ক্ষরঃ, স্বস্বরূপাৎ ক্ষরতীতি ক্ষরো জীবঃ।

দ্বিতীয়স্তু অক্ষর এব চ ; স্বেন রূপেণ অবস্থিতো মুক্তাত্মা ; অথ তৌ বিশেষং বিভজতি—ক্ষরঃ' ইতি। সর্ব্বাণি ভূতানি ক্ষরশব্দবাচ্যানি ; কুটস্থস্তু অক্ষর উচ্যতে ; ইতি অত্র ভাষ্যঞ্চ শ্রীমদ্ ভাষ্যকার প্রভুপাদানাম্-বাদরায়ণাত্মনা নির্ণীতং বেদার্থং সংক্ষিপ্যাহ - দ্বাবিতি।

'লোক্যতে তত্ত্বমনেন' ইতি বুৎপত্তে র্লোকে বেদে দ্বৌ পুরুষৌ প্রথিতৌ ; ইমৌ' ইতি প্রমাণ সিদ্ধতা সূচ্যতে। তৌ কাবিত্যাহ—ক্ষরশ্চেতি। শরীর ক্ষরণাৎ ক্ষরোঽনেকাবস্থো বদ্ধোঽচিৎ সংসর্গৈকধর্ম্ম সম্বন্ধাদেকত্বেন নির্দ্দিষ্টঃ ;

অক্ষরস্তদভাবাদেকাবস্থো মুক্তোঽচিৎ বিয়োগৈক ধর্ম্মসম্বন্ধাদেকত্বেন নির্দ্দিষ্টঃ। ক্ষরাক্ষরৌ স্ফুটয়তি সর্ব্বাণি ব্রহ্মাদিস্তম্বান্তানি ভূতানি ক্ষরঃ ; কুটস্থঃ সদৈকাবস্থো মুক্তস্তু অক্ষরঃ। কিঞ্চ হে পার্থ! উত্তমঃ পুরুষস্তু ক্ষরাক্ষরাভ্যাং অন্যো ন তু তয়োরেব একঃ কল্পনীয় ইতি। স তু পরমাত্মা ইতি

অক্ষর-শরীরক্ষরণের অভাব হেতু একাবস্থাযুক্ত মুক্ত, অচিৎবিয়োগরূপ একমাত্র ধর্মের সম্বন্ধ হেতু মুক্তজীব সকলের একত্ব নিদেশ করা হইয়াছে। ক্ষরাক্ষরকে স্পষ্টরূপে বলিতেছেন—ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত ভূত সকল ক্ষর শব্দ বাচ্য। সর্বদা একাবস্থাপন্ন মুক্তই অক্ষর শব্দবাচ্য। হে পার্থ! উত্তমপুরুষ কিন্তু অন্য, অর্থাৎ ক্ষর ও অক্ষর হইতে ভিন্ন, কিন্তু তাহাদের মধ্যে এক জনকে কল্পনা করা উচিত নহে। বেদ সকলে তাঁহাকে পরমাত্মা বলিয়া কীর্ত্তন করেন, যিনি অব্যয় সর্বেশ্বর লোক ত্রয়ে প্রবেশ করিয়া পালন করেন। এই শ্লোকের ভাষ্য এই প্রকার—যে নিমিত্ত দুই পুরুষের নিরূপণ করা হইয়াছে তাহা বলিতেছেন—উত্তম ইত্যাদি। অর্থাৎ ক্ষর এবং অক্ষর হইতে ভিন্ন ; কিন্তু তাহাদের মধ্যে একজনকে সঙ্কল্প করা যায় না, ইহাই ভাবার্থ, এই বিষয়ে শ্রুতি সম্মতি প্রমাণিত করিতেছেন—পরমাত্মা' ইত্যাদি। পুরুষোত্তমের উত্তমতা প্রযোজক ধর্ম বলিতেছেন—যিনি লোকত্রয়, ইত্যাদি। এই যে জগদ্ বিধারণ পালনরূপ চেষ্টা তাহা বদ্ধ জীবের কর্ম নহে, কারণ তাহা অসম্ভব হেতু। এবং ইহা মুক্তজীবেরও কর্ম নহে, কারণ জগৎ সৃষ্ট্যাদি ব্যাপার 'পরিত্যাগ করিয়া" এই ব্রহ্মসূত্রে প্রতিষেধ করিয়াছেন। এই প্রকার শ্রীগীতাবাক্য প্রমাণের দ্বারা জীব হইতে অধিক মহিমাযুক্ত সর্বশক্তিমান শ্রীগোবিন্দদেব ইহাই সিদ্ধ হইল।

শুদ্ধং তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥ (বি॰ পু॰ ১।২।১৬)। "বিষ্ণোঃ স্বরূপাৎ পরতো হি তেঽন্যে, রূপে প্রধানং পুরুষশ্চ বিপ্র ! । তস্যৈব তেঽন্যেন ধৃতে বিযুক্তে, রূপেণ যত্তৎ দ্বিজ ! কাল

বেদৈরুদাহৃতঃ, যোঽব্যয়ঃ সর্ব্বেশ্বরো লোকত্রয়মাবিশ্য বিভর্তি, পোষয়তি ইতি। অথাত্র ভাষ্যঞ্চ যদর্থং দ্বৌ পুরুষৌ নিরূপিতৌ তমাহ—উত্তম ইতি।

অন্যঃ ক্ষরাক্ষরাভ্যাং : ন তু তয়োরেব একঃ সঙ্কল্প ইতি ভাবঃ। তত্র শ্রুতিসম্মতিমাহ—পরমাত্মেতি। উত্তমতা প্রযোজকং ধর্ম্মমাহ—যো লোকেতি। 'ন চ' এতজ্জগদ্‌বিধারণ পালনরূপমী শনং—বদ্ধস্য জীবস্য কর্ম্মাসম্ভবাৎ। ন চ মুক্তস্য "জগদ্‌ব্যাপার বর্জ্জম্" (৪।৪।১০।১৭) ইতি প্রতিষেধাচ্চ ইতি। এবং শ্রীগীতাবাক্যপ্রমাণের জীবাদধিকং সর্ব্বশক্তিমান্ পুরুষোত্তমঃ শ্রীগোবিন্দদেবঃ।

অথ শ্রীবিষ্ণুপুরাণীয়বাক্যেন শ্রীভগবতঃ জীবাদধিকং প্রতিপাদয়ন্তি প্রধান' ইতি। হে মৈত্রেয় ! ইত্থং প্রধানং, শ্রীভগবৎশক্তিভূতাং জড়াং প্রকৃতিং : পুরুষং - বদ্ধ মুক্তাবস্থাপন্নং দ্বিবিধজীবম্ ; ব্যক্তম্ মহাদাদি ক্রমেণ বিরাড়্‌ব্রহ্মাণ্ডম্। কালং—অতীত বর্ত্তমানাদি ব্যবহার হেতু ভূতং শ্রীভগবচ্চেষ্টারূপং কালম্। এতেষাং চতুর্ণাং পদার্থানাং 'যৎ পরমং' অত্যুত্তমং অধিক শক্তিযুক্তম্ ; সূরয়ঃ—সরাসারবিচারজ্ঞাঃ, শুদ্ধং এতৈরস্পৃষ্টং বিষ্ণোঃ শ্রীভগবতঃ পরমং সর্ব্বশ্রেষ্ঠস্থানং বৈকুণ্ঠাদিকং পশ্যন্তি ; সো বৈকুণ্ঠাদিস্থা ধিষ্ঠাতা শ্রীভগবান্ সর্ব্বাধিক রূপ সৌন্দর্য্য কারুণ্যাদিমান্ ! তস্মাৎ জীব প্রধান ব্যক্ত

অনন্তর শ্রীবিষ্ণুপুরাণীয় বাক্যের দ্বারা শ্রীভগবানের জীব হইতে অধিকতা স্থাপন করিতেছেন—প্রধান' ইত্যাদি। হে মৈত্রেয় ! প্রধান : অর্থাৎ শ্রীভগবানের শক্তি ভূতা জড়া প্রকৃতি : পুরুষ ; বদ্ধ ও মুক্তা বস্থা প্রাপ্ত জীব; ব্যক্ত, অর্থাৎ মহদাদিক্রমে বিরাট ব্রহ্মাণ্ড, কাল—অতীত বর্ত্তমানাদি ব্যবহার করাণ ভূত শ্রীভগবানের চেষ্টারূপ পদার্থ। এই চারিটি পদার্থের মধ্যে যিনি পরম—অত্যুত্তম, অধিক শক্তি যুক্ত, সারাসার বিচারজ্ঞ পণ্ডিতগণ যাহাকে শুদ্ধ অর্থাৎ প্রধানাদিস্পর্শ রহিত বিষ্ণু সর্ব্বব্যাপক শ্রীভগবানের পরম সর্বশ্রেষ্টপদ শ্রীবৈকুণ্ঠাদি স্থান অবলোকন করেন। সেই বৈকুণ্ঠাদি স্থানাধিষ্ঠাতা শ্রীভগবান সর্ব্বাধিক রূপ সৌন্দর্য্য ঐশ্বর্য্য কারুণ্যাদি যুক্ত। অতএব জীব' প্রধান ব্যক্ত, কালাদিরও নিয়ামক শ্রীগোবিন্দদেব এই প্রকার তাঁহার অধিক উপদেশ করা হইয়াছে।

অনন্তর প্রকারান্তরে শ্রীগবিন্দদেবের ভেদ নির্দেশের দ্বারা সর্বাতিশয় মহিমা বর্ণন করিতেছেন বিষ্ণুর' ইত্যাদি। হে বিপ্র ! বিষ্ণুর অর্থাৎ সর্বব্যাপক শ্রীগোবিন্দদেব স্বরূপ হইতে নিশ্চিতরূপে সেই দুইটি জীবও প্রধান অন্য অর্থাৎ স্বেতরসর্ববিলক্ষণ শ্রীগোবিন্দদেব হইতে জীব ও প্রধান ভিন্ন। কে অন্য এই অপেক্ষায় বলিতেছেন—প্রধানও পুরুষ।

আরও তাহারই অর্থাৎ শ্রীগোবিন্দদেবেরই অন্য রূপের দ্বারা তাহারা দুইটি ধৃত হয়, অর্থাৎ জগৎ রচনা কালে মহদাদি ক্রমে ধারণ করিয়া থাকেন। ও বিযুক্ত হয় ; অর্থাৎ মহাপ্রলয়াবসরে ব্যক্তি

সংজ্ঞম্ ॥ (বি॰ পু॰ ১।২।২৪) ইতি।

কালাদীনাং নিয়ামকঃ শ্রীগোবিন্দদেব ইতি অধিক ব্যপদেশাৎ।

অথ প্রকারান্তরেণ শ্রীগোবিন্দদেবস্য ভেদনির্দ্দেশেন সর্ব্বাতিশয়িত্বমাহুঃ—বিষ্ণোঃ" ইতি। হে বিপ্র! বিষ্ণোঃ—সর্ব্বব্যাপক শ্রীগোবিন্দদেব স্বরূপাৎ 'হি নিশ্চয়ে' নিশ্চিতমেব দ্বে তে জীব প্রধানে অন্যে; তথাচ পরতঃ সর্ব্বশ্রেষ্ঠতঃ, বিষ্ণোঃ স্বরূপাৎ স্বতর সর্ব্ববিলক্ষণ শ্রীগোবিন্দদেবাৎ তে দ্বে অন্যে; কে তে? ইত্যপেক্ষায়ামাহ প্রধানং পুরুষশ্চ ইতি।

কিঞ্চ তস্যৈব—শ্রীগোবিন্দদেবস্য এব অন্যেন রূপেণ তে দ্বে ধৃতে জদদ্রচনাবসরে মহদাদিক্রমেণ ধারণং ভবতি; বিযুক্তে পৃথগ্ভূতে মহাপ্রলয়বেলায়াং ব্যতিক্রমেণ বিযুক্তং ভবতিং তৎ কালসংজ্ঞমিত্যর্থঃ। তথাচ যস্য পরব্রহ্মশ্রীগোবিন্দদেবস্য কালাখ্যেন শক্তিভূতেন জীবং প্রধানং জগচ্চ ধারণং পালনং বিনাশঞ্চ ভবতি, স এব জীবাদধিকমিতি ভাবঃ। অত্র ধৃতে বিযুক্তে ইতি, ধৃতেঽবিযুক্তে' ইতি বা পদচ্ছেদঃ। পূর্ব্বরূপমার্ষম্।

তথাচ কালরূপেণ অবিযুক্তঃ সন্ জীব—প্রধানাদিকং ধারণং করোতি শ্রীভগবান্ ইতি।

ক্রমে পৃথক হয়। যাহার দ্বারা এই প্রকার হয় তাহার নাম কাল। অর্থাৎ যে পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের কাল নামক শক্তির দ্বারা জীব, প্রধান, ও জগৎ ধারণ পালন ও বিনাশ হয়, তিনি জীব হইতে অধিক ইহাই ভাবার্থ।

এই স্থলে ধৃতে বিযুক্তে এই স্থানে "অবিযুক্তে" এই রূপ পদচ্ছেদও হয়। এইস্থলে আর্ষ প্রয়োগ হেতু পদের পূর্বরূপ হইয়াছে। সার কথা এই যে শ্রীভগবান কালরূপের সহিত অবিযুক্ত হইয়া জীব প্রধানাদি ধারণ করেন। অনন্তর সকল শাস্ত্রগণের শিরোমণি যাঁহার চরণবেদী চুম্বন করে সেই শ্রীভাগবত মহাপুরাণের বাক্য প্রমাণের দ্বারা জীব হইতে শ্রীভগবানের ভেদ নিরূপণ করিতেছেন-এতৎ 'ইত্যাদি। যদি বলেন—শ্রীভগবানের এই প্রকার মহিমা কি প্রকারে হইল? এই অপেক্ষায় বলিতেছেন—ইহাই ঈশ্বরের অর্থাৎ স্বয়ং ভগবান শ্রীগোবিন্দদেবের ঈশন সর্বাতিশায়ি পরম মহৈশ্বর্য্য; তাহা কি প্রকার? বলিতেছেন অসদাত্মস্থ সকলের দ্বারা, অর্থাৎ শ্রীভগবদ্ বিমুখ জীবগণের বন্ধন কারক যে প্রাকৃতগুণ সকল তাহাদের দ্বারা যুক্ত হয়েন না।

কেন যুক্ত হয়েন না? তাহা বলিতেছেন—প্রকৃতিস্থ হইলেও। অর্থাৎ প্রাকৃত প্রপঞ্চে অবস্থান করিলেও স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণবিমুখজীবের সমান প্রাকৃতগুণ সকলের দ্বারা যুক্ত হয়েন না। এই বিষয়ে দৃষ্টান্ত বলিতেছেন -ভগবদাশ্রয়া বুদ্ধি যে প্রকার। এই স্থলে ব্যতিরেক দৃষ্টান্ত এই প্রকার তদাশ্রয়া অর্থাৎ প্রকৃতির আশ্রয়া বুদ্ধি জীবের জ্ঞান যেমন প্রাপঞ্চিক বিষয়ে সংযুক্ত হয়, সেই প্রকার পরব্রহ্মেতে সংযুক্ত হয় না।

"এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্ গুণৈঃ।
ন যুজ্যতেঽসদাত্মস্থৈ র্যথা বুদ্ধিস্তদা শ্রয়া ॥ (ভা॰ ১।১১।৩৮) ইতি চৈবমাদ্যাসু তথৈব

অথসর্ব্বশাস্ত্র শিরোমণি চুম্বিত চরণবেদি শ্রীভাগবতমহাপুরাণ বাক্য প্রমাণেন জীবাৎ শ্রীভগবতো ভেদং নিরূপয়ন্তি—এতদিতি। ননু এবমস্য মহিমানং কুতঃ? ইত্যপেক্ষায়ামাহ এতদেব ঈশনং সর্ব্বাতিশায়ি—পরম মহৈশ্বর্য্যম্; কিং তৎ? ইত্যাহ —অসদাত্মস্থৈঃ শ্রীভগবদ্ বিমুখ জীব বন্ধকৈঃ, তদ্গুণৈঃ প্রাকৃতগুণৈ র্ন যুজ্যতে; কথং ন যুজ্যতে —প্রকৃতিস্থোঽপি। তথাচ —প্রাকৃতপ্রপঞ্চে অবস্থানং কৃতেঽপি স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণঃ তদ্বিমুখজীববৎ প্রাকৃতগুণৈ র্ন যুজ্যতে। অত্র দৃষ্টান্তমাহ - যথা বুদ্ধিস্তদাশ্রয়া। অত্র ব্যতিরেকদৃষ্টান্তস্তাবৎ—তদাশ্রয়া-প্রকৃত্যাশ্রয়া বুদ্ধিঃ—জীবজ্ঞানং যথা প্রাপঞ্চিক বিষয়ে যুজ্যতে, তথা পরব্রহ্মণি ন যুজ্যতে ইত্যর্থঃ।

অন্বয় দৃষ্টান্ত - তদাশ্রয়া – অর্থাৎ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবাশ্রয়া পরমভাগবতগণের যে বুদ্ধি তাহা যেমন প্রকৃতিস্থা হইলেও কথঞ্চিৎ কোন কারণে প্রপঞ্চে পতিত হইলেও প্রাপঞ্চিকগুণাদিতে সংযুক্ত হয় না : সেই প্রকার শ্রীগোবিন্দদেব ও প্রাকৃত প্রপঞ্চে অবস্থান করিলেও প্রাকৃতগুণাদিতে সংযুক্ত হয়েন না। সারার্থ এই যে যেমন শ্রীভগবান হইতে উৎপন্ন হইলেও ভগবদ্বহির্মুখগণের বুদ্ধি শ্রীভগবানকে বিষয় করিতে পারে না। যেমন—শ্রীভগবদ্ভক্তগণের বুদ্ধি প্রাকৃত জগতে অবস্থান করিলেও প্রাকৃতকগুণ কাম ক্রোধাদির দ্বারা সংযুক্ত হয় না।

সেই প্রকার পরাৎপর, পরব্রহ্ম, স্বেতর সর্ববিলক্ষণ, সর্ব্বকারণ কারণ, সর্বনিয়ামক, শ্রীগোবিন্দদেব প্রাকৃত ব্রহ্মাণ্ডে অবস্থান করিলেও প্রাকৃত কাম ক্রোধাদিগুণের দ্বারা সংযুক্ত হয়েন না; ইহাই শ্রীসুতদেবের আভিপ্রায়। এই প্রকার স্মৃতি সকলেও এই প্রকারই নির্দেশ করিয়াছেন; যদি বল-জীবাত্মা ও পরমাত্মা সমান ভোগ করে, ইহা বলিতে পার না, যে হেতু উভয়ের বৈশিষ্ট্য বিদ্যমান আছে। এই প্রকার পূর্বেও প্রতিপাদন করিয়াছেন। অনন্তর এই সূত্রের সঙ্গতি প্রকার নিরূপণ করিতেছেন তথাচ ইত্যাদি।

অবিচিন্ত্য মহাশক্তিমান ঈশ্বর নিজ সঙ্কল্প মাত্রেই জগৎ সৃষ্টি করিয়া তাহাতে প্রবেশ করিয়া ক্রীড়া করেন, এবং সেই জগৎ জীর্ণ হইলে সংহার বা নাশ করেন, যে প্রকার ঊর্ণনাভি করিয়া থাকে, সুতরাং পূর্বোক্ত পরিশ্রম ও অমঙ্গলকরণাদি দোষের গন্ধও শ্রীগোবিন্দদেবে নাই। ঊর্ণনাভি (মাকড়শা) বৎ বলার তাৎপর্য্য মুণ্ডকোপনিষদে বর্ণিত আছে—যে প্রকার ঊর্ণনাভি নিজ মুখ হইতে ঊর্ণা (সূত্র) সৃজন করিয়া গ্রহণ করে, যেমন পৃথিবীতে ঔষধী সকল স্বতই উৎপন্ন হয়; এবং যে প্রকার মানবের কেশ লোমাদি উৎপন্ন হয়, সেই প্রকার অক্ষরপুরুষ শ্রীগোবিন্দদেব হইতে এই বিশ্ব উৎপত্তি হয়।

অনন্তর প্রসঙ্গ প্রাপ্ত পরিচ্ছেদবাদ নিরাকরণ করিতেছেন—ননু" ইত্যাদি। এইবিষয়ে অদ্বৈত বাদ

নির্দ্দিষ্টঃ। "সম্ভোগপ্রাপ্তি" (ব্র॰ সূ॰ ১।২।১।৮) ইত্যাদিনা প্রাগপ্যেতদভিহিতম্। তথাচাবিচিন্ত্যোরুশক্তিরীশ্বরঃ স্বসংকল্পমাত্রাজ্জগৎ সৃষ্ট্বা তস্মিন্ প্রবিশ্য বিক্রীড়তি, জীর্ণঞ্চ তৎ সংহরতি

অন্বয়দৃষ্টান্তস্তাবৎ—তদাশ্রয়া—পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবাশ্রয়া পরমভাগবতানাং বুদ্ধি র্যথ প্রকৃতিস্থা অপি কথঞ্চিৎ কেনাপি কারণেন তত্র প্রপঞ্চে পতিতাপি তৎ গুণাদৌ ন যুজ্যতে; তদ্ বদিত্যর্থঃ তথাহি—যথা শ্রীগভবদুৎপন্নাপি ভগবদ্বহির্ম্মুখানাং বুদ্ধিঃ শ্রীভগবন্তং ন বিষয়ী করোতি। যথা বা শ্রীভগবদ্ভক্তানাং বুদ্ধিঃ প্রকৃতিস্থা অপি প্রাকৃতিকগুণৈঃ কামক্রোধাদিভি র্ন যুজ্যতে; এবং পরাৎপর—পরব্রহ্ম --শ্বেতরসর্ব্ববিলক্ষণ সর্ব্বকারণকারণ—সর্ব্বনিয়ামক শ্রীগোবিন্দদেবঃ প্রকৃত্যভ্যন্তরে স্থিতোঽপি প্রাকৃত কাম ক্রোধাদিগুণৈ র্ন যুজতে ইতি শ্রীসুতদেবস্য আশয়ঃ।

গুরু শ্রীশঙ্করাচার্য্য পাদ বলিয়াছেন—কি প্রকারে ভেদ ও অভেদ দুইটি বিরুদ্ধ ধর্ম একত্র সম্ভব হইবে? ইহা দোষের বিষয় নহে, আকাশও ঘটাকাশ ন্যায়ের দ্বারা ভেদাভেদ উভয়ের সেই সেই স্থানে প্রতিষ্ঠা হেতু সম্ভব হইবে।

দৃক্‌দৃশ্য বিবেকেও বর্ণিত আছে—অবচ্ছিন্ন, চিদাভাস এবং তৃতীয় স্বপ্নকল্পিত এই তিন প্রকার জীব জানিবে, তন্মধ্যে প্রথম ব্রহ্মের অবচ্ছিন্ন জীবই পারমার্থিক বলিয়া জানিবে। তাহার বাক্য সুধা টীকা—সেই ত্রিবিধ জীবের মধ্যে আদ্য অবচ্ছিন্ন পারমার্থিক জীব বলিয়া জানিবে, ইহা যোজনা করিতে হইবে। যদি বলেন—অবচ্ছিন্ন জীবের কি প্রকারে পারমার্থিকতা সিদ্ধ হয়?

তদুত্তরে বলিতেছেন—অবচ্ছেদ কল্পিত হইলেও অবচ্ছেদ্য কিন্তু বাস্তব অর্থাৎ সত্য, তাহাতে আরোপ হেতু জীবত্ব ব্যবহার হয়, তাহার স্বভাব কিন্তু ব্রহ্মত্ব। সিদ্ধান্ত লেশসংগ্রহে জীবেশ্বর নিরূপণ প্রকরণে—আকাশ দুই প্রকার আবৃত ও অনাবৃত, ঘটাবচ্ছিন্ন যে আকাশ তাহা ঘট সমানীত হইলে যেমন ঘটই আনীত হয় আকাশ হয় না, জীবও সেইরূপ আকাশের সমান। ব্রহ্মের অংশ নানা যে হেতু তাহা শ্রুতির ব্যপদেশ; এই প্রকার শ্রুতি ও সূত্র প্রমাণের দ্বারা অবচ্ছেদ পক্ষেরই পরিগ্রহণ করিয়াছেন।

অতএব সর্বগত চৈতন্যের অন্তঃকরণাদির দ্বারা অবচ্ছেদ অবশ্যম্ভাবী; সুতরাং অবচ্ছেদের আবশ্যকতা হেতু অবচ্ছেদ জীব; এই পক্ষই রুচিকর। এই প্রকার ব্রহ্মের পরিচ্ছেদ জীব' ইহা কল্পনা করেন এইরূপ আশঙ্কা করিয়া পরিহার করিতেছেন—ননু" ইত্যাদি। যদি আপনারা (অদ্বৈতবাদিরা) বলেন যে আপনারা (ভেদবাদিরা) জীব হইতে ব্রহ্মের আধিক্য স্থাপন করিতেছেন তাহা এই ঘটাকাশ ও মহাকাশের সমান; অতএব ঘটাকাশ হইতে মহাকাশের যে পার্থক্য, সেই প্রকার জীব হইতে ঈশ্বরের আধিক্য স্বীকার করিতে হইবে" ইহা বলিতে পারেন না, কারণ আকাশের ন্যায় ব্রহ্মের পরিচ্ছেদ বিষয়তা শাস্ত্রে অস্বীকার করিয়াছেন; যে হেতু ব্রহ্ম সর্বব্যাপক।

উর্ণনাভিবদিতি ন পূর্ব্বোক্তদোষগন্ধঃ। ননু ঘটাকাশাৎ মহাকাশস্যেব এতৎ জীবাদীশ্বরস্যাধিক্যমিতিচেন্ন, তদ্বত্তস্য পরিচ্ছেদবিষয়ত্বাস্বীকারাৎ।

সঙ্গতিঃ - অথ এতৎ সূত্রস্য সঙ্গতিপ্রকারমাহুঃ—তথাচ' ইতি। উর্ণনাভিবদিতি; অত্র মুণ্ডকবাক্যম্ - (১।১।৭) "যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্লতে চ যথা পৃথিব্যামৌষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্॥ অথ প্রসঙ্গপ্রাপ্তং পরিচ্ছেদবাদং নিরাকুর্ব্বন্তি—ননু ইতি। অত্র অদ্বৈতবাদগুরবঃ শ্রীশঙ্করাচার্য্যপাদাঃ কথং ভেদাভেদৌ বিরুদ্ধৌ সম্ভবেয়াতাম্? নৈষ দোষঃ আকাশ-ঘটাকাশ ন্যায়েন উভয়সম্ভবস্য তত্র তত্র প্রতিষ্ঠাপিতত্বাৎ" (২।১।২২) দৃগ্‌দৃশ্যবিবেকে চ-৩২ অবচ্ছিন্ন শ্চিদাভাসস্তৃতীয়ঃ স্বপ্নকল্পিতঃ। বিজ্ঞেয় স্ত্রিবিধো জীবস্তত্রাদ্যঃ পারমার্থিকঃ॥ টীকা চ বাক্যসুধা - তেষু মধ্যেষু আদ্যোঽবচ্ছিন্নঃ পারমার্থিকো জীবো বিজ্ঞেয় ইতি যোজনা" ইতি। কথমবচ্ছিন্নস্য পারমার্থিকত্বমিত্যত—আহ—অবচ্ছেদ' ইতি।

অবচ্ছেদঃ কল্পিতঃ স্যাদবচ্ছেদ্যস্তু বাস্তবম্। তস্মিন্ জীবত্বমারোপাদ্ ব্রহ্মত্বং তু স্বভাবতঃ॥ তথাচ সিদ্ধান্তলেসংগ্রহে—প্রথমপরিচ্ছেদে জীবেশ্বর নিরূপণে—"ঘটসংবৃতমাকাশং নীয়মানে যথাঘটে। ঘটো নীয়েত নাকাশং তদ্বজ্জীবো নভোপমঃ॥ "অংশো নানা ব্যপদেশাৎ" (২।৩।৪৩) ইতি শ্রুতিসূত্রাভ্যাং 'অবচ্ছেদ' পক্ষস্যৈব পরিগ্রহাচ্চ।

তস্মাৎ সর্ব্বগতস্য চৈতন্যস্য অন্তঃকরণাদিনা অবচ্ছেদোঽবশ্যম্ভাবীতি, আবশ্যকত্বাদবচ্ছেদো-জীব ইতি পক্ষং রোচয়ন্তে" ইতি। ইত্যেবং ব্রহ্মপরিচ্ছেদো জীব ইতি কল্পয়ন্তি; ইত্যাশঙ্ক্য পরিহরন্তি—'ননু' ইতি তদ্‌বৎ—আকাশবৎ তস্য—পরব্রহ্মণঃ: অথ পরিচ্ছেদবাদমবলম্ব্য শ্রীতত্ত্বসন্দর্ভে শ্রীমদাচার্য্য-চরণাঃ—যর্হ্যেব যদেকং চিদ্‌রূপং ব্রহ্ম মায়াশ্রয়তাবলিতং বিদ্যাময়ম্; তর্হ্যেব তন্মায়া-বিষয়তাপন্নমবিদ্যা পরিভূতঞ্চ' ইত্যুক্তমিতি জীবেশ্বরো বিভাগোঽবগতঃ।

ততশ্চ স্বরূপসামর্থ্য বৈলক্ষণ্যেন তদ্ দ্বিতয়ং মিথো বিলক্ষণস্বরূপমেব ইত্যাগতম্। ন চ উপাধিতারতম্য ময়-পরিচ্ছেদ-প্রতিবিম্বত্বাদি ব্যবস্থয়া তয়োর্বিভাগ স্যাৎ। তত্র যদি উপাধেরনাবিদ্যকত্বেন বাস্তবত্বম্ তর্হি অবিষয়স্য তস্য পরিচ্ছেদ বিষয়ত্বাসম্ভবঃ।

এই পরিচ্ছেদবাদ অবলম্বন করিয়া শ্রীতত্ত্বসন্দর্ভে শ্রীমদাচার্য্য প্রভুপাদ বর্ণনা করিয়াছেন—যদি এই প্রকার একমাত্র চিদ্‌রূপ ব্রহ্ম, তিনি মায়ার আশ্রয়যুক্ত বিদ্যাময়। তাহা হইলে ব্রহ্ম মায়া বিষয়তাপন্ন ও অবিদ্যা পরিভূত! এই প্রকার জীব ও ঈশ্বরের বিভাগ অবগত হওয়া যায়। সুতরাং স্বরূপ ও সামর্থ্য বৈলক্ষণ্যের দ্বারা সেই দ্বিতীয় বস্তু পরস্পর বিলক্ষণ স্বরূপই বুঝা যায়। যদি বলেন ব্রহ্মের উপাধি তারতম্য ময় বিভাগ হেতু পরিচ্ছেদ প্রতিবিম্বত্বাদি ব্যবস্থার দ্বারা জীবও ঈশ্বরের বিভাগ হইবে "ইহা যথার্থ নহে।

উপাধেরাবিদ্যকত্বে তু তত্র তৎ পরিচ্ছিন্নতাদেরপি অঘটমানত্বাদাবিদ্যকত্বমেবেতি ঘটাকাশাদিষু বাস্তবোপাধিময় তদ্দর্শনয়া ন তেষামবাস্তব স্বপ্ন দৃষ্টান্তোপজীবিনাং সিদ্ধান্তঃ সিদ্ধ্যতি ; ঘটাঘটমানয়োঃ সঙ্গতিঃ কর্ত্তুমশক্যত্বাৎ। ততশ্চ তেষাং তত্তৎ সর্ব্বমবিদ্যাবিলসিতমেবেতি স্বরূপমপ্রাপ্তেন তেন তেন তত্তদ্ ব্যবস্থাপয়িতুমশক্যম্।

ইতি ব্রহ্মাবিদ্যয়োঃ পর্য্যবসানে সতি যদেবং ব্রহ্ম চিন্মাত্রত্বেন অবিদ্যাযোগস্য অত্যন্তাভাবাস্পদত্বাচ্ছুদ্ধং ; তদেব তদ্যোগাদশুদ্ধ্যা জীবঃ : পুনস্তদেব জীববিদ্যা কল্পিত মায়াশ্রয়ত্বাদ্ ঈশ্বরঃ ; তদেব তন্মায়াবিষয়ত্বাজ্জীব ইতি বিরোধস্তদবস্থ এব স্যাৎ। তত্র চ শুদ্ধায়াং চিত্যবিদ্যা ; তদবিদ্যাকল্পিত—উপাধৌ তস্যামীশ্বরাখ্যায়াং বিদ্যা ইতি ; তথা বিদ্যাবত্বেঽপি মায়িকত্বমিত্যসমঞ্জসা চ কল্পনা স্যাদিত্যাদ্যানুসন্ধেয়ম্।

কিঞ্চ যদি অত্রাভেদ এব তাৎপর্য্যমভবিষ্যৎ তর্হি একমেব ব্রহ্মাজ্ঞানেন ভিন্নম্ ; জ্ঞানেন তু তস্য ভেদময়ং দুঃখং বিলীয়ত ইত্যপশ্যদিত্যেবাঽবক্ষ্যৎ। তথা শ্রীভগবল্লীলাদীনাং বাস্তবত্বাভাবে সতি শ্রীশুকহৃদয়বিরোধশ্চ জায়তে। তস্মাৎ পরিচ্ছেদ—প্রতিবিম্বত্বাদি প্রতিপাদক শাস্ত্রাণ্যপি কথঞ্চিৎ তৎ সাদৃশ্যেন গৌণ্যেব বৃত্ত্যা প্রবর্ত্তেরন্" ইতি।

তাহাতে যদি উপাধির অনাবিদ্যকত্ব হেতু বাস্তব স্বীকার করা যায়, তাহা হইলে অবিষয় ব্রহ্মের পরিচ্ছেদ বিষয়ের সম্ভব হয় না। এই উপাধি যদি আবিদ্যকত্ব স্বীকার করা যায় তাহা হইলে ব্রহ্মে সেই পরিচ্ছিন্নতাদি উপাধিরও অঘটমানতাহেতু আবিদ্যকত্বই বুঝিতে হইবে। আর – ঘটাকাশাদিতে যে উপাধি তাহা বাস্তব, সেই দৃষ্টান্ত দ্বারা স্বপ্নদৃষ্টান্তোপজীবিগণের সিদ্ধান্ত সিদ্ধ হইবে না। কারণ তাঁহার ঘটমান ও অঘটমানের সঙ্গতি করিতে সমর্থ হইবেন না। অতএব তাঁহাদের জীব ও ঈশ্বরাদি সকল অবিদ্যার বিলাস মাত্র, সুতরাং স্বরূপ অপ্রাপ্ত হেতু প্রতিবিম্ব ও পরিচ্ছেদের দ্বারা জীবাদির ব্যবস্থা করিতে সমর্থ হইবে না। এই প্রকার ব্রহ্মও অবিদ্যার পর্য্যবসান হইলে পরে যে ব্রহ্ম চিন্মাত্রস্বরূপ হেতু অবিদ্যা যোগের অত্যন্তাভাবাস্পদতা প্রযুক্ত শুদ্ধ ; সেই শুদ্ধব্রহ্মই অবিদ্যা যোগ হেতু অশুদ্ধি প্রযুক্ত জীব। পুনঃ সেই ব্রহ্মই জীবের অবিদ্যা কল্পিত মায়ার আশ্রয় হেতু ঈশ্বর ; আবার সেই ঈশ্বরই জীব মায়া বিষয়তা হেতু জীব, এই প্রকার বিরোধ হেতু অনবস্থাই হইবে। তন্মধ্যে শুদ্ধচেতনে অবিদ্যা সেই অবিদ্যা কল্পিত উপাধিতে ঈশ্বরাখ্যা অবিদ্যা, তথা সেই ঈশ্বরবিদ্যাময় হইলেও মায়িক ইত্যাদি অনেক প্রকার অসমঞ্জস কল্পনা বিদ্যমান আছে, তাহা অনুসন্ধেয়। আরও যদি আপনাদের অভেদেই শাস্ত্র সকলের তাৎপর্য্য হইবে তাহা হইলে একমাত্র ব্রহ্ম অজ্ঞানের দ্বারা ভিন্ন হয়, এবং জ্ঞানের দ্বারা সেই ব্রহ্মের ভেদময় রূপ দুঃখ বিলীন হইত ; এই প্রকার শ্রীব্যাসদেব দর্শন করিয়াছিলেন, এই প্রকার বলিতেন। এবং শ্রীভগবানের লীলাদির বাস্তবত্বের অভাব হইলে পরে শ্রীশুকদেবের হৃদয়ের ভাব বিরোধ হইবে। অতএব প্রতিবিম্ব পরিচ্ছেদাদি প্রতিপাদক শাস্ত্র সকলও কোন প্রকারে ব্রহ্মসাদৃশ্যের দ্বারা গৌণবৃত্তির সহিত প্রবর্ত্তিত হয়।

অথ টীকা চ—শ্রীমদ্ ভাষ্যকারপ্রভুপাদানাম্—যত্তু "একমেবাদ্বিতীয়ম্" (ছা০ ৬২১) "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" (বৃ০ ৩৯২৮) "নেহ নানাস্তি কিঞ্চন" (বৃ০ ৪৪।১৯) ইত্যাদি—শ্রুতিভ্যো নির্ব্বিশেষ শ্চিন্মাত্রাদ্বৈতং ব্রহ্ম বাস্তবম্ : অথ সদসদ্ বিলক্ষণত্বাদনির্ব্বচনীয়েন বিদ্যাবিদ্যাবৃত্তিকেন অজ্ঞানেন সম্বন্ধাৎ তস্মাদ্ বিদ্যোপহিতমীশ্বরচৈতন্যমবিদ্যোপহিতং জীবচৈতন্যঞ্চাভূৎ ;

স্বরূপজ্ঞানেন নিবৃত্তে তু অজ্ঞানেন তত্রেশ্বরজীবভাবঃ, কিন্তু নির্ব্বিশেষাদ্বিতীয় – চিন্মাত্ররূপা-বস্থিতির্ভবেদিত্যাহ—মায়ী শঙ্করঃ, তত্রাহ—যর্হ্যেব যদেকমিতি। বিস্ফুটার্থম্। ইত্যযুক্তম্ ইতি। যুগপাদেবাকস্মাদেব অজ্ঞান যোগাদেকস্য ভাগ্যস্য বিদ্যাশ্রয়ত্বং, অন্যস্যাবিদ্যা পরাভূতিরিতি কিমপরাদ্ধং তেন ব্রহ্মণা ? যেন বিবিধ বিক্ষেপক্লেশানুভব ভাজনতাভূৎ। পুনরপি আকস্মিকাজ্ঞানসম্বন্ধস্য শক্যত্বাদ্ বক্তুমিতি, ন তদুক্ত্যা তদ্‌বিভাগো বাচ্যঃ কিন্তু শ্রীব্যাসদৃষ্টরীত্যৈব সোহস্মাভিরবগত ইত্যর্থঃ।

যত্তু "ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে" (বৃ০ ২।৫।১৯) ইত্যাদিশ্রুতেঃ তস্য অদ্বিতীয়স্য ব্রহ্মণো মায়য়া পরিচ্ছেদাদ্ ঈশ্বর-জীব বিভাগঃ স্যাৎ।

এই অংশের শ্রীমদ্‌ভাষ্যকার প্রভুপাদ বিরচিত টীকা এই প্রকার - যাঁহারা-একমাত্রঅদ্বিতীয়, বিজ্ঞান অনন্দ ব্রহ্ম' কোন প্রকার নানা বস্তু নাই' এই সকল শ্রুতি প্রমাণ হইতে' নির্বিশেষ চিন্মাত্র অদ্বৈত ব্রহ্মই বাস্তব। অনন্তর সদসৎ বিলক্ষণত্ব হেতু অনির্বচনীয় বিদ্যা ও অবিদ্যাবৃত্তিরূপ অজ্ঞানের সহিত সম্বন্ধহেতু বিদ্যোপহিত ঈশ্বর চৈতন্য, অবিদ্যোপহিত জীব চৈতন্য হইলেন।

স্বরূপ জ্ঞানের দ্বারা অজ্ঞান নিবৃত্ত হইলে তাহাতে ঈশ্বর ও জীবভাব থাকে না ; কিন্তু নির্বিশেষ চিন্মাত্র অদ্বিতীয় রূপে অবস্থান হয় ; ইহা মায়ী শঙ্কর বলেন, তাহা নিরাকরণ করিতেছেন—যদি "ইত্যাদি। অকারণ বশতঃ যুগপৎ অজ্ঞান যোগ হেতু একটি ভাগের বিদ্যাশ্রয়তা ; অন্য একটি ভাগের অবিদ্যার দ্বারা পরাভব লাভ; হায়! ব্রহ্ম কি অপরাধ করিয়াছিলেন ? যেজন্য বিবিধ বিক্ষেপ ক্লেশানুভবের পাত্র হইলেন।

পুনরায় আকস্মিক অজ্ঞান সম্বন্ধ হইল' ইত্যাদি আপনারদের বাক্য দ্বারা ব্রহ্মের বিভাগ করা যুক্তি সঙ্গত নহে ; কিন্তু শ্রীব্যাসদেব যে প্রকার সমাধিতে দেখিয়াছিলেন আমরাও সেই প্রকার অবগত আছি। যাঁহার বলেন ইন্দ্র-ব্রহ্ম মায়া সকলের দ্বারা বহুরূপে প্রতীতি হয়েন 'ইত্যাদি শ্রুতি হইতে সেই অদ্বিতীয় ব্রহ্মের মায়ার দ্বারা পরিচ্ছেদ হেতু ঈশ্বর ও জীব বিভাগ হয়। তন্মধ্যে বিদ্যার দ্বারা পরিচ্ছিন্ন মহান খণ্ড 'ঈশ্বর' এবং অবিদ্যার দ্বারা পরিচ্ছিন্ন কনিষ্ঠ খণ্ড 'জীব' হয়। যেমন ঘটের দ্বারা অবচ্ছিন্ন আকাশ বৃহৎ ; এবং শরাবের দ্বারা পরিচ্ছিন্ন আকাশ ক্ষুদ্র, ইত্যাদি উপদিষ্ট হয়। যে প্রকার সকল জ্যোতির আত্মা সূর্য্য জল ভেদ করিয়া অনেকরূপ ধারণ করেন সেই রূপ অজ আত্মা উপাধির দ্বারা প্রতি শরীরে ভেদরূপ প্রাপ্ত হয়েন। ইত্যাদি শাস্ত্র বাক্যে ব্রহ্মের প্রতিবিম্ব শ্রবণ করা হেতু ব্রহ্মের বিভাগ হইবে।

তত্র বিদ্যয়া পরিচ্ছিন্নো মহান্ খণ্ডঃ "ঈশ্বরঃ" অবিদ্যা পরিচ্ছিন্নঃ কনীয়ান্ খণ্ডস্তু 'জীবঃ'। যথা ঘটেনাবচ্ছিন্নঃ শরাবেণাবচ্ছিন্নশ্চ আকাশখণ্ডো মহদল্পতা ব্যাপদেশং ভজতি। "যথা হ্যয়ং জ্যোতিরাত্মা বিবস্বানপোভিত্বা বহুধৈকোঽনুগচ্ছন্। উপাধিনা ক্রিয়তে ভেদরূপো দেবঃ ক্ষেত্রেষ্বেবমজোঽমাত্মা॥" ইত্যাদিষু ব্রহ্মণস্তস্য প্রতিবিম্ব শ্রবণাৎ, তদ্‌বিভাগঃ স্যাৎ।

বিদ্যায়াং প্রতিবিম্ব ঈশ্বরঃ অবিদ্যায়াং প্রতিবিম্বস্তু জীবঃ। যথা সরসি রবেঃ প্রতিবিম্বো, যথাচ ঘটে প্রতিবিম্বো মহদল্পত্বব্যপদেশং ভজতে, তদ্বদিত্যাহ—শঙ্করঃ। তদিদং নিরসনায় দর্শয়তি—ন চেতি। অনয়া রীত্যা তয়োর্বিভাগো ন চ স্যাদিত্যন্বয়ঃ। কুতো ন বাঽ্য ইতি চেৎ? অনুপপত্তে-রেবেত্যাহ—অত্র যদ্যুপাধেরিতি। পরিচ্ছেদ পক্ষং নিরাকরোতি—অনাবিদ্যকত্বেন রজ্জু-ভূজঙ্গবৎ অজ্ঞান রচিতত্বাভাবেন বস্তুভূতত্বে সতীত্যর্থঃ।

অবিষয়স্যেতি—"অগৃহ্যো নহি গৃহ্যতে" (বৃ০ ৩৯।২৬) ইতি শ্রুতেঃ সর্ব্বাস্পৃশ্যস্য তস্য ব্রহ্মণ ইত্যর্থঃ। ইদমত্র বোধ্যম্—ন চ টঙ্কচ্ছিন্ন পাষাণ খণ্ডবদ্ বাস্তবোপাধিচ্ছিন্নো ব্রহ্মখণ্ডবিশেষ ঈশ্বরো জীবশ্চ; ব্রহ্মণোঽচ্ছেদ্যত্বাদ্ অখণ্ডত্বাভ্যুপগমাচ্চ, আদিমত্বাপত্তেশ্চেশ্বর জীবয়োঃ। যত একস্য দ্বিধা ত্রিধা বিধানং চ্ছেদঃ।

সুতরাং বিদ্যায় প্রতিবিম্ব ব্রহ্ম ঈশ্বর, এবং অবিদ্যায় প্রতিবিম্ব ব্রহ্ম জীব হয়েন। যে প্রকার সারোবরে সূর্য্যের প্রতিবিম্ব মহান্ এবং ঘটে সূর্য্যের প্রতিবিম্ব ক্ষুদ্র হয়, সেইরূপ জানিতে হইবে, ইহা শ্রীশঙ্করাচার্য্য বলেন। এইমত নিরসনের নিমিত্ত বলিতেছেন নচ' ইত্যাদি। এই প্রকার রীতির দ্বারা ঈশ্বর ও জীবের বিভাগ হইবে না ইহাই অন্বয়। যদি বলেন কেন হইবে না? তদুত্তরে বলিতেছেন—ব্রহ্মে যদি উপাধির" ইত্যাদি। পরিচ্ছেদ পক্ষ নিরাকরণ করিতেছেন ব্রহ্ম অনাবিদ্যকত্ব হেতু রজ্জু-ভুজঙ্গ দৃষ্টান্তবৎ অজ্ঞান রচিতত্বের অভাব বশতঃ বস্তুভূতত্ব হইলে পরে ইহাই অর্থ। অবিষয়ের অর্থাৎ "ব্রহ্ম অগৃহ্য বস্তু তাঁহাকে গ্রহণ করা যায় না" এই শ্রুতি সর্ববিধ স্পর্শরহিত সেই ব্রহ্মের ইহাই অর্থ। এই স্থলে বক্তব্য এই যে টঙ্কচ্ছিন্ন পাষাণ খণ্ডের সমান বাস্তবোপধিচ্ছিন্ন ব্রহ্মের খণ্ড বিশেষ ঈশ্বর ও জীব নহে; যে হেতু ব্রহ্ম অচ্ছেদ্য ও অখণ্ড বলিয়া স্বীকার করা হইয়াছে; এই প্রকার স্বীকার করিলে ঈশ্বর এবং জীবের সাদিত্ব দোষ উপস্থিত হয়।

যে হেতু একটি বস্তুরই দুইভাগ অথবা তিনভাগ করার নাম চ্ছেদ। যদি বলেন অচ্ছিন্ন অবস্থায় উপাধি সংযুক্ত ব্রহ্মের প্রদেশ বিশেষ হইতেছে ঈশ্বরও জীব, তাহাও নহে। কারণ উপাধিসংযুক্ত হইলে পরে তাহা গমন করে; কিন্তু উপাধিসংযুক্ত ব্রহ্ম প্রদেশ গমনাদি করে না। এবং প্রতিক্ষণ উপাধিসংযুক্ত ব্রহ্ম প্রদেশের ভেদ হেতু ব্রহ্মের ক্ষণে ক্ষণে উপহিতত্ব অনুপহিতত্বাপত্তি দোষ আপতিত হয় যদি বলেন—সম্পূর্ণ ব্রহ্মই অবিদ্যার দ্বারা উপহিত হইয়া ঈশ্বর ও জীব হইয়াছে; তাহাও নহে, কারণ—আপনারা যে অনুপহিত ব্রহ্মের উপদেশ দিয়া থাকেন তাহা অসিদ্ধ হইবে। যদি বলেন—ব্রহ্মের

নাপি অচ্ছিন্ন এবোপাধিসংযুক্তো ব্রহ্মপ্রদেশ বিশেষ এব স সঃ : উপাধৌ চলতি উপাধি সংযুক্ত ব্রহ্মপ্রদেশ চলনাযোগাৎ; প্রতিক্ষণমুপাধিসংযুক্ত ব্রহ্মপ্রদেশভেদাদনুক্ষণ মুপহিতত্বানুপহিতত্বাপত্তেঃ। ন চ কৃৎস্নং ব্রহ্মৈবোপহিতং স সঃ অনুপহিত ব্রহ্মব্যপদেশাসিদ্ধেঃ। নাপি ব্রহ্মাধিষ্ঠানং, উপাধিরেব স সঃ মুক্তাৰীশজীবাভাৰাপত্তেরিতি তুচ্ছঃ পরিচ্ছেদবাদঃ।

অথ উপাধেরাবিদ্যকত্বপক্ষে পরিচ্ছেদাদিবাদদ্বয়ং নিরাকরোতি—উপাধে রিতি।

আবিদ্যাকত্বে রজ্জু-ভুজঙ্গাদিবন্মিথ্যাত্বে সতীত্যর্থঃ। তত্রোপাধি পরিচ্ছিন্নত্ব—তৎ প্রতিবিম্বত্বয়োরপি অনুপপদ্যমানত্বান্মিথ্যাত্বমেবেতি হেতোঃ, ঘটাকাশাদিষু—ঘটপরিচ্ছিন্নাকাশে ঘটাম্বুপ্রতিবিম্বাকাশে চ বাস্তবোপাধিময় তদুভয় দৃষ্টান্ত দর্শনেন তেষাং চিন্মাত্রাদ্বৈতিনাং একজীব বাদ পরিনিষ্ঠত্বাৎ অবাস্তব স্বপ্নদৃষ্টান্তোপজীবিনাং সিদ্ধান্তো ন সিদ্ধ্যতি।

উপাধের্মিথ্যাত্বে তেন পরিচ্ছেদঃ প্রতিবিম্বশ্চ ব্রহ্মণো মিথ্যৈব স্যাৎ, অতো মিথ্যোপাধি দৃষ্টান্তত্বেন সত্য ঘট-ঘটাম্বুনোঃ প্রদর্শনমসঙ্গতমেব। ঘট-ঘটাম্বুদৃষ্টান্ত-প্রদর্শনং ঘটমানম্; বিদ্যা-অবিদ্যা-বৃত্তিরূপ দার্ষ্টান্তিক প্রদর্শনং তু অঘটমানম্, তয়োঃ সঙ্গতি সাদৃশ্যলক্ষণা কর্ত্তুমশক্যৈব, সাদৃশ্যাভাবাৎ। ততশ্চেতি—তত্তৎ সর্ব্বং পরিচ্ছেদ-প্রতিবিম্বকল্পনমবিদ্যা বিলসিতমজ্ঞান বিজৃম্ভিতমেব ইত্যেবমুক্তরীত্যা স্বরূপমপ্রাপ্তেন অসিদ্ধেন তেন পরিচ্ছেদবাদেন, প্রতিবিম্ববাদেন চ তত্তৎ ব্যবস্থাপয়িতুং প্রতিপাদয়িতুমশক্যম্। ততশ্চ "হন্ত হত ন্যায়েন" ব্যাসদৃষ্ট প্রকারকস্তদ্‌বিভাগো ধ্রুবঃ।

অধিষ্ঠান রূপ উপাধিই ঈশ্বর ও জীব হইয়াছে; ইহাও বলিতে পারেন না, কারণ মুক্ত অবস্থাতেও ঈশ্বর এবং জীবভাব বর্ত্তমান থাকিবে; সুতরাং পরিচ্ছেদ বাদ অতি তুচ্ছ অথবা হেয়। অনন্তর উপাধির আবিদ্যকত্ব পক্ষে পরিচ্ছেদাদি বাদ দুইটি নিরাকরণ করিতেছেন উপাধির ইত্যাদি। আবিদ্যকত্ব অর্থাৎ রজ্জু ভুজঙ্গসদৃশ মিথ্যাত্ব ইহাই অর্থ। তন্মধ্যে উপাধি পরিচ্ছিন্নত্ব এবং ব্রহ্ম প্রতিবিম্বত্ব এই উভয়েরই অনুপপদ্যমান বসতঃ মিথ্যাত্বই সিদ্ধ হয় ইহাই হেতু।

ঘটাকাশাদিতে অর্থাৎ ঘটপরিচ্ছিন্ন আকাশে এবং ঘটস্থজল প্রতিবিম্বিত আকাশে বাস্তবো, পাধিময় সেই উভয়দৃষ্টান্ত দর্শনের দ্বারা চিন্মাত্র অদ্বৈতবাদি গণের একজীববাদ পরিনিষ্ঠ হওয়া হেতু অবাস্তব স্বপ্নদৃষ্টান্তোপজীবিগণের সিদ্ধান্ত সিদ্ধ হয় না। পক্ষান্তরে যদি উপাধিকে মিথ্যা বলিয়া স্বীকার করিলে ব্রহ্মের যে পরিচ্ছেদ ও প্রতিবিম্ব তাহাও মিথ্যাই হইবে, অতএব মিথ্যা উপাধিদৃষ্টান্ত দ্বারা সত্য ঘট ও ঘটাম্বু দৃষ্টান্ত প্রদর্শন সর্বথা অসমঞ্জসই হইবে। ঘটও ঘটাম্বুদৃষ্টান্ত প্রদর্শন ঘটমান অর্থাৎ সত্য; বিদ্যা ও অবিদ্যাবৃত্তিরূপ দার্ষ্টান্তিক প্রদর্শন অঘটমান অর্থাৎ মিথ্যা। সুতরাং উভয়ের সঙ্গতি সাদৃশ্যলক্ষনা করিতে সমর্থ হইবেন না; কারণ তাহাদের সাদৃশ্যের অভাব বিদ্যমান আছে। অনন্তর অর্থাৎ সেই সেই সকল পরিচ্ছেদ প্রতিবিম্ববাদ কল্পনা অবিদ্যা বিলসিত ও অজ্ঞান বিজৃম্ভিত মাত্র, এই প্রকার উক্ত প্রকারে স্বরূপ অপ্রাপ্ত হেতু সেই পরিচ্ছেদবাদ ও প্রতিবিম্ববাদের দ্বারা পরিচ্ছেদ ও

নন্থ পরিচ্ছেদাদিবাদদ্বয়ে নাস্মাকং তাৎপর্য্যম্, তস্য অজ্ঞবোধনায় কল্পিতত্বাৎ; কিন্তু একজীববাদ এব তদস্তি—"স এব মায়া পরিমোহিতাত্মা শরীরমাস্থায় করোতি সর্ব্বম্। স্ত্রিয়ন্নপানাদি বিচিত্রভোগৈ স এব জাগ্রৎ পরিতুষ্টমেতি॥ (কৈ০ ১২) ইত্যাদি কৈবল্যোপনিষদি তস্যৈবোপপাদিতত্বাৎ। তদ্-বাদশ্চেত্থম্—"একমেবাদ্বিতীয়ম্" (ছা০ ৬২।১) ইত্যাদ্যুক্ত শ্রুতিভ্যোঽদ্বিতীয়—চিন্মাত্রো হ্যাত্মা। স চ আত্মনি অবিদ্যয়া গুণময়ীং মায়াং তদ্ বৈষম্যজাং কার্য্যসংহতিঞ্চ কল্পয়ন্ - অস্মদর্থমেকং, যুষ্মদর্থাংশ্চ বহূন্ কল্পয়তি।

তত্র—অস্মদর্থঃ—স্বস্বরূপঃ পুরুষঃ। যুষ্মদর্থশ্চ—মহাদাদীণি ভূম্যন্তানি জড়ানি, স্বতুল্যানি পুরুষান্তরাণি, সর্ব্বেশ্বরাখ্যাঃ পুরুষবিশেষাশ্চ ইত্যেবং ত্রিবিধঃ। "জীবেশাবভাসেণ করোতি মায়া চাবিদ্যা চ স্বয়মেব ভবতি" (নৃ০ - ৯) ইতি শ্রুত্যন্তরাচ্চ। গুণযোগাদেব কর্ত্তৃত্বভোক্তৃত্বে তত্র আত্মানি অধ্যস্তে, যথা স্বপ্নে কশ্চিদ্ রাজধানীং রাজানং তৎ প্রজাশ্চ কল্পয়তি, তন্নিয়ম্যমাত্মনাঞ্চ মন্যতে, তদ্ বৎ। জাতে চ জ্ঞানে জাগরে চ সতি, ততোঽন্যন্ন কিঞ্চিদস্তীতি চিন্মাত্রমেকমাত্মবস্তু ইতি। তমিমং বাদং নিরাকর্ত্তুমাহ—ইতি ব্রহ্মেতি। ইত্যেবং পূর্ব্বোক্তরীত্যা পরিচ্ছেদাদিবাদদ্বয়স্য প্রত্যাখ্যানে জাতে, ব্রহ্ম চ অবিদ্যা চেতি দ্বয়োঃ পর্য্যবসানে সতীত্যর্থঃ।

প্রতিবিম্বের ব্যবস্থা এবং প্রতিপাদন করিতে সমর্থ হইবে না। সুতরাং হন্ত হত ন্যায়ের দ্বারা শ্রীব্যাসদেব সমাধিতে যে প্রকার দর্শন করিয়াছিলেন সেই প্রকারেই ঈশ্বর ও জীবের বিভাগ করাই পরম সত্য।

আপনারা (কেবলদ্বৈতবাদিরা) যদি - বলেন পরিচ্ছেদাদিবাদ দুইটিতে আমাদের কোন প্রয়োজন নাই, তাহা অজ্ঞ জনের বোধের নিমিত্ত কল্পনা করা হইয়াছে; কিন্তু একজীব বাদেই আমাদের প্রয়োজন বা তাৎপর্য্য; সেই ব্রহ্মই মায়াতে বিমোহিতাত্মা হইয়া শরীর গ্রহণ করতঃ সকল কার্য্য করেন; পুনঃ তিনিই জগ্রৎ অবস্থায় স্ত্রী অন্ন পানীয় প্রভৃতি বিচিত্র ভোগের দ্বারা পরিতুষ্ট হয়েন" এই প্রকার কৈবল্যোপনিষদে একজীববাদের প্রতিপাদন করিয়াছেন। একজীব বাদ এই প্রকার-তিনি একমাত্র ও দ্বিতীয় রহিত" ইত্যাদি শ্রুতি বাকে অদ্বিতীয় চিন্মাত্র আত্মা সেই আত্মা নিজেতে অবিদ্যার দ্বারা গুণময়ী মায়া তাহার বৈষম্যজাত কার্য্য সকল কল্পনা করিয়া অস্মদর্থ এক, যুষ্মদর্থ বহু কল্পনা করেন। তন্মধ্যে অস্মদর্থ স্বস্বরূপ পুরুষ, যুষ্মদর্থ মহৎ তত্ত্ব হইতে আরম্ভ করিয়া পৃথিবী পর্য্যন্ত জড়বস্তু সকল; নিজের সমান অন্য পুরুষ সকল, ও সর্বেশ্বরাখ্য পুরুষ বিশেষ সকল এই ভাবে ত্রিবিধ। ব্রহ্ম জীব ও ঈশ্বর ভাবের দ্বারা সকল কার্য্য করেন, তিনি স্বয়ং মায়া ও অবিদ্যা হয়েন" এই অন্য শ্রুতির বাক্যও আছে।

গুণযোগ হেতু সেই আত্মাতে কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব অধ্যাস করা হয়; যে প্রকার কোন ব্যক্তি স্বপ্নে রাজধানী রাজা ও প্রজার কল্পনা করে, ও তাহার নিয়ামক নিজেকে কল্পনা করে, সেই প্রকার।

অত্যন্তাভাবাস্পদত্বাদিতি"অগৃহ্যো ন হি গৃহ্যতে"(বৃ০ ৩।৯।২৬) ইত্যাদিশ্রুতেরিত্যর্থঃ। বিরোধস্তদবস্থ ইতি বিরোধত্বাদেবাশক্যং ব্যবস্থাপয়িতুমিত্যর্থ। তত্র চ শুদ্ধায়ামিতি—শুদ্ধে ব্রহ্মণি অকস্মাদবিদ্যাসম্বন্ধঃ, তৎ সম্বন্ধাৎ তস্য জীবত্বং, তেন জীবেন কল্পিতায়া মায়ায়া আশ্রয়ো ভূত্বা তদ্‌ব্রহ্মৈব ঈশ্বরঃ, তস্য ঈশ্বরস্য মায়য়া পরিভূতং ব্রহ্মৈব তজ্জীবঃ" ইত্যাদি বিপ্রলাপোঽয়মবিদুষামেব ন তু বিদুষামিতি ভাবঃ। মায়িকত্বং প্রতারকত্বমিত্যর্থঃ।

"স এব মায়া" ইতি শ্রুতিস্তু ব্রহ্মায়ত্তবৃত্তিকত্ব, ব্রহ্মব্যাপ্যত্বাভ্যাং ব্রহ্মণোঽনতিরিক্তো জীব ইত্যেব নিবেদয়ন্তী গতার্থাঃ "জীবেশৌ" ইতি শ্রুতিস্তু মায়াবিমোহিত তার্কিকাদি পরিকল্পিত জীবেশপর-তয়া গতার্থ ইতি ন কিঞ্চিদনুপপন্নম্। অনুপপত্যন্তরমাহ কিঞ্চেতি। অত্র—শ্রীভাগবতে শাস্ত্রে, "ইত্যের' ইতি" পূর্ণঃ পুরুষঃ কশ্চিদস্তি, তদাশ্রিতয়া মায়য়া জীবো বিমোহিতোঽনর্থং ভজতি, তদনর্থো-পশমনে চ পূর্ণস্য তস্য ভক্তিঃ" ইতি "অপশ্যৎ" ইত্যেবং নাবক্ষ্যদিত্যর্থঃ। তস্মাদিতি—তৎ সাদৃশ্যেন পরিচ্ছিন্ন প্রতিবিম্বতুল্যতেন ইত্যর্থঃ। "সিংহোদেবদত্তঃ" ইত্যত্র যথা গৌণ্যাবৃত্ত্যা "সিংহতুল্যতং দেব-দত্তস্য উচ্যতে, ন তু সিংহতং তদ্ বদিত্যর্থঃ। ইতি। তস্মাৎ পরিচ্ছেদবাদঃ শ্রুতিশাস্ত্রবিরুদ্ধমিতি।

সেই মানব জাগ্রহ হইলে যেমন রাজ্যাদি কিছুই থাকে না, সেই প্রকার আত্মার জ্ঞান হইলে আর জীবাদি কিছুই থাকে না; তখন চিন্মাত্র এক আত্মাই থাকে, সুতরাং একজীব বাদই যথার্থ। এই এক জীব বাদ নিরাকরণ করিবার অভিপ্রায়ে বলিতেছেন—ইতি ব্রহ্ম' ইত্যাদি। এই প্রকার পূর্ব্বোক্ত প্রকারে পরিচ্ছেদাদি বাদ দ্বয়ের প্রত্যাখান হইলে পরে, এবং ব্রহ্ম ও অবিদ্যা এই দুইয়ের পর্য্যবসান হইলে পরে ইহাই অর্থ।

অত্যন্তাভাবাস্পদত্ব হেতু। ব্রহ্ম অগ্রহনীয়বস্তু তাঁহাকে গ্রহণ করা যায় না" ইত্যাদি শ্রুতিবাক্য ইহাই অর্থ। বিরোধ সেই প্রকার—অর্থাৎ-বিরোধ হওয়া হেতু একজীববাদ স্থাপনে সমর্থ হইবে না। তন্মধ্যে শুদ্ধাতে অর্থাৎ—শুদ্ধব্রহ্মে অকস্মাৎ অবিদ্যার সম্বন্ধ, অবিদ্যার সম্বন্ধ হেতু ব্রহ্মের জীবত্ব, সেই জীবের দ্বারা কল্পিত মায়ার আশ্রয় হইয়া সেই ব্রহ্মই পুনঃ ঈশ্বর হয়েন। আবার সেই ঈশ্বরের মায়া দ্বারা পরাভূত ব্রহ্মই জীব হয় ইত্যাদি বিপ্রলাপ কেবল অবিদ্বানগণই করেন; বিদ্বানগণ করেন না। মায়িকত্ব অর্থাৎ প্রতারকতা ইহাই অর্থ। তিনি মায়া' ইত্যাদি শ্রুতি ব্রহ্মায়ত্ত বৃত্তিকত্ব ও ব্রহ্ম ব্যাপকত্বাদি দ্বারা ব্রহ্ম হইতে অনতিরিক্ত জীব এই প্রকার নিবেদন করতঃ গমন করেন। 'জীব ও ঈশ্বর" ইত্যাদি শ্রুতি মায়া বিমোহিত তার্কিকাদি পরিকল্পিত জীব ও ঈশ্বর প্রতি পাদক পরক জানিতে হইবে, সুতরাং এই বিষয়ে কোন প্রকার অনুপপন্নের আশঙ্কা নাই। প্রকারান্তরে অনুপপত্তি দেখাইতেছেন—কিঞ্চ ইত্যাদি। এইস্থলে অর্থাৎ শ্রীভাগবতশাস্ত্রে। এই প্রকার অর্থাৎ পূর্ণ পুরুষ কেহ আছেন, সেইপুরুষের আশ্রিতা-মায়ার দ্বারা বিমোহিত হইয়া জীব অনর্থের ভাগী হয়, সেই অনর্থ বিনাশের নিমিত্ত সেই পূর্ণপুরুষের ভক্তিই প্রয়োজন' শ্রীব্যাসদেব সমাধিযোগে দেখিয়াছিলেন"

ন চ জলচন্দ্রাৎ বিয়চ্চন্দ্রস্যেব তস্মাত্ত স্য তদ্,
বিভোর্নিরূপস্য তস্য তদ্বৎ প্রতিবিম্বাসম্ভবাৎ। ন চ রাজপুত্রস্যেবাপ্তদাসভ্রমস্য একস্য

অথ প্রতিবিম্ববাদো নিরাকর্ত্তুমুত্থাপয়ন্তি 'ন চ' ইতি। অত্র এবং প্রতিবিম্ববাদিনামাশয়ঃ—তথাচ সিদ্ধান্তলেশসংগ্রহে প্রথমপরিচ্ছেদে-(৪২) সংক্ষেপশারীরকে তু—"কার্য্যোপাধিরয়ং জীবঃ কারণোপাধিরীশ্বরঃ" ইতি শ্রুতিমনুসৃত্য অবিদ্যায়াং চিৎ প্রতিবিম্ব ঈশ্বরঃ। অন্তকরণে চিৎ প্রতিবিম্বো জীবঃ। ন চ অন্তঃকরণরূপেণ দ্রব্যেণ ঘটেন আকাশস্য ইব চৈতন্যস্য অবচ্ছেদসম্ভবাৎ তদবচ্ছিন্নমেব চৈতন্যং জীবোঽস্তু ইতি বাচ্যম্। ইহ পরত্র চ জীবভাবেন অবচ্ছেদ্যচৈতন্যপ্রদেশস্য ভেদেন কৃতহানাকৃতাভ্যাগম প্রসঙ্গাৎ। প্রতিবিম্বস্তু উপাধে গতাগতয়োরবচ্ছেদক —গতাগতয়োরবচ্ছেদ্যবৎ ন ভিদ্যতে ইতি প্রতিবিম্ব পক্ষে নায়ং দোষ ইত্যুক্তম্। ইতি।

অত্র পরিহারপ্রকারস্তু—বিভোর্নিরূপস্য তস্য তদ্ বৎ প্রতিবিম্বাসম্ভবাৎ" ইতি। অত্র শ্রীমদাচার্য্যপাদানাং শ্রীতত্ত্বসন্দর্ভে "নির্ধর্ম্মকস্য ব্যাপকস্য নিরবয়বস্য চ প্রতিবিম্বতাযোগোঽপি, উপাধি সম্বন্ধাভাবাৎ; বিম্ব-প্রতিবিম্বভেদাভাবাৎ, দৃশ্যতাভাবাচ্চ। উপাধি পরিচ্ছিন্নাকাশস্থ জ্যোতিরংশস্য এব প্রতিবিম্বো দৃশ্যতে ন তু আকাশস্য দৃশ্যতাভাবাদেব। তথা বাস্তব পরিচ্ছেদাদৌ সতি সামানাধিকরণ্য-

---

এই প্রকার বলিতেন না। ইহাই অর্থ। অতএব অর্থাৎ তৎসাদৃশ্যের দ্বারা-পরিচ্ছিন্ন ও প্রতিবিম্ব তুল্যের দ্বারা এই অর্থ।

"সিংহ দেবদত্ত" এই স্থলে যে প্রকার গৌণবৃত্তির দ্বারা সিংহের সমান দেবদত্তকে বলা হইয়াছে, কিন্তু প্রকৃত সিংহ নহে, এই প্রকার বুঝিতে হইবে। অতএব পরিচ্ছেদ বাদ শ্রুতিশাস্ত্র বিরুদ্ধ বলিয়া জানিবে।

অনন্তর প্রতিবিম্ব বাদ নিরাকরণ করিতে সেই মত উত্থাপন করিতেছেন—ন চ' ইত্যাদি। যদি বলেন—আকাশের চন্দ্রের জলে প্রতিবিম্ববৎ ব্রহ্মের প্রতিবিম্ব জীব; তাহাও সম্ভব নহে, কারণ জল প্রতিবিম্বিত চন্দ্র হইতে আকাশের চন্দ্র অধিক; কিন্তু পক্ষান্তরে ব্রহ্ম রূপরহিত সর্বব্যাপক তাঁহার চন্দ্রের সমান প্রতিবিম্ব সম্ভব নহে। এইস্থলে প্রতিবিম্ববাদিগণের আশয় এই প্রকার—সিদ্ধান্তলেশ সংগ্রহে বর্ণিত আছে—সংক্ষেপ শারীরককার বলেন—এই জীব কার্যোপাধি, এবং ঈশ্বর কারণোপাধি" এই শ্রুতিবাক্য অনুসারে-অবিদ্যায় প্রতিবিম্বিত ব্রহ্ম ঈশ্বর, অন্তঃ করণে প্রতিবিম্বিত চেতন জীব। যদি বলেন—ঘটদ্রব্যের দ্বারা যে প্রকার আকাশ অবচ্ছিন্ন হয়; সেই প্রকার অন্তঃকরণরূপ দ্রব্যের দ্বারা চৈতন্যের অবচ্ছেদ হওয়া সম্ভব হেতু অন্তঃকরণাবচ্ছিন্ন চৈতন্যই জীব হউক" এই কথা বলিতে পারেন না।

এইসিদ্ধান্ত স্বীকার করিলে ইহলোকে ও পরলোকে চৈতন্যের জীবভাব দ্বারা অন্তঃকরণাবচ্ছিন্ন

জ্ঞানমাত্রেণ ন তৎ ত্যাগশ্চ ভবেৎ। তৎ পদার্থপ্রভাব স্তত্রকারণমিতি, চেৎ, অস্মাকমেব মতসম্মতম্। টীকা চ শ্রীমদ্‌ভাষ্যকারপ্রভুপাদানাম্—অথ প্রতিবিম্বপক্ষং নিরাকরোতি—নিধর্ম্মকস্য' ইত্যাদিনা। নিধর্ম্মকস্য উপাধিসম্বন্ধাভাবাৎ, ব্যাপকস্য বিম্ব প্রতিবিম্বভেদাভাবাৎ, নিরবয়বস্যদৃশ্যত্বাভাবাচ্চ। ব্রহ্মণঃ প্রতিবিম্ব ঈশ্বরো জীবশ্চ ন ইত্যর্থঃ। রূপাদি ধর্ম্মবিশিষ্টস্য পরিচ্ছিন্নস্য সাবয়বস্য চ সূর্য্যাদেস্তদ্‌বিদূরে জলাদ্যুপাধৌ প্রতিবিম্বো দৃষ্টঃ, তদ্‌বিলক্ষণস্য ব্রহ্মণঃ স ন শক্যো বক্তুমিত্যর্থঃ।

ননু আকাশস্য তাদৃশস্যাপি প্রতিবিম্বদর্শনাৎ ব্রহ্মণঃ স ভবিষ্যতি" ইতি চেৎ, তত্রাহ—উপাধীতি। গ্রহনক্ষত্রপ্রভামণ্ডলস্য ইত্যর্থঃ। অন্যথা বায়ু কাল দিশামপি স দর্শনীয়ঃ। যত্তু "ধ্বনেঃ প্রতিধ্বনিরিব ব্রহ্মণঃ প্রতিবিম্বঃ স্যাৎ" ইত্যাহ—তন্ন চারুঃ। অর্থান্তরত্বাদিতি প্রতিবিম্বো বাদোঽপ্যতিতুচ্ছঃ।

দ্বারা অবচ্ছেদ্য চৈতন্য প্রদেশের ভেদ হেতু কৃতহানি ও অকৃতের সমাগম প্রসঙ্গ আসিয়া উপস্থিত হয়। কিন্তু প্রতিবিম্ববাদে উপাধির গমনাগমনে অবচ্ছেদক, ও গমনাগমনে অবচ্ছেদ্যের সমান ভেদ হয় না, সুতারাং প্রতিবিম্ব পক্ষে কোন দোষ হয় না।

এই স্থলে প্রতিবিম্ববাদের পরিহার প্রকার এইরূপ—সর্ব্বব্যাপক রূপরহিত ব্রহ্মের চন্দ্রবৎ প্রতিবিম্ব সম্ভব নহে।

এই স্থলে শ্রীমদাচর্য্যপ্রভুপাদ শ্রীতত্ত্বসন্দর্ভে বলিয়াছেন সর্ববিধ প্রাকৃত ধর্ম রহিত, সর্বব্যাপক, নিরবয়র ও প্রতিবিম্বত্বের যোগের অভাব হইলেও উপাধি সম্বন্ধের অভাব হেতু, বিম্ব প্রতিবিম্বভেদের অভাব হেতু, এবং দৃশ্যত্বের অভাব বশতঃ প্রতিবিম্ববাদ সম্ভব নহে। আকাশস্থ উপাধি পরিচ্ছিন্ন জ্যোতির অংশেরই প্রতিবিম্ব দেখা যায় কিন্তু আকাশের প্রতিবিম্ব দেখা যায় না, কারণ আকাশ দৃশ্য বস্তু নহে।

যদি পরিচ্ছেদাদি সিদ্ধান্ত যদি বাস্তব হয়, তাহা হইলে সামানাধিকরণ্য জ্ঞান মাত্রই তাহা ত্যাগ করা সম্ভব নহে। যদি বলেন—তৎ পদার্থ প্রভাবই প্রতিবিম্বাদি ভেদ ত্যাগের কারণ হয়; তাহা আমাদেরও মত অর্থাৎ শ্রীভগবদ্‌বিষয়ে জ্ঞান হইলে সকল অজ্ঞান বিনাশ প্রাপ্ত হয়। এই অংশের শ্রীমদ্ ভাষ্যকার প্রভু পাদ বিরচিত টীকা এই প্রকার—অনন্তর প্রতিবিম্ব পক্ষ নিরাকরণ করিতেছেন—নির্ধর্মকের' ইত্যাদির দ্বারা।

নির্ধর্মকের উপধি সম্বন্ধের অভাব হেতু; ব্যাপকের বিম্ব প্রতিবিম্বাদি ভেদের অভাব হেতু; নিরবয়বের দর্শনের অভাব হেতু প্রতিবিম্ববাদ সম্ভব হয় না। ঈশ্বর ও জীব ব্রহ্মের প্রতিবিম্ব নহে ইহাই অর্থ। রূপাদি ধর্মবিশিষ্ট পরিচ্ছিন্ন সাবয়ব সূর্য্যাদির অতিশয় দূরে অবস্থান হেতু জলাদি উপাধিতে প্রতিবিম্ব দেখা যায়, কিন্তু তদ্‌বিলক্ষণ ব্রহ্মের প্রতিবিম্ব হয়, ইহা বলিতে সমর্থ হইবে না। যদি বলেন সর্ববিলক্ষণ আকাশেরও প্রতিবিম্ব হইয়া থাকে, সুতরাং সর্ব্বব্যাপক ব্রহ্মেরও প্রতিবিম্ব হইবে' তদুত্তরে

"ব্রহ্মৈবাহমিতি জ্ঞানমাত্রেণ তদ্রূপাবস্থিতিঃ স্যাদিতি' যদভিমতম্, তৎ খলু উপাধের্ব্বাস্তবত্ব পক্ষে ন সম্ভবতীত্যাহ—তথা বাস্তবেতি। আদিনা প্রতিবিম্বো গ্রাহ্য। ন খলু নিগড়িতঃ কশ্চিদ্ দীনো 'রাজা' এব অহং ইতি জ্ঞানমাত্রাদ্ 'রাজা' ভবন্ দৃষ্ট ইতি ভাবঃ।

ননু ব্রহ্মানুসন্ধি সামর্থ্যাদ্ ভবেৎ' ইতি চেৎ, তত্রাহ—তৎ পদার্থেতি। তথাচ তন্মাতক্ষতি-রিতি, ইতি। তস্মাদ্ ব্রহ্মণঃ প্রতিবিম্বো জীবো ন ইতি সিদ্ধান্তঃ। অথ ভ্রান্তব্রহ্মৈব' জীব ইতি বাদং নিরা কুর্ব্বন্তি—ন চ রাজপুত্রস্য' ইতি। অথ ভ্রান্তব্রহ্মবাদিনাং মতং—সিদ্ধান্ত লেশসংগ্রহস্য প্রথমপরিচ্ছেদে—৪৭, জীবেশ্বরনিরূপণপ্রকরণে - অপরে তু—ন প্রতিবিম্বো নাপি অবচ্ছেদো জীবঃ, কিন্তু কৌন্তেয়স্য এব রাধেয়ত্ববদবিকৃতস্য ব্রহ্মণ এব অবিদ্যয়া জীব ভাবঃ। ব্যাধকুল সম্বন্ধিত রাজকুমার দৃষ্টান্তেন ব্রহ্মৈব স্ব অবিদ্যয়া সংসরতি স্ব অবিদ্যয়া বিমুচ্যতে' ইতি বৃহদারণ্যক ভাষ্যে প্রতিপাদনাৎ। (২।১।২০) "রাজ-সূনোঃ স্মৃতিপ্রাপ্তৌ ব্যাধভাবো নিবর্ত্ততে। তথৈবমাত্মনোঽজ্ঞস্য তত্ত্বমস্যাদিবাক্যতঃ॥ ইতি বার্ত্তিকো-

---

বলিতেছেন—উপাধি' ইত্যাদি গ্রহ নক্ষত্র প্রভামণ্ডলের প্রতিবিম্ব দেখা যায় ইহাই অর্থ, অন্যথা বায়ু কাল দিক প্রভৃতিরও প্রতিবিম্ব দেখা যাইত।

কেহ কেহ বলেন - ধ্বনির সদৃশ ব্রহ্মার ও প্রতিধ্বনি হউক "কিন্তু ইহা সিদ্ধান্ত যুক্ত নহে। অর্থান্তরত্বহেতু প্রতিবিম্ববাদ ও অতিতুচ্ছ। আমি ব্রহ্মই' এই প্রকার জ্ঞানের দ্বারা ব্রহ্মস্বরূপা স্থিতি হইবে" এইপ্রকার যাহারা মনে করে, তাহা উপাধির বাস্তব পক্ষে সম্ভব হয় না, তাহা বলিতেছেন—বাস্তব' ইত্যাদি। আদিপদের দ্বারা প্রতিবিম্ব গ্রহণ করিতে হইবে। কোন কারাবদ্ধ দীন মানব' আমিই রাজা' এই প্রকার জ্ঞান মাত্রই রাজা হইয়াছে' ইহা দেখা যায় না। যদি বলেন - ব্রহ্মানুসন্ধি সামর্থ্য হেতু জীব ব্রহ্ম হইবে; তদুত্তরে বলিতেছেন তৎ পদার্থ ইত্যাদি। তৎ পদার্থ মহিমায় জীব ব্রহ্ম হয় এই সিদ্ধান্ত স্বীকার করিলে অদ্বৈতমত সিদ্ধ হয় না।

অতএব ব্রহ্মের প্রতিবিম্ব জীব নহে' ইহাই সিদ্ধান্ত। অনন্তর ভ্রান্ত ব্রহ্মই জীব' এই মতবাদ নিরাকরণ করিতেছেন—রাজপুত্রের সমান 'ইত্যাদি। যদি বলেন - রাজপুত্র যে প্রকার ভ্রম বশতঃ নিজেকে কৈবর্ত্ত মনে করে; সেই প্রকার ব্রহ্মও ভ্রম হেতু জীব হইয়া উৎকর্ষ অপকর্ষের ভাগী হয়। অতঃ পর ভ্রান্ত ব্রহ্মই জীব হইয়াছে" এই মতবাদিগণের মত সিদ্ধান্তলেশসংগ্রহে এইরূপ বর্ণিত আছে—অপর কেহ বলেন—জীব ব্রহ্মের প্রতিবিম্বও নহে, এবং অবচ্ছেদ ও নহে; কিন্তু কৌন্তেয় যেমন রাধেয় হইয়া ছিলেন সেই প্রকার অবিকৃত ব্রহ্মই অবিদ্যার দ্বারা জীব ভাব প্রাপ্ত হইয়াছে। ব্যাধ কুলে পরিবর্দ্ধিত রাজকুমারের দৃষ্টান্ত দ্বারা ব্রহ্মই নিজ অবিদ্যার দ্বারা সংসার গ্রস্ত হয়; এবং নিজ অবিদ্যার দ্বারাই মুক্তিলাভ করে, এইরূপ বৃহদারণ্যক উপনিষদ্ ভাষ্যে শ্রীশঙ্করাচার্য্যপাদ প্রতিপাদন করিয়াছেন। বার্ত্তিককার বলিয়াছেন—রাজপুত্রের স্মৃতি লাভ হইলে যেমন ব্যাধভাব নিবৃত্তি হয়, সেই প্রকার অজ্ঞ আত্মার তত্ত্বমসি ইত্যাদি বাক্য হইতে জ্ঞান প্রাপ্ত হইয়া জীব ভাব পরিত্যাগ পূর্বক ব্রহ্মভাব লাভ হয়।

ব্রহ্মণো ভ্রমাৎ জীবস্যোৎ কর্ষাপকর্ষে, সার্ব্বজ্ঞ্যশ্রুতিবিরোধাদিত্যলম্ ॥২২॥

॥ওঁ॥ অশ্মাদিবচ্চ তদনুপপত্তিঃ ॥ওঁ॥ ২।১।৭।২৩॥

চেতন্যস্যাপি জীবস্যাশ্মকাষ্ঠ লোষ্ট্রবদস্বাতন্ত্র্যাৎ স্বতঃ কর্তৃত্বানুপপত্তিঃ, "অন্তঃপ্রবিষ্টঃ

ক্তেশ্চ। এবঞ্চ স্বাবিদ্যয়া জীবভাবমাপন্নস্য এব ব্রহ্মণঃ প্রপঞ্চকল্পকত্বাদ্ ঈশ্বরোপি সহ সর্ব্বজ্ঞত্বাদিধর্ম্মৈঃ স্বপ্নোপলব্ধ—দেবতাবৎ জীবকল্পিত ইতি আচক্ষতে। ইতি। ইতি কপোলকল্পিতমতবাদং নিরাকুর্ব্বন্তি 'সার্ব্বজ্ঞ্য শ্রুতি বিরোধাদিতি।

অত্র মতত্রয়েঽপি অবিদ্যা এব জীবেশ্বর কল্পনায়াং মূলকরণম্। অত্র এবং পৃচ্ছ্যতে—জীবেশ্বর কল্পনা কারিণী অবিদ্যা কল্পনায়াঃ প্রাগাসীৎ ন বা? আদ্যে—দ্বৈতাপত্তিঃ। অন্ত্যে - কল্পনাভাবঃ। তস্মাদলং ভ্রান্তৈঃ সহ বার্ত্তালাপেন, যে খলু সর্ব্বজ্ঞ পরব্রহ্ম অপি ভ্রমাবর্ত্তে পাতয়িতুমিচ্ছন্তি। প্রতিবিম্ব পরিচ্ছেদস্তথা ভ্রান্তমত ত্রয়ম্। ভ্রান্তানামেব সিদ্ধান্তো, ন বেদ শাস্ত্রবিন্নতম্ ॥২২॥

অথ প্রকারান্তরেণ জীবকর্তৃত্বং নিষিদ্ধ্য পরব্রহ্ম বিরচিতং জগৎ' ইতি প্রতিপাদয়ন্তি

ননু জীবশ্চেতন এব; কর্তৃত্বং খলু চেতনস্য ধর্ম্ম; তৎ কথং জগৎ কর্তৃত্বং জীবস্য ন সম্ভবেৎ? ইতি চেৎ; এবং শঙ্কায়াঃ সমাধানং করোতি ভগবান্ শ্রীবাদরায়ণঃ-অশ্মাদি' ইতি। জীবস্য চেতনত্বেঽপি

এই প্রকার নিজ অবিদ্যার দ্বারা জীবভাবাপন্ন ব্রহ্মই প্রপঞ্চ কল্পক হেতু ঈশ্বর হয়েন। এই প্রকার সার্বজ্ঞ্যত্বাদি ধর্মের সহিত স্বপ্নোপলব্ধ দেবতা সদৃশ জীব কল্পনা করা হইয়াছে এইরূপ বলিয়া থাকেন। এই কপোল কল্পিত মত বাদ নিরাকরণ করিতেছেন-সার্বজ্ঞ্য শ্রুতি বিরোধ হেতু, অর্থাৎ ব্রহ্ম সর্বজ্ঞ সুতরাং তাঁহার ভ্রম সম্পূর্ণ অসম্ভব।

এই প্রকার এই প্রতিবিম্ব পরিচ্ছেদ ও ভ্রান্তব্রহ্ম এই তিনটি মতেই অবিদ্যাই জীবও ঈশ্বর কল্পনার মূল কারণ। এইস্থলে আমাদের জিজ্ঞাসা এই যে—জীব ও ঈশ্বর কল্পনা কারিণী অবিদ্যা জীবেশ্বর কল্পনার পূর্বে ছিল? অথবা ছিল না? যদি বলেন-জীবেশ্বর কল্পনার পূর্বে অবিদ্যা বর্ত্তমান ছিল তাহা হইলে দ্বৈতাপত্তি, অর্থাৎ ব্রহ্মের সহিত অবিদ্যারও স্থিতি স্বীকার করিতে হয়। যদি বলেন—অবিদ্যা ছিল না, তাহা হইলে কল্পনার অভাব হইবে। অতএব ভ্রান্তগণের সহিত ব্রহ্মবিষয়ে বার্ত্তালাপ করার আর কোন প্রয়োজন নাই। যাহারা সর্ব্বজ্ঞ পরং ব্রহ্মকে ও ভ্রমাবর্ত্তে পতিত করিতে ইচ্ছা করিতেছে, তাহারা যথার্থ ই ভ্রান্ত। প্রতিবিম্ব এবং পরিচ্ছেদ তথা ব্রহ্মভ্রান্ত এই মত ত্রয় ভ্রান্তগণেরই সিদ্ধান্ত, বেদাদি শাস্ত্রাভিজ্ঞ পণ্ডিতগণের নহে ॥২২॥

অনন্তর প্রকারান্তরে জীবকর্তৃত্ববাদ নিষেধ করিয়া, এই জগৎ পরব্রহ্ম বিরচিত তাহা প্রতিপাদন করিতেছেন।

শাস্তা জনানাম্" ইত্যাদিশ্রুতেঃ। "ঈশ্বরঃ সর্ব্বভূতানাম্" (গী॰ ১৮।৬১) ইত্যাদিস্মৃতেশ্চ ॥২৩॥

জগৎ কর্ত্তৃত্বং ন সম্ভবতি ; কুতঃ ? অশ্মাদিবচ্চেতি। চেতনোঽপি জীব অশ্মঃ পাষাণঃ, তৎবদিত্যর্থঃ ; আদিপদাৎ-কাষ্ঠ-লোষ্ট্রাদেগ্র্রহণম্।

তস্মাৎ তদনুপপত্তিঃ ; জগৎ বিরচনমনুপপত্তিঃ। অতঃ শ্রীভগবানেব জগৎকর্ত্তা ইতি ; কথমনুপপত্তিঃ ? তৎ প্রতিপাদয়ন্তি-চেতনস্যাপীতি। তথাচ—যদ্যপি জীবঃ চেতন এব ; পরতন্ত্রত্বাৎ স্বতঃকর্ত্তৃত্বাভাবাচ্চ তস্য জীবস্য স্বতঃ কর্ত্তৃত্বানুপপত্তিঃ। অথ জীবস্য কর্ত্তৃত্বাভাবে শ্রুতি প্রমাণমাহুঃ—অন্তঃ" ইতি। পরাৎপর-পরব্রহ্ম-শ্রীগোবিন্দদেবঃ সর্ব্বনিয়ামকঃ জনানাং সকলজীবানাং অন্তঃ অন্তঃকরণে প্রবেশং কৃত্বা শাস্তা ভবতি ; নিয়ামকো ভবতীত্যর্থঃ। তান্ লৌহকাষ্ঠখণ্ডবৎ স্ব স্ব কার্য্যে প্রেরয়তি শ্রীভগবান্ ইতি।

এবং শ্রুতিপ্রমাণমুক্তা স্মৃতিপ্রমাণং উদাহরন্তি—ঈশ্বর ইতি। ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন ! তিষ্ঠতি। ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া" ইতি তু সম্পূর্ণশ্লোকঃ। ব্যাখ্যাচ—ঈশ্বরঃ—সর্ব্বনিয়ামকঃ, সর্ব্বান্তর্য্যামী নিত্যমহৈশ্বর্য্য পরিপূর্ণঃ শ্রীভগবান্ সর্ব্বভূতানাং—ব্রহ্মাদিস্থাবরান্ত নিখিল

শঙ্কা-এই স্থলে আমাদের (জীবকর্ত্তৃত্ববাদিদের) আশঙ্কা—জীব চেতনবস্তু ; কর্ত্তৃত্ব চেতনেরই ধর্ম' সুতরাং চেতনজীবের কি প্রকারে জগৎ কর্ত্তৃত্ব সম্ভব হইবে না ?

সমাধান—ভগবান শ্রীবাদরায়ণ এই আশঙ্কার সমাধান করিতেছেন—অশ্মাদি' ইত্যাদি। জীব চেতন হইলেও তাহার জগৎকর্ত্তৃত্ব সম্ভব নহে : কি কারণে ? জীব চেতন হইলেও অশ্ম অর্থাৎ পাষাণ সদৃশ, অর্থাৎ পাষাণ সদৃশ সর্ব প্রকার ক্রিয়া হীন, আদিপদের দ্বারা কাষ্ঠ ও লোষ্ট্রাদির গ্রহণ হইবে। অতএব তাহার অনুপপত্তি, অর্থাৎ জগৎ রচনার অনুপপত্তি। সুতরাং শ্রীভগবানই জগতের সৃষ্টিকর্ত্তা।

কি প্রকারে অনুপপত্তি তাহা প্রতিপাদন করিতেছেন-চেতনেরও ইত্যাদি। চেতন হইলেও জীবের অশ্ম, কাষ্ঠ, লোষ্ট্রের সমান অস্বাতন্ত্র্য হেতু স্বতঃ কর্ত্তৃত্বের অনুপপত্তি দেখা যায়। অনুপপত্তি অর্থাৎ অযোগ্যতা।

অর্থাৎ—যদ্যপি জীব চেতনবস্তু তথাপি পাষাণ খণ্ডবৎ পরতন্ত্র বলিয়াই জানিতে হইবে। পরতন্ত্র ও স্বতঃ কর্ত্তৃত্বের অভাব হেতু জীবের স্বতঃকর্ত্তৃত্বের অযোগ্যতা জানিতে হইবে। অনন্তর জীবের কর্ত্তৃত্বাভাবে প্রমাণ প্রদর্শিত করিতেছেন—অন্তঃ "ইত্যাদি। পরাৎপর পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব সকলের নিয়ামক, জনগণের অর্থাৎ সকল জীবগণের অন্তঃকরণে প্রবেশ করিয়া শাসক হয়েন' অর্থাৎ নিয়ামক হয়েন। শ্রীভগবান জীবগণকে লৌহ ও কাষ্ঠ খণ্ডের সদৃশ নিজ নিজ কার্য্যে প্রেরণা করেন। এই প্রকার শ্রুতি প্রমাণ নিরূপণ করিয়া স্মৃতিবাক্য উদ্ধৃত করিতেছেন—ঈশ্বর" ইত্যাদি। ঈশ্বর-সর্ব-

॥ওঁ॥ উপসংহারদর্শনান্নেতি চেন্ন ক্ষীরবদ্ধি ॥ওঁ॥ ২।১।৭।২৪॥

ননু নাশ্মাদিবদকর্ত্তৃত্বং জীবস্য, তস্যৈব কার্য্যোপসংহার দর্শনাৎ। স হি যৎ কার্য্য-মারভতে তৎ সমাপয়তীতি দৃষ্টং, ন চায়ং ভ্রমঃ বাধকাভাবাৎ। নন্বস্তু জীবঃ কর্ত্তা স চেশাধীন

প্রাণিনাং হৃদ্দেশে তিষ্ঠতি : ন কেবলং তিষ্ঠত্যেব কিন্তু সর্ব্বাণি ভূতানি মায়য়া স্বশক্ত্যা তানি ভ্রাময়ন্ তিষ্ঠতি। তথাহি—অন্তর্য্যামিব্রাহ্মণে—৩ ৭ ১৫ "যঃ সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্ সর্ব্বেভ্যো ভূতেভ্যোঽন্তরো যং সর্ব্বাণি ভূতানি ন বিদুঃ, যস্য সর্ব্বাণি ভূতানি শরীরং যঃ সর্ব্বাণি ভূতানি—অন্তরো যময়তি" ইতি।

অপিচ—"যচ্চ কিঞ্চিৎ জগৎ সর্ব্বং দৃশ্যতে শ্রূয়তেঽপি বা। অন্তর্ব্বহিশ্চ তৎ সর্ব্বং ব্যাপ্য নারায়ণঃ স্থিতঃ॥ ইত্যাদি। তস্মাৎ চেতনত্বেঽপি জীবানং স্থিতি প্রবৃত্ত্যাদিকং শ্রীভগবদধীনমেব, অতঃ তেষাং জগদ্ রচনে কর্ত্তৃত্বং নাস্তীত্যর্থঃ ॥২৩॥

অথ যুক্ত্যন্তরেণ জীবস্য জগৎ কর্ত্তৃত্বং নিষিধ্য পরব্রহ্মণো জগৎকর্ত্তৃং স্থাপয়তি ভগবান্ শ্রী-বাদরায়ণঃ—উপসংহার' ইতি।

ননু জীবস্য কর্ত্তৃত্বাভাবং ন যুক্তিসঙ্গতং ; কুতঃ ? উপসংহার দর্শনাৎ' উপসংহারঃ—সমাপ্তিঃ, প্রারম্ভিতকার্য্যস্য সমাপ্তি, জীবকর্ত্তৃকা ইতি দর্শনাৎ জীব এব কর্ত্তা, ন তু ঈশ্বরঃ। ইতি চেৎ ন; জীবো

নিয়ামক, সর্বান্তর্য্যামী, নিত্যমহৈশ্বর্য্যপরিপূর্ণ শ্রীভগবান ভূত সকলের অর্থাৎ ব্রহ্মাদিস্থাবরান্ত নিখিল প্রাণিগণের হৃদয়ে অবস্থান করেন।

অর্থাৎ শ্রীভগবানের প্রাকৃত কর চরণা দি না থাকিলে ও স্বরূপানুবন্ধি কর চরণ ইন্দ্রিয়াদি বিদ্যমান হেতু জগৎ সৃষ্ট্যাদিকার্য্যে কোন প্রকার অনুপপন্ন বা অসামর্থ্যতা হয় নাই। অন্য ব্যাখ্যাকারগণ এই প্রকার ব্যাখ্যা করেন—অপাণিঃ" ইত্যাদ মন্ত্রের দ্বারা শ্রীভগবানের করচরণাদির নিষেধ করা হয় নাই; যে হেতু তাঁহার গ্রহণাদিকার্য্যের বর্ণন করিয়াছেন। কিন্তু সেই সেই করণ সকলের দ্বারা সেই সেই বৃত্তি সকলের নিয়ম নিষেধ করিতেছেন। নিয়ম নিষেধ করিতেছে" এই বাক্যের সারার্থ এই, যে প্রকার—জীবগণের সেই সেই করণ দ্বারা সেই সেই বিষয় গ্রহণ হয়, যেমন চক্ষুর দ্বারা একমাত্র রূপই গ্রহণ হয়, অন্য ইন্দ্রিয়ের দ্বারা গ্রহণ করা যায় না। এই প্রকার কর্ণের দ্বারাই শব্দের গ্রহণ করা যায় অন্যের দ্বারা নহে।

কিন্তু পরম কারণ ভগবান শ্রীগোবিন্দদেবের সেই প্রকার কোন নিয়ম নাই ইহাই অর্থ। তাহা শ্বেতাশ্বতর বাক্যের দ্বারা প্রতিপাদন করিতেছেন—সর্বত' ইত্যাদি। তাঁহার সর্বত কর চরণাদি আছে, সর্বত্রই নয়ন মস্তক মুখ বিদ্যমান; সর্বত্র নয়ন আছে, এবং সকলকে আবরণ করিয়া অবস্থান

কার্য্যমসাধ্যমস্তি পূর্ণত্বাদতঃ করণবিধানঞ্চ ন, সমানমন্যৎ ॥৩১॥

বিষ্বক্ সর্ব্বতঃ, কৃষ্ণস্যাভ্যাননা অভিমুখমাননং যেষাং তথা ভূতাঃ সন্তঃ ; পুরুরাজিমণ্ডলৈঃ পুরবো বহ্ব্যো যা রাজয়ঃ শ্রেণয়স্তাসাং মণ্ডলৈর্ম্মণ্ডলাকার-নানা পঙ্‌ক্তিভিরুপবিশ্য ব্রজার্ভকা রেজুরিত্যন্বয়ঃ। অন্তর্ম্মণ্ডলমেকং, তদ্‌বহিরন্যৎ, তদ্‌বহিরন্যদিতি ক্রমেণ বহূনি রাজি-মণ্ডলানীতিমন্তব্যম্। ফুল্লদৃশঃ—মমৈবায়ং সম্মুখ ইতি মন্যমানাঃ সর্ব্ব এব হর্ষোৎকর্ষেণ প্রফুল্লনয়নাঃ, এতেন ভগবতঃ শ্রীকৃষ্ণস্য বস্তুস্বভাবাদব্যবহিতত্বং অনাবৃতত্বং সর্ব্বাভিমুখ্যত্বঞ্চ, ব্যাপকত্বাৎ সহোপবিষ্টা ইতি চ সর্ব্বেষাং নিকট এবোপবিষ্টত্বাত্তথাত্বম্! ইতি। পূর্ণত্বাদিতি বৃহদারণ্যকে—৫।১ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।

করিতেছেন। অর্থাৎ সেই প্রাকৃত হস্ত পদাদি রহিত, অপ্রাকৃত দিব্য চিদ্ বিগ্রহ শ্রীগোবিন্দদেবের সর্বত্রই কর ও চরণ, সকল ইন্দ্রিয়ের দ্বারা হস্ত পদাদির কার্য্য করেন। এবং সর্বত্রই নয়ন বিদ্যমান আছে এ প্রকার মস্তক বদনাদি বর্ত্তমান আছে ; আরও সেই শ্রীগোবিন্দদেবই স্থাবর জঙ্গমাত্মক অখিল ব্রহ্মাণ্ডকে আবরণ করিয়া অবস্থান করিতেছেন। এই প্রকার তাঁহাদের দ্বারা অর্থাৎ শ্বেতাশ্বতরগণ কর্ত্তৃক ইহাই অর্থ। এই প্রকার স্মৃতিশাস্ত্রে বর্ণিত আছে যাঁহার অঙ্গসকল সকল ইন্দ্রিয়ের বৃত্তি ধারণ করে।

অঙ্গানি' এই শ্লোকটি ব্রহ্মসংহিতা—বাক্য : যে আনন্দচিন্ময় সদুজ্জ্বল বিগ্রহ শ্রীগোবিন্দদেবের সকল অঙ্গ সকল বৃত্তিযুক্ত অর্থাৎ দর্শন করেন পান, গ্রহণ গমনাদি করেন সেই আদি পুরুষ শ্রীগোবিন্দদেবকে আমি ভজনা করি। শ্রীমদাচার্য্যপাদ এই শ্লোকের টীকায় বর্ণন করিয়াছেন তন্মধ্যে শ্রীবিগ্রহের অঙ্গসকল, অর্থাৎ হস্ত ও দর্শন করিতে সমর্থ হয়, চক্ষুও পালন করিতে পারেন ; এই প্রকার ভিন্ন ভিন্ন অঙ্গ ভিন্ন ভিন্ন কার্য্য করিতে পারেন। এই প্রকার শ্রীবৃন্দাবন লীলায় বন্য ভোজনাবসরে দেখা যায়। শ্রীদশমে বন্যভোজন লীলায় বর্ণিত আছে—প্রফুল্ল নয়ন ব্রজবালকগণ শ্রীকৃষ্ণের চতুর্দিকে মণ্ডলিবদ্ধ হইয়া পরস্পর সম্মুখে উপবেশনকরতঃ বনে শোভিত হইলেন ; যেমন কমলকর্ণিকাকে কমলদল সকল আবরণ করিয়া থাকে। শ্রীমদাচার্য্যপ্রভুপাদের শ্রীবৃহৎক্রমসন্দর্ভ ব্যাখ্যা—শ্রীকৃষ্ণের বিশ্বক, ইত্যাদি ; বিশ্বক্ সর্বত ; শ্রীকৃষ্ণের অভিমুখে আনন যাহাদের সেই প্রকার হইয়া ; পুরুরাজি মণ্ডল অর্থাৎ বহু রাজি-শ্রেণী যাহাদের, নানা পঙ্‌ক্তি দ্বারা উপবেশন করিয়া ব্রজবালকগণ সুশোভিত হইলেন এই প্রকার অন্বয়। অর্থাৎ অভ্যন্তরে একটি মণ্ডল, তাহার বাহিরে আর এক মণ্ডল এবং তাহার বাহিরে অপর একটি মণ্ডল এই রূপ ক্রমে বহুমণ্ডলে শোভিত হইলেন ইহা মনে করিতে হইবে।

ফুল্লদৃশঃ' অর্থাৎ শ্রীকৃষ্ণ আমারই সম্মুখে বসিয়া আছেন' এই প্রকার মনে করিয়া সকল গোপবালকগণ হর্ষোৎকর্ষহেতু প্রফুল্ল নয়ন হইলেন ; এতদ্বারা ভগবান শ্রীকৃষ্ণের বস্তু স্বভাবহেতু ব্যবধান রহিতত্ব, অনাবৃতত্ব, এবং সকলের অভিমুখে অবস্থানকারিত্ব প্রতিপাদিত হইল। ব্যাপকতা হেতু

১১।। লীলাকৈবল্যাধিকরণম্

সৃষ্টৌ ব্রহ্মণঃ প্রবৃত্তিরুপযুক্তা ? নবেতি বিশয়ে, পূর্ব্বপক্ষমাহ –

।।ওঁ।। ন প্রয়োজনবত্ত্বাৎ ।।ওঁ।। ২।১।১১।৩২।।

পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে ॥ ইতি। তস্মাৎ দিব্যাপ্রাকৃত করচরণাদিমান্ শ্রীগোবিন্দদেব ইতি সিদ্ধান্তঃ ॥৩১॥

ইতি বিকরণত্বাধিকরণং দশমং সম্পূর্ণম্ ॥১০॥

১১।। লীলাকৈবল্যাধিকরণম্ ।

জগৎস্থষ্ট্যাদিকার্য্যন্তু তথা ধারণ পালনে।

লীলা ভগবতস্তত্র প্রয়োজনং ন বিদ্যতে ॥

অথ প্রাপ্ত সর্ব্বপুরুষার্থস্য নিত্যতৃপ্তস্য শ্রীভগবতঃ ইন্দ্রিয়াদিসদ্ভাবেঽপি জগৎ কর্ত্তৃত্বং ন সম্ভবেৎ, প্রয়োজনাভাবাৎ, ইতি পূর্ব্বপক্ষনিবারণায় লীলাকৈবল্যাধিকরণারম্ভঃ ইতি অধিকরণ সঙ্গতিঃ।

বিষয়ঃ – অথ লীলাকৈবল্যাধিকরণস্য বিষয় বাক্য সংগ্রহঃ – তথাহি ছান্দোগ্য—৩।১৪।১, "তজ্জলানিতি" মুণ্ডকে চ—১।১।৯, তস্মাদেতৎ ব্রহ্ম নাম রূপমন্নঞ্চ জায়তে ॥পুনঃতত্রৈব—২।১।৩,

---

সহিত উপবেশন অর্থাৎ সকল গোপবালকগণের নিকটেই অবস্থান হেতু সেই প্রকার বর্ণন করা হইয়াছে। সুতরাং দিব্য অপ্রাকৃত কর রণাদিযুক্ত পক্ষে শ্রীগোবিন্দদেবের কোন কার্য্য অসাধ্য নাই, যে হেতু তিনি পূর্ণতম স্বয়ং ভগবান্।

এই বিষয়ে বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে – অবতারী পূর্ণ, অবতার পূর্ণ, পূর্ণ হইতে পূর্ণ অবির্ভূত হয়; পূর্ণের পূর্ণ গ্রহণ করিয়া পূর্ণই অবশিষ্ট থাকে।

সঙ্গতি – অতএব করণ এবং করণ দ্বারা বিষয় গ্রহণের বিধান শ্রীগোবিন্দদেবে নাই। অন্য পূর্বের সমান সুতরাং দিব্য অপ্রাকৃত কর চরণাদিযুক্ত শ্রীগোবিন্দদেব ইহাই সিদ্ধান্ত ॥৩১॥

এই প্রকার বিকরণত্বাধিকরণ দশম সমাপ্ত ॥১০॥

১১।। লীলাকৈবল্যাধিকরণের ব্যাখ্যা

জগৎ সৃষ্ট্যাদিকার্য্য এবং তাহার ধারণও পালন করা এই সকল শ্রীভগবানের লীলা, তাহাতে শ্রীভগবানের কোন প্রকার প্রয়োজন বিদ্যমান নাই। অনন্তর সকল পুরুষার্থ প্রাপ্ত নিত্যতৃপ্ত শ্রীভগবানের চক্ষুকর্ণাদি ইন্দ্রিয় থাকিলেও জগৎ কর্তৃত্ব সম্ভব নহে, যে হেতু তাঁহার কোন প্রয়োজন নাই" এই পূর্ব-পক্ষ নিবারণের নিমিত্ত লীলাকৈবল্যাধিকরণ আরম্ভ করিতেছেন; এই প্রকার অধিকরণ সঙ্গতি জানিতে হইবে।

পূর্ব্বতো নেত্যনুবর্ত্ততে, (২।১।১০।৩১) নিষেধার্থকেন 'ন' শব্দেন সমাসাৎ নাত্র ন লোপঃ। প্রবৃত্তির্নোপযুজ্যতে, কুতঃ? তস্য পূর্ণস্য প্রয়োজনাভাবাৎ। স্বার্থা পরার্থা চ প্রবৃত্তির্লোকে দৃষ্টা, তত্র নাদ্যা সম্ভবতি, পূর্ণকামত্ব শ্রুতিবিরোধাৎ। নাপ্যন্ত্যা, সমর্থো হি পরানু-

---

এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়ানি চ। খং বায়ু র্জ্যোতি রাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী॥ শ্রীদশমে —৩।১৪, স এব স্ব প্রকৃত্যেদং সৃষ্ট্বাগ্রে ত্রিগুণাত্মকম্। তদনু ত্বং হ্যপ্রবিষ্ট প্রবিষ্ট ইব ভাব্যস্তে॥ ইতি বিষয়বাক্যম্।

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে সন্দেহমবতারয়ন্তি সৃষ্টৌ ইতি। পূর্ণানন্দস্যাবাপ্ত সর্ব্বার্থকামস্য পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য জগৎসৃষ্টৌ প্রবৃত্তিরুপযুক্তা :? অথবা নোপযুক্তা ইতি ; ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—অথ লীলাকৈবল্যাধিকরণস্য পূর্ব্বপক্ষং সূত্ররূপেণাবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ 'ন' ইতি। পূর্ব্বপক্ষসূত্রমিদং ন প্রয়োজনবত্বাদিতি। প্রয়োজনাভাবাৎ পরব্রহ্মণঃ পূর্ণস্য সৃষ্টিকার্য্যে প্রবৃত্তির্নোপযুক্তা : যদ্বা - মানবস্য প্রবৃত্তিঃ প্রয়োজনবত্বাৎ, প্রয়োজনমপেক্ষ্য এব ভবতি, ন তু প্রয়োজন হীনস্য ; পরব্রহ্মণঃ পূর্ণকামস্য সর্ব্বথা প্রয়োজনাভাবাৎ সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি র্ন ভবতীতি।

নন্থ—"নঞোঽরামশেষঃ" (৫৮৯) তথা নঞ্" (৬।৫৩) ইতি শ্রীহরিমামামৃতানুশাসনাৎ "ন প্রয়োজনবত্বাৎ" ইত্যত্র "অপ্রয়োজনবত্বাৎ" ইত্যেবং সিদ্ধির্ভবেদতি ; তন্নিবারণার্থামাহুঃ—নিষেধার্থকেন' ইতি। তথাহি অমরকোশে ৩।৪।১১ "অভাবে নঞ্নো নাপি" ইতি ; তস্মাৎ 'ন' কারোঽয়ং ন নঞ্ঃ কিন্তু নিষেধার্থকং 'ন' কারমব্যয়ঞ্চ। অতো লোপাভাব ইতি।

বিষয়—অতঃপর লীলাকৈবল্যাধিকরণের বিষয় বাক্য সংগ্রহ এই প্রকার—ছান্দোগ্যে বর্ণিত আছে তাহা হইতে ব্রহ্মাণ্ড জাত হয়। মুণ্ডকে বর্ণিত আছে—তাহা হইতে এই ব্রহ্ম অর্থাৎ প্রধান, নাম রূপও অন্ন জাত হয়। পুনঃ—এই ব্রহ্ম হইতে প্রাণ মন ইন্দ্রিয় সকল আকাশ, বায়ু; তেজ, জল, তথা বিশ্বধারণ কারিণী পৃথিবী জাত হয়। শ্রীভাগবতের দশমস্কন্ধে বর্ণিত আছে - শ্রীবসুদেব কহিলেন-হে দেব! সেই আপনি প্রথমে ত্রিগুণাত্মক জগৎ নিজ প্রকৃতির দ্বারা সৃষ্টি করিয়া, তৎ পশ্চাৎ তাহাতে প্রবেশ না করিয়াও প্রবেশকারির ন্যায় অনুভূত হয়েন। এই প্রকার বিষয়বাক্য।

সংশয় - এই বিষয়বাক্যে সন্দেহের অবতারণা করিতেছেন - সৃষ্টিকার্য্যে ইত্যাদি। সৃষ্টিকার্য্যে ব্রহ্মের প্রবৃত্তি হওয়া উপযুক্ত? অথবা নহে। অর্থাৎ পূর্ণানন্দ সকলপ্রকার অর্থকামাদি পরি পূর্ণ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের জগৎ সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি হওয়া উপযুক্ত হইয়াছে? অথবা উপযুক্ত হয় নাই? এইরূপ সংশয় বাক্য।

পূর্ব্বপক্ষ - ভগবান শ্রীবাদরায়ণ লীলাকৈবল্যাধিকরণের পূর্বপক্ষের সূত্ররূপে অবতারণা করিতেছেন—না ইত্যাদি। প্রয়োজনের অভাব হেতু। এই সূত্রটি পূর্বপক্ষ সূত্র। প্রয়োজনের অভাব

গ্রহায় প্রবর্ত্ততে, ন তু জন্মমরণাদি বিবিধ যাতনা সমর্পনায়। ঋতে প্রয়োজনাৎ প্রবৃত্তৌ ত্বপ্রেক্ষাকারিতাপত্তিঃ সর্ব্বজ্ঞশ্রুতিব্যাকোপঃ। তস্মান্নোপযুক্তা প্রবৃত্তিরিতি ॥৩২॥

প্রবৃত্তিঃ—উৎকটরাগজন্য প্রযত্নবিশেষঃ" ইতি ন্যায়কোশঃ (৫৭৭ পৃ০) তদুৎপত্তৌ ক্রমঃ - প্রথমতঃ ফলজ্ঞানম্; ততঃ ফলেচ্ছা; তত ইষ্টসাধনতা জ্ঞানমুপায়ে; তত উপায়েচ্ছা, ততঃ প্রবৃত্তিরুৎপদ্যতে ইতি। (ন্যা০ কো০) পূর্ণকামস্য ব্রহ্মণঃ প্রবৃত্তির্নোপযুজ্যতে। কুতঃ প্রবৃত্তির্নোপযুজ্যতে? তত্রাহুঃ—পূর্ণস্য প্রয়োজনাভাবাৎ। প্রয়োজনে সতি পূর্ণত্বং ন সিদ্ধেৎ। অথ দ্বিবিধা প্রবৃত্তির্দর্শয়ন্তি—স্বার্থা-ইতি। প্রেক্ষা-বিষয়স্য শুভাশুভবিবেচনা, অপ্রেক্ষা, তদ্রহিতা নোপযুক্তা প্রবৃত্তিরিতি—প্রয়োজনং বিনা সৃষ্টৌ প্রবৃত্তে শ্রীভগবতি উন্মত্ততা অন্ধতাদিদোষাপত্তিঃ; ততো বিবেচকত্ব-সার্ব্বজ্ঞ্যাদিগুণবোধকত্বশ্রুতি বৈয়র্থ্যপ্রসঙ্গঃ; তস্মাৎ জগৎসৃষ্টৌ ব্রহ্মণঃ প্রবৃত্তিরনুপযুক্ত ইতি ভাবঃ ॥৩২॥

বশতঃ পরব্রহ্ম পূর্ণকাম শ্রীগোবিন্দদেবের সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি উপযুক্ত নহে। অথবা মানবের প্রবৃত্তি প্রয়োজন যুক্ত হেতু প্রয়োজনকে অপেক্ষা করিয়াই কার্য্যে প্রবৃত্তি হয়. কিন্তু প্রয়োজন হীনের প্রবৃত্তি হয় না, পূর্ণকাম পরব্রহ্মের সর্ব প্রকারে প্রয়োজনের অভাব হেতু সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি হয় না। পূর্বসূত্র হইতে 'ন' কারের অনুবর্ত্তন করিতে হইবে।

শঙ্কা—এইস্থলে শঙ্কা এই যে নঞ্' এই শব্দের অরাম (অকার) শেষ থাকে, এবং নঞের সমাস হয়, এইপ্রকার হরিনামামৃত ব্যাকরণে অনুশাসন হেতু 'ন প্রয়োজনবত্ত্বাৎ 'এই স্থলে. অপ্রয়োজন বত্ত্বাৎ এইরূপ সিদ্ধ হইবে।

সমাধান—এই আশঙ্কা নিবারণের নিমিত্ত বলিতেছেন নিষেধার্থক 'ইত্যাদি। নিষেধার্থক 'ন' শব্দের সহিত সমাসহেতু এই স্থলে ন' শব্দের লোপ হয় নাই। অমর কোশে পাওয়া যায়—নহি, অ,ন, না এই সকলে অভাব অর্থ বুঝায় অতএব এই ন কারটি নঞ্ নহে, কিন্তু নিষেধার্থ ন কার এবং অব্যয়। ব্রহ্মের সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি উপযুক্ত নহে। প্রবৃত্তি অর্থাৎ উৎকট রাগজন্য প্রযত্ন বিশেষ, প্রবৃত্তি উৎপত্তির ক্রম এইরূপ প্রথমতঃ ফল বিষয়ে জ্ঞান, অনন্তর ফল লাভের ইচ্ছা, তদনন্তর ইষ্টসাধনতাজ্ঞান এবং উপায়. তাহার পর উপায়ের ইচ্ছা. অনন্তর প্রবৃত্তি উৎপন্ন হয়। পূর্ণকাম ব্রহ্মের প্রবৃত্তি হওয়া সঙ্গত নহে। কি কারণে প্রবৃত্তি সঙ্গত নহে? তাহা বলিতেছেন—পূর্ণের প্রয়োজনের অভাব হেতু, প্রয়োজন থাকিলে পূর্ণত্ব সিদ্ধ হয় না। প্রবৃত্তি দ্বিবিধা হইলোকে দেখা যায়, প্রথমা স্বার্থা দ্বিতীয়া পরার্থা। তন্মধ্যে আদ্যা স্বার্থা প্রবৃত্তি শ্রীভগবানের সম্ভাব নহে, তাহাতে পূর্ণকামত্ব শ্রুতিবাক্য সকলের বিরোধ হইবে। অন্ত্যও নহে, অর্থাৎ পরের নিমিত্তও প্রবৃত্তি সম্ভব নহে, যে ব্যক্তি সমর্থ সেই অন্যকে অনুগ্রহ করিবার নিমিত্ত কার্য্যে প্রবর্ত্তিত হয় কিন্তু জন্ম মরনাদি বিবিধ যাতনা সমর্পন করিবার নিমিত্ত নহে।

এবং প্রাপ্তে সমাধত্তে—

॥ওঁ॥ লোকবত্তু লীলা কৈবল্যম্ ॥ওঁ॥ ২।১।১১।৩৩॥

শঙ্কাচ্ছেদায় 'তু' শব্দঃ। পরিপূর্ণস্য বিচিত্রসৃষ্টৌ প্রবৃত্তির্লীলৈব কেবলা, ন তু স্বফলানুসন্ধি পূর্ব্বিকা। অত্র দৃষ্টান্তো লোকেতি। ষষ্ঠ্যন্তাদ্বতিঃ। লোকস্য সুখোন্মত্তস্য যথা

সিদ্ধান্ত ঃ—অথ লীলাকৈবল্যাধিকরণস্য পূর্ব্বপক্ষস্য সমাধান সূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—লোকবৎ" ইতি। অবাপ্তসর্ব্বার্থস্য পূর্ণকামস্য পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য যৎ বিশ্ববিরচনং তৎ খলু 'লীলাকৈবল্যম্' লীলা এব কেবলম্; ন তু কিমপি স্বফলানুসন্ধান পূর্ব্বকম্। কীদৃশং তত্রাহ—লোকবৎ; সুখোন্মত্তস্য ফলাভি সন্ধান রহিত নৃত্যাদিবদিতি।

অত্র সূত্রে যৎ 'তু' শব্দো বিদ্যতে তৎ বাদিনাম্ শঙ্কাচ্ছেদায় ইতি। পরিপূর্ণস্য' ইতি প্রকটার্থম। ষষ্ঠ্যন্তাৎ" ইত্যস্যায়মাশয়ঃ তথাচ অষ্টাধ্যায়িসূত্রম্ ৫।১।১১৫, "তেন তুল্য ক্রিয়াচেদ্ বতিঃ" ইত্যনেন সূত্রেণ যদি বতিঃ ক্রীয়তে তদা লোকেন—মা বেন তুল্যম্ মানববৎ" "লোকস্য ভুবনে জনে" ইত্যমর ইত্যেবমপসিদ্ধান্তাপত্তিঃ স্যাৎ।

ব্রহ্ম প্রয়োজনাভাব হেতু সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি হইলে অপ্রেক্ষাকারিতা দোষ হয়, প্রেক্ষা অর্থাৎ বিষয়ের শুভ ও অশুভ পর্য্যালোচনা অপ্রেক্ষা সেই প্রকার বিবেচন রহিত, এবং ব্রহ্মকে সর্বজ্ঞ প্রতিপাদক শ্রুতির বিরোধ হয়। সুতরাং ব্রহ্মের সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি উপযুক্ত নহে। অর্থাৎ প্রয়োজন বিনা সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি হইলে পরে শ্রীভগবানে উন্মত্ততা ও অন্ধতাদিদোষ উপস্থিত হয়। তাহা হইলে শ্রীভগবানের বিবেচকত্ব এবং সার্বজ্ঞ্যাদিগুণ প্রতিপাদকত্ব শ্রুতি বৃথা হইবে। অতএব জগৎ সৃষ্টিকার্য্যে ব্রহ্মের প্রবৃত্তি হওয়া কদাপি উপযুক্ত নহে' ইহাই ভাবার্থ ॥৩২॥

সিদ্ধান্ত—এইপ্রকার পূর্বপক্ষ প্রাপ্ত হইলে সমাধান করিতেছেন, অর্থাৎ ভগবান শ্রীবাদরায়ণ লীলা কৈবল্যাধিকরণের পূর্বপক্ষের সমাধান সূত্রের অবতারণা করিতেছেন লোকবৎ"ইত্যাদি। সম্প্রাপ্তসর্বার্থ পূর্ণকাম পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের যে বিশ্ববিরচনাদি ক্রিয়া তাহা কেবল লীলা মাত্রই, কিন্তু কোন প্রকার নিজফল লাভের অনুসন্ধান পূর্বক নহে; তাহা কি প্রকার? তদুত্তরে বলিতেছেন লোকবৎ, যেমন সুখোন্মত্ত মানবের ফলাভিসন্ধান রহিত নৃত্যাদিবৎ জানিতে হইবে। এই সূত্রের যে "তু" শব্দ আছে তাহা পূর্বপক্ষকারিগণের শঙ্কাচ্ছেদন করিবার নিমিত্ত। ঐশ্বর্য্য পরিপূর্ণ শ্রীভগবানের বিচিত্র সৃষ্টি কার্য্যে প্রবৃত্তি হওয়া কেবল লীলা মাত্র। কিন্তু স্বফলানুসন্ধান পূর্বক নহে; এই বিষয়ে দৃষ্টান্ত-যেমন লোক। ষষ্ঠীবিভক্ত্যন্ত পাদের উত্তরে বতি প্রত্যয় হইয়াছে। ষষ্ঠ্যন্ত বলিবার অভিপ্রায় এই যে-অষ্টধ্যায়িসূত্রে বর্ণিত আছে—যদি তাহার তুল্য ক্রিয়া হয়, তাহা হইলে বতি প্রত্যয় হয় "এই সূত্রের দ্বারা যদি

সুখোদ্রকাৎ ফলনিরপেক্ষা নৃত্যাদিলীলা দৃশ্যতে, তথেশ্বরস্য। তস্মাৎ স্বরূপানন্দস্বাভাবিকী এব লীলা। "দেবস্যৈষ স্বভাবেঽয়মাত্মকামস্য কা স্পৃহা। (মাণ্ডুক্য কা০ ১।৯) ইতি মাণ্ডুক্য

অত্রোক্তম্—ষষ্ঠ্যন্তাদ্ ; তথাহি শ্রীহরিনামামৃত ব্যাকরণে—৭।৮২৯, "তত্রৈব তস্যেব বা" ইতি সূত্রেণ লোকস্য ইব—লোকবৎ" ইতি। অত্র 'ইব' পদং সাদৃশ্যপরম্" (সার ম০) সাদৃশ্যঞ্চ তদ্ভিন্নত্বে সতি তদ্গত ভূয়োধর্ম্মবত্ত্বমিতি" (টীকা) অথ ষষ্ঠ্যন্তাৎ বতিমাশ্রিত্য বিস্তারয়ন্তি শ্রীমদ্ ভাষ্যকার প্রভুপাদাঃ—লোকস্য ইতি।

তস্মাৎ শ্রীভগবতঃ স্বরূপানন্দময়ত্বাৎ তস্য স্বরূপানন্দ স্বাভাবিকী এব লীলা ; সা তু সৃষ্টি-স্বভক্ত পালন—স্বধর্ম্মপ্রবর্ত্তনাদি রূপা। অথ শ্রীগোবিন্দদেবস্য ফলানুসন্ধান রহিতত্বং মাণ্ডুক্যশ্রুতিদ্বারেণ প্রতিপাদয়ন্তি-দেবস্য" ইতি। দেবস্য-অচিন্ত্যানন্তলীলাময়স্য পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবস্য অয়ং স্বভাবঃ ; স তু হেত্বন্তরানপেক্ষ বস্তু ধর্ম্মবিশেষঃ" ইতি ন্যায়কোশঃ। ন তস্য কামপি স্পৃহা বিদ্যতে ; যতঃ "অবপ্তকামস্য কা স্পৃহা' ন কামপি স্পৃহা ইত্যর্থঃ।

বতি প্রত্যয় করা হয়, তাহা হইলে লোকের মানবের তুল্য-লোকবৎ' এই প্রকার হয়। লোকশব্দের অর্থ ভুবন ও জন (মানব) ইহা অমরকোশে আছে।

তাহাতে অপসিদ্ধান্তাপত্তি দোষ হইবে। অর্থাৎ মানব যেমন কাম ক্রোধাদির বশীভূত হইয়া স্বসুখফলাভিসন্ধান পূর্বক কার্য্য করে, শ্রীভগবান সেই প্রকার করেন না। অতএব বলিতেছেন—ষষ্ঠ্যন্ত পদের ইতি। এই বিষয়ে শ্রীহরিনামামৃত ব্যাকরণেরসূত্র তত্র ইবও তস্য ইব এই অর্থে বতি প্রত্যয় হয়। এই সূত্রের দ্বারা "লোকের ইব সদৃশ লোকবৎ" এই প্রকার হইবে। এই স্থলে 'ইব' পদ সাদৃশ্য পর।

সাদৃশ্য-অর্থাৎ তাহার ভিন্ন হইলে ও তাহার ধর্মের আধিক্য বিদ্যমান। অনন্তর শ্রীমদ্-ভাষ্যকার প্রভুপাদ ষষ্ঠ্যন্ত পদের উত্তরে বতি প্রত্যয় আশ্রয় করতঃ অর্থ বিস্তার করিতেছেন—লোকের ইত্যাদি। সুখোন্মত্ত লোকের যেমন সুখোদ্রেক হেতু ফলাদি নিরপেক্ষাই নৃত্যাদি লীলা দেখা যায় ; সেই প্রকার আনন্দময় শ্রীভগবানের আনন্দোদ্রেক হেতু সৃষ্টি প্রভৃতি লীলা দেখা যায়। অতএব শ্রীভগবান স্বস্বপানন্দময় হেতু তাঁহার স্বরূপানন্দ স্বাভাবিকীই লীলা হয় ; এবং সেই লীলা জগৎ সৃষ্টি, স্বভক্তপালন, স্বধর্মপালন ও প্রবর্ত্তনাদি রূপা বলিয়া জানিতে হইবে। অতঃপর শ্রীগোবিন্দদেবের ফলানুসন্ধান রহিতত্ব মাণ্ডুক্য শ্রুতিদ্বারা প্রতিপাদন করিতেছেন—দেবস্য ইত্যাদি। দেবের স্বভাব এই প্রকার, আত্মারামের স্পৃহা কোথায় ?। শ্রীগোবিন্দদেবের এই প্রকার স্বভাব অর্থাৎ-হেত্বন্তর অপেক্ষা রহিত ধর্মাবিশেষ ; তাঁহার কোন প্রকার স্পৃহা বা বাসনা বিদ্যমান নাই ; যে হেতু আপ্তকামের স্পৃহা কোথায় ? কোন প্রকার স্পৃহা নাই ইহাই অর্থ।

শ্রুতেঃ। "সৃষ্ট্যাদিকং হরির্নৈব প্রয়োজনমপেক্ষ্য তু। কুরুতে কেবলানন্দাৎ যথোন্মত্তস্য নর্ত্তনম্॥ পূর্ণানন্দস্য তস্যেহ প্রয়োজনমতিঃ কুতঃ? মুক্তা অপ্যাত্মকামাঃ স্যুঃ কিমু অস্যা-

---

অত্রেদং বিচারনীয়ম্—"দেবস্যৈষ" শ্লোকোঽয়ম্ কুত্রাপি শ্রীগৌড়পাদকৃতা—'মাণ্ডুক্যকারিকা' রূপেণ পঠ্যতে; কিঞ্চ শ্রীশঙ্করাচার্য্যপাদানাং ভাষ্যমপি তস্যা দৃশ্যতে। তচ্চপ্রকরণ চতুষ্টয়াত্মকম্। প্রথমং—আগম প্রকরণম্: তত্র উনত্রিংশৎ কারিকাস্তি। অত্র "প্রণবো হ্যপরম্" (২৬) ইত্যারভ্য—"স মুনির্নেতরো জনঃ" (২৯) ইত্যন্তং—শ্রীমদাচার্য্যপাদাঃ—শ্রীভগবৎ সন্দর্ভে শ্রুতিত্বেন স্বীচক্রুঃ। তথাচ উপনিষৎসু চ প্রণবমুদ্দিশ্য" ইতি (৪৭ অনু০, ১৭১ পৃ০, শ্রীচৈতন্যমঠঃ; প্রথম সংস্করণং—৪৮২ শ্রীগৌরাঙ্গাব্দঃ) দ্বৈতবাদগুরু—শ্রীমধ্বাচার্য্যপাদাশ্চ—"ইতি চ শ্রুতিঃ" ইতি নবমকারিকা "লোকবত্তু" সূত্রে উদ্ধৃতা। কিঞ্চ—"অপি চৈবমেকে" (৩২৮১৩) ইতি সূত্রে—"চ শব্দাদনন্তরূপত্বং চৈকে শাখিনঃ পঠন্তি" ইত্যারভ্য—"অমাত্রঃ" ইত্যাদি উনত্রিংশৎ কারিকাপঠিতা।

এইস্থলে বিচারের বিষয় এই যে—"দেবস্যৈষ" এইশ্লোকটি কোন স্থলে শ্রীগৌড়পাদকৃত' মাণ্ডুক্য কারিকা" রূপে পাঠ করেন। এবং শ্রীশঙ্করাচার্য্য পাদের ভাষ্য ও তাহার দেখা যায়। ঐ মণ্ডুক্য কারিকায় চারিটি প্রকরণ আছে। প্রথম আগম প্রকরণ, তাহাতে উনাত্রিংশটি কারিকা আছে তন্মধ্যে "প্রণবোহ্যপরং" হইতে আরম্ভ করিয়া "সমুনি র্নেতরোজনঃ" পর্য্যন্তশ্রীমদাচার্যপাদ শ্রীভগবৎ সন্দর্ভে শ্রুতিরূপে স্বীকার করিয়াছেন—তথা উপনিষদে প্রণবকে উদ্দেশ্য করিয়া: ইত্যাদি। দ্বৈত বাদগুরু শ্রীমধ্বাচার্য্যপাদ—ইতি চ শ্রুতি" বলিয়া 'লোকবর্ত্তু' সূত্রে নবম কারিক উদ্ধার করিয়াছেন। অপর 'অপিচৈবমেকে "এই সূত্রে চ শব্দের দ্বারা শ্রীভগবানের অনন্তরূপত্ব এক শাখাধ্যায়িগণ পাঠ করেন ইহা বলিয়া "অমাত্রঃ" ইত্যাদি উনশ্রিশসংখ্যা কারিকা পাঠ করিয়াছেন। শ্রীভাষ্যের ভাব প্রকাশিকা ব্যাখ্যায় শ্রীরঙ্গরামানুজাচার্য্যপাদ নবম কারিকা—কেহ বলেন শ্রীভগবান ক্রীড়ার নিমিত্ত সৃষ্টি করিয়াছেন, কেহ বলেন—ভোগের নিমিত্ত" এইরূপ সামান্য পরিবর্ত্তন করিয়া" এই প্রকার মাণ্ডুক্য শ্রুতিতে সৃষ্টি লীলার নিমিত্ত, ইহা পূর্ব্বপক্ষরূপে উপন্যাস হেতু" ইহা লিখিয়াছেন।

এই প্রকার শঙ্করভাষ্যের কল্পতরুপরিমল কার শ্রীঅপ্পয় দীক্ষিত পাদ 'লোকবৎ' সূত্রে-ক্রীড়-র্থম্ মন্ত্র উদ্ধৃত করিয়া 'এই প্রকার মাণ্ডুক্যোপনিষদে তাৎকালিকানন্দ প্রয়োজন লীলাই" ইহা বলিয়াছেন।

দ্বিতীয় বৈতথ্য প্রকরণ তাহাতে আটত্রিশটি কারিকা আছে। তৃতীয় অদ্বৈত প্রকারণ, তাহাতে আটচল্লিশটি কারিকা আছে। চতুর্থ অলাতশান্তি প্রকরণ; তাহতে একশত কারিকা আছে। এই কারিকা সকল শ্রীগৌড়পাদ বিরচিত নহে, কিন্তু তন্মধ্যে কিছু সংখ্যক তাঁহার রচিত। যে সকল

খিলাত্মনঃ ॥ (মাধ্ব ভা০ ২।১।৯।৩৪, নারায়ণসং) ইতি স্মরণাচ্চ।

শ্রীভাষ্যস্য "ভাব প্রকাশিকা" ব্যাখ্যায়ং শ্রীরঙ্গরামানুজাচার্য্যপাদাস্তু—(২।১।৩৩) নবমকারিকা—"ক্রীড়ার্থং সৃষ্টিরিত্যন্যে ভোগার্থমিতি চপরে" ইতি কিঞ্চিৎ পরিবর্ত্ত্য—"ইতি মাণ্ডুক্যশ্রুতৌ সৃষ্টেলীলার্থত্বস্য পরপক্ষত্বোপন্যাস্যাৎ" ইতি ব্যলিখন্। (শ্রীধরণীধরশাস্ত্রিণা সম্পাদিতম্- ৪৬৩ পৃ০, ১৯১৭ ইং) এবং শঙ্করভাষ্যস্য -"কল্পতরু পরিমল" কারাঃ শ্রীমদপ্পয়দীক্ষিতপাদাঃ—"লোকবৎ" (২।১।৩৩). সূত্রে ক্রীড়ার্থমিতি' মন্ত্রমুদ্ধৃত্য—'ইতি মাণ্ডুক্যোপনিষদি তাৎকালিকানন্দ প্রয়োজন লীলাত্বমেব ; ইতি। দ্বিতীয়ন্তু—বৈতথ্য প্রকরণম্ ; তত্র অষ্টাত্রিংশৎ কারিকা অস্তি। তৃতীয়ং অদ্বৈত প্রকরণম্। তত্র অষ্টচত্বারিংশৎ কারিকা অস্তি।

চতুর্থং অলাতশান্তিপ্রকরণম্। তত্র শততমাঃ কারিকাঃ সন্তি। আসু কারিকাসু সর্ব্বা এব ন শ্রীগৌড়পাদানাং বিরচিতা ; কিন্তু কতি সংখ্যকাঃ ; যাঃ খলু স্বতসিদ্ধাঃ শ্রুতিরূপা কারিকাঃ তাঃ অপি

স্বতঃ সিদ্ধ শ্রুতিরূপা কারিকা সেই সকলও কালক্রমে শ্রুতিচৌরগণ কর্ত্তৃক শ্রীগোড়পাদ কারিকা মধ্যে সংযুক্তা হইয়াছেন।

অর্থাৎ শ্রীমদ্‌বৈষ্ণবাচার্য্যপাদগণ কর্ত্তৃক মাণ্ডুক্য শ্রুতি রূপে যে করিকা সকল উদ্ধৃত হইয়াছে সেই কারিকাই সাক্ষাৎ শ্রুতিরূপা। যাহা অধিক রূপে দেখা যায় তাহাই শ্রীগৌড়পাদ বিরচিতা কারিকা হইবে। কিন্তু এখনও কোনগুলি স্বতঃ সিদ্ধা শ্রুতি বাক্যরূপা কারিকা ; এবং কোনগুলি শ্রীগৌড়পাদ বিরচিতা কারিকা নিশ্চিত হয় নাই।

শ্রীভগবানের বিশ্বসৃষ্টি প্রভৃতি কোন প্রকার অপেক্ষা করিয়া হয় না, তাহা শ্রীনারায়ণ সংহিতাবাক্যের দ্বারা নিরূপণ করিতেছেন সৃষ্ট্যাদি ইত্যাদি। হরি সকল পাপ বাসনাদি অপহরণ কারী শ্রীগোবিন্দদেব বিশ্বরচনাদি কোন প্রকার অপেক্ষা করিয়া করেন নাই ; কিন্তু কেবল আনন্দ হেতুই করিয়া থাকেন। যে প্রকার উন্মত্তের নর্ত্তন। অর্থাৎ মাদকদ্রব্যাদি ভক্ষণের দ্বারা উন্মত্ত, অথবা উন্মাদ পুরুষের যে প্রকার প্রয়োজন না থাকিলেও নৃত্য-গীতাদি হয় সেই প্রকার পূর্ণানন্দ স্বয়ং ভগবান শ্রীগোবিন্দদেবের সৃষ্ট্যাদি কার্য্যে প্রয়োজন বুদ্ধি কোথায় ? কোন প্রকারেই হয় না। এই বিষয়ে কৈমুত্য প্রদর্শিত করিতেছেন মুক্ত ইত্যাদি যদি জীবন্মুক্ত সাধকগণ ও আপ্তকাম —পরিপূর্ণকাম হয়েন তাহাতে পুনঃ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবের কি বলিতে হইবে ? জীবন্মুক্তগণ যে আপ্তকাম তাহা শ্রীদশমে বর্ণিত আছে—শ্রীশুকদেব বলিলেন-হে রাজন্! যাঁহার পাদপঙ্কজ পরাগনিষেবন করতঃ তৃপ্ত হইয়া, যোগপ্রভাবে কর্মবন্ধন সকল ছেদন করিয়া বন্ধন মুক্ত মুনিগণ যথেষ্ট পরিপূর্ণকাম হইয়া বিচরণ করেন, সেই ইচ্ছাময় ভক্তেচ্ছায় বিগ্রহ প্রকাশকারী শ্রীগোবিন্দদেবের বন্ধন কোথায় ? সুতরাং যাঁহার শ্রীচরণ আরাধনা করিয়া মুনিগণ সর্ববন্ধন বিমুক্ত হয়েন সেই শ্রীগোবিন্দদেবের বন্ধনাদি কি প্রকারে সম্ভব হইবে ?

ন চাত্র দৃষ্টান্তেনাসার্ব্বজ্ঞ্যং প্রসজ্যম্।

বিনা ফলানুসন্ধি মানন্দোদ্রেকেন লীলাবতে' ইত্যেতাবৎ স্বীকারাৎ।—উচ্ছাশ-

---

কালক্রমেণ শ্রুতিতস্করৈঃ তত্র শ্রীগৌড়পাদকারিকায়াং সন্নিবেশিতাঃ ; শ্রীমদ্‌বৈষ্ণবাচার্য্যপাদৈঃ "মাণ্ডুক্য-শ্রুতিঃ" রূপতয়া যা উদ্ধৃতাঃ তাঃ সাক্ষাৎশ্রুতিরূপা এব ; যাস্তু আধিক্যত্বেন দৃশ্যতে তাস্তু শ্রীগৌড়পাদ-বিরচিতত্বেন ভাব্যমিতি। কিন্তু নাধুমাপি নিশ্চিতাভূৎ—কাঃ-স্বতসিদ্ধা শ্রুতিবাক্যরূপাঃ ; ইতি।

অথ শ্রীনারায়ণ সংহিতা বাকোন শ্রীভগবতঃ সৃষ্ট্যাদিকমনপেক্ষ্যৈব ভবতীতি নিরূপ্যন্তে—সৃষ্ট্যাদিকমিতি। হরিঃ - সর্ব্বপাপবাসনাপ্রহারকঃ শ্রীগোবিন্দদেবঃ সৃষ্ট্যাদিকং বিশ্বরচনং কিমপি প্রয়োজনমপেক্ষ্য ন কুরুতে : কিন্তু কেবল-আনন্দাদেব কুরুতে : অত্র দৃষ্টান্তমাহ—যথা মত্তস্য ইতি। মত্তঃ—মাদকদ্রব্যাদিভক্ষণমত্তঃ অথবা উন্মাদপুরুষস্য যথা প্রয়োজনবিনৈব নৃত্যাদিকং ভবতি, তথা পূর্ণানন্দস্য স্বয়ং ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য তস্য ইহ সৃষ্ট্যাদৌ প্রয়োজন মতিঃ কুতঃ ? ন কুতোঽপীত্যর্থঃ। অথ কৈমুত্যং দর্শয়তি—মুক্তা ইতি। মুক্তাঃ—জীবন্মুক্তা অপি আপ্তকামাঃ পরিপূর্ণকামাঃ স্যুঃ। তথাহি শ্রীদশমে ৩৩।৩৫, "যৎ পাদপঙ্কজ পরাগ নিষেব তৃপ্তা যোগ প্রভাব বিধুতাখিলা কর্ম্মবন্ধাঃ। স্বৈরং চরন্তি মুনয়োঽপি ন নহ্যমানাঃ তস্যেচ্ছেয়াত্ত বপুষঃ কুতঃ এব বন্ধঃ ॥ তস্য পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দদেবস্য কিমু ; কিং বক্তব্যমিতি। তথাচ সর্ব্বচিত্তাকর্শকঃ সর্ব্বসৃষ্টিকর্ত্তা শ্রীগোবিন্দদেবঃ স্ব প্রয়োজনমনপেক্ষ্য এব সৃষ্টি কার্য্যং করোতি, ন তু তত্র তস্য কিমপি প্রয়োজনমিতি।

নন্থ—অত্র দৃষ্টান্তেন শ্রীভগবতঃ সার্ব্বজ্ঞ্যতা হানি র্ভবতি ; যথা উন্মাদঃ কিমপি পূর্ব্বাপরং স্মরণং অকৃত্বা নৃত্যতি ; তথা সৃষ্টিকর্ত্তা শ্রীভগবানপি পূর্ব্বাপর স্মরণ রহিতঃ সন্ উন্মাদবৎ সৃষ্ট্যাদিকং করোতি ; তথাত্বে তস্য সার্ব্বজ্ঞ্যতা হানিঃ, ইতি চেৎ, তত্রাহুঃ—ন চাত্র" ইতি। অত্র উন্মাদদৃষ্টান্তেন শ্রী-ভগবতঃ সার্ব্বজ্ঞ্যতা হানিদোষো ন সম্ভবতি ; কুতো ন সম্ভবতি ? তত্রাহুঃ—বিনা' ইত্যাদি। স্বীকারা-দিতি : মত্তদৃষ্টান্তেন - শ্রীভগবতো ন সার্ব্বজ্ঞ্যতা হানিঃ।

অতএব সর্বচিত্তাকর্ষক সর্বসৃষ্টিকর্ত্তা শ্রীগোবিন্দদেব নিজ প্রয়োজনের অপেক্ষা না করিয়াই সৃষ্টিকার্য্য করেন, কিন্তু তাহাতে তাঁহার কোন প্রয়োজন নাই।

শঙ্কা—এইস্থলে আমাদের আশঙ্কা এই যে-উন্মত্ত দৃষ্টান্তের দ্বারা শ্রীভগবানের সার্বজ্ঞ্যতাহানি হয় ; যেমন-উন্মাদ কোন প্রকার পূর্বাপর স্মরণ না করিয়াই নৃত্য করে; সেই প্রকার সৃষ্টিকর্ত্তা শ্রীভগবানও পূর্বাপর স্মরণ না করিয়া উন্মাদের সমান সৃষ্ট্যাদি কার্য্য করেন; তাহা হইলে শ্রীভগবানের সার্বজ্ঞ্যতা হানি হইবে।

সমাধান—এই শঙ্কার উত্তরে বলিতেছেন এই দৃষ্টান্তের দ্বারা শ্রীভগবানের অসার্বজ্ঞ্যতা দোষ প্রযুক্ত হইবে না, অর্থাৎ উন্মাদ দৃষ্টান্তের দ্বারা শ্রীভগবানের সার্বজ্ঞ্যতাহানি দোষের সম্ভাবনা নাই।

প্রশ্বাসদৃষ্টান্তোঽপি সুষুপ্ত্যাদৌ তদাপত্তেঃ। রাজদৃষ্টান্তস্তু তত্তৎ ক্রীড়াসম্ভৃতস্য সুখস্য ফলত্বান্নোপাত্তঃ ॥৩৩॥

অত্র মত্তো যথা ফলানুসন্ধানরহিতঃ সন্ নৃত্যতে; তথা শ্রীভগবানপি ফলানুসন্ধান রহিতঃ আনন্দমাত্রোদ্রেকেণ লীলায়তে, লীলাং করোতি, ইত্যেতাবদংশেন তস্য সমতা স্বীকারাৎ, ন তু সর্ব্বাংশেন ইতি। উচ্ছ্বাসঃ" ইতি,—তথাচ- যথা চ উচ্ছ্বাস প্রশ্বাসাদয়োঽনভিসন্ধায় বাহ্যং কিঞ্চিং প্রয়োজনং স্বভাবাদেব সম্ভবন্তি, এবমীশ্বরস্যাপি অনপেক্ষ্য কিঞ্চিং প্রয়োজনান্তরং স্বভাবাদেব কেবলং লীলারূপা প্রবৃত্তির্ভবিষ্যতি" ইতি শ্রীশঙ্করাচার্য্যপাদাঃ।

অত্র উচ্ছ্বাস প্রশ্বাস দৃষ্টান্তে সুষুপ্ত্যাদৌ তদাপত্তেঃ ফলানুসন্ধানাপত্তেঃ তথাচ সুষুপ্তিদশায়াং 'অয়ং জীবিতো, মৃতো বা'ইতি প্রশ্বাসাদিনা তৎ ফলং নির্দ্ধার্য্যতে,এবং জীবিতো মৃতঃ 'ইতি ফলানুসন্ধানং তত্র বর্ত্ততে, তস্মাৎ নায়ং দৃষ্টান্তঃ সুষ্ঠুরিতি। রাজদৃষ্টান্তস্তু—ইতি। তথাহি শ্রীরামানুজাচার্য্যচরণাঃ—যথা লোকে সপ্তদ্বীপাং মেদিনীমধিতিষ্ঠতঃ সম্পূর্ণশৌর্য্য বীর্য্য পরাক্রমস্যাপি মহারাজস্য কেবল লীলৈক প্রয়োজনাঃ কন্দুকাদ্যারম্ভা দৃশ্যন্তে, তথৈব পরস্যাপি ব্রহ্মণঃ স্ব সঙ্কল্পমাত্রাবকল্প্ত জগজ্জন্ম-স্থিতি ধ্বংসাদে-র্লীলৈব প্রয়োজনমিতি নিরবদ্যম্" ইতি।

কি হেতু সম্ভাবনা নাই? তাহা বলিতেছেন—বিনা ইত্যাদি। ফলানুসন্ধান বিনা কেবল আনন্দের উদ্রেকহেতু লীলা করেন "এই প্রকার স্বীকার করার নিমিত্ত। স্বীকার হেতু' কথার তাৎপর্য্য এই যে মত্ত দৃষ্টান্তের দ্বারা শ্রীভগবানের সার্বজ্ঞ্যতা হানি হয় না, অর্থাৎ মত্ত যে প্রকার ফলানুসন্ধান পরিত্যাগ করিয়া নৃত্য করে; সেইরূপ শ্রীভগবানও ফলানুসন্ধান রহিত আনন্দোদ্রেক দ্বারা কেবল মাত্র লীলা করেন; এই অংশেই মত্তের সহিত শ্রীভগবানের সমতা স্বীকার করা হইয়াছে; কিন্তু সর্বাংশের দ্বারা নহে।

এইস্থলে নিশ্বাস প্রশ্বাসাদি দৃষ্টান্তেও সুষুপ্তিকালে তাহার অর্থাৎ ফলানুসন্ধানের আপত্তি হইবে। অর্থাৎ শ্রীশঙ্করাচার্য্যপাদ বলেন—যে প্রকার নিশ্বাস প্রশ্বাসাদি কোন বাহ্য প্রয়োজনের অপেক্ষা না করিয়া স্বভাবতই প্রবাহিত হয়; সেই প্রকার ঈশ্বরেরও সৃষ্টিকার্য্যে প্রবৃত্তি কেবল লীলারূপ তাহা কোন প্রয়োজন অপেক্ষা করিয়া হয় না। এই নিশ্বাসাদি দৃষ্টান্তে সুষুপ্তিকালে ফলানুসন্ধানাপত্তি দেখা যায়; অর্থাৎ সুষুপ্তি দশায় 'এই মানব জীবিত? অথবা মৃত? তাহা প্রশ্বাসাদিকার্যের দ্বারা তাহার ফল নির্দ্ধারণ করা হয়; সুতরাং জীবিত কি মৃত, এই প্রকার ফলানুসন্ধান তথায় বিদ্যমান আছে, অতএব এই দৃষ্টান্ত যুক্তিসঙ্গত নহে।

এইস্থলে রাজদৃষ্টান্তও নানাবিধ ক্রীড়াসম্ভূত সুখরূপ ফলানুসন্ধান হেতু আমরা স্বীকার করি নাই। শ্রীরামানুজাচার্য্যপাদ বলেন—লৌকিক দৃষ্টান্তে যে প্রকার সসাগরা পৃথিবীর রাজ সিংহাসনে অধিষ্ঠিত সম্পূর্ণ শূরতা বীরতা পরাক্রমাদিযুক্ত মহারাজের কেবল লীলা মাত্র প্রয়োজনে

অথ কন্দুকক্রীড়ায়ামপি মহারাজস্য ক্রীড়াসম্ভূতস্য সুখস্য ফলত্বাৎ অস্মভিঃ ন গৃহীতম্। কিন্তু —যথা সুখোন্মত্তস্য সুখোদ্রেকাৎ ফলনিরপেক্ষা নৃত্যাদিলীলা, তথা এব সর্ব্বেশ্বর—সৃষ্টিকর্ত্তুঃ শ্রীগোবিন্দ দেবস্য কৃপোদ্রেকাৎ সৃষ্ট্যাদিলীলা ইতি। কিং বহুনা শ্রীগোবিন্দদেবস্য স্বভক্তার্থমেব—সৃষ্টিরিতি। তথাহি শ্রীভাগবতে—১১৩৩, সসর্জ্জোচ্চাবচান্যাদ্যঃ স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে" টীকাচ শ্রীস্বামিপাদানাম্- স্বাংশ-ভূতানাং জীবানাং মাত্রাপ্রসিদ্ধয়ে-বিষয়ভোগায়, আত্মপ্রসিদ্ধয়ে মোক্ষায় চ ইত্যর্থঃ" কিঞ্চ শ্রীমদাচার্য্য-পাদানাং শ্রীক্রমসন্দর্ভ—স্বমাত্রা' ইত্যস্য টীকায়াং—ভক্তার্থ এব সৃষ্টৌ মুখ্যঃ প্রযত্ন ইতি প্রথমার্থে দর্শি-তম্, এতদেব চ বাস্তবম্ প্রযত্নান্তরস্যানু সঙ্গিকত্বাৎ। ইতি।

অপিচ—শ্রীদশমে- -৮৭।২, মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনেঽকল্পনায় চ' টীকা চ শ্রীমদাচার্য্যদেবানাং শ্রীবৃহৎক্রমসন্দর্ভঃ, কিমর্থং সসর্জ্জ ? মাত্রার্থমিত্যাদি। মাত্রা বিষয়স্তদর্থং, ভব—ঐশ্বর্য্যম্ তদর্থম্, আত্মনে আত্মভজনার্থং, অকল্পনায় অপুনরাবৃত্তয়ে কৈবল্যায়। কৌতুকান্নানা ভাবদিদৃক্ষা, নানা কল্পনং হি কৌতুকম্, কেচিদ্‌বিষয়াশক্তাঃ সন্তু, কেচিদ্‌বুদ্ধিমন্তো মাং ভজন্তু কেচিৎ কৈবল্যার্থং যতন্তামিতি হি

কন্দুকাদিক্রীড়া দেখা যায়; সেই প্রকার পরব্রহ্মের স্বসঙ্কল্প মাত্রই সম্পূর্ণ জগতের জন্ম স্থিতি এবং প্রলয়াদির লীলাই প্রয়োজন, ইহাই অনিন্দনীয় সিদ্ধান্ত। এইস্থলে কন্দুকাদিক্রীড়াতে ও মহারাজের ক্রীড়াজাত সুখের ফলানুসন্ধান হেতু আমরা সেই দৃষ্টান্ত গ্রহণ করি নাই। কিন্তু যে প্রকার সুখো ন্মত্তের সুখোদ্রেক হেতু ফলাদির অপেক্ষা না করিয়াই নৃত্যাদিলীলা দেখা যায়। সেই প্রকারই সর্বেশ্বর সৃষ্টিকর্ত্তা শ্রীগোবিন্দদেবের কৃপোদ্রেক হেতু সৃষ্ট্যাদিলীলা বর্ণন করিয়াছেন। অনেক কথার প্রয়োজন নাই শ্রীগোবিন্দদেব নিজ ভক্তের নিমিত্তই সৃষ্টি করেন।

তাহা শ্রীভাগবতে বর্ণিত আছে আদ্য-শ্রীভগবান জীবগণের ভোগ ও মোক্ষের নিমিত্ত উচ্চনীচ যোনি সকল সৃষ্টি করিয়াছিলেন। এই শ্লোকের টীকায় শ্রীস্বামিপাদ বলিয়াছেন—শ্রীভগবান স্বাংশভূত জীবগণের মাত্রা প্রসিদ্ধ-অর্থাৎ বিষয়ভোগের নিমিত্ত, আত্ম প্রসিদ্ধ অর্থাৎ মোক্ষের নিমিত্ত, ইহাই অর্থ। পুনঃ শ্রীমদাচার্য্যদেবের শ্রীক্রমসন্দর্ভটীকা—স্বমাত্রা 'এই অংশের টীকা—ভক্তের নিমিত্তই সৃষ্টিকার্য্যে মুখ্য প্রযত্ন, অর্থাৎ প্রবৃত্তি, ইহা প্রথমার্থে প্রদর্শিত হইয়াছে এবং ইহাই বাস্তব বা যথার্থ অর্থ, যেহেতু অন্যান্য প্রযত্ন আনুষঙ্গিক। আরও শ্রীদশমে বর্ণিত আছে—সর্বসমর্থ শ্রীভগবান জীবগণের নিমিত্ত বুদ্ধি ইন্দ্রিয় মনঃ প্রাণ সৃষ্টি করিলেন তাহা মাত্রা ভব আত্ম ও অকল্পনের নিমিত্ত। এই অংশের শ্রীমদাচার্য্যদেব কৃত শ্রীবৃহৎক্রমসন্দর্ভ টীকা কি নিমিত্ত সৃষ্টিকরিলেন ? মাত্রার নিমিত্ত ইত্যাদি মাত্রা বিষয় তাহার নিমিত্ত, ভব ঐশ্বর্য্য, তাহার নিমিত্ত, আত্মার নিমিত্ত আত্মভজনের নিমিত্ত, অকল্প অপুনারাবৃত্তি কৈবল্যের নিমিত্ত. শ্রীভগবানের কৌতুক হেতু নানা প্রকার ভাব দর্শনের ইচ্ছা, নানারূপ কল্পনার নামই কৌতুক।

১২।। বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণম্

পুনরাশঙ্ক্য পরিহরতি। ব্রহ্মকর্তৃত্ববাদোঽসমঞ্জসঃ? সমঞ্জসো বেতি বীক্ষায়াং-সুখ-দুঃখ ভাজো দেবমনুষ্যাদীন্ সৃজতি ব্রহ্মণি বৈষম্যাদ্যাপত্তেরসমঞ্জসঃ। ততশ্চ নির্দ্দোষতাবাদি-

---

কৌতুকম্। তচ্চ তেষাং বুদ্ধ্যাদিযোগেনৈব ভবতীতি তত্তৎ কল্পনম্। তেনাসৌ ভগবান্ ব্রহ্মশব্দবাচ্যঃ স্বয়ং প্রাকৃতগুণরহিতোঽপি জগৎকর্তৃত্বাদি সর্ব্বজ্ঞত্বাদি ভক্ত বাৎসল্যাদি নিত্যাপ্রকৃতগুণোঽচিন্ত্যৈশ্বর্য্যো ব্রহ্মৈব সবিশেষম্" ইতি। সমুদায়ার্থঃ ॥৩৩॥

"ইতি লীলাকৈবল্যাধিকরণং একাদশং সমাপ্তম্ ॥১১॥"

১২।। বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণম্।

দেব মানবসৃষ্ট্যাপি ন বৈষম্যাদিদোষভাক্।
ভবতি সৃষ্টিকর্ত্তাঽসৌ ভগবাঞ্শ্যামসুন্দরঃ ॥

লীলাকৈবল্যাধিকরণে শ্রীভগবতঃ সৃষ্ট্যাদি কার্য্যং লীলা এব প্রতিপাদিতা; নন্বু তথাত্বে তস্য বৈষম্যাদিদোষাপত্তিরিতি শঙ্কাং নিরাকুর্ত্তুং বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণারম্ভঃ ইত্যাধিকরণ সঙ্গতিঃ।

বিষয়ঃ—অথ পূর্ব্ববৎ শ্রীগোবিন্দদেবস্য জগদ্রচণাদি শ্রুতিবাক্যমেব বিষয়বাক্যম্, তত্ত্ব পূর্ব্বপূর্ব্বস্মিন্ অধিকরণে প্রদর্শিতম্।

কেহ বিষয়াসক্ত হউক, কেহ বুদ্ধিমান হইয়া আমাকে ভজনা করুক, কেহ কৈবল্যেরনিমিত্ত যত্ন করুক, ইহাই কৌতুক. তাহা জীবগণের বুদ্ধ্যাদি যোগের দ্বারাই সম্ভব হইবে, সুতরাং তাহাদের কল্পনা করিয়াছেন। সুতরাং এইসকল কার্য্যের দ্বারাই ভগবান ব্রহ্ম শব্দবাচ্য হয়েন, স্বয়ং প্রাকৃত গুণ রহিত হইলেও জগৎ কর্ত্তৃত্বাদি সর্বজ্ঞত্বাদি ভক্ত বাৎসল্যাদি নিত্য অপ্রাকৃতগুণ অচিন্ত্য ঐশ্বর্য্য ব্রহ্মই সবিশেষ, নির্ব্বিশেষ নহেন। এই প্রকার প্রকরণের সমুদায় অর্থ ॥৩৩।

এই প্রকার লীলা কৈবল্যাধিকরণ একাদশের ব্যাখ্যা সমাপ্ত হইল ॥১১॥

১২।। বৈষম্যনৈর্ঘৃণ্য অধিকরণের ব্যাখ্যা।

এই ভগবান শ্রীশ্যামসুন্দর দেব মানবাদি সৃষ্টি করিয়াও বৈষম্যাদি দোষযুক্ত হয়েন না। পূর্ব লীলাকৈবল্যাধিকরণে শ্রীভগবানের সৃষ্ট্যাদি কার্য্যকে লীলা বলিয়া প্রতিপাদন করিয়াছেন যদি তাহাই স্বীকার করা হয় তাহা হইলে শ্রীভগবানের বৈষম্যাদিদোষাপত্তি হইবে; এই আশঙ্কা নিরাকরণ করিবার নিমত্ত বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণের আরম্ভ। এই প্রকার অধিকরণ সঙ্গতি।

বিষয়—পূর্বের ন্যায় শ্রীগোবিন্দদেবের জগৎ রচনাদি শ্রুতিবাক্য সকলেই এই অধিকরণের বিষয় বাক্য; তাহা পূর্ব পূর্ব অধিকরেণ প্রদর্শিত হইয়ছে।

শ্রুত্যুপরোধাপত্তিরিতি প্রাপ্তে—

॥ওঁ॥ বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাত্তথাহি দর্শয়তি ॥ওঁ॥

২।১।৩৪॥

ব্রহ্মণি কর্ত্তরি বৈশম্যং নৈর্ঘৃণ্যঞ্চ দোষো ন, কুতঃ? সাপেক্ষত্বাৎ, স্রষ্টুঃ কর্ম্মাপেক্ষিত্বাৎ।

সংশয়ঃ—অত্র জগৎসৃষ্টিবাক্যাদৌ সংশয়মস্থাপয়ন্তি—পুনরিতি। ব্রহ্মকর্তৃত্ব, ইত্যাদি স্পষ্টম্।

পূর্ব্বপক্ষঃ অথ বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণস্য পূর্ব্বপক্ষমুদ্ ভাবয়ন্তি সুখ" ইতি। তথাচ—যঃ সৃষ্টিকর্ত্তা স সাবদ্য' ইতি: নিরবদ্যস্য সর্ব্বেশ্বরস্য ন জগৎকর্ত্তৃত্বং কিন্তু সাবদ্যস্য জীবস্য প্রধানস্য বা ইতি। নন্থ শ্রীভগবতঃ সৃষ্টিকর্ত্তৃত্ব স্বীকারে কা হানিরিতিচেৎ? তত্রাহুঃ—ততশ্চেতি। নির্দ্দোষ ইতি দেবমানবাদি সৃষ্টিরেব দোষঃ। তথাচ বৃহদারণকোপনিষদি ১।৪।৪, "সা হেয়মীক্ষাঞ্চক্রে কথং নু মাত্মন এব জনয়িত্বা সম্ভবতি হন্ত তিরোঽসানীতি সা গৌরভবদৃষভ ইতরং স্তাং সমেবাভবৎ ততো গাবোঽজায়ন্ত বড়বেতরাভবদ্ অশ্ববৃষ ইতরো গর্দ্দভীতরা গর্দ্দভ ইতরঃ তাং সমেবাভবৎ তত একশফমজায়তাজেতরাঽভবদ্ বস্ত ইতরোঽবিরিতরা মেষ ইতরস্তাং সমেবাভবৎ তাতোঽজাবয়োঽজায়ন্ত এবমেব যদিদং কিঞ্চ

সংশয়—এইস্থলে জগৎ সৃষ্টিবাক্যাদি বিষয়ে সংশয় উত্থাপন করিতেছেন—পুনঃ' ইত্যাদি। পুনরায় আশঙ্কা করিয়া পরিহার করিতেছেন, ব্রহ্ম কর্ত্তৃত্ববাদ সমঞ্জস, অর্থাৎ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব যে জগৎ সৃষ্টি করিয়াছেন তাহা সুসঙ্গত অথবা অসমঞ্জস? যুক্তি সঙ্গত নহে? অর্থাৎ যিনি সৃষ্টিকর্ত্তা হইবেন, তিনিই দোষ যুক্ত হইবেন সুতরাং নিরবদ্য সর্বেশ্বরের জগৎ কর্ত্তৃত্ব যুক্তি সঙ্গত নহে, কিন্তু সাবদ্য জীব অথবা প্রধানই জগৎ কর্ত্তা

পূর্ব্বপক্ষ সুখদুঃখভোগী দেবতা মানব পশু প্রভৃতি সৃষ্টিকর্ত্তা পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবে বৈষম্যাদি দোষাপত্তি হেতু সৃষ্টি কার্য্যে অসমঞ্জসই হইবে। যদি বলেন শ্রীভগবানের সৃষ্টিকর্ত্তৃত্ব স্বীকার করিলে কি হানি হইবে? তদুত্তরে বলিতেছেন তাহা স্বীকার করিলে শ্রীভগবানের নির্দোষতা প্রতিপাদক শ্রুতিসকলের বিরোধাপত্তি উপস্থিত হইবে। নির্দোষ অর্থাৎ দেবমানবাদি সৃষ্টিই দোষ। বৃহদারণ্যকোপনিষদে বর্ণিত আছে শ্রীভগবান সৃষ্টি করিতে ইচ্ছা করিয়া পুরুষ ও স্ত্রী সৃষ্টি করিলেন,সেই রমণী এইপ্রকার বিচার করিল আমি কি প্রকারে আমার জন্মদাতার সহিত মিলিত হইয়া সৃষ্টি করিব এই প্রকার চিন্তা করিয়া সেই রমণী গাভী হইল; অন্য আত্মা বৃষভ হইয়া মৈথুন ক্রিয়া সম্পাদন করিলে গো সকল জাত হইল; এই প্রকার সেই রমণী বড়বা হইলে সেই পুরুষ ঘোটক হইল, রমণী গর্দভী হইলে পুরুষ গর্দভ হইল। রমণী অজা হইলে পুরুষ বস্ত (অজ) হইল, এবং অবি (মেষপত্নী) হইলে মেষ হইল, তাহা হইতে অজ সকলও মেষ সকল জাত হইল; এই প্রকার যাহা কিছু মিথুন তাহা অর্থাৎ পিপীলিকা হইতে আরম্ভ করিয়া সকল সৃষ্টি করিলেন।

প্রমাণমাহ তথাহীতি। "এষ এব সাধুকর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে।

মিথুনমাপিপীলিকাভ্যস্তং সর্ব্বমসৃজত" এতাদৃশীং সৃষ্টিং সর্ব্ববিধ-বিষমতাদোষরহিতস্য শ্রীভগবতো নৈব সম্ভবতি ; তস্য নির্দ্দোষতা প্রতিপাদনাৎ তথাচ শ্রীনারদ পঞ্চরাত্রে—নির্দ্দোষ পূর্ণ গুণ বিগ্রহ আত্ম তন্ত্রঃ" ইতি। তস্মাৎ ব্রহ্মকর্ত্তৃত্ববাদোঽ সমঞ্জস এব। ইতি পূর্ব্বপক্ষ বাক্যম্।

সিদ্ধান্ত ঃ—ইত্যেবং পূর্ব্বপক্ষে সমুদ্ভাবিতে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ বৈষম্য' ইতি। বিষমস্য ভাবং বৈষম্যং নির্ঘৃণস্য ভাবং নৈর্ঘৃণ্যং, ঘৃণা কৃপা বৈষম্যঞ্চ নৈর্ঘৃণ্যঞ্চ-বৈষম্য-নৈর্ঘৃণ্যে তে দ্বে দোষৌ পরব্রহ্মণি কর্ত্তরি সতি ন, ন ভবেয়াতামিতি। কুতঃ ? সাপেক্ষত্বাৎ ; জীবানাং স্ব স্ব কর্ম্মসাপেক্ষত্বাদিতি। প্রমাণমাহ—তথাহীতি। তথাহি প্রমাণং দর্শয়তীতি শেষঃ।

নন্থ শ্রীভগবান্ প্রাণিকর্ম্মাপোক্ষী জগৎকর্ত্তা ? অথবা প্রাণিকর্ম্মনিরপেক্ষী জগৎকর্ত্তা ? আদ্যে শ্রীভগবতোঽনীশত্ব প্রসঙ্গঃ। দ্বিতীয়ে তস্য স্বতন্ত্রস্রষ্টৃত্বে বৈষম্যাদিদোষাপত্তিঃ। তস্মাৎ শ্রীভগবতি কর্ত্তারি সতি তস্য দোষদুষ্টত্বমবশ্যমেব' ইতি সমাধাতুমাহুঃ—ব্রহ্মণীতি। কর্ম্মাপেক্ষিত্বাদিতি—কর্ম্ম ইতি, শ্রীবেদান্তস্যমস্তকে ৬১, "তচ্চক্রিয়ারূপম্ ; কৃতিসাধ্যমপি কৃতিমদনাদিসিদ্ধ বীজাঙ্কুরাদিবৎ অনাদি-

'এই প্রকার বিষম সৃষ্টি সর্ব্ববিধ বিষমতাদোষ রহিত শ্রীভগবানের পক্ষে সম্ভব নহে : যে হেতু শাস্ত্র সকলে তাঁহাকে নির্দোষ বলিয়া প্রতিপাদন করিয়াছেন। শ্রীনারদপঞ্চরাত্রে বর্ণিত আছে—শ্রীভগবান সর্বপ্রকার দোষ রহিত, ভক্তবাৎসল্য সৌন্দর্য্যাদি পূর্ণগুণ বিগ্রহ, এবং আত্মতন্ত্র-স্বাধীন। অতএব ব্রহ্মকর্ত্তৃত্ববাদ অসমঞ্জস বলিয়াই জানিতে হইবে। এই প্রকার পূর্বপক্ষবাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার পূর্বপক্ষ সমুদ্ভাবনা করিলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন—বৈষম্য" ইত্যাদি। শ্রীভগবানে বৈষম্য নৈর্ঘৃণ্যাদি দোষ নাই যে হেতু জীবের কর্ম সাপেক্ষই সৃষ্টি হয়, শ্রুতিতে সেই প্রকার প্রমাণ দেখা যায় বিষমের ভাব বৈষম্য ; নির্ঘৃণের ভাব নৈর্ঘৃণ্য ; ঘৃণা কৃপা; বৈষম্য এবং নৈর্ঘৃণ্য এই দুইটি দোষ পরব্রহ্ম শ্রীগোবিন্দদেব জগতের কর্ত্তা হইলে সম্ভব হইবে না। কেন হইবে না ? তদুত্তরে বলিতেছেন—সাপেক্ষ হেতু, অর্থাৎ সৃষ্টিকালে জীবগণের স্ব স্ব কর্ম সাপেক্ষ হেতু শ্রীভগবানের কোন প্রকার দোষ নাই। এই বিষয়ে শ্রুতিপ্রমাণ প্রদর্শিত হ তেছেন— তথাহি, ইত্যাদি।

শঙ্কা—এইস্থলে আমরা জিজ্ঞাসা করি-শ্রীভগবান প্রাণিগণের কর্মকে অপেক্ষা করিয়া জগৎ সৃষ্টি করেন ? অথবা প্রাণিগণের কর্মকে অপেক্ষা না করিয়া ? প্রথম পক্ষে-শ্রীভগবানের অনীশ্বরত্ব দোষ হয় ; দ্বিতীয়পক্ষে-তাঁহার বৈষম্যাদি দোষ হয় ; অর্থাৎ শ্রীভগবান যদি স্বতন্ত্র ভাবে জগৎ সৃষ্টি করেন তাহা হইলে বিষমতা ও নির্দয়তা দোষ হয়। অতএব শ্রীভগবান জগৎসৃষ্টিকর্ত্তা হইলে তাঁহার অবশ্যই দোষ হইবে।

এষএবাসাধুকর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে (কৌ॰ ব্রা॰ ৩।৯) পুণ্যো বৈ পুণ্যেন কর্ম্মণা ভবতি,

সিদ্ধম্ ইতি। তথাহি শ্রীমদেকাদশে—৩।৬ কর্ম্মাণি কর্ম্মভিঃ কুর্ব্বন্ সনিমিত্তানি দেহভৃৎ। তৎ তৎ কর্ম্মফলং গৃহ্নন্ ভ্রমতীহ সুখেতরম্॥ ইত্যেবং শুভাশুভপ্রাণিকর্ম্মাপেক্ষিত্বাৎ ন শ্রীভগবান্ দোষভাক্। প্রাণিকর্ম্মানপেক্ষায়াং সৃষ্টৌ খলু শ্রীভগবতো বৈষম্যাদিকং দোষং স্যাৎ, ন তু প্রাণিকর্ম্মাপেক্ষায়াম্। ন চ প্রাণিকর্ম্মাপেক্ষা সৃষ্টৌ শ্রীভগবতোঽনীশত্বমিতিবাচ্যম্; তস্য সর্ব্বফলদাতৃত্ব শ্রবণাৎ। তথাহি শ্রীভাগবতে ১০।২৪।১৪ অস্তিচেদিশ্বরঃ কশ্চিৎ ফলরূপাণ্যকর্ম্মণাম্। কর্ত্তারং ভজতে সোঽপি ন হ্যকর্ত্তুঃ প্রভুর্হি সঃ॥ তথাচ – ভৃত্যাদিসেবানুসারেণ ফলং প্রযচ্ছতো মহারাজস্য রাজত্বাভাবোঽদর্শনাৎ। শ্রীগোবিন্দদেবস্তু পর্জ্জন্যবদ্ দ্রষ্টব্যঃ। যথা পর্জ্জন্যো ব্রীহি যবাদি সৃষ্টৌ সাধারণং কারণং ভবতি। ব্রীহি যব চূতনিম্বাদি বৈষম্যে তু তত্তদ্ বীজগতানি সামর্থ্যানি এব অসাধারণ কারণানি ভবন্তি; এবং শ্রীগোবিন্দদেবঃ পশু-পক্ষী দেব মানবাদি বিচিত্র সৃষ্টৌ সাধারণ কারণং ভবতি।

দেব মানবাদি বৈষম্যে কিন্তু তত্তৎ জীবগতানি কর্ম্মাণি অসাধারণ কারণানি ভবন্তি। অত্র

সমাধান—এই আশঙ্কা সমাধানের নিমিত্ত বলিতেছেন ব্রহ্মে, ইত্যাদি। ব্রহ্ম জগৎকর্ত্তা হইলে বিষমতা এবং নির্দয়তাদোষ হইবে না; যে হেতু সাপেক্ষ আছে. অর্থাৎ সৃষ্টিকর্ত্তার কর্ম সাপেক্ষ হেতু কোন দোষ হয় না। কর্মসাপেক্ষ বলার তাৎপর্য্য এই যে—শ্রীবেদান্তস্যমন্তকে বর্ণিত আছে—কর্ম ক্রিয়ারূপ, তাহা কৃতিসাধ্য হইলেও কৃতিমান অনাদিসিদ্ধ বীজাঙ্কুরবৎ অনাদিসিদ্ধ বলিয়াই জানিতে হইবে।

শ্রীভাগবতে বর্ণনা করিয়াছেন—দেহধারিজীব কর্মেন্দ্রিয়ের দ্বারা বাসনাযুক্ত কর্ম করিয়া সেই সেই কর্মফল গ্রহণ করতঃ সুখ ও দুঃখ উপভোগ করিয়া ইহা সংসারে ভ্রমণ করে। এই প্রকার প্রাণিগণের শুভশুভাকর্ম সাপেক্ষা হেতু শ্রীভগবান দোষের ভাগী হয়েন না প্রাণিগণের কর্মের অপেক্ষা না করিয়া সৃষ্টি করিলে শ্রীভগবান দোষ ভাজন হইতেন; কিন্তু প্রাণি কর্মাপেক্ষায় তাহা হইবে না। যদি বলেন—প্রাণিকর্মাপেক্ষা করিয়া সৃষ্টি করিলে শ্রীভগবানে অনীশ্বরত্ব দোষ হইবে? উত্তরে বলিব-তাহা হইবে না; যে হেতু তিনি সর্বফল প্রদাতা, শ্রীভাগবতে বর্ণিত আছে—কর্মরহিত জীব গণের যে একজন ঈশ্বর আছে, তিনিও কর্মফল সকল কর্ত্তাকেই প্রদন করেন; কর্মহীন ব্যক্তির ফল প্রদাতা নহেন।

অর্থাৎ মহারাজ সেবকগণের সেবানুসারেই ফল বা বেতনাদি দান করেন; তাহাতে রাজার মহারাজত্বের অভাব দেখা যায় না। কিন্তু শ্রীগোবিন্দদেবকে মেঘের সমান দেখিতে হইবে। যেমন মেঘ ব্রীহিযবাদি সৃষ্টিকার্য্যে সাধারণ কারণ হয়, ব্রীহি যব আম্র নিম্বাদি বৈষম্য বিষয়ে সেই সেই বীজগত সামর্থ্যই অসাধারণ কারণ হয়। সেই প্রকার শ্রীগোবিন্দদেব পশু পক্ষী দেব মানবাদি বিচিত্র

পাপঃ পাপেন" (বৃ· ৩।২।১৩) ইতি বৃহদারণ্যকশ্রুতিঃ। ক্ষেত্রজ্ঞানাং দেবাদিভাব প্রাপ্তিমীশ্বর-নিমিত্তাং দর্শয়ন্তী মধ্যে কর্ম্মপরামৃশতীত্যর্থঃ ।।৩৪।।

যথা বলাহকস্য আম্রনিম্বাদৌ মধুরতিক্তাদ্যুৎপত্তৌ ন বৈষম্যম্; কিন্তু তত্তৎবীজগতং সংস্কারমেব বৈষম্যে হেতুঃ। তথা শ্রীভগবানপি ন বিষমতায়া হেতুঃ. কিন্তু জীবানাং পূর্ব্ব পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফলমেব দেব-মানবাদি বিষমসৃষ্টের্হেতুঃ। তস্মাৎ সৃষ্টিকর্ত্তরি পরব্রহ্মণি শ্রীগোবিন্দদেবে ন বৈষম্যাদিদোষাপত্তিঃ। তথাত্বেঽপি জীবানাং দেব মানবাদিশরীর গ্রহণে স্বতন্ত্রতা নাস্তি। যথা ব্রীহ্যাদিবীজেষু সৎস্বপি বারিদমন্ত রেণ অঙ্কুরাদ্যুৎপত্তেরভাব ইত্যর্থঃ। অত্র কৌষিতকিব্রাহ্মণ বাক্যমুদাহরন্তি —প্রমাণমাহ—ইত্যাদি। এষঃ সর্ব্বেশ্বরঃ শ্রীগোবিন্দদেবঃ যং মানবং উন্নিনীষতে স্বর্গাদি উর্দ্ধলোকং নেতুমিচ্ছতি তং জনং সাধুকর্ম্ম কারয়তি; প্রাগ্ ভবীয় জন্মানুসারী তৎ তৎ কর্ম্মষু বিনিযোজয়তি ইতি। তথা এষঃ শ্রীগোবিন্দদেবঃ যং মানবং অধো নিনীষতে নরকাদি' স্থাবরাদিলোকং বা নেতুমিচ্ছতি তং জনং অসধুকর্ম্ম কারয়তি।

তথাচ—স্বধামং নেতুং জনং স্বভক্তিং কারয়তি স্থানান্তরং প্রাপয়িতুং জনং নিষিদ্ধকর্ম্ম-

---

সৃষ্টিকার্য্যে সাধারণ কারণ হয়েন। কিন্তু দেব মানবাদি বৈষম্যবিষয়ে সেই সেই জীবগত কর্মসকলই অসাধারণ কারণ হয়।

এইস্থলে যেমন—আম্রে মধুরতা নিম্বে তিক্ততা উৎপত্তি বিষয়ে মেঘের কোন বিষমতা নাই; সেই প্রকার শ্রীভগবানও কোন বিষমতার হেতু নহেন। কিন্তু জীবগণের পূর্ব পূর্ব জন্মার্জিত কর্মফলই দেব মানবাদি সৃষ্টির কারণ হয়। অতএব সৃষ্টিকর্ত্তা পরব্রহ্ম শ্রীগোবিন্দদেবে বিষমতাদি দোষ নাই। তথাপি জীবগণের দেব মানবাদি শরীর গ্রহণে কোন প্রকার স্বতন্ত্রতা নাই. যেমন—ব্রীহি-যবাদির বীজ বর্ত্তমান থাকিলেও মেঘ বিনা অঙ্কুরের উৎপত্তি হওয়া অসম্ভব ইহাই অর্থ। এই বিষয়ে কৌষিতকি ব্রাহ্মণোপনিষৎ বাক্য উদাহরণ প্রদান করিতেছেন—প্রমাণ বলিতেছেন" ইত্যাদি। শ্রীভগবান তাহাকে সাধুকর্ম করান. যাহাকে উর্দ্ধলেকে লইতে ইচ্ছা করেন। এবং যাহাকে অধোলোকে লইতে ইচ্ছা করেন তাহাকে অসাধু কর্ম করান। অর্থাৎ এই সর্বেশ্বর শ্রীগোবিন্দদেব যে মানবকে স্বর্গাদি-উর্দ্ধলোকে লইতে ইচ্ছা করেন সেই মানবকে সৎকর্ম করান, এবং ইনি যাহাকে নরকাদি অথবা স্থাবরাদি লোকে লইতে ইচ্ছা করেন তাহাকে অসৎ কর্ম কারন।

সারকথা এই যে—নিজ ধামে আনিবার ইচ্ছা করিলে তাহাকে নিজভক্তি সাধন করান. স্থানান্তর প্রাপ্তি করাইবার ইচ্ছা করিলে নিষিদ্ধকর্ম করান। অতপর বৃহদারণ্যক বাক্য প্রমাণিত করিতেছেন—পুণ্য "ইত্যাদি। পুণ্যকর্মের অর্থাৎ বেদাদিশাস্ত্র বিহিত কর্মের দ্বারা পুণ্যলাভ হয়। এবং পাপ কর্মের অর্থাৎ বেদাদি শাস্ত্র নিষিদ্ধ কর্মের দ্বারা পাপ লাভ হয়। এই বিষয়ে শ্রীবিষ্ণুপুরাণে বর্ণিত আছে—হে তাপস শ্রেষ্ঠ! জীবগণের সৃষ্টিকার্য্যে শ্রীভগবান নিমিত্ত, যে হেতু সৃষ্টিশক্তি সকলেই

১৩। ন কর্ম্মাবিভাগাধিকরণম্

॥ওঁ॥ ন কর্ম্মাবিভাগাদিতিচেন্নানাদিত্বাৎ ॥ওঁ॥ ২।১।১৩।৩৫॥

কারয়তীতি। অথ বৃহদারণ্যবাক্যং প্রমাণয়ন্তি—পুণ্য ইতি পুণ্যেন কর্ম্মণা বেদাদিশাস্ত্র বিহিত কর্ম্মণা পুণ্যো ভবতি · পাপেন বেদাদিশাস্ত্র বিগর্হিত কর্ম্মণা পাপো ভবতি। তথাচ—শ্রীবিষ্ণুপুরাণে· ১।৪।৫১, ৫২, নিমিত্তমাত্রমেবাসৌ সৃজ্যানাং সর্গকর্ম্মণি। প্রধানকারণীভূতা যতো বৈ সৃজ্য শক্তয়ঃ॥ নিমিত্ত মাত্রং মুঞ্চৈব নান্যৎ কিঞ্চিদপেক্ষতে। নীয়তে তপতাং শ্রেষ্ঠ! স্বশক্ত্যা বস্তু বস্তুতাম্॥ "স্বশক্ত্যা স্বকর্ম্মনৈব দেবাদিবস্তুতা প্রাপ্তিঃ" ইতি শ্রীরামানুজাচার্য্যপাদাঃ।

সঙ্গতি ঃ—অথ এতদধিকরণস্য সঙ্গতি-প্রকারমাহুঃ—ক্ষেত্রজ্ঞানামিতি। তস্মাৎ কর্ম্মপরামর্শাৎ ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য ন বিষমাদিদোষ লেশগন্ধস্পর্শঃ; ইত্যভিপ্রায় ইতি।

অনাদিবাসনাবদ্ধঃ স্বকর্ম্মফলভুক্ পুমান্।
প্রাপ্নোতি বিবিধং দেহং গোবিন্দে ন বিষমতা ॥৩৪॥

ইতি বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণং দ্বাদশং সমাপ্তম্॥ ১২॥

১৩। ন কর্ম্মাবিভাগাধিকরণম্।

সদেবসৌম্য! ইত্যাদৌ কর্ম্মাবিভাগদর্শনাৎ।
মানবাদিশরীরন্তু জীবস্য সম্ভবেৎ কুতঃ?॥

প্রধান কারণ স্বরূপা, নিমিত্তমাত্র হেতু অন্য কোন অপেক্ষা করে না, নিজ শক্তির দ্বারাই বস্তুতাসিদ্ধ হয়। নিজ শক্তির দ্বারা অর্থাৎ নিজ কর্মের দ্বারাই দেবাদি বস্তুতা প্রাপ্তি হয়, ইহা শ্রীরামানুচার্য্যপাদ বলেন।

সঙ্গতি অনন্তর এই অধিকরণের সঙ্গতি প্রকার বলিতেছেন—ক্ষেত্রজ্ঞ' ইত্যাদি। ক্ষেত্রজ্ঞ জীবগণের দেবমানবাদিভাব প্রাপ্তির প্রতি ঈশ্বরের নিমিত্ত মাত্রতা প্রদর্শন করিয়া শ্রুতিগণ মধ্যে মধ্যে কর্মের পরামর্শ প্রদান করেন। সুতরাং কর্মের পরামর্শ প্রদান হেতু ভগবান শ্রীগোবিন্দদেবের বিষমাদি-দোষলেশের গন্ধমাত্রও নাই, ইহাই এই প্রকরণের অভিপ্রায়। পুরুষ অনাদিবাসনা বদ্ধ ও নিজকর্মফল ভোগকারী সুতরাং বিবিধ দেহ প্রাপ্ত হইয়া থাকে, অতএব শ্রীগোবিন্দদেবে কোন প্রকার বিষমতাদি দোষ নাই ॥৩৪॥

এই প্রকার বৈষম্য নৈর্ঘৃণ্যধিকরণ দ্বাদশ সমাপ্ত হইল ॥১২॥

১৩। ন কর্ম্মাবিভাগাধিকরণের ব্যাখ্যা

"সদেবসৌম্য" ইত্যাদি ছান্দোগ্যশ্রুতিবাক্যে কর্মের বিভাগ দেখা যায় না।
সুতরাং জীবের দেব মানবাদি শরীর লাভ কি প্রকারে হইবে?॥

ননু কর্ম্মণা বৈষম্যাদি পরিহারো ন স্যাৎ। কুতঃ? কর্ম্মাবিভাগাৎ। সদেব সৌম্যেদম্" (ছা॰ ৬।২।১) ইত্যাদিষু প্রাক্‌সৃষ্টেঃ ব্রহ্মাবিভক্তস্য কর্ম্মণোঽপ্রাপ্তেরিতিচেন্ন, কুতঃ?

বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণে শ্রীগোবিন্দদেবস্য দেব মনিবাদিবিচিত্রসৃষ্টৌ বৈষম্যাদিদোষঃ পরিহৃতঃ। ননু সৃষ্ট্যাদৌ "সদেবসৌম্য ইদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" (ছা॰ ৬।২।১, ইতি ছান্দোগ্যবচনাৎ, তত্র কর্ম্মাদেরভাবাৎ কুতো দেবমানবাদি বিচিত্র সৃষ্টিরিতি; তৎ প্রতিপাদনার্থং 'ন কর্ম্মাবিভাগাধিকরণা-রম্ভঃ; ইতি অধিকরণ সঙ্গতিঃ।

বিষয়ঃ—অথ ন কর্ম্মাবিভাগাধিকরণস্য বিষয়বাক্য সংগ্রহঃ—তথাহি পুরুষসূক্তে—১১, ৮ তস্মাদশ্বা অজয়ন্ত যে কে চোভয়াদতঃ। গাবো হ জজ্ঞিরে তস্মাৎ তস্মাদ্‌জাতা অজাবয়ঃ॥ তং যজ্ঞং বর্হিষি প্রোক্ষন্ পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অজায়ন্ত সাধ্যা ঋষয়শ্চ যে॥ তস্মাৎ পরব্রহ্মণঃ শ্রীগোবিন্দ দেবাৎ দেব মানব পশ্বাদয়ো বিবিধা প্রজা জাতাঃ। ইতি বিষয় বাক্যম্।

সংশয়ঃ—অত্র বিষয়বাক্যে ভবতি সংশয়; দেবমানবাদি বিচিত্রসৃষ্টৌ শ্রীভগবতো বৈষম্যাদি দোষো ভবতি? ন বা ইতি। ইতি সংশয়বাক্যম্।

পূর্ব্বপক্ষঃ—ইত্যেবং সংশয়ে জাতে পূর্ব্বপক্ষ সংগ্রহঃ - তথাহি ঐতরেয়োপনিষদি ১।১।১, "আত্মা বা ইদমেক এবাগ্র আসীন্নান্যৎ কিঞ্চন মিষৎ" ইতি। ছান্দোগ্যে চ—৬।২।১, "সদেব সৌম্য ইদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" ইতি। শ্রীভাগবতেহপি - ২।৯।৩২, "অহমেবাসমেবাগ্রে নান্যৎ যৎ

পূর্বে বৈষম্যনৈর্ঘৃণ্যাধিকরণে শ্রীগোবিন্দদেবের দেব মানবাদি সৃষ্টিকার্য্যে বৈষম্যাদিদোষ পরিহার করা হইয়াছে। যদি বলেন—সৃষ্টির প্রথমে "হে সৌম্য! সৃষ্টির অগ্রে একমাত্র অদ্বিতীয় সৎ বস্তুই বর্ত্তমান ছিল" এই ছান্দোগ্য বচন হেতু কর্মাদির অভাব দেখা যায়; সুতরাং কি প্রকারে দেবমান-বাদি বিচিত্র সৃষ্টি হইল? তদুত্তরে বলিতেছেন—এই বিচিত্র সৃষ্টি কি প্রকারে করেন তাহাই প্রতিপাদন করিবার নিমিত্ত 'ন কর্মাবিভাগাধিকরণের আরম্ভ করিতেছেন, এই প্রকার অধিকরণ সঙ্গতি।

বিষয়—অনন্তর ন কর্মাবিভাগাধিকরণের বিষয় বাক্য সংগ্রহ করিতেছি—পুরুষসূক্তে বর্ণিত আছে—সেই পরম পুরুষ হইতে যাহার উভয় পার্শ্বে দন্ত বিশিষ্ট অশ্বাদিজাত হইয়াছিল; গো সকলও অজ (ছাগ) ও মেষ সকল জাত হইয়াছিল। অগ্রে হবিঃ আহুতি প্রদান করতঃ যজ্ঞ পুরুষ জাত হ লেন, তাহার দ্বারা দেবগণ সাধ্য সকল ও ঋষিবৃন্দও জন্ম গ্রহণ করিয়াছিলেন। অতএব পর-ব্রহ্ম শ্রীগোবিন্দদেব হইতে দেব মানব পশু প্রভৃতি বিবিধ প্রজা জন্মিয়াছে। এই প্রকার বিষয় বাক্য।

সংশয়—এই বিষয় বাক্যে সন্দেহ হইতেছে—দেবমানবাদি বিচিত্র সৃষ্টিকার্য্যে শ্রীভগবানের বিষমতাদি দোষ হয়? অথবা হয় না? এই প্রকার সন্দেহ বাক্য।

কর্ম্মণঃ ক্ষেত্রজ্ঞানাঞ্চ ব্রহ্মবদনাদিত্ব স্বীকারাৎ। পূর্ব্ব পূর্ব্ব কর্ম্মানুসারেণোত্তরোত্তরকর্ম্মণি প্রবর্ত্তনান্নকিঞ্চিদ্ দূষণম্। স্মৃতিশ্চ—পুণ্যপাপাদিকং বিষ্ণুঃ কারয়েৎ পূর্ব্বকর্ম্মণা। অনাদিত্বাৎ

সদ সৎ পরম্" তস্মাৎ স ষ্টেরগ্রে কর্ম্মাদীনামবিভাগাৎ শ্রীগোবিন্দদেবস্য দেবমানবাদি সৃষ্টৌ বিষমতা নির্দ্দয়তাদিদোষঃ পরিহারো না ভবেৎ। ইতি পূর্বপক্ষবাক্যম্।

সিদ্ধান্ত ঃ—এবং পূর্ব্বপক্ষে সমুদ্ভাবিতে সিদ্ধান্তসূত্রমবতারয়তি ভগবান্ শ্রীবাদরায়ণঃ—'ন' ইতি। নন্থ জীবকর্ম্মসাপেক্ষেণ শ্রীভগবান্ বিচিত্রজগৎকর্ত্তা ইতি চেৎ; 'ন তথাত্বে স্বীকারে তস্য বৈষম্যাদি পরিহারো ন ভবেৎ; কুতঃ? কর্ম্মাবিভাগাৎ, প্রাক্‌স ষ্টেঃ প্রাণিনাং শুভাশুভকর্ম্মণামবিভাগদর্শনাৎ শ্রীভগবতো বৈষম্যাদিদোষ পরিহারাসম্ভবমেব' ইতি চেৎ—ন, কুতঃ? অনাদিত্বাৎ। কর্ম্মণঃ ব্রহ্মবদনাদিত্বাদিত্যর্থঃ।

অথ আশঙ্ক্য পরিহরন্তি—ন কর্ম্মণা' ইতি। সদেবেতি তদা কালকর্ম্মাদেরত্যন্তাভাবাৎ স ষ্টৌ ন কিমপি বৈচিত্র্যমিতি ভাবঃ। ব্রহ্মাতিরিক্তস্য দ্বিতীয়পদার্থস্য লাভবিরহাৎ ন বিষমা সৃষ্টিরিত্যর্থঃ। তন্নিরাকুর্ব্বন্তি—কর্ম্মণঃ" ইতি। ব্রহ্মবদনাদিত্বমিতি তথাহি - শ্রীএকাদশে ৩৮, অনাদি নিধনং কালো হ্যব্যক্তায়াপকর্ষতি॥ ছান্দোগ্যে চ - ৬২১, "ইদমগ্র আসীৎ" অত্র "আসীৎ" ইত্যনেন

পূর্ব্বপক্ষ এই প্রকার সংশয় উৎপন্ন হইলে পূর্বপক্ষ সংগ্রহ করিতেছি - ঐতরেয়োপনিষদে বর্ণিত আছে—সৃষ্টির অগ্রে একমাত্র ব্রহ্মই ছিল অন্য কিছুই ছিল না; ছান্দোগ্যে বর্ণিত আছে হে সৌম্য! অগ্রে একমাত্র অদ্বিতীয় সৎ ব্রহ্মই ছিল; শ্রীভাগবতে বর্ণিত আছে—সৃষ্টির অগ্রে আমিই ছিলাম, অন্য সৎ ও অসৎ কিছুই ছিল না; সুতরাং সৃষ্টির প্রথমে কর্মাদির অবিভাগ হেতু শ্রীগোবিন্দদেবের দেবমানবাদি সৃষ্টি কার্য্যে বিষমতা নির্দয়তাদিদোষ পরিহার হইবে না। এই প্রকার পূর্বপক্ষ বাক্য।

সিদ্ধান্ত—এই প্রকার পূর্বপক্ষের সমুদ্ভাবনা করিলে ভগবান শ্রীবাদরায়ণ সিদ্ধান্ত সূত্রের অবতারণা করিতেছেন - ন" ইত্যাদি। যদি বলেন কর্মের বিভাগ না হওয়া হেতু শ্রীভগবান সৃষ্টিকর্ত্তা নহেন; তাহা বলা উচিত নহে, যে হেতু কর্ম অনাদি। অর্থাৎ যদি বলেন—জীবগণের কর্ম অপেক্ষা করিয়াই শ্রীভগবান বিচিত্র সৃষ্টি করেন; তাহা বলিতে পারেন না, তাহা স্বীকার করিলেও তাঁহার বৈষম্যাদি দোষ পরিহার হইবে না কি কারণে হইবে না? কর্মের অবিভাগ হেতু; অর্থাৎ সৃষ্টির পূর্বে প্রাণিগণের শুভাশুভ কর্মসকলের বিভাগ দেখা যায় না, অতএব শ্রীভগবানের বৈষম্যাদিদোষ পরিহার করা অসম্ভবই হয়।

এই শঙ্কা করিতে পারেন না, যে হেতু কর্ম অনাদি; অর্থাৎ কর্ম ব্রহ্মের সমান অনাদি হওয়া হেতু ইহাই সারার্থ। অনন্তর আশঙ্কা করিয়া সমাধান করিতেছেন—'নন্থ' ইতি

কর্ম্মণশ্চ ন বিরোধঃ কথঞ্চনঃ ॥ (মাধ্ব ভা॰ ২।১।১০।৩৬ ভবিষ্য॰) কর্ম্মণোঽনাদিত্বে নানবস্থা

